॥ শ্রীঃ ॥

মহাকবি

শ্রীকালিদাস-

কৃত

রঘুবংশ

মহাকাব্য

প্রথম সর্গ

ভূমিকা, মল্লিনাথ-টীকা, টীকান্তরাংশ, অন্বয়, বাঙ্গালা ও ইংরাজী ভাষান্তর,
ব্যাখ্যা, টিপ্পনী, পরিশিষ্ট, প্রশ্নোত্তর, ইত্যাদি সহ

অধ্যাপক পণ্ডিত

অশোকনাথ শাস্ত্রী, বেদান্ততীর্থ, এম্-এ,

প্রেমচাঁদ-রায়চাঁদ-বৃত্তিধারী, মৌয়াট-পদক-প্রাপ্ত, ঈশান-বৃত্তিধারী,

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতাধ্যাপক ও পরীক্ষক

ও

অধ্যাপক পণ্ডিত

শ্রীসরোজেন্দ্রনাথ ভঞ্জ, সাহিত্যশাস্ত্রী, কাব্যপুরাণতীর্থ,

এম্-এ, মহারাজ-মণীন্দ্র-কলেজের প্রধান সংস্কৃতাধ্যাপক,

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষক

কর্ত্তৃক সম্পাদিত

মডার্ণ বুক এজেন্সি

১০, কলেজ স্কোয়ার, কলিকাতা—১২

প্রকাশক—
শ্রীদীনেশচন্দ্র বসু, বাণীবিনোদ
১০, কলেজ স্কোয়ার,
কলিকাতা—১২

দ্বিতীয় সংস্করণ

মুদ্রাকর—
শ্রীউপেন্দ্রমোহন বিশ্বাস, এম. এ., বি. ৫
আই. এন. এ. প্রেস
১৭৩, রমেশ দত্ত ষ্ট্রীট, কলিকাতা—৬

প্রকাশকের নিবেদন

সম্প্রতি বিশ্ববিদ্যালয়-কর্ত্তৃপক্ষ প্রচার করিয়াছেন যে, বাঙ্গালা ভাষার মাধ্যমে সংস্কৃত প্রশ্নপত্রের উত্তর দেওয়া চলিবে। তদনুযায়ী অভিনব-রীতিতে রঘুবংশ প্রথম সর্গ সম্পাদিত হইল। অবশ্য, প্রত্যেক শ্লোকের পুরা ইংরাজী ভাষান্তরও প্রয়োজনবোধে দেওয়া হইল। ব্যাখ্যা ও টিপ্পনী প্রভৃতি বাঙ্গালা ভাষার মাধ্যমেই প্রদত্ত হইয়াছে। অধ্যাপক শ্রীসরোজেন্দ্রনাথ ভঞ্জ, এম. এ. মহাশয় অধ্যাপক ৺অশোকনাথ শাস্ত্রী মহাশয়ের তত্ত্বাবধানে প্রাথমিক সম্পাদনা-কার্য্য করিয়াছিলেন। পরে শ্রীযুক্ত গৌরীনাথ শাস্ত্রী মহাশয় সমগ্র পুস্তকখানি আদ্যন্ত পরিদর্শন ও পরিমার্জ্জন করিয়া দিয়াছেন। সম্পূর্ণ ভূমিকাটি ৺অশোকনাথ শাস্ত্রী মহাশয়ের লিখিত।

১০, কলেজ স্কোয়ার,
কলিকাতা } মডার্ণ বুক এজেন্সী
ঝুলন-পূর্ণিমা, ১৩৫৬ বঙ্গাব্দ

॥ শ্রীঃ ॥

বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্ ॥
চতুর্ম্মুখমুখাম্ভোজবনহংসবধূর্ম্মম।
মানসে রমতাং নিত্যং সর্ব্বশুক্লা সরস্বতী।

ভূমিকা

মহাকবি কালিদাস ভারতের শ্রেষ্ঠ লৌকিক কবি—জগতের অন্যতম শ্রেষ্ঠ হাকবি। কিন্তু প্রতিষ্ঠাকে শূকরী-বিষ্ঠার ন্যায় উপেক্ষা করিয়া তিনি কেবল নিজের নাম ব্যতীত অন্য কোনরূপ আত্মপরিচয় তাঁহার কোন গ্রন্থের কলেবরে লিপিবদ্ধ করিয়া রাখিয়া যান নাই। ইহা তাঁহার পরিচয়াকাঙ্ক্ষী ভক্তবৃন্দের নিকট নিতান্ত দুর্ভাগ্যের বিষয় বলিয়াই মনে হয়। মহাকবি কালিদাসের সম্বন্ধে নির্ভরযোগ্য কোন ইতিহাস অদ্যাবধি আমাদিগের অজ্ঞাত হইলেও কল্পনা তাঁহাকে অবলম্বন করিয়া বহুবিধ সরস কাহিনী সৃষ্টি করিয়াছে। এইরূপ একটি কাহিনী প্রায়-সর্ব্বজনবিদিত। আদিজীবনে মূর্খ মহাকবি কিরূপে ইষ্টদেবী ৺শ্রীশ্রীকালীর কৃপায় অলৌকিক কাব্যশক্তির অধিকারী হইয়াছিলেন—তাহার পুনরাবৃত্তি করার বিশেষ কোন প্রয়োজন নাই। আর একটি কাহিনীতে বর্ণিত আছে যে, তিনি বিবাহের রাত্রিতে নববধূকে সম্বোধন করিয়া বলেন—'অস্তি কশ্চিদ্ বাগ্ বিশেষঃ'। পরে তিনি ঐ চারিটি শব্দ লইয়া যথাক্রমে—কুমারসম্ভব (মহাকাব্য), মেঘদূত (খণ্ডকাব্য), রঘুবংশ (মহাকাব্য) ও ঋতুসংহার (খণ্ডকাব্য) রচনা করেন। [ঋতুসংহারে আদ্য শ্লোকটির দুইটি পাঠান্তর পাওয়া যায়—বিশেষসূর্য্যঃ ও প্রচণ্ডসূর্য্যঃ ইত্যাদি।] অন্য একটি কাহিনীতে বিবৃত হইয়াছে যে, তিনি সিংহলে এক ধনলুব্ধা বারনারীর গৃহে তদীয় পৃষ্ঠপোষক কুমারদাসের হস্তে নিহত হইয়াছিলেন। এই কুমার-

দাস ছিলেন সিংহলের রাজা (খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর পূর্ব্বার্দ্ধ)। আবার আর একটি কাহিনীতে পাওয়া যায় যে, তিনি ধারা-নরপতি ভোজের সমকালবর্ত্তী ছিলেন।

এই সকল কাহিনীর ঐতিহাসিক মূল্য যে কতদূর, তাহা অবশ্য বুদ্ধিমান ব্যক্তিমাত্রই বুঝিতে পারিবেন। তবে যে কাহিনীতে কালিদাস মহারাজ বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের শ্রেষ্ঠতম রত্ন বলিয়া বিবৃতি পাওয়া যায়, তাহা একেবারে উপেক্ষার বিষয় নহে। এই বিক্রমাদিত্য যে কে, তাহা যথাযথ নির্ণয় করা এখনও সম্ভবপর হয় নাই। তবে একথা স্বীকার্য্য যে, বর্ত্তমানে প্রচলিত সংবৎ (৫৭ খ্রীষ্টপূর্ব্বাব্দ হইতে প্রচলিত) এই বিক্রমাদিত্যের নামের সহিত জড়িত হইয়া রহিয়াছে। (বিক্রম সংবৎ)।

স্যার উইলিয়ম জোন্স, স্যার ডব্লিউ. ডব্লিউ. হাণ্টার, সি. এল্. বৈদ্য, ডাঃ পিটারসন্, অধ্যাপক আপ্তে, এম্. আর্. কালে, অধ্যাপক ক্ষেত্রেশচন্দ্র চট্টোপাধ্যায়, অধ্যক্ষ সারদারঞ্জন রায়, জি. আর্. নদরগিকর, অধ্যাপক সত্যেন্দ্রনাথ সেন প্রমুখ অনেকে কালিদাসকে খ্রীঃ পূঃ প্রথম শতাব্দীতে ফেলিতে চাহেন। কিছুদিন পূর্ব্বে শুঙ্গযুগের (খ্রীঃ পূঃ ১৮৫—১৫২ অব্দ) ভিটা-পদক আবিষ্কৃত হইয়াছে। উহাতে কালিদাসের 'শাকুন্তল'-নাটকের প্রথম দৃশ্যটি মুদ্রিত আছে। কিন্তু, ইহাকে শাকুন্তল-নাটকের সময়নির্ণায়ক অখণ্ডনীয় প্রমাণ বলিয়া গণ্য করাও দুঃসাহসের কার্য্য হইবে। বৃহস্পতি-স্মৃতি (ডাঃ জলির মতে খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে রচিত) দায়াধিকার-বিষয়ে যে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন ও চৌর্য্যসম্বন্ধে যে দণ্ডের বিধান দিয়াছেন, শাকুন্তল-নাটকে (ষষ্ঠ অঙ্কে) বর্ণিত উক্তবিষয়ক সিদ্ধান্ত তাহার সহিত মিলে না। তবে শুধু এই কারণে বৃহস্পতি-স্মৃতিকে কালিদাস-পরবর্ত্তী বলিতে যাওয়াও যুক্তিসঙ্গত বলিয়া অনেকে মনে করেন না। [এ সম্বন্ধে কালের শাকুন্তল-ভূমিকা দ্রষ্টব্য।]

ফার্গুসন সাহেব সিদ্ধান্ত করিয়াছিলেন যে, ৫৭ খ্রীষ্টপূর্ব্বাব্দে বিক্রমাদিত্য নামে বস্তুতঃ কোন নরপতিই ছিলেন না। ৫৪৪ খ্রীষ্টাব্দে হূণগণ পরাজিত হইলে পর উক্ত হূন-বিজয়-স্মৃতি চিরস্থায়ী করিবার উদ্দেশ্যে তারিখটি, ৬০০ বৎসর পিছাইয়া দেওয়া হইয়াছিল। ইহাই অধুনা 'সংবৎ' নামে পরিচিত ম্যাক্সমূলর ঐ মতের সমর্থক ছিলেন। [কারণ, নবরত্নের অন্যতম রত্ন বরাহমিহিরের আবির্ভাবকাল যে খ্রীঃ ষষ্ঠ শতাব্দী—ইহা তাঁহার গ্রন্থ হইতে

প্রমাণিত হইয়াছে। এই সকল কারণে অধ্যাপক ম্যাক্সম্যূলর তাঁহার সুবিখ্যাত মতবাদ প্রচারিত করিয়াছিলেন, যাহা ইংরাজীতে 'Renaissance of Sanskrit' নামে পরিচিত। গুপ্তযুগে ও তাহার পরবর্ত্তী কালে মৃতা সংস্কৃত ভাষার যে পুনরুজ্জীবন হইয়াছিল, এই সিদ্ধান্তটি তাহার প্রতিপাদক]।

ডক্টর ফ্লীট সম্প্রতি শিলালিপি লইয়া যে সকল গবেষণা করিয়াছেন, তাহার ফলে ও দশপুর (মান্দাসোর) শিলালিপির (সংবৎ ৫২৯—৪৭২ খ্রীষ্টাব্দ) পাঠোদ্ধারে ফার্গুসনের মতবাদ যে ভ্রান্ত তাহা প্রমাণিত হইয়াছে। উক্ত অব্দটি যে ৫৪৪ খ্রীষ্টাব্দের পূর্ব্বেও 'মালবাব্দ' নামে প্রচলিত ছিল, তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। তথাপি ষষ্ঠ শতাব্দীতে কালিদাসের আবির্ভাব সম্বন্ধে অন্য প্রমাণও অনেকে উপস্থাপিত করেন। হর্ণলির মতে বিক্রমাদিত্যই হূণবিজয়ী মহারাজ যশোধর্ম্মদেব বিষ্ণুবর্দ্ধন। কে. বি. পাঠকও এককালে এই মতাবলম্বী ছিলেন। তাঁহার সিদ্ধান্তের ভিত্তি—কালিদাস রঘুর দিগ্বিজয় বর্ণনাকালে (৪।৬৮) হূণদিগকে কাশ্মীরবাসী বলিয়াছেন। ফার্গুসন, ম্যাক্সম্যূলর, মিসেস্ ম্যানিঙ্, হর্ণলি, কীলহর্ণ, কানিংহাম, রমেশচন্দ্র দত্ত, কে. বি. পাঠক, কার্ণ, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী প্রমুখ পণ্ডিতবর্গ ষষ্ঠ শতাব্দীতে কালিদাসকে ফেলিবার পক্ষপাতী।

কহ্লণের 'রাজতরঙ্গিণী'তে যে কাশ্মীররাজ মাতৃগুপ্তের বর্ণনা পাওয়া যায়, তিনিই যে কালিদাস—এরূপ উদ্ভট সিদ্ধান্তও অনুরূপ যুক্তির উপর প্রতিষ্ঠিত। তাঁহার পৃষ্ঠপোষক ছিলেন শকারী বিক্রমাদিত্য যশোধর্ম্মদেব বিষ্ণুবর্দ্ধন (ইঁহারই নামান্তর উজ্জয়িনীর হর্ষ)। মাতৃগুপ্তের পরে সুবিখ্যাত সেতুবন্ধ-রচয়িতা প্রবরসেন কাশ্মীরের আধিপত্য লাভ করেন। মাতৃগুপ্ত যে কালিদাস—এ সিদ্ধান্তও বর্ত্তমানে ভ্রান্তিমূলক বলিয়া পরিত্যক্ত হইয়াছে।

অধ্যাপক পাঠক কিছুদিন পরে তাঁহার এই সিদ্ধান্তের পরিবর্ত্তন করেন। হূণগণ 'বঙ্ক্ষু'-নদীতীরে অবস্থিত ছিল—এই পাঠ স্বীকার করায় তাঁহার মত পরিবর্ত্তিত হয়। [প্রচলিত পাঠ অবশ্য 'সিন্ধু'— রঘু ৪।৬৭] বঙ্ক্ষু বা Oxus নদীতীরে হূণ-সাম্রাজ্য-স্থাপনের তারিখ ৪৫০ খ্রীষ্টাব্দ। কিন্তু স্কন্দগুপ্তের হস্তে তাহাদিগের প্রথম পরাজয় ঘটে ৪৫৫ খ্রীষ্টাব্দে। এ কারণে পাঠক মহাশয় সিদ্ধান্ত করেন—রঘুবংশ-রচনার কাল ৪৫০—৪৫৫ খ্রীষ্টাব্দে। প্রখ্যাত পুরাতত্ত্ববিদ্ মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতে উক্ত তারিখ পড়ে

৪৮০—৪৯০ খ্রীষ্টাব্দে। চক্রবর্ত্তী মহাশয় পরে পাঠকমহাশয়কে স্বমতানুসারী করিয়াছিলেন। তাঁহার মতে কালিদাসের আবির্ভাব গুপ্ত-শাসনকালে হইয়াছিল। কিন্তু এই সিদ্ধান্ত যুক্তিযুক্ত নহে। কালিদাসের রঘুবংশকে অভ্রান্ত ঐতিহাসিক তত্ত্বের আকর-গ্রন্থ বলিয়া মনে করা সমীচীন হইবে কি? হূণগণের নাম রঘুবংশে পাওয়া যায় বলিয়াই রঘুবংশ যে খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর রচনা এরূপ মনে করা নিতান্তই অযৌক্তিক হইবে না কি? অন্ততঃ খ্রীষ্টীয় দ্বিতীয় শতাব্দীতে (হয়ত বা তাহারও পূর্ব্বে) পাশ্চাত্ত্য ভূভাগে হূণগণের নাম বেশ পরিচিত হইয়াছিল। অতএব, প্রাচ্য ভূখণ্ডেও যে খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর বহুপূর্ব্বে হূণগণের নাম পরিচিত হওয়ার কোন সম্ভাবনাই ছিল না —এরূপ ধারণা করা অন্যায় হইবে না কি?

মেঘদূতের টীকাকার দক্ষিণাবর্ত্তনাথ (খ্রীঃ ত্রয়োদশ শতাব্দী) ও মল্লিনাথ (খ্রীঃ পঞ্চদশ শতাব্দী) মেঘদূতের একটি শ্লোকে (পূর্ব্বমেঘ, ১৪ শ্লোক) 'নিচুল' ও 'দিঙ্‌নাগে'র উল্লেখের মধ্যে যে শ্লেষের সন্ধান পাইয়াছেন, তাহার ফলে নিচুল কালিদাসের একজন কবিবন্ধু ও দিঙ্‌নাগ কালিদাসের ছিদ্রদর্শী একজন বৌদ্ধ দার্শনিক বলিয়া কাহারও কাহারও মতে নিরূপিত হইয়াছেন। অতএব কালিদাসের আবির্ভাব কুমারগুপ্ত ও স্কন্দগুপ্তের রাজ্যকালে হইয়াছিল—এরূপ মত ভিন্‌সেণ্ট্ স্মিথ্, গরোনস্‌কি, প্রভৃতি অনেকে পোষণ করেন। কিন্তু 'নিচুল' ও 'দিঙ্‌নাগ' শব্দ দুইটির যদি শ্লিষ্ট অর্থ গ্রহণ না করা যায়, তাহা হইলে এ সিদ্ধান্ত দাঁড়াইতেই পারে না। বৌদ্ধ দার্শনিক দিঙ্‌নাগ যে কালিদাসের শত্রু ছিলেন—এরূপ কথা আর কোথাও দেখা যায় না। বিশেষতঃ কালিদাস যে এইরূপ শ্লেষের মধ্য দিয়া আত্মপরিচয় দিবেন—ইহা কল্পনারও অতীত; কারণ, আর কোথাও তিনি এইরূপ উপায় অবলম্বনে নিজ পরিচয় দিবার চেষ্টা করেন নাই। ইহা তাঁহার সলীল স্বচ্ছন্দ রচনা-শৈলীর বিরোধী। ভারবি, মাঘ ও শ্রীহর্ষাদি অর্ব্বাচীন কবির মহাকাব্যে এরূপ নিদর্শন আছে বটে; কিন্তু কালিদাসের রচনার প্রকৃতির সহিত এরূপ রচনারীতির সামঞ্জস্য হয় না। তাহা ছাড়া, মেঘদূতের প্রাচীনতম টীকাকার বল্লভদেব (খ্রীঃ একাদশ শতাব্দী) শ্লোকটির শ্লিষ্টভাবে ব্যাখ্যা করেন নাই। আর যদিই বা উহাতে দিঙ্‌-নাগের দ্ব্যর্থভাবে উল্লেখ থাকিয়াই থাকে, তথাপি দিঙ্‌নাগকে খ্রীঃ চতুর্থ শতাব্দীর পরে ত টানিয়া নামান যায় না। অতএব, এ প্রমাণের বলে কালিদাসকে পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীতে ফেলা চলে না।

বামনের কাব্যালঙ্কার সূত্রবৃত্তিতে উল্লিখিত এক চন্দ্রগুপ্ত-পুত্র ও বসুবন্ধুর নাম হইতেও এ সমস্যা-সমাধানের কোন সম্ভাবনা নাই। যদি এ উল্লেখকে প্রামাণিক ধরা হয়, তাহা হইলেও বসুবন্ধুকে খ্রীঃ পঞ্চম শতাব্দীতে ফেলা যায় না। কারণ বসুবন্ধু ও তাঁহার শিষ্য দিঙ্‌নাগ অন্ততঃ চতুর্থ শতাব্দীর লোক। রামকৃষ্ণ কবি বলেন—বামনের গ্রন্থে যাঁহার উল্লেখ আছে, তিনি সুবন্ধু—বসুবন্ধু নহেন। [Second Oriental Conference-এর Report দ্রষ্টব্য]।

কালিদাসের গ্রন্থে প্রাপ্ত ফলিত ও গণিত জ্যোতিষের সূত্র ধরিয়া তাঁহার কালনির্ণয়ের চেষ্টাও আলোচনার যোগ্য। ইয়াকবি (জ্যাকবি) বিক্রমোর্ব্বশীয়ে মধ্যাহ্নের সহিত ষষ্ঠকালের ঐক্যদর্শনে সিদ্ধান্ত করিয়াছেন যে, পাশ্চাত্ত্য হইতে হোরা-গণনা-পদ্ধতি (দ্বাদশ হোরায় একদিন) এদেশে আমদানী হইবার অব্যবহিত পরবর্ত্তী যুগে কালিদাসের আবির্ভাব হইয়াছিল। হুথের মতে—উহা ষোড়শভাগাত্মক কালগণনার সূচক। তবে হুথ যে মহাকবিকে আর্য্যভটের (খ্রীঃ ৪৭৬—৪৯৯) পরবর্ত্তী বলিয়াছেন, তাহাতে তাঁহার ভ্রান্তিই সূচিত হইয়াছে। রঘুর চতুর্দ্দশ সর্গে (শ্লোক ৪০) ভূচ্ছায়াপাতে চন্দ্রগ্রহণের উল্লেখ পাইয়াছেন বলিয়া তিনি মনে করেন; কিন্তু বস্তুতঃ উহাতে গ্রহণের উল্লেখ নাই। চন্দ্রের কলঙ্কসম্বন্ধে ঐরূপ একটি প্রাচীন মতেরই উল্লেখ উহাতে রহিয়াছে। মল্লিনাথের ইহাই মত—আর উহাই সমীচীন মত। অতএব, উহাতে গ্রহণের উল্লেখ না থাকায় কালিদাসকে আর্য্যভটের গ্রহণ-সিদ্ধান্তের অনুগামী বলা যায় না। যাঁহারা মনে করেন যে, দ্বাদশ রাশিচক্রঘটিত গণনা ভারত পাশ্চাত্ত্য হইতে ঋণরূপে গ্রহণ করিয়াছিল, তাঁহাদের মতে কালিদাস অবশ্যই পাশ্চাত্ত্য রাশিগণনা-পদ্ধতির নিকট ঋণী; কারণ তাঁহার গ্রন্থে সিংহরাশির উল্লেখ আছে; রঘুবংশে ও কুমারসম্ভবে তিনি গ্রহগণের রাশিসঞ্চারের উল্লেখ করিয়াছেন; 'উচ্চ', 'জামিত্র' (গ্রীক diametron), প্রভৃতি যে শব্দগুলির ব্যবহার তিনি করিয়াছেন, সেগুলি গ্রীসদেশীয় ফলিত-জ্যোতিষশাস্ত্রের পারিভাষিক শব্দ। অতএব, অনুমান করা চলে যে—গ্রীস হইতে ফলিত-জ্যোতিষগণনা-পদ্ধতি এদেশে আমদানী হইবার পরে কালিদাস আবির্ভূত হন। আর তাহা হইলে খ্রীঃ ৩৫০ অব্দের পূর্ব্বে তাঁহাকে ফেলা চলে না।

কোন এক প্রসিদ্ধ কবিতায় বলা হইয়াছে, কালিদাস নাকি তিন জন ছিলেন ("কালীদাসত্রয়ী কিমু?"—রাজশেখর)! এ সকল উদ্ভট কল্পনার মূল্য কতটুকু, তাহা সুধীগণেরই বিচার্য্য।

কালিদাসের প্রাকৃত ভাসের প্রাকৃত অপেক্ষা মার্জিততর। তাঁহার মহারাষ্ট্রী সুপ্রসিদ্ধ মহারাষ্ট্রীয় গীতিকাব্য 'হালা সপ্তশতী' (খ্রীঃ তৃতীয়-চতুর্থ শতাব্দী ?) অপেক্ষা অর্ব্বাচীন—ইহা প্রাকৃতজ্ঞ পণ্ডিতগণের অভিমত।

৬৩৪ খ্রীষ্টাব্দে রবিকীর্ত্তি যে আইহোল শিলালেখের প্রতিষ্ঠা করেন, তাহাতে কালিদাসের উল্লেখ আছে ("স জয়তি রবিকীর্ত্তিঃ কবিতাশ্রিতকালিদাস-ভারবিকীর্ত্তিঃ")। বাণভট্ট (খ্রীঃ ৬২০ অব্দ) অপেক্ষা মহাকবি কালিদাস প্রাচীনতর; কারণ বাণভট্ট তাঁহার নামোল্লেখ করিয়াছেন। বৎসভট্টির মান্দাসোর শিলালেখে (দশপুর-প্রশস্তিমধ্যে—খ্রীঃ ৪৭৩ অব্দ) তাঁহার নাম পাওয়া যায়। এই কারণে অনেকে মনে করেন, তাঁহার সময় উজ্জয়িনীপতি দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের রাজ্যকাল (খ্রীঃ ৪১৩ অব্দ)। 'বিক্রমোর্ব্বশীয়' ত্রোটকে তিনি পৃষ্ঠপোষক সম্রাটের 'বিক্রম'-নামটিকে চিরস্মরণীয় করিয়া রাখিয়াছেন। 'কুমারসম্ভবে'র নামকরণে সম্রাট্-নন্দন ও ভাবী রাজ্যপালক কুমারগুপ্তের জন্মের সূচনাও সুস্পষ্ট বিদ্যমান। আর তাঁহার পৃষ্ঠপোষক সম্রাট্ চন্দ্রগুপ্তের পিতা গুপ্ত-সাম্রাজ্যের প্রথম কর্ণধার সমুদ্রগুপ্তকর্ত্তৃক অনুষ্ঠিত অশ্বমেধের স্মৃতি মহাকবির চিত্তে তখনও অম্লান ছিল বলিয়া তিনি উহা সযত্নে 'মালবিকাগ্নিমিত্র' নাটকে অশ্বমেধের বর্ণনায় ফুটাইয়াছেন। এই মতবাদে যাঁহারা বিশ্বাসী, তাঁহাদের প্রধান যুক্তি এই যে—কালিদাসের প্রত্যেকটি শ্রব্য ও দৃশ্য কাব্যে দেশের এমন ঐশ্বর্য্য-শ্রী-সুখ-সমৃদ্ধির চিত্র পাওয়া যায়, যাহা হইতে বুঝা যায় যে, তাঁহার যুগে দেশ বৈষয়িক উন্নতির চরম শিখরে উন্নীত হইয়াছিল—বৈদেশিক আক্রমণাদির লেশমাত্র আশঙ্কাও ছিল না—সে যুগ ভারতীয় সংস্কৃতির গৌরবময় পুনরুত্থানের যুগ—উহা গুপ্তসাম্রাজ্যের আবির্ভাব-যুগ। ডাঃ বূলার, ব্লক, মহামহোপাধ্যায় রামাবতার শর্ম্মা, বিজয়চন্দ্র মজুমদার, হরিনাথ দে, ভিন্সেন্ট্ স্মিথ্, ম্যাক্ডনেল, হ্বিনৃতেরনিৎস, কীথ, প্রভৃতি পণ্ডিতবর্গ এই মতের অনুগামী। কালিদাস যে সকল গুপ্ত রাজন্যের নাম আকারে-ইঙ্গিতে তাঁহার কাব্যমধ্যে যেখানে যেখানে উল্লেখ করিয়াছেন, বিজয়চন্দ্র মজুমদার মহাশয় তাঁহার প্রবন্ধে (J. R. A. S,, 1909, p. 731) সেগুলির একটি বিস্তৃত তালিকা দিয়াছেন। হরিনাথ দে, কীথ, প্রভৃতিও অনুরূপ মত প্রকাশ করিয়াছেন। রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ তাঁহার 'কালিদাস' নামক গ্রন্থে এইরূপ অনেকগুলি উল্লেখ তালিকাভুক্ত করিয়াছেন—আসমুদ্রক্ষিতীশানাম্ (রঘু ১।৫—সমুদ্রগুপ্ত খ্রীঃ ৩২০—৩৫৭ অথবা ৩৮০ অব্দ); গুপ্তমেন্দ্রিয়াঃ

(রঘু ১।৫৫), গুপ্তমূলপ্রত্যন্তঃ (রঘু ৪।২৬—গুপ্তসাম্রাজ্যের প্রতি ইঙ্গিত); ইন্দুঃ ক্ষীরনিধাবিব (রঘু ১।১২) ; প্রভাতকল্পা শশিনেব শর্ব্বরী (রঘু ৩।২—চন্দ্রগুপ্ত খ্রীঃ ৩৫৭ অথবা ৩৮০—৪১৩ অব্দ) ; হরেঃ কুমারোঽপি কুমারবিক্রমঃ (রঘু ৩।৫৫); আকুমারকথোদ্‌ঘাতম্ (রঘু ৪।২০) ; কুমারকল্পং সুষুবে কুমারম্ (রঘু ৫।৩৬) ; ন কারণাৎ স্বাদ্ বিভিদে কুমারঃ (রঘু ৫।৩৭—কুমারগুপ্ত খ্রীঃ ৪১৩—৪৫৫ অব্দ) ; শ্রিয়ং মহেন্দ্রনাথস্য (কুমারগুপ্তের উপাধি ছিল 'মহেন্দ্রাদিত্য') ; স্কন্দস্য মাতুঃ পয়সাং রসজ্ঞ (রঘু ২।৩৬) ; স্কন্দেন সাক্ষাদিব (রঘু ৭।৬) ; তত্র স্কন্দং নিয়তবসতিং (মেঘ ১।৪৩—স্কন্দগুপ্ত খ্রীঃ ৪৪৫—৪৮০ অথবা ৪৯৭ অব্দ)। রঘুবংশের ষোড়শ হইতে উনবিংশ সর্গে রঘুবংশের যে ক্ষয়িষ্ণু অবস্থার বিবরণ পাওয়া যায়, এই সকল পণ্ডিতমণ্ডলীর মতে উহা নাকি হূণকর্ত্তৃক স্কন্দগুপ্ত-জয়ের পরে ধ্বংসোন্মুখ গুপ্তসাম্রাজ্যের প্রতিচ্ছবি। দ্বিতীয় চন্দ্রগুপ্ত ও স্কন্দগুপ্ত— উভয়েরই উপাধি ছিল 'বিক্রমাদিত্য'। ভিন্‌সেণ্ট্ স্মিথের মতে কালিদাস স্কন্দগুপ্তের সমকালবর্ত্তী। পক্ষান্তরে কীথের মতে তিনি চন্দ্রগুপ্তের সভাকবি ; কারণ কালিদাস যে হূণকর্ত্তৃক ভারত-বিজয় দেখিয়াছিলেন ইহা তাঁহার কোন বর্ণনাতেই প্রতিফলিত হয় নাই। সর্ব্বত্রই তিনি ভারতের গৌরবময় যুগের চিত্রই অঙ্কিত করিয়া গিয়াছেন।

একদা স্বর্গত অধ্যাপক ললিতমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় এই সকল গবেষণাকে ব্যঙ্গ করিয়া লিখিয়াছেন—কালিদাস যে কেবল চন্দ্রগুপ্তের সভাকবি ছিলেন তাহা নহে, কবিবর সম্রাটের শ্যালকও ছিলেন—"বিম্রদ্‌গতাঃ পুষ্পকচন্দ্রশালাঃ" (রঘু ১৪।৪০)।

ইহা ছাড়া আরও বহু বিচিত্র মত বর্ত্তমান আছে। হিপ্পোলাইট ফুসে (কালিদাস-কাব্যাবলীর ফরাসী অনুবাদক) বলেন—কবির কাল খ্রীঃ অষ্টম শতাব্দী। লাসেন ও মনিয়র উইলিয়মস্-এর মতে খ্রীঃ ৩০০ অব্দ। ইয়াকবির মতে খ্রীঃ ৩৫০ অব্দ। হোরেস্ হেম্যান্ উইলসনের মতে দশম শতাব্দী। আর ভোজপ্রবন্ধ ও আইন্-ই-আকবরির উপর নির্ভর করিয়া বেণ্ট্‌লি সিদ্ধান্ত করিয়াছেন যে, খ্রীঃ একাদশ বা দ্বাদশ শতাব্দী মহাকবির আবির্ভাব কাল! এই সকল সিদ্ধান্ত বর্ত্তমানে পরিত্যক্ত হইয়াছে।

কবি নিজ পরিচয়দানে কার্পণ্য করার ফলে অনেক অর্ব্বাচীন কবির অখ্যাত কাব্যও কেবল নামসাদৃশ্যবশে মহাকবির নামে চলিয়া যাইতেছে।

তাঁহার নামে প্রচলিত কাব্য-নাটকাদির তালিকা—(১) অভিজ্ঞানশকুন্তল (নাটক), (২) বিক্রমোর্ব্বশীয় (ত্রোটক), (৩) মালবিকাগ্নিমিত্র (নাটক), (৪) রঘুবংশ (মহাকাব্য), (৫) কুমারসম্ভব (মহাকাব্য), (৬) মেঘদূত (খণ্ডকাব্য), (৭) ঋতুসংহার (খণ্ডকাব্য), (৮) নলোদয়, (৯) পুষ্পবাণবিলাস, (১০) শৃঙ্গারতিলক, (১১) শৃঙ্গাররসাষ্টক, (১২) শ্রুতবোধ (ছন্দোগ্রন্থ), (১৩) সিংহাসনদ্বাত্রিংশিকা, (১৪) জ্যোতির্ব্বিদাভরণ (জ্যোতিষের গ্রন্থ), (১৫) সেতুবন্ধ, (১৬) কুন্তেশ্বরদৌত্য, (১৭) অম্বাস্তব, (১৮) কল্যাণস্তব, (১৯) কালীস্তোত্র, (২০) কাব্যনাটকালঙ্কারাঃ, (২১) ও (২২) দুইটি গঙ্গাষ্টক, (২৩) ঘটকর্পর, (২৪) চণ্ডিকাদণ্ডকস্তোত্র, (২৫) চর্চ্চাস্তব, (২৬) দুর্ঘটকাব্য, (২৭) নবরত্নমালা, (২৮) মকরন্দস্তব, (২৯) ও (৩০) দুইটি মঙ্গলাষ্টক, (৩১) মহাপথ্যষট্‌ক, (৩২) রত্নকোশ, (৩৩) রাক্ষসকাব্য, (৩৪) লক্ষ্মীস্তব, (৩৫) লঘুস্তব, (৩৬) বিদ্বদ্‌বিনোদকাব্য, (৩৭) বৃন্দাবনকাব্য, (৩৮) বৈদ্যমনোরমা, (৩৯) শুদ্ধিচন্দ্রিকা, (৪০) শৃঙ্গারকাব্য, (৪১) শ্যামলাদণ্ডক ও (৪২) চিদ্‌গগনচন্দ্রিকা। ইহাদিগের মধ্যে প্রথম ছয়খানি নিঃসন্দেহে মহাকবিরই রচনা। সপ্তমখানির সম্বন্ধে কেহ কেহ সন্দেহ প্রকাশ করেন। পরবর্ত্তী সাতখানিকেও তাঁহার গ্রন্থমালার অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু অবশিষ্টগুলি তৎসম্বন্ধীয় কাহিনীসমূহের ন্যায়ই সম্পূর্ণরূপে উপেক্ষণীয়।

'রঘুবংশ' মহাকাব্য অলঙ্কার-শাস্ত্রোক্ত মহাকাব্য-লক্ষণের অনুগামী। প্রধান নায়ক রঘূত্তম শ্রীরামচন্দ্র। প্রথমে ঋগ্বেদপ্রসিদ্ধ, রামায়ণোপবর্ণিত ও পুরাণকীর্ত্তিত সূর্য্যবংশীয় নৃপতিবর্গের চরিত্র-চিত্রণে ইহার সূচনা। অবশ্য কালিদাসের উপজীব্য আদি আর্ষ মহাকবি বাল্মীকি স্বয়ম্। কালিদাস সবিনয়ে এই ঋণ স্বীকার করিয়াছেন। তবে তাঁহার পক্ষে বিশেষ কৃতিত্বের কথা এই যে, তিনি ঋষির অন্ধ অনুকরণমাত্র করিয়াই কাব্যরচনা করেন নাই। বহু স্থলে বহু নূতন চরিত্র ও অভিনব ঘটনার সৃষ্টি করিয়া আপনার মৌলিকতার পরিচয় দিয়াছেন। রঘুবংশের দ্বিতীয় সর্গে বশিষ্ঠের হোমধেনুরক্ষার্থে দিলীপের আত্মত্যাগের গৌরবময় কাহিনী কবির মৌলিক কল্পনার একটি অত্যুজ্জ্বল নিদর্শন। পরবর্ত্তী যুগের কবিগণ প্রায় সকলেই কালিদাসের রচনা-শৈলী অনুকরণে প্রয়াসী হইয়াছেন সত্য, কিন্তু কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারেন নাই।

গুপ্তসাম্রাজ্যের গৌরবোজ্জ্বল যুগে কালিদাসের আবির্ভাব। গবেষকগণের সিদ্ধান্ত—রঘুবংশের প্রথম পাঁচটি নৃপতির (দিলীপ—রঘু—অজ—দশরথ—রাম) চরিত্রে গুপ্তবংশের প্রথম পাঁচটি রাজার (চন্দ্রগুপ্ত ১—সমুদ্রগুপ্ত—চন্দ্রগুপ্ত ২—কুমারগুপ্ত—স্কন্দগুপ্ত) প্রতিচ্ছবি দেখিতে পাওয়া যায়। এই মহীয়ান্ রাজন্য-বৃন্দের চরিত্রানুশীলনের মধ্য দিয়া তিনি দেখাইয়াছেন যে, কৈশোর কেবল ভোগ ও উচ্ছৃঙ্খলতার কাল নহে—উহা সংযমের ও বাল্যে ব্রহ্মচর্য্যাবস্থায় অধিগত বিদ্যার অনুশীলনেরও কাল বটে। উহার পরে আসে পূর্ণ-যৌবন—গার্হস্থ্য-ধর্ম্মের অনুষ্ঠানে ইহার সার্থকতা। পরে আসে বানপ্রস্থ—তপস্যার কাল; ও অন্তিমে সন্ন্যাস—পরমাত্মতত্ত্ব-চিন্তার অবসর। প্রাচীন ভারতীয় জীবনযাত্রা-পদ্ধতির (বর্ণাশ্রমধর্ম্মের) ইহাই আদর্শ। এই আদর্শবাদে নরজীবনের কোন দিক্ই উপেক্ষিত হইয়া শুষ্কতা প্রাপ্ত হয় না।

রঘুবংশ ও কুমারসম্ভব হইতে পাওয়া যায় যে, কবি সৃষ্টিতত্ত্বসম্বন্ধে সাংখ্য-যোগমতের অনুগামী। সাংখ্যের গুণত্রয়, চতুর্ব্বিংশতি তত্ত্বের বহু তত্ত্ব ও বহু পারিভাষিক শব্দ তাঁহার বিবিধ উপমার উপাদান যোগাইয়াছে। পরিণত বয়সে তিনি যে সর্ব্বব্যাপী ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী হইয়া সমাধিযোগাভ্যাসদ্বারা ঈশ্বরতাদাত্ম্যরূপ বৈদান্তিক মুক্তির নিমিত্ত আকাঙ্ক্ষাযুক্ত হইয়াছিলেন, তাহার প্রমাণও তাঁহার রচনায় পাওয়া যায়। কিন্তু এ সকল সত্ত্বেও ব্যবহারিক জীবনে মানবহৃদয়ের স্বাভাবিক বৃত্তিগুলির পরিস্ফুরণসম্বন্ধে তিনি কোনদিনই নয়ন মুদিত করিয়া থাকিতেন না। মানবমনের সহজাত সুখ-দুঃখ, আশা-আকাঙ্ক্ষা, কাম-প্রেম, ইত্যাদির রসভাবে সমুজ্জ্বল চিত্র আমাদিগের নয়নে পড়ে—কবিবর্ণিত মেঘদূতের বিরহে, ইন্দুমতীর উদ্দেশ্যে অজের ও কামের উদ্দেশ্যে রতির বিলাপে।

কালিদাসের রচনা-শৈলী অতুলনীয়। ঋষিকবি বাল্মীকি ও ব্যাসের পরে যদি কোন লৌকিক কবির নাম করিতে হয়, তবে সে নাম যে কালিদাসের—ইহা সকল সন্দেহের অতীত। বৈদর্ভী রীতির অনবদ্য নিদর্শন কালিদাসের রচনা; তাঁহার পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী কোন লৌকিক কবির সহিতই তাঁহার তুলনা হয় না। কালিদাসের রচনার প্রধান বৈশিষ্ট্য এই যে, তিনি অলঙ্কার ও গুণকে রসের উপরে স্থান দেন নাই। ফলে তাঁহার কাব্য হইয়াছে জীবন্ত। প্রকৃতির সৃষ্টি অনাঘ্রাত কুসুম—অলূন কিসলয়ের মতই তাহা নিরাভরণ অথচ স্বভাব-সুন্দর। ভারবি-মাঘ-শ্রীহর্ষাদির কবিতা সালঙ্কারা—সুবেশা বটে; কিন্তু

বেশভূষার চাপে বহুস্থলে তাহাদিগের সহজাত সৌন্দর্য্যের স্ফুরণের পক্ষে ব্যাঘাত ঘটে। কালিদাস এ দোষের ভাগী হন নাই। মহাকবি দণ্ডী কাব্যাদর্শে আদর্শ রচনারীতি বৈদর্ভীর যে সকল বৈশিষ্ট্যের উল্লেখ করিয়াছেন, সে সকলই পূর্ণমাত্রায় কালিদাস-কাব্যে বিদ্যমান। রস তাঁহার রচনার প্রাণ। ধ্বনি ও ব্যঞ্জনাকে তিনি বিশ্লেষণের উপরে স্থান দিয়াছেন। গ্রামীণসুলভ অতিসরলতা ও নাগরিক-জনোচিত অত্যধিক পরিমার্জ্জনা—এই দুই 'অতি'র কোনটিকেই তিনি গ্রহণ না করায় তাঁহার কাব্য হইয়া উঠিয়াছে সম্পূর্ণ অদোষ—আদর্শভূত!

তথাপি অবশ্য কালিদাসের কাব্যের বিরুদ্ধ সমালোচনা যে এদেশে হয় নাই—এমন নহে। যাঁহারা সরলতার পরিবর্ত্তে বক্রতাকেই কাব্যের প্রাণ মনে করেন, তাঁহাদিগের দৃষ্টিতে নৈষধের ন্যায় কাব্যই আদর্শের পর্য্যায়ে পড়িবে। এরূপ পণ্ডিত কবিগণই বলিয়া থাকেন—"রঘুরপি কাব্যং, তদপি চ পাঠ্যম্! তস্য চ টীকা, সাপি চ পাঠ্যা" !! এই সকল পণ্ডিতের কঠোর সমালোচনায় কালিদাস-কাব্য যে দীর্ঘদিন লোকসমাজে অবজ্ঞাত হইয়াছিল, তাহার প্রমাণ মল্লিনাথের উক্তি হইতেই পাওয়া যায়—"ভারতী কালিদাসস্য দুর্ব্বাখ্যা-বিষমূর্চ্ছিতা"। (রঘুবংশ-টীকা—উপক্রমণিকা)।

কালিদাসীয় রচনা-শৈলীর বৈশিষ্ট্য এই যে—ইহাতে অযথা ও দীর্ঘ-সমাসবদ্ধ পদের ব্যবহার অল্প; অন্বয়বোধে কষ্টকল্পনা করিতে হয় না; অলঙ্কার—বিশেষতঃ শব্দালঙ্কারের প্রয়োগ বিরল; যেখানে উহা আছে সেখানে নিপুণতার সহিতই উহার প্রয়োগ করা হইয়াছে। তাঁহার গ্রন্থাবলীর মধ্যে সর্ব্বত্রই দেখা যায় যে, শব্দ ও অর্থের সহিত এক অপূর্ব্ব সমতানতা তিনি রক্ষা করিয়া গিয়াছেন। যেখানে 'পবন'-শব্দটির প্রয়োগ শুনায় ভাল, সেখানে কদাচ 'সমীর'-পদের প্রয়োগ তাঁহার কাব্যে দেখা যাইবে না। অলঙ্কারের মধ্যে উপমায় তিনি সিদ্ধহস্ত। 'উপমা কালিদাসস্য'!—এ প্রবাদ ত অতিপ্রসিদ্ধ। অথচ উপমাগুলি এত সহজ, সুন্দর ও কবিত্বপূর্ণ যে, পড়িলেই অর্থবোধ হয় ও হৃদয় রসাপ্লুত হইয়া পড়ে। মাঘ-নৈষধেও উপমা আছে; কিন্তু অনেক সময় তাহা বুঝিতে সুপণ্ডিত ব্যাখ্যাকার, ব্যাকরণ ও অভিধানের সাহায্যের প্রয়োজন হয়—পাঠমাত্রেই উহার অর্থপরিগ্রহ হয় না—রসবোধ ত দূরের কথা! প্রকৃতির সহিত মহাকবির পরিচয় এত নিবিড়—এত ঘনিষ্ঠ যে, তাঁহার কাব্যে সর্ব্বত্র বহিঃপ্রকৃতির ও অন্তঃপ্রকৃতির অপূর্ব্ব সামঞ্জস্য দেখিয়া মুগ্ধ হইতে হয়। এ

কারণে তিনি বহুস্থলেই উৎপ্রেক্ষার ও অর্থান্তরন্যাসের আশ্রয় গ্রহণ করিয়াছেন ; কিন্তু শ্লেষ বা বক্রোক্তি তাঁহার কাব্যে বিরল।

ছন্দোবৈচিত্র্যে কালিদাসের অধিকার অনন্যসাধারণ। রঘুবংশেই আবার এ বিচিত্রতা চরমে উঠিয়াছে—আর এই কারণেই মনে হয় রঘুবংশ মহাকবির পরিণত বয়সের ফল। অন্ততঃ বিংশতিপ্রকার ছন্দের সন্ধান রঘুবংশে পাওয়া যায়—অনুষ্টুপ্ বা শ্লোক, ইন্দ্রবজ্রা, উপেন্দ্রবজ্রা, তদুভয়ের মিলনে উপজাতি, বৈতালীয়, মালিনী, রথোদ্ধতা, দ্রুতবিলম্বিত, ঔপচ্ছন্দসিক, পুষ্পিতাগ্রা, প্রহর্ষিণী, মঞ্জুভাষিণী, মত্তময়ূর, বসন্ততিলক, শালিনী, স্বাগতা, তোটক, মন্দাক্রান্তা, মহামালিকা, বংশস্থ, হরিণী, ইত্যাদি।

রঘুবংশের উপর বহু টীকার সন্ধান পাওয়া যায়। সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ ও বহুজনপঠিত টীকা মল্লিনাথের 'সঞ্জীবন' (বা 'সঞ্জীবিনী')। মহামহোপাধ্যায় মল্লিনাথ সূরি ছিলেন মাদ্রাজের তেলিঙ্গানা জিলার অধিবাসী ও কোলাচল-ব্রাহ্মণ-বংশসম্ভূত। সাধারণতঃ খ্রীঃ পঞ্চদশ শতাব্দীকে তাঁহার আবির্ভাবকাল ধরা হয়। তিনি রঘুবংশ ব্যতীত—কুমারসম্ভব, মেঘদূত, কিরাতার্জ্জুনীয়, শিশুপালবধ ও ভট্টিকাব্যের উপরেও টীকা রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত একাবলী-টীকা 'তরলা' অতিপ্রসিদ্ধ। 'সঞ্জীবনী' বর্ত্তমান গ্রন্থে পুরাপুরি প্রদত্ত হইল।

নারায়ণের 'পদার্থদীপিকা' ও অরুণগিরিনাথের 'প্রকাশিকা'ও টীকাহিসাবে অতি উত্তম। নারায়ণ অপেক্ষাকৃত অর্ব্বাচীন ; কারণ তিনি রঘুবংশের একটি শ্লোকের (৬।১৬) টীকায় অরুণাচলনাথের (অরুণগিরিনাথের) নামোল্লেখ করিয়াছেন। শঙ্করনারায়ণ শাস্ত্রী-সম্পাদিত এই টীকাদ্বয়ের অংশবিশেষ এই সংস্করণে দেওয়া হইল।

বল্লভ ও দিনকর নামে আরও দুইজন টীকাকার রঘুবংশের ব্যাখ্যা রচনা করিয়াছিলেন। শঙ্কর পণ্ডিতের সংস্করণে এই দুই টীকার অংশ উদ্ধৃত হইয়াছে। বর্ত্তমান সংস্করণেও উহার ঋণ ধন্যবাদের সহিত স্বীকৃত হইয়াছে।

[এ সম্বন্ধে অন্যান্য জ্ঞাতব্য তথ্য শ্রীঅশোকনাথ শাস্ত্রী-সম্পাদিত রঘুবংশ ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সর্গের ভূমিকা ও পরিশিষ্টগুলিতে দ্রষ্টব্য]।

॥ শ্রীঃ ॥ ১

জগতের মাতা-পিতা পার্বতী ও পরমেশ্বরকে বন্দনা করি।

वागर्थाविव सम्पृक्तौ वागर्थप्रतिपत्तये।
जगतः पितरौ वन्दे पार्वतीपरमेश्वरौ ॥१॥

অন্বয়—(অহং) বাগর্থপ্রতিপত্তয়ে (শব্দ ও অর্থজ্ঞানের নিমিত্ত) বাগর্থাবিব (শব্দ ও অর্থের ন্যায়) সম্পৃক্তৌ (নিত্য সম্বদ্ধ) জগতঃ (জগতের) পিতরৌ (মাতা-পিতা) পার্বতীপরমেশ্বরৌ (পার্বতী ও মহেশ্বরকে) বন্দে (বন্দনা করি)।

বাঙ্গালা—আমি (অর্থাৎ কবি কালিদাস) শব্দ ও অর্থজ্ঞানের নিমিত্ত শব্দ ও অর্থের ন্যায় নিত্যসম্বদ্ধ জগতের মাতা-পিতা পার্বতী ও পরমেশ্বরকে বন্দনা করি।

Eng.—For the (correct) understanding of words and their meanings, I bow to Pārvatī (the daughter of the mountain Himālaya) and Parames'vara (the Supreme Lord) who are the parents of the Universe, and who are in constant relation like word and its significance.

ব্যাখ্যা—'রঘুবংশ' মহাকাব্য রচনার প্রারম্ভে মহাকবি কালিদাস হরগৌরীর বন্দনা করিতেছেন। শব্দ ও অর্থের সম্বন্ধ নিত্য, অর্থাৎ শব্দব্যতিরেকে অর্থের এবং অর্থব্যতিরেকে শব্দের জ্ঞান হয় না। উভয় উভয়কে অপেক্ষা করিয়া থাকে —ইহাই মীমাংসকদিগের মত। জগতের মাতা-পিতা পার্বতী ও মহেশ্বর সেইরূপ নিত্যসংশ্লিষ্ট। উমা নিখিল শব্দসম্ভারের ধাত্রী এবং মহাদেব সমগ্র অর্থরূপ বিশ্বকে ধারণ করিয়া আছেন। এই বিশ্বসৃষ্টির মূলে রহিয়াছে শব্দ—পরা বাক্। তাই পার্বতীই সেই বাগ্‌দেবী—এই বিশ্ব সেই পরা বাকের বিবর্ত্তমাত্র—ইহাকে ধারণ করিয়াছেন মহেশ্বর। উমা ও মহেশ্বর—সূক্ষ্ম ও স্থূল, অব্যক্ত ও ব্যক্ত, শব্দ ও অর্থ, স্ত্রী ও পুরুষ—প্রভৃতি দ্বন্দ্বের প্রতীক। অর্দ্ধনারীশ্বর ভারতের আদর্শ দেবতামূর্ত্তি। যে শব্দ রমণীয় অর্থের প্রতিপাদক—তাহাই কাব্য। অতএব

শব্দ ও অর্থ কাব্যের শরীর। সুতরাং কাব্যরচনা করিতে হইলে শব্দার্থজ্ঞানের প্রয়োজন সর্বাগ্রে। তাই সূক্ষ্মদৃষ্টিসম্পন্ন মহাকবি কালিদাস তাঁহার শব্দার্থমূলক কাব্য রচনার প্রারম্ভে শব্দ ও অর্থের ন্যায় নিত্যসম্বদ্ধ হরগৌরীর বন্দনা করিয়া অর্দ্ধনারীশ্বরের জয়গান করিয়াছেন।

মল্লিনাথ—মাতাপিতৃভ্যাং জগতো নমো বামার্দ্ধজানয়ে।
সদ্যো দক্ষিণদৃক্পাত-সঙ্কুচদ্বামদৃষ্টয়ে ॥১॥
অন্তরায়-তিমিরোপশান্তয়ে শান্তপাবনমচিন্ত্য-বৈভবম্।
তং নরং বপুষি কুঞ্জরং মুখে মন্মহে কিমপি তুন্দিলং মহঃ ॥২॥
শরণং করবাণি শর্মদং তে চরণং বাণি চরাচরোপজীব্যম্।
করুণামসৃণৈঃ কটাক্ষপাতৈঃ কুরু মামম্ব কৃতার্থসার্থবাহম্ ॥৩॥
বাণীং কাণভুজীমজীগণদবাশাসীচ্চ বৈয়াসকী
মন্তস্তন্ত্রমরংস্ত পন্নগ-গবী-গুম্ফেষু চাজাগরীৎ।
বাচামাচকলদ্রহস্যমখিলং যশ্চাক্ষপাদস্ফুরাং
লোকেঽভূদ্ যদুপজ্ঞমেব বিদুষাং সৌজন্যজন্যং যশঃ ॥৪॥
মল্লিনাথকবিঃ সোঽয়ং মন্দাত্মানুজিঘৃক্ষয়া।
ব্যাচষ্টে কালিদাসীয়ং কাব্যত্রয়মনাকুলম্ ॥৫॥
কালিদাসগিরাং সারং কালিদাসঃ সরস্বতী।
চতুর্মুখোঽথবা সাক্ষাদ্ বিদুর্নান্যে তু মাদৃশাঃ ॥৬॥
তথাপি দক্ষিণাবর্ত্ত-নাথাদ্যৈঃ ক্ষুণ্নবর্ত্মসু।
বয়ঞ্চ কালিদাসোক্তিষ্ববকাশং লভেমহি ॥৭॥
ভারতী কালিদাসস্য দুর্ব্যাখ্যাবিষমূর্চ্ছিতা।
এষা সঞ্জীবনী টীকা তামদ্যোজ্জীবয়িষ্যতি ॥৮॥
ইহান্বয়মুখেনৈব সর্বং ব্যাখ্যায়তে ময়া।
নামূলং লিখ্যতে কিঞ্চিন্নানপেক্ষিতমুচ্যতে ॥৯॥

ইহ খলু সকলকবিশিরোমণিঃ কালিদাসঃ "কাব্যং যশসেঽর্থকৃতে, ব্যবহারবিদে শিবেতরক্ষতয়ে। সদ্যঃ পরনির্বৃতয়ে কান্তাসম্মিততয়োপদেশযুজে"—ইত্যাদ্যালঙ্কারিকবচনপ্রামাণ্যাৎ কাব্যস্য অনেকশ্রেয়ঃসাধনতাং "কাব্যালাপাংশ্চ বর্জয়েৎ" ইত্যস্য নিষেধশাস্ত্রস্য অসৎকাব্যবিষয়তাং চ পশ্যন্, রঘুবংশাখ্যং মহাকাব্যং চিকীর্ষুশ্চিকীর্ষিতার্থাবিঘ্নপরিসমাপ্তি—সম্প্রদায়াবিচ্ছেদলক্ষণফলসাধন-

ভূতবিশিষ্টদেবতানমস্কারস্য শিষ্টাচারপরিপ্রাপ্তত্বাৎ, "আশীর্নমস্ক্রিয়াবস্তুনির্দেশো বাপি তন্মুখম্" ইত্যাশীর্বাদাদ্যন্যতমস্য প্রবন্ধমুখলক্ষণত্বাৎ, কাব্যনির্মাণস্য বিশিষ্ট-শব্দার্থপ্রতিপত্তিমূলকত্বেন, বিশিষ্টশব্দার্থয়োশ্চ—"শব্দজাতমশেষন্তু ধত্তে শর্বস্য-বল্লভা। অর্থরূপং যদখিলং ধত্তে মুগ্ধেন্দুশেখরঃ॥" ইতি বায়ুপুরাণবচনবলেন পার্বতীপরমেশ্বরায়ত্তত্বদর্শনাৎ, তৎপ্রতিপিৎসয়া তাবেবাভিবাদয়তে—

বাগর্থাবিতি—বাগর্থাবিবেত্যেকং পদম্। ইবেন সহ নিত্যসমাসো বিভক্ত্যলোপঃ পূর্বপদপ্রকৃতিস্বরশ্চেতি বক্তব্যম্, এবমন্যত্রাপি দ্রষ্টব্যম্। বাগর্থাবিব শব্দার্থাবিব সম্পৃক্তৌ নিত্যসম্বদ্ধাবিত্যর্থঃ, নিত্যসম্বদ্ধয়োঃ শব্দার্থয়োরুপমানত্বেনো-পাদানাৎ। "নিত্যঃ শব্দার্থসম্বন্ধঃ" ইতি মীমাংসকাঃ। জগতো লোকস্য পিতরৌ, মাতা চ পিতা চ পিতরৌ। "পিতা মাত্রে" তি দ্বন্দ্বৈকশেষঃ। "মাতাপিতরৌ পিতরৌ মাতরপিতরৌ প্রসূজনয়িতারৌ" ইত্যমরঃ। এতেন শর্বশিবয়োঃ সর্বজগজ্জনকতয়া বৈশিষ্ট্যমিষ্টার্থপ্রতিপাদনশক্তিঃ পরমকারুণিকত্বঞ্চ সূচ্যতে। পর্বতস্যাপত্যং স্ত্রীপার্বতী "তস্যাপত্যম্" ইত্যণ্; "টিড্ঢানঞ—" ইত্যাদিনা ঙীপ্। পার্বতী চ পরমেশ্বরশ্চ পার্বতীপরমেশ্বরৌ, পরমশব্দঃ সর্বোত্তমত্বদ্যোতনার্থঃ। মাতুরভ্যর্হিতত্বাদ্ অল্পাক্ষরত্বাচ্চ পার্বতীশব্দস্য পূর্বনিপাতঃ। বাগর্থপ্রতিপত্তয়ে শব্দার্থয়োঃ সম্যগ্ জ্ঞানার্থং বন্দে অভিবাদয়ে অহমিতি শেষঃ। অত্রোপমালঙ্কারঃ স্ফুট এব তথোক্তম্—"স্বতঃসিদ্ধেন ভিন্নেন সম্পন্নেন চ ধর্মতঃ। সাম্যমন্যেন বর্ণ্যস্য বাচ্যং চেদেকগোপমা॥" ইতি। প্রায়িকশ্চায়মলঙ্কারঃ কালিদাসোক্ত-কাব্যাদৌ। প্রথমং ভূদেবতাকস্য সর্বগুরোর্মগণস্য প্রয়োগাৎ শুভলাভঃ সূচ্যতে। তদুক্তম্—"শুভদো মো ভূমিময়ঃ" ইতি। বকারস্যামৃতবীজত্বাৎ প্রচয়গমনাদি-সিদ্ধিঃ।

মল্লিটীকা—টীকাকার মল্লিনাথের উপোদ্‌ঘাত-শ্লোকগুলির বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হইল—

১। (অর্দ্ধনারীশ্বররূপ) জগতের জনক ও জননীকে (হরগৌরীকে) প্রণাম করি, যাঁহার (অর্থাৎ যে অর্দ্ধনারীশ্বরমূর্ত্তির) বামার্দ্ধভাগ জায়া (অর্থাৎ গৌরী) এবং যাঁহার দক্ষিণ (অর্থাৎ পুরুষরূপ দক্ষিণভাগের) নয়নপাতের দ্বারা বাম (অর্থাৎ স্ত্রীরূপ বামভাগের) নয়ন (লজ্জায়) সঙ্কুচিত হইতেছে। (কারণ পুরুষের দৃষ্টিপাতে নারীর দৃষ্টি স্বভাবতঃই লজ্জায় সঙ্কুচিত হয়।—অথবা, যে জনক-জননীর উদার দৃষ্টিপাতের সম্মুখে সকলপ্রকার কুটিলতা নিরস্ত হয়—এ অর্থও ধ্বনিত হইতেছে।)

২। বিঘ্নরূপ অন্ধকার-বিনাশের নিমিত্ত আমি শান্ত, পবিত্রতাজনক, অচিন্ত্যশক্তিসম্পৎশালী এবং লম্বোদর (গজাননরূপ) অনির্বচনীয় তেজের উপাসনা করি—যে তেজ (মুখভিন্ন) দেহাংশে নররূপী এবং মুখাংশে গজরূপ।

৩। হে সরস্বতী! জগতের আশ্রয় ও সুখদায়ক তোমার চরণকে আমি এক্ষণে আশ্রয় করিতেছি; হে মাতঃ! তুমি তোমার করুণাস্নিগ্ধ কটাক্ষপাতের দ্বারা আমাকে কৃতকার্য্যতাযুক্ত কর (অর্থাৎ টীকারচনারূপ গুরুকার্য্যবিষয়ে আমাকে সাফল্যযুক্ত কর)।

৪। যিনি কণাদপ্রণীত শব্দরাশি (অর্থাৎ বৈশেষিক দর্শন) অধ্যয়ন করিয়াছেন; যিনি ব্যাসপ্রণীত শব্দরাজি (অর্থাৎ অষ্টাদশ পুরাণ, মহাভারত, ব্রহ্মসূত্র, প্রভৃতি) আয়ত্ত করিয়াছেন; যিনি তন্ত্রশাস্ত্র অভিনিবেশপূর্ব্বক পাঠ করিয়াছেন; যিনি শেষনাগের বাক্যাবলীতে (অর্থাৎ পতঞ্জলীপ্রণীত মহাভাষ্যে) চিরজাগ্রত ছিলেন; যিনি অক্ষপাদপ্রণীত শব্দরাজির (অর্থাৎ গৌতমপ্রণীত ন্যায়দর্শনের) সকল রহস্য জ্ঞাত ছিলেন, এবং এই পৃথিবীতে পণ্ডিতদিগের সৌজন্যখ্যাতি (অর্থাৎ পণ্ডিত হইয়াও সজ্জন—এই খ্যাতি) যাঁহা হইতে প্রথম প্রবর্ত্তিত হইয়াছিল।—

৫। সেই মল্লিনাথ কবি মন্দমতি ছাত্রদিগকে অনুগ্রহ করিবার বাসনায় কালিদাসপ্রণীত কাব্যত্রয় (রঘুবংশ, কুমারসম্ভব ও মেঘদূত) অনায়াসে (অথবা, সহজভাবে) ব্যাখ্যা করিতেছেন। ("প্রায়েণ আচার্য্যাণামিয়ং শৈলী যৎ স্বাভিপ্রায়মপি পরোপদেশমিব বর্ণয়ন্তি"—কুল্লূকভট্ট—মনু—১।৪)।

৬। কালিদাসপ্রযুক্ত শব্দের মর্মার্থ (অথবা ধ্বনি) স্বয়ং কালিদাস, সরস্বতী অথবা ব্রহ্মা জানিতে পারেন—মাদৃশ (অজ্ঞ) ব্যক্তিগণ তাহা জানিতে পারে না।

৭। তথাপি দক্ষিণাবর্ত্ত, নাথ, প্রভৃতি প্রাচীন টীকাকারগণ ব্যাখ্যার যে পথ দেখাইয়াছেন—সেই পথ অনুসরণ করিয়া আমরাও কালিদাসের কাব্যে প্রবেশ লাভ করিব।

৮। কালিদাসের কাব্য দুষ্ট ব্যাখ্যারূপ গরলের দ্বারা চেতনাহীন হইয়া রহিয়াছে। অদ্য মৎ-প্রণীত 'সঞ্জীবনী' নামক টীকা তাহাকে পুনরায় উজ্জীবিত করিবে।

৯। মৎ-প্রণীত এই টীকায় সব কিছুই অন্বয়মুখে (acc. to prose-order) ব্যাখ্যাত হইবে। মূলকাব্যাতিরিক্ত কিছুই লেখা হইবে না এবং অবান্তর কিছুও বলা হইবে না। (অন্বয়মুখ—দণ্ডান্বয় ; Contrast—ব্যতিরেকমুখ বা খণ্ডান্বয়)

ইহ খলু সকলকবিশিরোমণিঃ·········তাবেবাভিবাদয়তে।

কবিকুলচূড়ামণি মহাকবি কলিদাস 'রঘুবংশ' নামক মহাকাব্য রচনা করিতে ইচ্ছুক হইয়া বিশিষ্ট শব্দার্থজ্ঞানের নিমিত্ত হরগৌরীর বন্দনা করিতেছেন। কাব্যের উপকারিতা কি ? এ বিষয়ে আলঙ্কারিকগণ বলেন যে, কাব্য রচনা করিয়া যশস্বী হওয়া যায় (যেমন কালিদাস প্রভৃতি হইয়াছেন), অর্থলাভ হয় (যেমন কবি ধারক অথবা বাণ রাজা শ্রীহর্ষের নিকট তাঁহাদের রচনা বিক্রয় করিয়া অর্থলাভ করিয়াছিলেন), লোকচরিত্র-বিষয়ে অভিজ্ঞতা জন্মে (কারণ বাস্তবের চিত্রণ-ই সাহিত্য), অমঙ্গলনাশ হয়, তৎক্ষণাৎ পরম আনন্দলাভ ঘটে (জাগতিক সুখলাভে বিলম্ব ঘটে—কিন্তু কাব্যপাঠকালে আমরা তৎক্ষণাৎ লোকোত্তর পরম আনন্দের অধিকারী হই—এই বিমল কাব্যানন্দ বেদান্তকথিত ব্রহ্মানন্দের সহোদর), এবং সর্বোপরি কাব্য আমাদিগকে প্রিয়তমা কান্তার ন্যায় উপদেশ দান করে। (উপদেশ তিন প্রকার—প্রভুসম্মিত, সুহৃৎসম্মিত এবং কান্তাসম্মিত। প্রভুর উপদেশ নীরস এবং কঠোর হইয়া থাকে ; বন্ধুর উপদেশ অনেকে গ্রাহ্যই করে না ; কিন্তু কান্তা তাহার ভাষাহীন কিংবা কোমল উপদেশদ্বারা আমাদের চিত্তে গভীর রেখাপাত করে। কাব্যের বাণীও সেইরূপ মৌন। কাব্য আমাদিগকে বলপূর্বক শিক্ষা দান করে না, কিন্তু আমরাই কাব্য হইতে নীতিসার গ্রহণ করিয়া আনন্দ পাই)। (কাব্যপ্রকাশ ১।২) "স্বাদুকাব্যরসোম্মিশ্রং বাচ্যার্থ-মুপভুঞ্জতে। প্রথমালীঢ়মধবঃ পিবন্তি কটু ভেষজম্॥"—এইরূপে কাব্য যে একাধিক মঙ্গলের সাধনীভূত হয়—তাহা কবি কালিদাস জানিতেন। তিনি আরও জানিতেন যে "সর্ব্বপ্রকার কাব্যচর্চ্চা বর্জ্জন করিবে,"—এই নিষেধবাক্য কেবল অসৎকাব্য (নীতি-উপদেশহীন) বিষয়েই প্রযুক্ত হয়। কালিদাস প্রারম্ভেই দেবতার উদ্দেশ্যে প্রণাম করিয়াছেন কারণ, শিষ্টগণ দেবতার নমস্কারকে (কাব্যরচনারূপ) চিকীর্ষিত অর্থের বিঘ্নহীন পরিসমাপ্তি এবং কবিসম্প্রদায়ের অবিচ্ছেদরূপ ফলের সাধনীভূত বলিয়া মনে করেন ; এতদ্ব্যতীত আলঙ্কারিকগণও বলেন যে "প্রবন্ধের প্রারম্ভে আশীর্ব্বাদ, নমস্ক্রিয়া কিংবা বস্তুনির্দ্দেশ থাকিবে।" (কাব্যাদর্শ ১।১৪)।

কবি কালিদাসের হরগৌরী-বন্দনার আর একটি তাৎপর্য্য আছে। বিশিষ্ট শব্দার্থের জ্ঞানই কাব্যরচনার মূলীভূত কারণ। পার্বতী এবং পরমেশ্বর এই নিখিল বিশ্বের শব্দের এবং অর্থের ধাত্রী এবং ধাতা। বায়ুপুরাণে এইরূপ বচন আমরা পাইয়া থাকি। তাই বিশিষ্ট শব্দার্থজ্ঞানের নিমিত্ত কবি কালিদাস হরগৌরীর বন্দনা করিতেছেন—

"প্রথমং ভূদেবতাকস্য·········প্রচয়গমনাদিসিদ্ধিঃ"

ব-কার ম-গণের অন্তর্গত কবি প্রথমেই ভূদেবতাকে, সকল গণের শ্রেষ্ঠ এই ম-গণের প্রয়োগ করিয়াছেন। ইহাতে শুভলাভ সূচিত হইতেছে। কং, বং, ঝঃ, পঃ, হঃ,—এই পঞ্চ অমৃত বীজের মধ্যে বকার একটি। ইহার দ্বারা বৃদ্ধি-প্রাপ্তিরূপ সিদ্ধি সূচিত হইতেছে। "বকারং চঞ্চলাপাঙ্গি কুণ্ডলীমোক্ষমব্যয়ম্। পঞ্চপ্রাণময়ং বর্ণং ত্রিশক্তিসহিতং সদা॥ চতুর্বর্গপ্রদং বর্ণং সর্বসিদ্ধিপ্রদায়কম্। ত্রিশক্তি-সহিতং দেবি ত্রিবিন্দু সহিতং সদা।" (কামধেনুতন্ত্রম্)।

সারাংশ—শব্দার্থয়োঃ সম্যগ্ জ্ঞানার্থং শব্দার্থাবিব নিত্যসম্বদ্ধৌ জগতঃ মাতাপিতরৌ উমাবৃষাঙ্কৌ অহং বন্দে।

টীকান্তর—"প্রতিপত্তিশব্দেন চ গৌরবং, প্রাপ্তিঃ, প্রবৃত্তিঃ, প্রাগল্ভ্যং, প্রতিভা, জ্ঞানমিতি ষড়প্যর্থাঃ তন্ত্রেনোপাত্তাঃ। তত্র গৌরবং মাধুর্য্যাদিগুণসম্পত্ত্যা সহৃদয়বহুমানং, প্রাপ্তিঃ নির্বহণপ্রাপ্তিঃ, প্রবৃত্তিঃ স্বয়মেব সংঘটনারূঢ়িঃ, প্রাগল্ভ্যং দোষরাহিত্যেন নিঃশঙ্কতা, প্রতিভা প্রত্যুৎপন্না মতিঃ তত্তদুচিতশব্দার্থ বিশেষ-লাভফলা জ্ঞানং যথাতত্ত্বসংবেদনম্। এম্বর্থেষু অস্য প্রয়োগা দ্রষ্টব্যাঃ।" তথা চ কেশবস্বামী "প্রতিপত্তিস্ত গৌরবে প্রাপ্তৌ প্রবৃত্তৌ প্রাগল্ভ্যে প্রতিভা-জ্ঞানয়োরপীতি।" (অরুণগিরিনাথঃ)। "উভয়োঃ কিমিতি নমস্কারঃ কৃতঃ।" তচ্চ "শিবা শব্দময়ী প্রোক্তা শম্ভুশ্চার্থময়ঃ স্মৃতঃ। অতঃ শব্দার্থনিষ্পত্তিসিদ্ধয়ে তৌ নতৌ ময়া॥" নম্বন্যেষু গণেশাদিদেবেষু সৎস্বমামহেশ্বরয়োঃ নমস্কারং কথং কৃতবাংস্তত্রাহ—'ঈশ্বরাজ্ জ্ঞানমন্বিচ্ছেদ' ইতি"—(বিজয়গণিঃ)।

টিপ্পনী—১। বাগর্থাবিব—শব্দের সহিত অর্থের ন্যায়। বাক্‌চ অর্থশ্চ (দ্বন্দ্ব) ইতি বাগার্থৌ—রাজদন্তাদিত্বাৎ অর্থশব্দস্য পরনিপাতঃ। তৌ, ইব (নিত্যসমাস)। 'বাগর্থাবিব' ইহা একটি সমস্তপদ। পৃথক্ পদ নহে। 'ইবেন সহ সমাসো বিভক্ত্যলোপঃ পূর্বপদপ্রকৃতিস্বরত্বং চ বক্তব্যম্" (মহাভাষ্য)। "ইবেন সহ নিত্যসমাসো······" ইত্যাদি পাঠ ভুল।

২। সম্পৃক্তৌ—'পার্বতীপরমেশ্বরৌ' পদের বিশেষণ। সম্-পৃচ্+ক্ত কর্ত্তরি। নিত্যসম্বন্ধ। মীমাংসামতে শব্দের সহিত অর্থের সম্বন্ধ নিত্য (ঔৎপত্তিক)।

৩। বাগর্থপ্রতিপত্তয়ে—নিমিত্তার্থে চতুর্থী। শব্দ এবং অর্থের সম্যক্ জ্ঞানের জন্য। বাক্ চ অর্থশ্চ (দ্বন্দ্ব) তৌ বাগর্থৌ, তয়োঃ প্রতিপত্তিঃ (ষষ্ঠীতৎ) তস্যৈ।

৪। জগতঃ—শেষে ষষ্ঠী। গম্+অতি=জগৎ। জগতের।

৫। পিতরৌ—'পার্বতীপরমেশ্বরৌ' পদের বিশেষণ। মাতা চ পিতা চ (একশেষ দ্বন্দ্ব) পিতরৌ; বিকল্পে মাতাপিতরৌ, মাতরপিতরৌ—মল্লিনাথ দেখ। মাতা এবং পিতাকে।

৬। বন্দে—কর্ত্তা 'অহম্' উহ্য। বন্দ্+লট্ এ। বন্দনা করি।

৭। পার্বতীপরমেশ্বরৌ—'বন্দে' ক্রিয়ার কর্ম্ম। পার্বতী চ পরমেশ্বরশ্চ (দ্বন্দ্ব) তৌ। পার্বতী এবং মহাদেবকে। এস্থলে দ্বন্দ্বসমাসে 'পার্বতী' শব্দের পূর্বনিপাত হইয়াছে; কারণ 'পার্বতী' শব্দ অল্পাক্ষরযুক্ত ("অল্পাচ তরম্") এবং মাতা ও পিতার মধ্যে মাতাই অধিক গরীয়সী বা পূজাস্পদ ("অভ্যর্হিতঞ্চ") "পিতৃতোঽপি গুরুর্মাতা নাস্তি মাতৃসমো গুরুঃ। পতিতা গুরবস্ত্যাজ্যা মাতা নৈব কদাচন॥ গর্ভধারণপোষাভ্যাং তেন মাতা গরীয়সী॥" "উপাধ্যায়ান্ দশাচার্য্য আচার্য্যাণাং শতং পিতা। সহস্রং তু পিতৄন্ মাতা গৌরবেণাতিরিচ্যতে॥" পর্বতস্য অপত্যং স্ত্রী ইতি পর্বত+অণ্ ("তস্যাপত্যম্") +ঙীপ্=পার্বতী। পরমশ্চাসৌ ঈশ্বরশ্চ=পরমেশ্বরঃ।

অনেকে 'পার্বতীপ—রমেশ্বরৌ'—এইরূপ বিশ্লেষণ করিয়া থাকেন। পার্বতীং পাতি রক্ষতীতি পার্বতীপঃ—মহাদেব। রমায়া ঈশ্বরঃ ইতি রমেশ্বরঃ—বিষ্ণু। অর্থাৎ মহাদেব ও বিষ্ণুকে প্রণাম করি। তাঁহারাও নিত্যসম্বদ্ধ। ("ন বিনা শঙ্করং বিষ্ণুর্বিনা কেশবং শিবঃ")। সুতরাং 'পিতরৌ' শব্দের পিতা চ পিতা চ এইরূপ ব্যাখ্যা হইবে।—"যদ্বা পার্বতীং পিপর্ত্তি পালয়তীতি পার্বতীপরঃ শিবঃ। "পৄ পালনপূরণয়োঃ" ইতি ধাতুস্মাৎ। মায়াঃ পদ্মায়া ঈশ্বরো মেশ্বরো বিষ্ণুস্তৌ বন্দে। অস্মিন্পক্ষে বাগর্থাবিবেত্যুপমায়া ভিন্নলিঙ্গত্বং ন দোষায়। 'ন লিঙ্গবচনে ভিন্নে' ইত্যাদি" (সুমতিবিজয়ঃ)।

কালিদাস তাঁহার প্রায় প্রত্যেক রচনার আরম্ভে শিবের বন্দনা করিয়াছেন। তাই অনেকে মনে করেন তিনি শিবভক্ত ছিলেন। "যতঃপরমেশ্বর-ভক্তিশালী

কবির্নানাবিধপদার্থবর্ণনারূপাং কাব্যরচনামপি তৎস্তুতিরূপামেবাভিসন্ধায় প্রবৃত্তঃ” (অরুণগিরিঃ)।

“যদ্বা কবের্দেবীনাম্না প্রসিদ্ধত্বাৎ পার্বত্যাঃ প্রথমং গ্রহণম্। যতঃ কালিদাস ইতি কবিনাম” (বিজয়গণিঃ)।

বাচ্যপরিবর্ত্তন—(ময়া)······বন্দ্যেতে।

মন্তব্য—এই শ্লোকে উপমা এবং কাব্যলিঙ্গ অলঙ্কারের সঙ্কর হইয়াছে। “সাধর্ম্যমুপমা ভেদে”। শব্দের সহিত উমার এবং অর্থের সহিত মহেশ্বরের তুলনা করা হইয়াছে। সুতরাং উমা ও মহেশ্বর উপমেয় এবং শব্দ ও অর্থ উপমান। অনেকে বলেন যে ‘জগতঃ পিতরৌ’ ইহা উপমেয়ের ধর্ম। সুতরাং উপমানে ধর্মন্যূনতা রহিয়াছে। ইহার উত্তরে অরুণগিরি বলেন—“নত্বত্র ধর্মন্যূনতা দোষঃ। জগতঃ পিতরাবিত্যস্য প্রতিবস্তু কিঞ্চিদুপমানে নোপাত্তমিতি। ন চ ‘সর্বং সর্বেণ সারূপ্যং নাস্তি ভাবস্য কস্যচিৎ’ ইত্যমুং দোষং ভামহঃ প্রত্যাখ্যাতবানিতি বাচ্যম্। মতান্তরেঽম্বিষ্টত্বাৎ। “উচ্যতে—‘যত্রোদ্বেগো’ ন ‘ধীমতামিতি’ তাবদস্তি। অন্যচ্চ বাক্যার্থোপমায়ামেবায়ং দোষঃ।” যথা “স মুনির্লাঞ্ছিতো মৌঞ্জ্যা কৃষ্ণাজিনপটং বহন্। শুশুভে নীলজীমূতভাগাশ্লিষ্ট ইবাংশুমান্” ইত্যত্র। “এতচ্চ সর্বং সর্বত্রানুসন্ধেয়ম্। ন তু কষ্টযোজনাভিরেতৎপরিহারে যতিতব্যম্” (অরুণগিরিঃ)।

এখানে কবি কালিদাস শব্দ ও অর্থের সম্যক্ জ্ঞান প্রার্থনা করিতেছেন যেহেতু হরগৌরী শব্দার্থাত্মক। অতএব এখানে কাব্যলিঙ্গ অলঙ্কার। “হেতোর্বাক্যপদার্থত্বে কাব্যলিঙ্গং নিগদ্যতে” (সাহিত্যদর্পণ)।

G. R. Nandargikar এই শ্লোকের অনুরূপ একটি শ্লোক উদ্ধৃত করিয়াছেন— “প্রভার্কাবিব সম্পৃক্তৌ ভবভীতিনিবৃত্তয়ে।
রক্ষিতারৌ ত্রিজগতাং লক্ষ্মীনারায়ণৌ ভজে॥
—দিব্যসূরিচরিতম্—I।

ভেলায় সাগরতরণের ন্যায় অল্পজ্ঞ আমি বিশাল সূর্য্যবংশ বর্ণনায় প্রবৃত্ত হইয়াছি।

২। ক্ব সূর্য্যপ্রভবো বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ।
তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্॥২॥

অন্বয়—সূর্য্যপ্রভবঃ (সূর্য্যসম্ভূত—সূর্য্যদেব হইতে যাহার জন্ম) বংশঃ

বংশ) ক (কোথায়), (মে) অল্পবিষয়া (অল্পবিষয়িণী) মতিঃ চ (বুদ্ধিই বা) ক (কোথায়) ! (অহং) মোহাৎ (অজ্ঞানবশতঃ) উডুপেন (ভেলা দ্বারা) দুস্তরং (দুস্তর) সাগরম্ (সাগর) তিতীর্ষুঃ (পার হইতে অভিলাষী) অস্মি (হইতেছি)।

বাঙ্গালা—কোথায় বা সূর্য্যসম্ভূত বংশ, আর কোথায় বা আমার অল্পবিষয়িণী বুদ্ধি! আমি অজ্ঞানবশতঃ ভেলাদ্বারা দুস্তর সাগর পার হইতে অভিলাষী হইতেছি।

Eng.—Where is the race sprung from the sun and where (are) my scanty powers of mind! From sheer folly I am desirous of getting across the sea which is so difficult to cross, by means of a small raft.

ব্যাখ্যা—মহান্ ব্যক্তিগণ নিরভিমান হইয়া থাকেন। তাই কবিশিরোমণি স্বীয় অহঙ্কার পরিত্যাগ করিয়া বলিতেছেন—আমার বুদ্ধি নিতান্তই ক্ষুদ্র—আর এই সূর্য্যবংশ বিশাল, পবিত্র এবং জগদ্বিখ্যাত। দিলীপ, রঘু, প্রভৃতি উদারচেতা মনস্বিগণ এই বংশে জন্মগ্রহণ করিয়াছেন। বিষ্ণুর অবতার শ্রীরামচন্দ্র এই বংশের প্রদীপস্বরূপ। সুতরাং অল্পবিষয়িণী বুদ্ধি লইয়া আমি কিরূপে এই বংশের বর্ণনা করিব? এই বংশ বর্ণনা করিবার যে প্রবৃত্তি আমার হইয়াছে—তাহা ভেলকদ্বারা দুস্তর সাগর তরণেচ্ছু ব্যক্তির প্রবৃত্তির ন্যায়ই হাস্যাস্পদ হইবে।

মল্লিনাথ—কেতি। সম্প্রতি কবিঃ স্বাহঙ্কারং পরিহরতি—ক সূর্য্যেত্যাদিশ্লোকদ্বয়েন। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্ "ঋদোরপ্" "অকর্ত্তরি চ কারকে সংজ্ঞায়াম্" ইতি সাধুঃ। সূর্য্যঃ প্রভবো যস্য স সূর্য্যপ্রভবো বংশঃ ক? অল্পো বিষয়ো জ্ঞেয়োঽর্থো যস্যাঃ সা মে মতিঃ প্রজ্ঞা চ ক? দ্বৌ কশব্দৌ মহদন্তরং সূচয়তঃ, সূর্য্যবংশমাকলয়িতুং ন শক্নোমীত্যর্থঃ। তথা চ তদ্বিষয় প্রবন্ধনিরূপণং দুরাপাস্তমিতি ভাবঃ। তথাহি—দুস্তরং "ঈষদ্দুঃসুষু—" ইত্যাদিনা খল্-প্রত্যয়ঃ। তরিতুমশক্যং সাগরং মোহাদজ্ঞানাৎ উড়ুপেন প্লবেন "উড়ুপন্তু প্লবঃ কোলং" ইত্যমরঃ। অথবা চর্ম্মাবনদ্ধেন পানপাত্রেণ "চর্ম্মাবনদ্ধমুড়ুপং প্লবঃ কাষ্ঠং করণ্ডবৎ" ইতি সজ্জনঃ। তিতীর্ষুস্তরীতুমিচ্ছুরস্মি ভবামি। তরতেঃ সন্নন্তাদ্ উ-প্রত্যয়ঃ। অল্পসাধনৈরধিকারম্ভো ন সুকর ইতি ভাবঃ। ইদঞ্চ বংশোৎকর্ষকথনং স্বপ্রবন্ধমহত্বার্থমেব। তদুক্তম্—"প্রতিপাদ্যমহিম্না চ প্রবন্ধো হি মহত্তরঃ" ইতি।

মল্লিটীকা—১। সম্প্রতি…পরিহরতি।—এই শ্লোকে (এবং পরবর্ত্তী শ্লোকেও) কবি কালিদাস নিজের অহঙ্কার পরিত্যাগ করিতেছেন।

২। ইদঞ্চ বংশোৎকর্ষ……মহত্তরঃ. ইতি। সূর্য্যবংশের মহত্ত্বকথনের দ্বারা স্বরচিত মহাকাব্যেরই মহত্ত্ব কীর্ত্তিত হইতেছে। কারণ এইরূপ বলা হইয়া থাকে —"বর্ণনীয় বিষয়ের মহত্ত্বের দ্বারা রচনাও মহত্ত্ব প্রাপ্ত হয়"।—

সারাংশ—যথা প্লবেন সাগরতরণমসম্ভবম্ তথৈবাল্পবিষয়য়া বুদ্ধ্যা মে সূর্য্যবংশ-বর্ণনমপি।

টীকান্তর—"অথ বর্ণনীয়ে মহতি বংশে স্বল্পবিষয়ায়াঃ স্বমতেঃ প্রবৃত্তি-মাক্ষিপন্ আক্ষেপ-দ্বারেণ অর্থাচ্চিকীর্ষিতং চ প্রতিজানীতে, কেতি।" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। ক্ব, ক্ব—অব্যয়। দুইটি ক্ব শব্দের প্রয়োগ থাকিলে মহান্ পার্থক্য সূচিত হয়। অর্থাৎ সূর্য্যবংশ এবং আমার বুদ্ধি—ইহাদের মধ্যে পার্থক্য অনেক। "উভাবপি ক্বশব্দৌ সূর্য্যবংশস্য কবিবুদ্ধেশ্চ অত্যন্তাসঙ্গতিব্যঞ্জকৌ জ্ঞেয়ৌ"—চারিত্রবর্দ্ধন। *Cf.* "ক্ব বত হরিণকাণাং" (শাকুন্তলে ১।১০)। "ক্ব ভূপতীনাং চরিতং ক্ব জন্তবঃ" (কিরাত ১।৬)। "ক্ব বয়ং ক্ব পরোক্ষমন্মথঃ" (শাকুন্তলে ২।১৮)।

২। সূর্য্যপ্রভবঃ—'বংশঃ' পদের বিশেষণ। প্রভবতি অস্মাদিতি প্রভবঃ (কারণম্) প্র—ভূ+অপ্ "ঋদোরপ্"। মল্লিনাথ দেখ। সূর্য্যঃ প্রভবঃ যস্য সঃ (বহুব্রীহি) "প্রভবো জলমূলে স্যাৎ জন্মহেতৌ পরাক্রমে" ইতি মেদিনী। সরতি গচ্ছত্যাকাশে ইতি সূর্য্যঃ, সৃ+ক্যপ্। পুরাণাদিতে সূর্য্যবংশের এইরূপ বিবরণ পাওয়া যায়—ব্রহ্মা—মরীচি—কশ্যপ—সূর্য্য—মনু (বৈবস্বত)—ইক্ষ্বাকু।—(ইত্যাদি)।

৩। অল্পবিষয়া—'মতিঃ' পদের বিশেষণ। অল্পঃ বিষয়ঃ (জ্ঞেয়োঽর্থঃ) যস্যাঃ সা (বহুব্রীহি)। "বিষয়ো যস্য যো জ্ঞাতস্তত্র গোচরদেশয়োঃ" ইতি হৈমঃ। অল্পবিষয়িণী।

৪। মতিঃ—বুদ্ধি। মন্+ক্তিন্।

৫। তিতীর্ষুঃ—'অহম্' এই উহ্য পদের বিশেষণ। তরিতুমিচ্ছুরিতি, তৄ+সন্+উ। পার হইতে অভিলাষী।

৬। দুস্তরম্—'সাগরম্' পদের বিশেষণ। দুঃখেন তীর্য্যতে ইতি দুস্+তৄ+খল্ "ঈষদ্দুঃসুষু কৃচ্ছ্রাকৃচ্ছ্রার্থেষু খল্"।

৭। মোহাৎ—হেতৌ ৫মী। মুহ্+ঘঞ্। অজ্ঞানবশতঃ।

৮। উডুপেন—করণে তৃতীয়া। ভেলাদ্বারা। উড়ুনো জলাৎ পাতীতি উড়ু+ পা+ক। "উড়ুপশ্চন্দ্রভেলয়োঃ" ইতি ধরণিঃ।

৯। অস্মি—কর্ত্তা 'অহম্' উহ্য। হইতেছি। অস্+লট্ মি। অথবা তিঙন্ত প্রতিরূপক 'অহম্' অর্থপ্রতিপাদক অব্যয়।

১০। সাগরম্—কর্মণি দ্বিতীয়া। "ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্" ইতি ষষ্ঠী প্রতিষেধঃ। সমুদ্র। সগরস্য রাজ্ঞোঽয়ম্ ইতি সগর+অণ্—"তস্যেদম্"।"ন গরো যেনামৃতেন মণিনা বা সহ তেন বা" (ভানুজি)। যজ্ঞীয় অশ্ব অন্বেষণ করিতে করিতে সগররাজার ৬০,০০০ পুত্র ভূমি খনন করিয়া পাতালে প্রবেশ করে। ভূমির সেই প্রকাণ্ড গর্ত্ত জলপূর্ণ হইলে তাহাকে 'সাগর' নামে অভিহিত করা হয়।

বাচ্যপরিবর্ত্তন—সূর্য্যপ্রভবেন বংশেন ক (ভূয়তে) অল্পবিষয়য়া মত্যা চ ক (ভূয়তে)···তিতীর্ষুণা ভূয়তে।

মন্তব্য—এই শ্লোকে নিদর্শনা অলঙ্কার। কোনও পদার্থের সম্বন্ধ কোথাও বাধিত এবং কোথাও অবাধিত হইয়া যে বর্ণিত পদার্থদ্বয়ের সাদৃশ্য তাৎপর্য্য দ্বারা প্রকাশ করে—তাহাকে 'নিদর্শনা' বলে। "সম্ভবন্ বস্তুসম্বন্ধোঽসম্ভবন্ বাপি কুত্রচিৎ। যত্র বিম্বানুবিম্বত্বং বোধয়েৎ সা নিদর্শনা ॥" (সাহিত্যদর্পণ—১০।৭০)। এখানে দুইটি বাক্যার্থের বাধিত সম্বন্ধ 'আমার বুদ্ধির দ্বারা সূর্য্যবংশের বর্ণন, ভেলাদ্বারা সাগরতরণের সদৃশ'—এইরূপ সাদৃশ্য অর্থে পরিণত হইতেছে। এখানে উপমানের ধর্ম উপমেয়ে বাধিত হইয়াছে। এস্থলে বিষমালঙ্কার হইতে পারে না। "ননু 'ক্বচিদ্যদতিবৈষম্যান্ন শ্লেষো ঘটনামিয়া'দিতি উক্তলক্ষণোবিষমালঙ্কার ভেদোঽপি কিং ন স্যাৎ। উচ্যতে। অত্রাতিবৈষম্যাৎ শ্লেষাঘটনস্যাক্ষেপা-পর্য্যবসায়িত্বং ন শোভাহেতুত্বং তন্নিবন্ধনা চালঙ্কারব্যবস্থা।" (অরুণগিরিঃ)।

আমি মূঢ় হইয়া কবিযশ প্রার্থনা করিয়া নিশ্চয় উপহাসাস্পদ হইব।

৩ মন্দঃ কবিযশঃপ্রার্থী গমিষ্যাম্যুপহা[1]স্যতাম্।
প্রাংশু[2]লভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ ॥৩॥

অন্বয়—মন্দঃ (মূঢ়) কবিযশঃপ্রার্থী (কবিকুলের যশ প্রার্থনা করিয়া) (অহং)

1. 'অপহাস্যতাম্'—ইতি পাঠান্তরম্। 2. 'প্রাংশুলভ্যো' ইতি পাঠান্তরম্।

প্রাংশুলভ্যে (দীর্ঘকায়পুরুষ-লভ্য) ফলে (ফললাভের) লোভাৎ (লোভে) **উদ্বাহুঃ** (উন্নতবাহু) বামন ইব (খর্বকায় পুরুষের ন্যায়) উপহাস্যতাং গমিষ্যামি (উপহাসাস্পদ হইব)।

বাঙ্গালা—আমি মূঢ় হইয়া কবিকুলের যশ প্রার্থনা করিয়া দীর্ঘকায়-পুরুষ-লভ্য ফললাভের লোভে উন্নতবাহু খর্বকায় পুরুষের ন্যায় উপহাসাস্পদ হইব।

Eng.—Stupid but seeking the fame of a poet, I would make myself the butt of ridicule, just like a dwarf greedily sketching up his hands for a fruit attainable (only) by tall persons.

ব্যাখ্যা—আমি মূঢ়মতি এবং অল্পবাক্ হইয়াও কবিজনোচিত যশ প্রার্থনা করিতেছি। মানুষের শক্তি সীমাবদ্ধ হইলেও তাহার আকাঙ্ক্ষা অসীম—তাই ক্ষুদ্র মানব বৃহত্তর আকাঙ্ক্ষার বশবর্ত্তী হইয়া প্রায়ই হাস্যাস্পদ হয়। বৃক্ষের উচ্চশাখাস্থিত ফল দীর্ঘকায় পুরুষেরই হস্তগামী হইয়া থাকে; কিন্তু ঐ ফলের প্রতি লোভবশতঃ খর্বকায় পুরুষ যদি হস্ত প্রসারিত করে—তাহা হইলে লোকে তাহাকে উপহাস করে। ব্যাস, বাল্মীকি, প্রভৃতি কবিগণ যে যশের অধিকারী হইয়াছেন আমিও সেই যশের অভিলাষী হইয়া নিশ্চয় উপহাসাস্পদ হইব।

মল্লিনাথ—মন্দ ইতি। কিঞ্চ মন্দো মূঢ়ঃ। "মূঢ়াল্পাপটুনির্ভাগ্যা মন্দাঃ স্যুঃ" ইত্যমরঃ॥ তথাপি কবিযশঃপ্রার্থী, কবীনাং যশঃ কাব্যনির্মাণেন জাতং যদ্ যশঃ তৎ-প্রার্থনাশীলঃ অহং প্রাংশুনা উন্নতপুরুষেণ লভ্যে প্রাপ্যে ফলে ফলবিষয়ে লোভাৎ ফলবিষয়াৎ লোভাদিত্যর্থঃ। উদ্বাহুঃ উৎউন্নমিতো বাহুর্যেন সঃ, ফলগ্রহণায় উচ্ছ্রিতহস্তো বামনঃ খর্ব ইব। "খর্বো হ্রস্বশ্চ বামনঃ" ইত্যমরঃ। উপহাস্যতাম্ উপহাসবিষয়তাম্। "ঋহলোর্ণ্যৎ" ইতি ণ্যৎ-প্রত্যয়ঃ, উপহসতেঃ সকর্মকত্বাদ্ উপহস্যতে যঃ তস্য ভাবঃ তাং গমিষ্যামি প্রাপ্স্যামি।

সারাংশ—উন্নতপুরুষলভ্যং ফলং লব্ধুং উন্নমিতবাহুর্বামনো যথা উপহাসাস্পদং ভবতি তথৈব মহাকবিযশঃপ্রার্থী অহমপি ভবামি।

টীকান্তর—"মন্দঃ অল্পবাগিত্যর্থঃ। যথা কুটিলবুদ্ধিঃ কুটিল ইত্যুচ্যতে তথেত্যবসেয়ম্। মূঢ়পর্য্যায়ত্বে তু তৎ-প্রতিযোগিত্বেন কবিযশঃপ্রার্থীতি বচনমনুপপন্নং স্যাৎ। 'অল্পবিষয়া মতি' রিত্যনেন পৌনরুক্ত্যং চ। কবেঃ প্রবাচো যশঃ প্রার্থয়িতুং শীলমস্যেতি তথা। অল্পবাক্ত্বেঽপি মহাকাব্যকারিণাং মহাকবীনাং যশসঃ প্রার্থনাদহং মহাজনোপরিহাস্যো ভবিষ্যামীত্যর্থঃ" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। মন্দঃ—'অহম্' এই উহ্য পদের বিশেষণ। মল্লিনাথ 'মূঢ়' এই অর্থ করিয়াছেন। টীকাকার নারায়ণ বলেন যে 'মন্দ' শব্দের 'অল্পবাক্' এই অর্থ গ্রহণ করাই ভাল। কারণ মূঢ় ব্যক্তি কিরূপে কবিযশঃপ্রার্থী হইতে পারে? এতদ্ব্যতীত পূর্বশ্লোকে 'অল্পবিষয়া মতিঃ'—ইহা দ্বারা মূঢ়ত্বের উল্লেখ করা হইয়াছে। এস্থলে তাহা হইলে পুনরুক্তি দোষ আসিয়া পড়ে। টীকান্তর দ্রষ্টব্য।

২। কবিযশঃপ্রার্থী—'অহম্' এই উহ্য পদের বিশেষণ। কবীনাং যশঃ (ষষ্ঠীতৎ)—কবিযশঃ। কবিযশঃ প্রার্থয়িতুং শীলমস্য ইতি কবিযশঃ—প্র+অর্থ (চুরাদি—আ)+ণিনি, তাচ্ছীল্যে। অথবা, প্রকৃষ্টঃ অর্থঃ প্রার্থঃ। কবিযশঃ এব প্রার্থঃ অসন্নিহিতোঽস্য ইতি ময়ূরব্যংসকাদিসমাসে কবিযশঃপ্রার্থ+ইন—"পুষ্করাদিভ্যো দেশে", "অর্থাচ্চাসন্নিহিতে", "তদন্তাচ্চ"। মল্লিনাথ রঘু ৫।১ এ "গুরুদক্ষিণার্থী" শব্দের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন।

৩। উপহাস্যতাম্—'গমিষ্যামি' ক্রিয়ার কর্ম। উপহাস+ণ্যৎ=উপহাস্যম্; তস্য ভাবঃ ইতি উপহাস্য+তল্+স্ত্রিয়াং টাপ্=উপহাস্যতা, তাম্।

৪। প্রাংশুলভ্যে—'ফলে' পদের বিশেষণ। উন্নতপুরুষলভ্য। প্রাংশুনা লভ্যং (তৃতীয়া তৎ) তস্মিন্। প্রকৃষ্টা অংশবোঽস্য ইতি প্রাংশুঃ। লভ্+যৎ =লভ্যম্।

৫। ফলে—বিষয়াধিকরণে সপ্তমী। ফলবিষয়ে।

৬। লোভাৎ—হেতৌ পঞ্চমী। লুভ্+ঘঞ্=লোভঃ, তস্মাৎ। লোভহেতু।

৭। উদ্বাহুঃ—'বামনঃ' পদের বিশেষণ। উৎ উত্তোলিতঃ বাহুর্যেন সঃ (বহুব্রীহি)। উত্তোলিত বাহু।

৮। বামনঃ—'অহম্' এই উহ্য উপমেয়ের উপমান। খর্বকায় পুরুষ।

বাচ্যপরিবর্তন—মন্দেন কবিযশঃ প্রার্থিনা উপহাস্যতা গমিষ্যতে, উদ্বাহুনা বামনেনৈব

মন্তব্য—এই শ্লোকে উপমা অলঙ্কার। মন্দঃ (উপমেয়), বামনঃ (উপমান); কবিযশঃ (উপমেয়), প্রাংশুলভ্যং ফলম্ (উপমান)।

আমি পূর্বপণ্ডিতগণের নির্মিত বাক্যরূপ দ্বার-পথে এই বংশে প্রবেশ করিব।

৪, অথবা কৃতবাগ্‌দ্বারে বংশেঽস্মিন্ পূর্বসূরিভিঃ।
মণৌ বজ্র-সমুৎকীর্ণে সূত্রস্যেবাস্তি মে গতিঃ ॥৪॥

অন্বয়—অথবা (অথবা) পূর্বসূরিভিঃ (প্রাচীন পণ্ডিতগণের) কৃতবাগ্‌দ্বারে (নির্মিত বাক্যরূপ দ্বারের সাহায্যে) অস্মিন্ (এই) বংশে (বংশে) বজ্রসমুৎকীর্ণে (বজ্রবিদ্ধ) মণৌ (রত্নমধ্যে) সূত্রস্য ইব (সূত্রের ন্যায়) মে (আমার) গতিঃ (প্রবেশ) অস্তি (হইবে)।

বাঙ্গালা—অথবা সূত্র যেমন বজ্রবিদ্ধ রত্নের মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ পূর্বপণ্ডিতগণের নির্মিত বাক্যরূপ দ্বার দিয়া এই বংশে প্রবেশ করিব।

Eng.—Or perhaps in this royal dynasty where a door for description has been prepared by ancient poets, there is also a way for me to enter; just as there is a passage for the thread in the precious stone (previously) bored through by means of a diamond pin.

ব্যাখ্যা—অথবা আমার নিরাশ হইবার কোন কারণ নাই। বাল্মীকি, চ্যবন, প্রভৃতি প্রাচীন পণ্ডিতগণ এই সূর্য্যবংশের বর্ণনা করিয়াছেন। সুতরাং তাঁহাদের নির্মিত বাক্যরূপ দ্বার দিয়া আমি এই বংশে প্রবেশ করিব। সূত্র নিজে দুর্বল—তাহার রত্নমধ্যে প্রবেশ করিবার কোনই ক্ষমতা নাই। কিন্তু মণিবেধক বজ্রদ্বারা যখন সেই রত্নে একটি ছিদ্র নির্মিত হয়, তখন সূত্রটি অনায়াসেই তাহার মধ্যে প্রবেশ লাভ করে। সেইরূপ আমারও কাব্যরচনার পথ পূর্ব হইতেই নির্মিত রহিয়াছে।

মল্লিনাথ—মন্দশ্চেত্তর্হি ত্যজ্যতাময়মুদ্যোগ ইত্যত আহ—অথবেতি। অথবা পক্ষান্তরে পূর্বৈঃ সূরিভিঃ কবিভির্বাল্মীক্যাদিভিঃ কৃতবাগ্‌দ্বারে কৃতং রামায়ণাদি-প্রবন্ধরূপা যা বাক্ সৈব দ্বারং প্রবেশো যস্য তস্মিন্ অস্মিন্ সূর্য্যপ্রভবে বংশে কুলে। জন্মনৈকলক্ষণঃ সন্তানো বংশঃ। বজ্রেণ মণির্বেধকসূচীবিশেষেণ, "বজ্রং ত্বস্ত্রী কুলিশশস্ত্রয়োঃ মণিবেধে রত্নভেদে" ইতি কেশবঃ। সমুৎকীর্ণে বিদ্ধে মণৌ রত্নে সূত্রস্যেব মে মম গতিঃ সঞ্চারোঽস্তি বর্ণনীয়ে রঘুবংশে মম বাক্প্রসরোঽস্তীত্যর্থঃ।

মল্লিটীকা—১। "মন্দশ্চেৎ… …আহ"—যদি মূঢ়ই হও তাহা হইলে এই
াব্যরচনার উদ্যোগ ত্যাগ কর—ইহার উত্তরে বলিতেছেন।

সারাংশ—যথা স্বভাবকঠিনে রত্নে মণির্বেধবিদ্ধে সতি সূত্রং নির্বাধং
।বিশতি তথা অহমপি পূর্বকবিকৃতকাব্যদ্বারেণ বর্ণনীয়ে রঘুবংশে প্রবেক্ষ্যামি।

টীকান্তর—"….পূর্বৈর্ব্যাসবাল্মীকিপ্রভৃতিভির্বিপশ্চিদ্ভিঃ কৃতং বিষ্ণুপুরাণ-
মায়ণাদিপ্রবন্ধরূপা বাগেব দ্বারং প্রবেশোপায়ো যত্র" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। অথবা—পক্ষান্তরে।

২। কৃতবাগ্দ্বারে—'বংশে' পদের বিশেষণ। বাক্ এব দ্বারং (রূপক-
র্মধা); কৃতং বাগ্ দ্বারং যস্য (বহুব্রীহি) তস্মিন্। যাহার বাক্যরূপ দ্বার নির্মিত
ইয়াছে।

৩। বংশে—বিষয়াধিকরণে সপ্তমী। পুত্রপৌত্রাদির জন্মদ্বারা যাহার বৃদ্ধি
য় তাহাই বংশ। মল্লিনাথ দেখ।

৪। পূর্বসূরিভিঃ—কর্তরি তৃতীয়া। পূর্বে সূরয়ঃ (কর্মধারয়) তৈঃ।
র্বসূরিভিঃ কৃত বাগ্দ্বারে—"সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ।" প্রাচীন কবি-
ণকর্তৃক। ব্যাস, বাল্মীকি, চ্যবন—ইঁহারা সূর্য্যবংশের ইতিহাস লিখিয়াছেন।
Among others who, wrote the history of the solar race is
ound the name of the sage চ্যবন, who after the composition
f the Rāmayāna, is said to have written a poem describing
he dynasty of the solar kings" (Nandargikar—Notes)
ompare—"বাল্মীকিরাদৌ চ সসর্জ পদ্যং জগ্রন্থ যন্ন চ্যবনো মহর্ষিঃ। চিকিৎ-
িতং যচ্চ চকার নাত্রিঃ পশ্চাত্তদাত্রেয় ঋষির্জগাদ॥"—বুদ্ধচরিত ১।৪৩
Ed. E. H. Johnston).

৫। মণৌ—'বংশে'—এই উপমেয়ের উপমান বিষয়াধিকরণে সপ্তমী। রত্নে।

৬। বজ্রসমুৎকীর্ণে—'মণৌ' পদের বিশেষণ, বজ্রেণ সমুৎকীর্ণঃ (তৃতীয়াতৎ)
স্মিন্। মণিবেধক সূচিদ্বারা কৃত ছিদ্রে। যে যন্ত্রদ্বারা রত্নাদি বিদ্ধ করা হইত
াহার অগ্রভাগে হীরক (বজ্র) থাকিত। সম্—উৎ+কৄ+ক্ত।

৭। সূত্রস্য-ইব—সূত্রের ন্যায়। 'মে' এই উপমেয়ের উপমান। অলঙ্কার
স্ত্রের নিয়মানুসারে উপমান ও উপমেয়ের সমান লিঙ্গ ও বচন হওয়া উচিত।

কিন্তু এস্থলে 'মে' (অর্থাৎ উপমেয়) পুংলিঙ্গ এবং 'সূত্রস্য' (অর্থাৎ উপমান ক্লীবলিঙ্গ। টীকাকার চারিত্রবর্দ্ধন বলেন ইহা দুষ্ট নহে। "অত্র ভিন্নলিঙ্গেনোপম ন দুষ্টম্।" "ইষ্টং পুংনপুংসকয়োঃ প্রায়েণ" (কা. সূ. ৪।২।১৩) ইতি বামনোক্তেঃ

৮। গতিঃ—'অস্তি' ক্রিয়ার কর্ত্তা। গম্+ক্তিন্। প্রবেশ।

বাচ্যপরিবর্ত্তন—……গত্যা ভূয়তে।

মন্তব্য—উপমা অলঙ্কার।

উপমেয়	উপমান
বংশ	মণি
পূর্বসূরি	বজ্র
কবি (কালিদাস)	সূত্র

রঘুবংশীয় রাজগণের গুণমুগ্ধ আমি অল্পমাত্র বাক্‌সম্পত্তি লইয়া তাঁহাদিগের বংশ বর্ণনা করি

सोऽहमाजन्मशुद्धानामाफलोदयकर्मणाम् ।
आसमुद्रक्षितीशानामानाकरथवर्त्मनाम् ॥५॥
यथाविधिहुताग्नीनां यथाकामार्चितार्थिनाम् ।
यथापराधदण्डानां यथाकालप्रबोधिनाम् ॥६॥
त्यागाय सम्भृतार्थानां सत्याय मितभाषिणाम् ।
यशसे विजिगीषूणां प्रजायै गृहमेधिनाम् ॥७॥
शैशवेऽभ्यस्तविद्यानां यौवने विषयैषिणाम् ।
वार्द्धके मुनिवृत्तीनां योगेनान्ते तनुत्यजाम् ॥८॥
रघूणामन्वयं वक्ष्ये तनुवाग्विभवोऽपि सन् ।
तद्गुणैः कर्णमागत्य चापलाय[1] प्रणोदितः ॥९॥

অন্বয়—সোঽহম্ (সেই আমি—অর্থাৎ কবি কালিদাস) তনুবাগ্বিভবোঽ সন্ (অল্পমাত্র বাক্-সম্পত্তি হইয়া) তদ্গুণৈঃ (তাঁহাদিগের গুণরাশি) ক মাগত্য (কর্ণগোচর হইয়া) চাপলায় (চপলজনের কর্মে) প্রণোদিতঃ (প্র

---

1 'প্রতারিতঃ' ইতি পাঠান্তরম্।

রিতেছে) (সন্) আজন্মশুদ্ধানাম্ (যাঁহারা জন্মাবধি পবিত্র), আফলোদয়-র্মণাম্ (যাঁহারা ফলোদয় পর্য্যন্ত কর্মানুষ্ঠানে রত থাকিতেন), াসমুদ্রক্ষিতীশানাম্ (যাঁহারা সমুদ্র পর্য্যন্ত পৃথিবীর অধীশ্বর ছিলেন), আনাকরথ-র্ত্মনাম্ (যাঁহাদের রথের পথ স্বর্গ পর্য্যন্ত ছিল), যথাবিধিহুতাগ্নীনাম্ (যাঁহারা থাবিধি অগ্নিতে আহুতি প্রদান করিতেন), যথাকামার্চিতার্থিনাম্ (যাঁহারা গমনানুসারে যাচকগণকে অর্চনা করিতেন), যথাপরাধদণ্ডানাম্ (যাঁহারা অপরাধ-নুসারে দণ্ড বিধান করিতেন); যথাকালপ্রবোধিনাম্ (যাঁহারা যথাকালে র্মানুষ্ঠানে জাগরূক থাকিতেন), ত্যাগায় সম্ভৃতার্থানাম্ (যাঁহারা বিতরণের নিমিত্ত অর্থসঞ্চয় করিতেন), সত্যায় মিতভাষিণাম্ (যাঁহারা সত্যের নিমিত্ত মিতভাষী াকিতেন), যশসে বিজিগীষূণাম্ (যাঁহারা যশোলাভের জন্য জয়লাভের ইচ্ছা করিতেন), প্রজায়ৈ গৃহমেধিনাম্ (যাঁহারা অপত্যের নিমিত্ত দারপরিগ্রহ করিতেন), শৈশবে অভ্যস্তবিদ্যানাম্ (যাঁহারা শৈশবে বিদ্যাভ্যাস করিতেন), যৌবনে বিষয়ৈষিণাম্ (যাঁহারা যৌবনে বিষয়াভিলাষ করিতেন), বার্দ্ধকে মুনিবৃত্তীনাম্ (যাঁহারা বার্দ্ধক্যে মুনিবৃত্তি অবলম্বন করিতেন), অন্তে যোগেন তনুত্যজাম্ (যাঁহারা অন্তিমকালে যোগদ্বারা তনুত্যাগ করিতেন), রঘূণাম্ (সেই রঘুবংশীয় রাজগণের) অন্বয়ং (বংশ) বক্ষ্যে (কীর্ত্তন করিব) ।

বাঙ্গালা—যাঁহারা জন্মাবধি পবিত্র ছিলেন, যাঁহারা ফলোদয় পর্য্যন্ত কর্মানুষ্ঠানে রত থাকিতেন, যাঁহারা সমুদ্র পর্য্যন্ত পৃথিবীর অধিশ্বর ছিলেন, যাঁহাদের রথের পথ স্বর্গ পর্য্যন্ত ছিল ; (৫) যাঁহারা যথাবিধি অগ্নিতে আহুতি প্রদান করিতেন, যাঁহারা কামনানুসারে যাচকগণকে অর্চনা করিতেন, যাঁহারা অপরাধ-অনুসারে দণ্ডবিধান করিতেন এবং যথাকালে কর্মানুষ্ঠানে জাগরূক থাকিতেন ; (৬) যাঁহারা বিতরণের নিমিত্ত অর্থসঞ্চয় করিতেন, সত্যের নিমিত্ত মিতভাষী থাকিতেন, যশোলাভের জন্য জয়লাভের ইচ্ছা করিতেন, এবং অপত্যের নিমিত্ত দারপরিগ্রহ করিতেন ; (৭) যাঁহারা শৈশবে বিদ্যাভ্যাস, যৌবনে বিষয়াভিলাষ এবং বার্দ্ধক্যে মুনিবৃত্তি অবলম্বন করিয়া অন্তিমকালে যোগদ্বারা তনুত্যাগ করিতেন ; (৮) অল্পমাত্র বাক্‌সম্পত্তি লইয়া আমি সেই রঘুবংশীয় রাজগণের বংশ কীর্ত্তন করিব। তাঁহাদের গুণরাশি কর্ণগোচর হইয়াই আমাকে এইরূপ চপলজনের কর্মে প্রবৃত্ত করিতেছে। (৯)

Eng.—I, who am such, will yet describe the line of the Raghus, though my powers of expression are but scanty,

being driven to this inconsiderate undertaking by thei virtues coming to my ear—the Raghus who were pure fror their very birth, who carried on their undertakings till the were crowned with success, who ruled over the earth bounde by the sea ; the track of whose chariots reached up to the gate of the Heaven ; who offered oblations to the fire according t the rule ; who honoured the prayers of supplicants by gift according to their desires ; whose punishments wer proportionate to the crimes (of the offenders) ; who were rouse into action at the proper time ; who amassed wealth only fc the acts of charity ; who spoke sparingly in order to be truthful who wished to extend their conquest only for fame and entere upon a married life only for issue ; who devoted themselves t the acquisition of knowledge in their boyhood ; who sough worldly pleasures in their youth ; who led an ascetic life i their declining years and who finally gave up their corporea bodies by fixing their minds in meditation upon the Suprem Soul.

মল্লিনাথ—এবং রঘুবংশে লব্ধপ্রবেশঃ তদ্বর্ণনাং প্রতিজানানঃ সোঽহমিত্যাদিভিঃ পঞ্চভিঃ শ্লোকৈঃ কুলকেনাহ— সোঽহমিতি। সোঽহং রঘূণাম্ অন্বয়ং বক্ষ্যে ইত্যুত্তরেণ সম্বন্ধঃ, কিংবিধানাং রঘূণামিত্যত্রোত্তরাণি বিশেষণানি যোজ্যানি। আ জন্মনঃ জন্ম আরভ্যেত্যর্থঃ। "আঙ্ মর্য্যাদাভিবিধ্যোরিত্যব্যয়ীভাবঃ। তত আজন্ম ইতি পদস্য শুদ্ধানাম্ ইত্যনেন 'সুপ্ সুপেতি সমাসঃ। এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যম্। আজন্মশুদ্ধানাং নিষেকাদিসর্বসংস্কারসম্পন্নানামিত্যর্থঃ। আফলোদয়ম্ আ ফলসিদ্ধেঃ কর্ম যেষাং তে তথোক্তাঃ তেষাং প্রারব্ধান্তগামিনামিত্যর্থঃ। আসমুদ্রং ক্ষিতেরীশানাং সার্বভৌমানামিত্যর্থঃ আনাকং স্বর্গপর্য্যন্তং রথবর্ত্ম যেষাং তে তেষামিন্দ্রসহচারিণামিত্যর্থঃ। অত্র সর্বত্র আঙোঽভিবিধ্যর্থকত্বং দ্রষ্টব্যম্ মর্য্যাদার্থকত্বে জন্মাদিষু শুদ্ধ্যভাবপ্রসঙ্গাৎ। "দ্বাভ্যাং যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈঃ বিশেষকম্। কলাপকং চতুর্ভিঃ স্যাৎ তদূর্দ্ধ্বং কুলকং স্মৃতম্॥" ইতি কুলকাদিলক্ষণম্। (৫)

যথেত্যাদি। বিধিমনতিক্রম্য যথাবিধি "যথাঽসাদৃশ্যে" ইত্যব্যয়ীভাবঃ, তথা হুতশব্দেন "সুপ্‌ সুপে"তি সমাসঃ; এবং যথাকামার্চিতেত্যাদীনামপি দ্রষ্টব্যম্। যথাবিধি হুতা অগ্নয়ো যৈস্তেষাম্। যথাকামম্ অভিলাষমনতিক্রম্য অর্চিতাঃ সৎকৃতাঃ অর্থিনো যাচকা যৈস্তেষাম্ যথাপরাধম্ অপরাধমনতিক্রম্য দণ্ডো যেষাং তে তেষাম্। যথাকালং কালমনতিক্রম্য প্রবোধিনাম্ প্রবোধনশীলানাম্। চতুর্ভির্বিশেষণৈর্দেবতাযজনাতিথিসৎকার-দণ্ডধরত্ব-প্রজাপালন-সময় -জাগরূকত্বাদীনি বিবক্ষিতানি। (৬)

ত্যাগায়েতি। ত্যাগায় সৎপাত্রে বিনিয়োগস্ত্যাগো দানমিত্যর্থঃ। "ত্যাগো বিহাপনম্ দানম্" ইত্যমরঃ। তস্মৈ সম্ভৃতার্থানাং সম্ভৃতঃ সঞ্চিতোঽর্থো ধনং যৈস্তেষাম্, ন তু দুর্ব্যাপারায়। সত্যায় সত্যকথনায়, মিতং পরিমিতং ভাষন্তে যে তেষাং মিতভাষণশীলানাং, ন তু পরাভবায়। যশসে কীর্ত্তয়ে, "যশঃ কীর্ত্তিঃ সমজ্ঞা চ" ইত্যমরঃ। বিজিগীষূণাং বিজেতুমিচ্ছুনাং ন তু অর্থসংগ্রহায়। প্রজায়ৈ সন্তানায় গৃহমেধিনাং দারপরিগ্রহশীলানাং নতু কামোপভোগায়। অত্র ত্যাগায়েত্যাদিষু সর্বত্র 'চতুর্থী তাদর্থে' ত্যাদিনা সমাসবিধানজ্ঞাপকাৎ চতুর্থী। গৃহৈর্দারৈর্মেধন্তে সঙ্গচ্ছন্তে ইতি গৃহমেধিনঃ। "দারেষ্বপি গৃহা" ইত্যমরঃ। "জায়া চ গৃহিণী গৃহম্" ইতি হলায়ুধঃ। মেধৃ সঙ্গমে ইতি ধাতোর্ণিনিঃ। এভির্বিশেষণৈঃ পরোপকারিত্বং সত্যবচনত্বং যশঃপরত্বং দারসংগ্রহদ্বারা পুত্রোৎপাদনেন পিতৃণাম্ ঋণমুক্তত্বঞ্চ বিবক্ষিতানি। (৭)

শৈশব ইতি। শিশোর্ভাবঃ শৈশবং বাল্যম্; "প্রাণভৃজ্জাতিবয়োবচনোদ্গাত্র"—ইত্যাদিনা অঞ্ প্রত্যয়। "শিশুত্বং শৈশবং বাল্যম্" ইত্যমরঃ। তস্মিন্ বয়সি অভ্যস্তবিদ্যানাম্ অভ্যস্তঃ শিক্ষিতা বিদ্যা যৈঃ তেষাম্, এতেন ব্রহ্মচর্য্যাশ্রমো বিবক্ষিতঃ। যূনো ভাবঃ যৌবনং তারুণ্যম্। যুবাদিত্বাদণ্। "তারুণ্যং যৌবনং সমম্" ইত্যমরঃ। তস্মিন্ বয়সি বিষয়ৈষিণাম্, বিষয়ান্ ইচ্ছন্তি যে তেষাং ভোগাভিলাষিণাম্, এতেন গৃহস্থাশ্রমো বিবক্ষিতঃ। বৃদ্ধস্য ভাবো বার্দ্ধকং বৃদ্ধত্বম্—"দ্বন্দ্বমনোজ্ঞাদিভ্যশ্চ" ইতি বুঞ্। "বার্দ্ধকং বৃদ্ধসঙ্ঘাতে বৃদ্ধত্বে বৃদ্ধকর্মণীতি" বিশ্বঃ। তস্মিন্ বার্দ্ধকে বয়সি মুনীনাং বৃত্তিরিব বৃত্তির্যেষাং তেষাম্, এতেন বাণপ্রস্থাশ্রমো বিবক্ষিতঃ। অন্তে শরীরত্যাগকালে যোগেন পরমাত্মাধ্যানেন ন তু রোগাদ্যভিভবেন। "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ। তনুং দেহং ত্যজন্তীতি তনুত্যজাম্ দেহত্যাগিনাম্। "কায়ো দেহঃ ক্লীবপুংসোঃ স্ত্রিয়াং মূর্ত্তিস্তনুস্তনূঃ" ইত্যমরঃ। "অন্যেভ্যোঽপি দৃশ্যতে" ইতি ক্বিপ্। এতেন ভিক্ষ্বাশ্রমো বিবক্ষিতঃ, তেন মোক্ষলাভঃ সূচ্যতে। (৮)

রঘূণামিতি। সোঽহং লব্ধপ্রবেশঃ তনুবাগ্বিভবোঽপি স্বল্পবাণীপ্রসরোঽপি সন্ তেষাং রঘূণাং গুণৈস্তদ্গুণৈঃ আজন্মশুদ্ধত্বাদিভিঃ কর্ত্তৃভিঃ কর্ণং মম শ্রোত্রমাগত্য চাপলায় চপলকর্ম অবিমৃশ্যকরণরূপং কর্ত্তুম্। যুবাদিত্বাৎ কর্মণ্যণ্ 'ক্রিয়ার্থোপপদস্তে' ত্যাদিনা চতুর্থী। প্রণোদিতঃ প্রেরিতঃ সন্ রঘূণাম্ অন্বয়ং তদ্বিষয়প্রবন্ধং বক্ষ্যে। (৯)

মল্লিটীকা—"দ্বাভ্যান্তু যুগ্মকম্……ইতি কুলকাদিলক্ষণম্"—দুইটি শ্লোক মিলিত হইয়া যে স্থলে সমাপিকাক্রিয়ার অন্বয় সাধন করে, তাহাকে 'যুগ্মক' বলে; তিনটি শ্লোক মিলিত হইয়া সমাপিকাক্রিয়ার অন্বয় সাধন করিলে 'বিশেষক' বলে; চারিটি শ্লোকে 'কলাপক' এবং তদূর্দ্ধসংখ্যক শ্লোকে 'কুলক' হইয়া থাকে।—এস্থলে পাঁচটি শ্লোক সমাপিকাক্রিয়ার অন্বয় সাধন করিয়াছে বলিয়া 'কুলক' হইয়াছে। *Cf.* "দ্বাভ্যান্তু যুগ্মকং সন্দানিতকং ত্রিভিরিষ্যতে। কলাপকং চতুর্ভিশ্চ পঞ্চভিঃ কুলকং মতম্॥" (সাহিত্যদর্পণে ৬।২৮৮)।

সারাংশ—যদ্যপি সূর্য্যবংশবর্ণনে নাস্তি মে বিশিষ্টং সামর্থ্যং, তথাপি সূর্য্যবংশোদ্ভবানাং রাজ্ঞাং লোকোত্তরাং গুণপরম্পরামাকর্ণ্য এব তদ্বর্ণনে প্রবৃত্তোঽস্মি।

টীকান্তর—"….অত্র পঞ্চদশপদ্যা যথাযোগং ত্রিবর্গাধিকারিত্বমুক্তম্। অন্তিমপাদেন চ মোক্ষাধিকারিত্বম্। নমু যোগেনেত্যাদিনা সংন্যাসাশ্রমঃ কিং নেষ্যতে। উচ্যতে। ব্রাহ্মণস্যৈব তত্রাধিকারঃ। যথাহ দত্তাত্রেয়ঃ—"মুখজানাময়ং ধর্মো যদ্বিষ্ণোর্লিঙ্গধারণম্। বাহুজাতোরুজাতানাময়ং ধর্মো ন বিদ্যতে॥" ইতি। কবিরপি "তমরণ্যসমাশ্রয়োন্মুখ" মিত্যুক্ত্বা "স কিলাশ্রমমন্ত্যমাশ্রিত" ইত্যনুবদিষ্যতি।…অন্বয়ং তদ্বিষয়ং প্রবন্ধমিত্যর্থঃ। তস্যৈবোত্তরশ্লোকে শ্রবণপরীক্ষাপ্রার্থনাবিষয়ত্বোপপত্তেঃ। ন চ তত্র তমিতি পাদেনাস্মদেব পরামৃশ্যতে ইতি শক্যং বক্তুম্। পুংলিঙ্গান্তরস্য অপ্রকৃতত্বাৎ। তথাচ মহাকবিঃ 'রঘুবরচরিতং মুনিপ্রণীতং দশশিরসশ্চ বধং নিশাময়ধ্বম্" ইতি।"—(অরুণগিরিনাথঃ)

টিপ্পনী—১। সোঽহম্—বক্ষ্যে ক্রিয়ার কর্ত্তা। সঃ+অহম্ ('সত্যেব' ইত্যবধারণং তু "স্যশ্ছন্দসি বহুলম্" ইতি পূর্বসূত্রাৎ বহুলগ্রহণানুবৃত্ত্যা লভ্যতে; তেনেহ ন "সোঽহমাজন্মশুদ্ধানাম্—(ভট্টোজি):—"সোঽচি লোপে চেৎপাদপূরণম্" (সূ ৬।১।১০৪)। সেই আমি—অর্থাৎ যে আমি (কালিদাস) সূর্য্যবংশে প্রবেশ লাভ করিয়াছি। এস্থলে প্রক্রান্তার্থক তৎ-শব্দ যৎ-শব্দের অপেক্ষা না রাখিয়া ব্যবহৃত হইয়াছে। "প্রক্রান্তপ্রসিদ্ধানুভূতার্থস্তচ্ছব্দো-হৃপাদানং নাপেক্ষতে"—(কাব্যপ্রকাশ)।

২। আজন্মশুদ্ধানাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। আ জন্মনঃ (অব্যয়ীভাব) "আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ"—জন্ম অভিব্যাপ্য ইত্যর্থঃ। এখানে 'আঙ্' এই অব্যয়ের অর্থ 'অভিবিধি' (তেন সহ), 'মর্য্যাদা' (তেন বিনা) নহে। অন্য তিনটি পদেও এইরূপ হইবে। আজন্ম শুদ্ধাঃ (সুপ্ সুপা) তেষাম্। যাঁহারা জন্ম হইতে পবিত্র। অর্থাৎ নিষেকাদিসংস্কারসম্পন্ন।—"শুদ্ধির্নাম গর্ভধানকালাদারভ্য হোমাদিভিঃ বীজাদিদোষপরিমার্জনম্। অত্র মনুঃ—"গার্ভৈর্হোমৈর্জাতকর্ম-চৌল-মৌঞ্জীনিবন্ধনৈঃ। বৈজিকং গার্ভিকং চৈনো দ্বিজানামপমৃজ্যতে॥ ইতি।" (অরুণগিরি)।

৩। আফলোদয়কর্ম্মণাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। ফলস্য উদয়ঃ (ষষ্ঠীতৎ), ফলোদয়মভিব্যাপ্য আফলোদয়ম্ (অব্যয়ীভাব), আফলোদয়ং কর্ম্ম যেষাং (সুপ্ সুপা) তেষাম্। ফলপ্রাপ্তি না হওয়া পর্য্যন্ত যাঁহারা কর্ম্ম করিতেন। ইহার দ্বারা স্থৈর্য্য দর্শিত হইতেছে। উৎ—ই+অচ্=উদয়ঃ।

৪। আসমুদ্রক্ষিতীশানাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। আ সমুদ্রাৎ (অবয়ীভাব)=আসমুদ্রম্, সমুদ্রমভিব্যাপ্যেত্যর্থঃ। ক্ষিতেঃ ঈশাঃ (ষষ্ঠীতৎ)= ক্ষিতীশাঃ। আসমুদ্রং ক্ষিতীশাঃ (সুপ্ সুপা)। যাঁহারা সসাগরা পৃথিবীর অধীশ্বর ছিলেন। ইহার দ্বারা ঐশ্বর্য্য দর্শিত হইতেছে। সম্—উন্দ্+র=সমুদ্রঃ। ঈশ্+ক=ঈশঃ।

৫। আনাকরথবর্ত্মনাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। আ নাকাৎ, নাকমভিব্যাপ্য ইত্যর্থঃ (অব্যয়ীভাব)=আনাকম্। রথস্য বর্ত্ম (ষষ্ঠীতৎ); আনাকং রথবর্ত্ম যেষাং (সুপ্ সুপা)। কং=সুখম্। ন কং=অকম্ (দুঃখম্) (নঞ্-তৎ); অবিদ্যমানম্ অকং যস্মিন্ (বহু)=নাকঃ, বিকল্পে অবিদ্যমানাকঃ— "নঞোঽস্ত্যর্থানাং বহুব্রীহির্বা চোত্তরপদলোপঃ" (বা) "নভ্রাণ্ নপাৎ" ইতিপ্রকৃত্যা নঞ্; স্বর্গ পর্য্যন্ত যাঁহাদের রথের গতি অব্যাহত ছিল। ইহার দ্বারা পরাক্রম দর্শিত হইতেছে।

৬। যথাবিধিহুতাগ্নীনাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। বিধিমনতিক্রম্য ইতি যথাবিধি (অব্যয়ীভাব) "যথাঽসাদৃশ্যে"। যথাবিধি হুতাঃ (সুপ্ সুপা), যথাবিধিহুতা অগ্নয়ো যৈস্তেষাম্ (বহু)। যাঁহারা শাস্ত্রের বিধানানুসারে অগ্নিতে আহুতি প্রদান করিতেন। "যথাবিধি হুতমগ্নিষু যৈরিতি বা বৈয়ধিকরণ্যেঽপি গমকত্বাদ্বা সমাসঃ" (চারিত্রবর্দ্ধন)। সাগ্নিক দ্বিজ গৃহস্থগণ দক্ষিণ, গার্হপত্য

ও আহবনীয়—এই তিন অগ্নিকে সর্বদা প্রজ্জলিত রাখিয়া তাহাতে আহুতি প্রদান করিতেন—ইহা শাস্ত্রবিহিত ছিল। *Cf.* "অগ্নিহোত্রঞ্চ জুহুয়াদাদ্যন্তে দ্যুনিশোঃ সদা। দর্শেন চার্দ্ধমাসান্তে পৌর্ণমাসেন চৈব হি॥" (মনুসংহিতা—৪।২৫) "উত্থায় পশ্চিমে যামে কৃতশৌচঃ সমাহিতঃ। হুতাগ্নিব্রাহ্মণাংশ্চার্চ্য প্রবিশেৎ স শুভাং সভাম্॥" (মনু—৭।১৪৫)। এই পদের দ্বারা দেবতা-যজন দর্শিত হইতেছে

৭। যথাকামার্চিতার্থিনাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। কামম্ অভিলাষমনতিক্রম্য ইতি যথাকামম্ (অব্যয়ীভাব), যথাকামম্ অর্চিতাঃ অর্থিনঃ যৈস্তেষাম্ (বহু)। যাঁহারা যাচকগণের কামানুরূপ দানাদি সৎকার করিতেন। ইহার দ্বারা অতিথি-সৎকার দর্শিত হইতেছে। অচ্ + ক্ত = অর্চিতঃ। অর্থ + ইনি (অসন্নিহিতার্থে) = অর্থী।

৮। যথাপরাধদণ্ডানাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। অপরাধমনতিক্রম্য ইতি যথাপরাধম্ (অব্যয়ীভাব), যথাপরাধং দণ্ডো যেষাম্ (বহু)। যাঁহারা অপরাধঅনুসারে দণ্ডবিধান করিতেন—অর্থাৎ যাঁহারা গুরুদোষে লঘুদণ্ড এবং লঘুদোষে গুরুদণ্ড বিধান করিতেন না। "উদ্বেজয়তি তীক্ষ্ণেণ মৃদুনা পরিভূয়তে। দণ্ডেন নৃপতিস্তস্মাদ্যুক্তদণ্ডঃ প্রশস্যতে॥" (কামন্দক)।

৯। যথাকালপ্রবোধিনাম্—'রঘূনাম্' পদের বিশেষণ। কালমনতিক্রম্য ইতি যথাকালম্ (অব্যয়ীভাব)। প্রবোধ এষামস্তীতি প্রবোধ + ইনি—প্রবোধিনঃ যথাকালং প্রবোধিনঃ (সুপ্ সুপা) তেষাম্। যাঁহারা সময়ে (অর্থাৎ ব্রাহ্ম মুহূর্ত্তে) জাগরূক থাকিতেন। "যথাকালো ব্রাহ্মো মুহূর্ত্তঃ। তমনতিক্রম্য প্রবোধো নিদ্রারাহিত্যং যেষাং তে, তেষাং তথোক্তানাম্" (চারিত্রবর্দ্ধন) "উত্থায় পশ্চিমে যামে কৃতশৌচঃ" (মনু)।

১০। ত্যাগায়—তাদর্থ্যে চতুর্থী। "চতুর্থী তদর্থার্থবলিহিতসুখরক্ষিতৈঃ" ইতি সমাসবিধানজ্ঞাপকাৎ চতুর্থী। ত্যজ্ + ঘঞ্ = ত্যাগঃ। (সৎপাত্রে) দানের নিমিত্ত, বৃথা ব্যয়ের নিমিত্ত নহে।

"কোষেণাশ্রয়ণীয়ত্বমিতি তস্যার্থসংগ্রহঃ। অম্বুগর্ভোহি জীমূতশ্চাতকৈরভিনন্দ্যতে॥" (কামন্দক)।

১১। সম্ভৃতার্থানাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। সম্ভৃতঃ (সঞ্চিতঃ) অর্থঃ যৈঃ (বহুব্রীহি) তেষাম্। যাঁহারা অর্থ সঞ্চয় করিতেন। সম্—ভৃ + ক্ত। "আদানং হি বিসর্গায় সতাং বারিমুচামিব"। (রঘু ৪।৮৬)।

১২। সত্যায়—তাদর্থ্যে চতুর্থী। সত্যকথনের নিমিত্ত, পরাভবের নিমিত্ত হে।

১৩। মিতভাষিণাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। মিতঃ ভাষন্তে ইতি াতভাষিণঃ। যাঁহারা অল্পভাষী ছিলেন। কারণ বাচালতার মধ্যে মিথ্যা াসিয়া পড়ে। "মহীয়াংসঃ প্রকৃত্যা মিতভাষিণঃ" (শিশুপালবধ ২।১৩)।

১৪। যশসে—তাদর্থ্যে চতুর্থী। অশ্+অসুন্=যশঃ। কীর্ত্তি অর্জনের নমিত্ত—অর্থসংগ্রহের নিমিত্ত নহে। "অপি স্বদেহাৎ কিমুতেন্দ্রিয়ার্থাৎ যশো-নানাং হি যশো গরীয়ঃ" (রঘুবংশ ১৪)।

১৫। বিজিগীষূণাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। বিজেতুমিচ্ছব ইতি বি—জ+সন্+উ, তেষাম্; যাঁহারা জয়লাভের ইচ্ছা করিতেন।

১৬। প্রজায়ৈ—তাদর্থ্যে চতুর্থী। সন্তানের নিমিত্ত—কামোপভোগের নমিত্ত নহে। "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ।

১৭। গৃহমেধিনাম্'—'রঘূণাম্' পদের বিশেষণ। যাঁহারা দারপরিগ্রহ করিতেন। মল্লিনাথ-মতে, গৃহৈর্দারৈর্মেধন্তে সঙ্গচ্ছন্তে ইতি গৃহ-মেধ+ণিনিঃ= ৃহমেধিনঃ। "দারেষ্বপি গৃহা" ইত্যমরঃ।

শ্রীশঙ্করপ্রসাদ পণ্ডিত বলেন যে, এস্থলে গৃহমেধী বলিতে 'গৃহস্থাশ্রমী' াই অর্থই বুঝাইতেছে। গৃহে অনুষ্ঠেয় একপ্রকার যজ্ঞকে 'গৃহমেধ' বলা ইত। *Cf.* "গৃহমেধো বিবাহঃ, সোঽস্তীতি যেষাম্" (দিনকরঃ—চারিত্র-র্দ্ধন)—*Cf.* 'গৃহমেধিন্' means here simply the same as গৃহস্বামিন্' the tymology of the word as given by our commentators ("গৃহৈ-ারৈর্মেধন্তে সঙ্গচ্ছন্ত ইতি গৃহমেধিনঃ") purely imaginary. He was, erhaps, thinking of the words মিথুন, মিথঃ, etc. when he hought মেধন্তে means সঙ্গচ্ছন্তে।

মেধ is simply derived from মিধ or মেধ to kill or strike, and means a sacrifice. গৃহমেধ—a kind of sacrifice to be performed n a house, *i.e.*, by a house-holder (*See* Satapatha Brāhm. 10. 1. 15). And গৃহমেধিন্ is he who performs a গৃহমেধ, that s, a householder or a married man in contradistinction to a ব্রহ্মচারিন্ who does not perform such a ceremony. S. P. Pandit, Note, p. 2).

১৮। শৈশবে—অধিকরণে সপ্তমী, শিশোর্ভাবঃ ইতি শৈশবম্। শিশু+অঞ "প্রাণভৃজ্জাতি বয়োবচনোদ্‌গাত্রাদিভ্যোঽঞ্"। শিশুকালে অর্থাৎ ব্রহ্মচর্যাশ্রমে

১৯। অভ্যস্তবিদ্যানাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। অভ্যস্তা বিদ্য যৈস্তেষাম্ (বহু)। যাঁহারা বিদ্যাভ্যাস করিতেন। বিদ্যা চতুর্দশ প্রকার—"অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসান্যায়বিস্তরঃ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দশ॥" (মনু)। অভি—অস্+ক্ত=অভ্যস্ত।

২০। যৌবনে—অধিকরণে সপ্তমী। 'যুনো ভাব ইতি যৌবনম্, যুবন্+অণ্; "হায়নান্ত যুবাদিভ্যোঽণ্"। যৌবনে অর্থাৎ গৃহস্থাশ্রমে।

২১। বিষয়ৈষিণাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। বিষজ্যন্তে ইন্দ্রিয়াণি এষু বিষয়াঃ। "বিষয়া রূপরসাদয়স্তানীষিতুং কাময়িতুং শীলং যেষাং তৈঃ, তেষাম্" (চারিত্রবর্দ্ধন)—বিষয়+ইষ্+ণিনি। যাঁহারা বিষয় ভোগ করিতেন।

২২। বার্দ্ধকে—অধিকরণে সপ্তমী। বৃদ্ধস্য ভাবঃ ইতি বৃদ্ধ+বুঞ্—"দ্বন্দ্ব-মনোজ্ঞাদিভ্যশ্চ"=বার্দ্ধকম্ তস্মিন্। বার্দ্ধক্যে অর্থাৎ বানপ্রস্থাশ্রমে।

২৩। মুনিবৃত্তীনাম্—'রঘূণাম্' পদের বিশেষণ। মুনীনাং বৃত্তিরিব বৃত্তির্যেষাম্ (উপমানগর্ভ-উত্তরপদলোপী বহুব্রীহি)—যাঁহারা মুনিবৃত্তি অবলম্বন করিতেন। "গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যস্যৈব চাপত্যং তদারণ্যং সমাশ্রয়েৎ" (মনু)। বৃত্+ক্তিন্=বৃত্তিঃ। "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ স্থিরধীর্মুনিরুচ্যতে॥" (গীতা—২।৫৬)।

২৪। যোগেন—করণে তৃতীয়া। পরমাত্মধ্যানের দ্বারা অর্থাৎ রোগাক্রান্ত হইয়া নহে। "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ" (পাতঞ্জলসূত্র)—যুজ্+ঘঞ্=যোগঃ।

২৫। অন্তে—অধিকরণে সপ্তমী। অন্তিমকাল। এস্থলে সন্ন্যাস-আশ্রম বিবক্ষিত নহে। কারণ উহাতে কেবল ব্রাহ্মণেরই অধিকার। টীকান্তর দেখ।

২৬। তনুত্যজাম্—'রঘূণাম' পদের বিশেষণ। তনুং দেহং ত্যজন্তীতি তনু—ত্যজ্+কিপ্ "অন্যেভ্যোঽপি দৃশ্যতে"। তনু—তনূ—দুই বানানই হয়। মল্লিনাথ দেখ। দেহত্যাগ করিতেন।

২৭। রঘূণাম্—শেষে ষষ্ঠী। রঘোরপত্যানি (লক্ষণয়া) ইতি রঘু+অণ্ "তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্" ইতি লুক্। রঘুবংশীয় নৃপতিদিগের।

২৮। অন্বয়ম্—'বক্ষ্যে' ক্রিয়ার কর্ম। অনু—ই+অচ্। অর্থাৎ রঘুবংশ-বিষয়ক প্রবন্ধ। টীকান্তর দ্রষ্টব্য।

২৯। 'বক্ষ্যে'—কর্ত্তা 'অহম্' উহ্য। বচ্+লৃট্ এ। বর্ণনা করিব।

৩০। তনুবাগ্বিভবঃ—'অহম্' এই উহ্যপদের বিশেষণ। তনুশ্চাসৌ বাক্ চ (কর্মধা)=তনুবাক্। সৈব বিভবো যস্য (বহুব্রীহি) সঃ। অথবা, বাচঃ বিভবঃ (ষষ্ঠীতৎ)=বাগ্বিভবঃ; তনুঃ বাগ্বিভবঃ যস্য সঃ (বহু)। অল্পমাত্র বাক্-সম্পত্তি লইয়া।

৩১। তদ্গুণৈঃ—কর্ত্তরি তৃতীয়া। তেষাং গুণাঃ (ষষ্ঠীতৎ) তৈঃ। আজন্মশুদ্ধত্ব প্রভৃতি গুণরাজি কর্ত্তৃক।

৩২। কর্ণম্—'আগত্য' ক্রিয়ার কর্ম।

৩৩। আগত্য—কর্ত্তা 'তদ্গুণৈঃ'। আ-গম্+ল্যপ্। "হ্রস্বস্য পিতি কৃতি তুক্" ইতি তুগাগমঃ।

৩৪। চাপলায়—চাপলং চপলকর্ম কর্ত্তুমিত্যর্থঃ। "ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি চতুর্থী। চপলস্য কর্ম ইতি চপল+অণ্—"হায়নান্তযুবাদিভ্যোঽণ্"। টীকাকার চারিত্রবর্দ্ধন "চাপলায় কর্ণমাগত্য"—এইরূপ অন্বয় করিয়াছেন।

• "অন্যোঽপি চাপলং কর্ত্তুং কর্ণমাগত্য প্রেরয়তি"—(চারিত্রবর্দ্ধন)।

৩৫। প্রণোদিতঃ—'অহম্' এই উহ্যপদের বিশেষণ। প্র—নুদ্+ণিচ্+ক্ত। প্রেরিত হইয়া।

'প্রতারিতঃ' পাঠ হইলে—"প্রোৎসাহিতঃ অথবা ভৃশদত্তঃ 'প্রতরণং মহাদানম্' ইতি হলায়ুধঃ" (অরুণগিরিনাথ)।

বাচ্যপরিবর্ত্তন—তেন ময়া……তনুবাগ্বিভবেনাপি সতা প্রণোদিতেন অন্বয়ো বক্ষ্যতে।

মন্তব্য—সপ্তম শ্লোকে ("ত্যাগায়—ইত্যাদি) 'পরিসংখ্যা' অলঙ্কার। "প্রশ্নাদপ্রশ্নতো বাপি কথিতাদ্বস্তুনো ভবেৎ। তাদৃগন্যব্যপোহশ্চেচ্ছাব্দ আর্থোঽথবা৹ তদা॥ পরিসংখ্যা"—(সাহিত্যদর্পণ ১০।১০৬)।

এখানে বিনা প্রশ্নে উপাদেয়রূপে কথিত ত্যাগাদি বস্তু হইতে ভোগাদি-পদার্থের আর্থ ব্যাবর্ত্তন হইয়াছে। "অত্র চ ক্রমাৎ ভোগঃ প্রভুত্বং অর্থঃ কামশ্চ ব্যপোহ্যন্তে" (অরুণগিরিনাথ)।

গুণদোষবিবেচক পণ্ডিতগণই এই কাব্য শ্রবণ করিবার অধিকারী।

তং সন্তঃ শ্রোতুমর্হন্তি সদসদ্ব্যক্তিহেতবঃ।
হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাঽপি বা ॥১০॥

অন্বয়—সদসদ্ব্যক্তিহেতবঃ (গুণদোষবিবেচক) সন্তঃ (পণ্ডিতগণ) ত (তাহা অর্থাৎ রঘুবংশাখ্য প্রবন্ধ) শ্রোতুম্ (শ্রবণ করিবার) অর্হন্তি (অধিকারী) হেম্নঃ (সুবর্ণের) বিশুদ্ধিঃ (নির্দোষতা) অপি বা (বা) শ্যামিকা (সদোষতা) অগ্নে হি (অগ্নিতেই) সংলক্ষ্যতে (পরীক্ষিত হইয়া থাকে)।

বাঙ্গালা—গুণদোষবিবেচক পণ্ডিতগণ তাহা (অর্থাৎ রঘুবংশাখ্য প্রবন্ধ শ্রবণ করিবার অধিকারী। সুবর্ণের নির্দোষতা বা সদোষতা অগ্নিতেই পরীক্ষি হইয়া থাকে।

Eng.—Let, therefore, the wise alone who can discriminat between good and bad listen to this (composition); for, it i in fire that the purity or alloy of gold can be tested.

ব্যাখ্যা—এই শ্লোকে কবি কালিদাস সুধীজনের নিকট স্বরচিত কাব্যে বিচার প্রার্থনা করিতেছেন। তিনি বলিতেছেন যে—সুবর্ণ নির্দোষ কি সদো তাহা অগ্নিতেই পরীক্ষিত হইয়া থাকে; সুতরাং আমার কাব্যের গুণদোষবিচা পণ্ডিতগণই করিতে সমর্থ। বাল্মীকিরচিত রামায়ণ থাকা সত্ত্বেও আমি এ রঘুবংশকাব্য রচনা করিয়াছি। পুরাতন হইলেই যে নির্দোষ হয় তাহা নহে- আবার নূতন কাব্যও যে সর্বদোষশূন্য—তাহাও বলা চলে না। পণ্ডিতগণ কাব্যবিচার করিয়া উহা উপাদেয় কিংবা হেয় তাহা স্থির করিয়া থাকেন এবং মূর্খগণ পণ্ডিতদিগেরই মতানুগামী হইয়া থাকে। সুতরাং পণ্ডিতগণে নিকট হইতেই আমি আমার কাব্যের বিচার প্রার্থনা করি।

মল্লিনাথ—সম্প্রতি স্বপ্রবন্ধপরীক্ষার্থং সতঃ প্রার্থয়তে—তমিতি। ত রঘুবংশাখ্যং প্রবন্ধং সদসতোর্গুণদোষয়োর্ব্যক্তেবিচারস্য হেতবঃ কর্ত্তারঃ সন্ত সাধবঃ শ্রোতুমর্হন্তি। তথা হি—হেম্নো বিশুদ্ধির্নির্দোষস্বরূপং শ্যামিকাহপি লোহান্তরসংসর্গাত্মকো দোষোহপি বা অগ্নৌ সংলক্ষ্যতে নান্যত্র, তদ্বৎ অত্রাপি স এব গুণদোষবিবেকাধিকারিণো নান্যে ইতি ভাবঃ।

মল্লিটীকা—(১) সম্প্রতি·····প্রার্থয়তে। সম্প্রতি কবি কালিদাস স্বরচিত প্রবন্ধের বিচারের নিমিত্ত পণ্ডিতগণকে আহ্বান করিতেছেন।

সারাংশ—যথা সুবর্ণস্য শুদ্ধিরশুদ্ধির্বা অগ্নৌ পরীক্ষ্যতে তথা মদীয়মপি কাব্যং সহৃদয়ৈরেব বিচার্য্যম্ নান্যৈঃ।

টীকান্তর—"···শ্রোতুং পরীক্ষাপর্য্যন্তং শ্রবণং কর্ত্তুম্। ন হি শ্রবণমাত্রেণ কশ্চিদপ্যুপযোগঃ।···হেমজাতেঃ লোহান্তরসম্পর্কজনিতমৌজ্জ্বল্যং তৎসম্পর্কজনিত-মৌজ্জ্বল্যমপি অগ্নিপরীক্ষায়ামেব হি ব্যবস্থিতব্যক্তিবিষয়ং বিকল্পেনোপলভ্যত ইত্যর্থঃ" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। তম্—'শ্রোতুম্' ক্রিয়ার কর্ম। রঘুবংশকাব্য।

২। সন্তঃ—'অর্হন্তি' ক্রিয়ার কর্ত্তা। 'সৎ' শব্দের প্রথমার বহুবচন। সাধু অর্থাৎ পণ্ডিতগণ।

৩। শ্রোতুম্—'অর্হ্'-ধাতুযোগে তুমুন্। শ্রু+তুমুন্। শ্রবণ করিতে।

৪। অর্হন্তি—কর্ত্তা 'সন্তঃ'। অর্হ্+লট্+অন্তি। যোগ্য অর্থাৎ অধিকারী।

৫। সদসদ্ব্যক্তিহেতবঃ—'সন্তঃ' পদের বিশেষণ। সচ্চ অসচ্চ (দ্বন্দ্ব)=সদসতী, তয়োর্ব্যক্তিঃ (ষষ্ঠীতৎ), তস্যাঃ হেতবঃ (ষষ্ঠীতৎ)। গুণদোষবিচারনিপুণ। বি—অন্জ্+ক্তিন্=ব্যক্তিঃ (বিভাগ, বিচার)।

৬। হেম্নঃ—শেষে ষষ্ঠী। সুবর্ণের। 'হেমন্' শব্দের ষষ্ঠীর একবচন।

৭। সংলক্ষ্যতে—সম্—লক্ষ্+ণিচ্ (স্বার্থে)+লট্‌তে কর্মণি। দৃষ্ট অর্থাৎ পরীক্ষিত হয়।

৮। অগ্নৌ—নিমিত্তসপ্তমী ইতি নারায়ণঃ। অঙ্গত্যূর্দ্ধং গচ্ছতীতি অগ্+নিঃ।

৯। বিশুদ্ধিঃ—উক্তে কর্মণি প্রথমা। বি-শুধ্+ক্তিন্। নির্দোষতা।

১০। শ্যামিকা—উক্তে কর্মণি প্রথমা। সুবর্ণের মধ্যে অন্যধাতুনির্মিত খাদ অর্থাৎ সদোষতা। কুমারসম্ভবে কালিমা অর্থে প্রযুক্ত হইয়াছে—"শনৈঃ শনৈঃ শ্যামিকয়া কৃতং পদম্" (৫।২১)।

বাচ্যপরিবর্ত্তন—সদসদ্ব্যক্তিহেতুভিঃ সদ্ভিঃ সঃ শ্রোতুম্ অর্হ্যতে।··· বিশুদ্ধিং শ্যামিকাং বা সংলক্ষয়ন্তি।

মন্তব্য—এই শ্লোকে 'প্রতিবস্তূপমা' অলঙ্কার। এখানে গুণদোষবিভাগ-হেতুত্বরূপ সাধারণ ধর্ম বাক্যদ্বয়ে এক হইলেও ভিন্ন শব্দ দ্বারা ভিন্নরূপে প্রতিপাদিত হইয়াছে। "প্রতিবস্তূপমা সা স্যাৎ বাক্যয়োর্গম্যসাম্যয়োঃ। একোঽপি ধর্মঃ সামান্যো যত্র নির্দিশ্যতে পৃথক্॥ (সাহিত্যদর্পণ—১০।৬৮) "গুণদোষবিভাগহেতুত্বং সাধারণো ধর্মঃ শব্দভেদেন বাক্যদ্বয়েঽপ্যুপাত্তঃ। অতএব ন দৃষ্টান্তঃ। তত্র সামান্যস্যাপি বিম্বপ্রতিবিম্বভাবেনাবস্থানাৎ। নাপ্যর্থান্তর-ন্যাসঃ। সামান্যস্য বিশেষবিষয়তয়া তত্র বাক্যদ্বয়স্যাবস্থানাৎ" (অরুণগিরিঃ)।

এই শ্লোকের অনুরূপ ভাব—

"উপদেশং বিদুঃ শুদ্ধং সন্তস্তমুপদেশিনঃ। শ্যামায়তে ন যুষ্মাসু যঃ কাঞ্চনমিবাগ্নিষু॥
—মালবিকাগ্নিমিত্র—২।১০

অনেকদিন আগে বৈবস্বত মনু নামে প্রসিদ্ধ একজন পৃথিবীর আদিম অধিপতি ছিলেন।

বৈবস্বতো মনুর্নাম মাননীয়ো মনীষিণাম্।
আসীন্মহীক্ষিতামাদ্যঃ প্রণবশ্ছন্দসামিব ॥১১॥

অন্বয়—মনীষিণাম্ (মনীষিগণের) মাননীয়ঃ (মাননীয়) বৈবস্বতঃ নাম মনুঃ (বৈবস্বত নামে এক মনু) ছন্দসাং [বেদসমূহের (আদিভূত)] প্রণব ইব (প্রণবের ন্যায়) মহীক্ষিতাম্ (ভূপালগণের) আদ্যঃ (আদিভূত) আসীৎ (ছিলেন)।

বাঙ্গালা—বেদসমূহের আদিভূত প্রণবের ন্যায় মনীষিগণের মাননীয় বৈবস্বত মনু নামে প্রসিদ্ধ একজন পৃথিবীর আদিম অধিপতি ছিলেন।

Eng.—Once there lived a king named Manu, the son of Vivasvat, who was esteemed by the wise and who was the foremost among the rulers of the earth like the mystic letter Om, the first word in the Vedas.

মল্লিনাথ—বর্ণ্যং বস্তূপক্ষিপতি—বৈবস্বত ইতি। মনস ঈষিণো মনীষিণো ধীরা বিদ্বাংসঃ ইতি যাবৎ। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। তেষাং মাননীয়ঃ পূজ্যঃ। মনীষিণামিত্যত্র কর্ত্তরি ষষ্ঠী। ছন্দসাং বেদানাম্। "ছন্দঃ পদ্যে চ বেদে চ" ইতি বিশ্বঃ। প্রণবঃ প্রণূয়তে সংক্ষেপতঃ স্তূয়তে অনেন ইতি ওঙ্কার ইব, মহীং ক্ষিয়ন্তি ঈশতে ইতি মহীক্ষিতঃ ক্ষিতীশ্বরাঃ ক্ষিধাতোরৈশ্বর্য্যার্থাৎ ক্বিপ্ তুগাগমশ্চ। তেষামাদ্য আদিভূতঃ বিবস্বতঃ সূর্য্যস্যাপত্যং পুমান্ বৈবস্বতো নাম বৈবস্বত ইতি প্রসিদ্ধো মনুরাসীৎ।

সারাংশ—বেদানাম্ ওঙ্কার ইব পৃথিব্যাং সর্বেষাং নৃপতীনাম্ আদিভূতঃ বৈবস্বতো মনুর্নামাসীৎ।

টীকান্তর—"·· নাম প্রকাশে। প্রসিদ্ধোঽয়ং কেবলমনূদ্যতে।···মনীষিণাং মাননীয়ঃ। অধর্মাদ্ধর্মং যতো রক্ষিতবান্ ··যথাহ কৌটিল্যঃ 'মাৎস্যন্যায়াভিভূতাঃ প্রজা বৈবস্বতং মনুম্। রাজানং চক্রিরে' ইত্যাদি। অত্র চ প্রণবোপক্রমাণি ছন্দাংসি যথা লোকস্য নিরতিশয়তত্তৎফলপ্রসাবকানি তথা তদুপক্রমা রাজানঃ ইতি চেতোহারি সাধর্ম্যং প্রতীয়তে" (অরুণগিরিঃ)।

টিপ্পনী—১। বৈবস্বতঃ—'মনুঃ' পদের বিশেষণ। সূর্য্যপুত্র। বিবস্বতঃ অপত্যং পুমান্ ইতি বিবস্বৎ+অণ্।

২। মনুঃ—'আসীৎ' ক্রিয়ার কর্ত্তা। প্রাতিপদিকার্থমাত্রে ১মা। এক কল্পে চতুর্দশ মনু হইয়া থাকেন। ইঁহাদের নাম যথাক্রমে—

১। স্বায়ম্ভুব ২। স্বারোচিষ ৩। উত্তমি ৪। তামস ৫। রৈবত ৬। চাক্ষুষ ৭। বৈবস্বত ৮। সাবর্ণি ৯। দক্ষসাবর্ণি ১০। ব্রহ্মসাবর্ণি ১১। ধর্মসাবর্ণি ১২। রুদ্রসাবর্ণি ১৩। রৌচ্য বা দেবসাবর্ণি ১৪। ইন্দ্রসাবর্ণি।

এস্থলে বৈবস্বত মনুর কথা বলা হইয়াছে। ইনি সপ্তম মনু। আমরা বর্ত্তমানে সপ্তম মন্বন্তরে বাস করিতেছি। এই বৈবস্বত মনু সূর্য্য এবং সংজ্ঞার পুত্র। ইঁহাকে অনেক স্থলে সাবর্ণি বলিয়া উল্লেখ করা হয় এবং ইনি উক্ত নামেই অষ্টম মনু হইবেন। "কথিতস্তব সাবর্ণিশ্ছায়াসংজ্ঞাসুতশ্চ যঃ। পূর্বজস্য মনোস্তুল্যঃ স মনুর্ভবিতাষ্টমঃ॥" (মার্কণ্ডেয়পুরাণ—অঃ-৮০)। শ্রীশ্রীচণ্ডীতে বলা হইয়াছে যে, সুরথরাজা সাবর্ণিরূপে জন্মগ্রহণ করিবেন। "এবং দেব্যা বরং লব্ধ্বা সুরথঃ ক্ষত্রিয়র্ষভঃ। সূর্য্যাজ্জন্ম সমাসাদ্য সাবর্ণির্ভবিতা মনুঃ॥" প্লাবনের সময় মৎস্যরূপী ভগবান্ বিষ্ণু ইঁহাকে রক্ষা করেন। চন্দ্রপুত্র বুধ বৈবস্বত মনুর কন্যা ইলাকে বিবাহ করেন এবং এই রূপে সূর্য্য ও চন্দ্রবংশের মিলন হয়।

৩। নাম—অব্যয়। প্রসিদ্ধৌ। নামে।

৪। মাননীয়ঃ—'মনু' পদের বিশেষণ। পূজনীয়। মন্+নিচ্+অনীয়র্। কারণ তিনি অধর্ম হইতে ধর্মকে রক্ষা করিয়াছিলেন।

৫। মনীষিণাম্—'কৃত্যানাং কর্ত্তরি বা' ইতি কর্ত্তরি ষষ্ঠী। বিকল্পে 'মনীষিভিঃ'। মনস ঈষা ইতি মনীষা—'শকন্ধ্বাদিত্বাৎ টেঃ পররূপম্।' মনীষা

অস্যাস্তীতি মনীষা+ইনি ব্রীহ্যাদিত্বাৎ। মল্লিনাথ, মনসঃ ঈষিণঃ এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। অত্র বর্ণনাশঃ।

"ভবেৎ বর্ণাগমাদ্ধংসঃ সিংহো বর্ণবিপর্য্যয়াৎ।
গূঢ়োত্মা বর্ণবিকৃতেবর্ণনাশাৎ পৃষোদরম্।"

৬। আসীৎ—কর্ত্তা 'মনুঃ'; ছিলেন।

৭। মহীক্ষিতাম্—নির্দ্ধারণে ষষ্ঠী ইতি নারায়ণঃ। মহীং ক্ষিয়তি, মহ্যাং ক্ষিয়তি বা ইতি মহী—ক্ষি (নিবাসগত্যোঃ, ক্ষয়ৈশ্বর্য্যয়োঃ)+ক্বিপ্, তুক্ চ= মহীক্ষিৎ তেষাম্। ভূপালগণের।

৮। আদ্যঃ—'মনু' শব্দের বিশেষণ। আদিম। আদৌ ভবঃ ইতি আদি+ যৎ, দিগাদিত্বাৎ।

৯। প্রণবঃ—'মনু' এই উপমেয়ের উপমান। ওঙ্কার। প্রণূয়তে স্তূয়তে ইতি প্র—নু+অপ্, "উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য" ইতি ণত্বম্। অ, উ, ম— এই তিন বর্ণের সমাহারকে ওঙ্কার বা প্রণব বলে। বেদাধ্যয়নের আদি ও অন্তে 'ওঁ'—এই শব্দের উচ্চারণ করিতে হয়। সৃষ্টির মূলে এই ওঙ্কার আছে— ইহা শাস্ত্রে স্বীকৃত হইয়াছে। "ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবন্তে চ সর্বদা। স্রবত্যনোঙ্কৃতং পূর্বং পরস্তাচ্চ বিশীর্য্যতি॥ (মনুসংহিতা)। ওঙ্কার যেরূপ বেদের আদিভূত অর্থাৎ বেদসৃষ্টির মূলীভূত কারণ, মনুও সেইরূপ এই পৃথিবীর আদিম অধিপতি এবং নৃপপরম্পরার প্রবর্ত্তয়িতা ছিলেন—কারণ এই বৈবস্বত মনুই সপ্তম মন্বন্তরের অধিনায়ক।

১০। ছন্দসাম্—'মহীক্ষিতাম্' এই উপমেয়ের উপমান। বেদসমূহের।

বাচ্যপরিবর্ত্তন—বৈবস্বতেন মনুনা……মাননীয়েন……আদ্যেন প্রণবেনৈব অভূয়ত।

মন্তব্য—উপমা অলঙ্কার। মনুর সহিত প্রণবের এবং ভূপালগণের সহিত বেদসমূহের তুলনা করা হইয়াছে।

সেই মনুর বংশে দিলীপ নামে এক রাজা জন্মগ্রহণ করেন।

তদন্বয়ে শুদ্ধিমতি প্রসূতঃ শুদ্ধিমত্তরঃ।
দিলীপ ইতি রাজেন্দুরিন্দুঃ ক্ষীরনিধাবিব ॥১২॥

অন্বয়—শুদ্ধিমতি (বিশুদ্ধ) তদন্বয়ে (সেই মনুর বংশে) শুদ্ধিমত্তরঃ (বিশুদ্ধতর) দিলীপ ইতি (দিলীপ নামে) রাজেন্দুঃ (রাজচন্দ্র) ক্ষীরনিধৌ (ক্ষীরসমুদ্রে) ইন্দুঃ ইব (চন্দ্রের ন্যায়) প্রসূতঃ—(জন্মগ্রহণ করিয়াছিলেন)।

বাঙ্গালা—ক্ষীরসমুদ্রে চন্দ্রের ন্যায়, তাঁহার (সেই মনুর) বিশুদ্ধ বংশে দিলীপ নামে এক বিশুদ্ধতর রাজচন্দ্র জন্মগ্রহণ করিয়াছিলেন।

Eng.—In this pure line was born a purer soul named Dilipa, who was an excellent king, as the moon was produced in the milky ocean.

মল্লিনাথ—তদন্বয় ইতি শুদ্ধিরস্যাস্তীতি শুদ্ধিমান্ তস্মিন্ শুদ্ধিমতি তদন্বয়ে তস্য মনোরন্বয়ে বংশে। "অন্ববায়োঽন্বয়ো বংশো গোত্রঞ্চাভিজনঃ কুলম্" ইতি হলায়ুধঃ। অতিশয়েন শুদ্ধিমান্ শুদ্ধিমত্তরঃ "দ্বিবচনবিভজ্যোপ—" ইত্যাদিনা তরপ্। দিলীপ ইতি প্রসিদ্ধঃ। রাজা ইন্দুরিব রাজেন্দুঃ রাজশ্রেষ্ঠঃ, "উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে" ইতি উপমিতসমাসঃ। ক্ষীরনিধৌ ইন্দুরিব প্রসূতো জাতঃ।

সারাংশ—যথা ধবলে ক্ষীরসমুদ্রে অতিশয়ধবলঃ চন্দ্রঃ সমজনি তথা পবিত্রে সূর্য্যবংশে অতিশয়পবিত্রঃ দিলীপো জাতঃ।

টীকান্তর—"...নন্ রাজেন্দুরিত্যত্র কোঽলঙ্কারঃ। উচ্যতে—উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগ ইতি সমস্যমানানাং সাদৃশ্যমেব সামর্থ্যং প্রযোজকং তস্মাদুপমেতি বামনঃ। ভামহাদয়স্তু সাদৃশ্যমূলমারোপমেব সামর্থ্যমবযন্তো রূপকমাহুঃ। উদ্ভটমতানুসারিণস্তু ময়ূরব্যংসকাদয়শ্চেতি সমাসঃ; রূপকং পূর্বোক্তস্তুপমাং প্রথয়তি তত্র সাধকবাধকাভ্যাং সংশয়াপোহ ইত্যাশ্বিষত। অয়মেব চ পক্ষঃ সাধিষ্ঠঃ। তস্মাদত্র শুদ্ধিমত্তরত্বস্য সামান্যভূতত্বাৎ সামান্যাপ্রয়োগে ইতি বচনাৎ উপমাসমাসবাধকত্বে পারিশেষ্যাদ্রূপকমেব। এতচ্চ সর্বত্রানুসন্ধেয়ম্। ......নন্ রঘূপক্রমং বংশবর্ণনং প্রতিজ্ঞায় কথমিদং মহতা প্রবন্ধেন দিলীপচরিতং বর্ণ্যতে। উচ্যতে। অনেনাপি রঘুচরিতমেব সপীঠিকাবন্ধং বর্ণয়িতুমুপক্রান্তমিত্যেব ধারয়িতব্যং যতো দিলীপস্য তজ্জন্মাঙ্গভূতমেব চরিতং বর্ণিতম্। অন্যথা তস্য দিগ্বিজয়াদ্যপাদানান্তরমপি বর্ণ্যেত বিস্তরতঃ।" (অরুণগিরিঃ)।

টিপ্পনী—১। তদন্বয়ে—অধিকরণে সপ্তমী। তস্য (মনোঃ) অন্বয় (ষষ্ঠীতৎ) তস্মিন্। সেই মনুর বংশে।

২। শুদ্ধিমতি—'তদন্বয়ে' পদের বিশেষণ। শুদ্ধিরস্যাস্তীতি শুদ্ধি+মতুপ্, তস্মিন্। পবিত্র।

৩। প্রসূতঃ—'দিলীপঃ' পদের বিশেষণ। প্র-সূ+ক্ত কর্ত্তরি। জন্মগ্রহণ করিয়াছিলেন।

৪। শুদ্ধিমত্তরঃ—'দিলীপঃ' পদের বিশেষণ। অতিশয়েন শুদ্ধিমান্ ইতি শুদ্ধিমৎ+তরপ্—"দ্বিবচনবিভজ্যোপদে তরবীয়সুনৌ।" এখানে 'মনুবংশের রাজগণের অপেক্ষায় পবিত্র'—এ অর্থ বিবক্ষিত নহে, কিন্তু 'মনুবংশ অপেক্ষায় পবিত্র' এই অর্থই বিবক্ষিত। সেইজন্য তমপ্-প্রত্যয় না হইয়া তরপ্-প্রত্যয় হইয়াছে।

৫। দিলীপ ইতি –দিলীপ এই নামে প্রসিদ্ধ।

৬। রাজেন্দুঃ—'দিলীপঃ' পদের বিশেষণ। মল্লিনাথ-মতে উপমিত কর্মধারয়। রাজা ইন্দুরিব (উপমিত কর্মধা)। রাজশ্রেষ্ঠ—"সিংহশার্দূল-নাগাদ্যাঃ পুংসি শ্রেষ্ঠার্থবাচকাঃ"—ইত্যাদিপদেন ইন্দোরপি শ্রেষ্ঠার্থবাচকত্বম্। টীকাকার নারায়ণ এবং অরুণগিরির মতে 'ময়ূরব্যংসকাদিত্বাৎ রূপকসমাসঃ'। রাজা এব ইন্দুঃ (রূপক)। তাঁহাদের মতে যে স্থলে সামান্যধর্ম প্রযুক্ত হয় না সেইখানেই উপমিত সমাস হইয়া থাকে—"উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যা-প্রয়োগে।" কিন্তু এখানে শুদ্ধিমত্ত্বরূপ সামান্যধর্ম প্রযুক্ত হইয়াছে; অতএব রূপক সমাস হইয়াছে বলাই ভাল। টীকান্তর দ্রষ্টব্য।—"......ন হ্যত্র সমুদ্রে চন্দ্র ইব তদন্বয়ে দিলীপো জাত ইতি সাম্যমাত্রং বিবক্ষিতম্ অপি তু সমুদ্রে যথেন্দুর্জাতঃ তথা তৎকুলে স দ্বিতীয়চন্দ্র ইতি চন্দ্রাভেদ এবাত্র প্রতিপাদ্যঃ। কুলস্য তু সমুদ্রসাম্যমেবাভিধিৎসিতম্" (অরুণগিরিঃ)।

৭। ইন্দুঃ—'দিলীপঃ' এই উপমেয়ের উপমান। উনত্তি সমুদ্রস্ফীত্যা ভুবং ক্লিন্নাং করোতীতি ইন্দুঃ। উন্দ্+উ "উন্দেরিচ্চাদেঃ" (উণাদিসূত্র) চন্দ্র।

৮। ক্ষীরনিধৌ—'তদন্বয়ে' এই উপমেয়ের উপমান। নিধীয়তে অস্মিন্ ইতি নি-ধা+কি=নিধিঃ। ক্ষীরস্য (জলস্য) নিধিঃ (ষষ্ঠীতৎ) তস্মিন্। "নীরক্ষীরাম্বুশম্বরম্" ইত্যমরঃ। সমুদ্রে।

বাচ্যপরিবর্ত্তন—......শুদ্ধিমত্তরেণ দিলীপেন রাজেন্দুনা,......ইন্দুনা প্রসূতম্।

মন্তব্য—'উপমা' অলঙ্কার। মনুবংশের সহিত সমুদ্রের এবং দিলীপের

সহিত চন্দ্রের তুলনা করা হইয়াছে। উপমাবাক্যেও সমুদ্রমন্থনে চন্দ্রোৎপত্তির পৌরাণিক আখ্যানের প্রতি প্রচ্ছন্ন ইঙ্গিত রহিয়াছে।

দিলীপের বিশাল বক্ষঃস্থল, দীর্ঘ কায়, উন্নত স্কন্ধ এবং আজানুলম্বিত বাহু ছিল।

ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধঃ শালপ্রাংশুর্মহাভুজঃ।
আত্মকর্মক্ষমং দেহং ক্ষাত্রো ধর্ম ইবাশ্রিতঃ ॥১৩॥

অন্বয়—ব্যূঢ়োরস্কঃ (বিশাল বক্ষঃস্থলসম্পন্ন) বৃষস্কন্ধঃ (বৃষভের ন্যায় স্কন্ধযুক্ত) শালপ্রাংশুঃ (শালবৃক্ষের ন্যায় উন্নত) মহাভুজঃ (দীর্ঘ ভুজযুগলবিশিষ্ট) আত্মকর্মক্ষমং (স্বকার্য্যসাধনের উপযোগী) দেহম্ (শরীর) আশ্রিতঃ (আশ্রয় বা পরিগ্রহ করিয়াছে) ক্ষাত্রঃ ধর্মঃ ইব (যেন ক্ষত্রিয়ধর্ম)।

বাঙ্গালা—দিলীপ বিশাল বক্ষঃস্থল-সম্পন্ন, বৃষভের ন্যায় স্কন্ধযুক্ত, শালবৃক্ষের ন্যায় উন্নত এবং দীর্ঘ ভুজযুগলবিশিষ্ট ছিলেন ; দেখিলে বোধ হইত যেন ক্ষত্রিয়-ধর্ম স্বকার্য্য সাধনের উপযোগী শরীর পরিগ্রহ করিয়াছে।

Eng.—His chest was broad and full, his shoulders like those of a bull, his height like that of a S'āla tree, and his arms were long ; so that he looked like military virtue that had assumed a body worthy of the performance of its deeds.

মল্লিনাথ—বূঢ়েতি। বূঢ়েত্যাদিভিস্ত্রিভিঃ শ্লোকৈর্দিলীপং বিশিনষ্টি। ব্যূঢ়ং বিপুলম্ উরো বক্ষঃস্থলং যস্য স ব্যূঢ়োরস্কঃ "উরঃপ্রভৃতিভ্যঃ কপ্" ইতি কপ্। "ব্যূঢ়ং বিপুলং ভদ্রং স্ফারং সমং বলিষ্ঠঞ্চ" ইতি যাদবঃ। বৃষস্য স্কন্ধ ইব স্কন্ধো যস্য সঃ। "সপ্তম্যুপমান—" ইত্যাদিনা উত্তরপদলোপী বহুব্রীহিঃ। শালো বৃক্ষ ইব প্রাংশুঃ উন্নতঃ শালপ্রাংশুঃ। "প্রাকারবৃক্ষয়োঃ শালঃ শালঃ সর্জতরুঃ স্মৃতঃ" ইতি যাদবঃ। "উচ্চপ্রাংশূন্নতোদগ্রোচ্ছ্রিতাস্তুঙ্গে" ইত্যমরঃ। মহাভুজঃ মহান্তৌ ভুজৌ যস্য স মহাবাহুঃ, আত্মকর্মক্ষমং স্বব্যাপারানুরূপং বিপন্নত্রাণাদি-সমর্থম্ ইতি যাবৎ, দেহম্ আশ্রিতঃ প্রাপ্তঃ ক্ষাত্রঃ ক্ষত্রসম্বন্ধী ধর্ম ইব স্থিতঃ ; মূর্ত্তিমান্ পরাক্রম ইব স্থিত ইত্যুৎপ্রেক্ষা—

সারাংশ—বিশালবক্ষাঃ উন্নতাংসঃ দীর্ঘকায়ঃ মহাবাহুর্দিলীপঃ মূর্ত্তিমান্ ক্ষত্রিয়ধর্ম ইব শুশুভে।

টিপ্পনী—১। ব্যূঢ়োরস্কঃ—পূর্বশ্লোকের 'দিলীপ' পদের বিশেষণ। ব্যূঢ়ম্ উরো যস্য সঃ (বহুব্রীহী)। "উরঃপ্রভৃতিভ্যঃ কপ্" ইতি সমাসান্ত কপ্। বিশেষেণ উহ্যতে ইতি বি-বহ্+ক্ত=ব্যূঢ়ম্—বিশাল। "ব্যূঢ়ঃ সংহতবিন্যস্তে পৃথুলেঽপ্যাভধেয়বৎ" ইতি মেদিনী। বিশালবক্ষঃস্থলসম্পন্ন।

২। বৃষস্কন্ধঃ—'দিলীপে'র বিশেষণ। বৃষস্য স্কন্ধ ইব স্কন্ধো যস্য সঃ (উপমান-গর্ভ উত্তরপদলোপী বহুব্রীহি)। যাহার স্কন্ধদেশ বৃষের ন্যায় উন্নত।

৩। শালপ্রাংশুঃ—'দিলীপে'র বিশেষণ। শাল ইব প্রাংশুঃ (উপমান কর্মধারয়)—"উপমানানি সামান্যবচনৈঃ"। 'শাল' বলিতে বৃক্ষমাত্রকেই বুঝায় অথবা, শাল নামক বৃক্ষ, তাহার ন্যায় উন্নত; অর্থাৎ দীর্ঘকায়।—"যঃ ক্ষিতাস্ত্রিকঃ। চতুর্হস্তঃ স্বহস্তেন শালপ্রাংশুঃ স উচ্যতে॥"

৪। মহাভুজঃ—'দিলীপে'র বিশেষণ। মহান্তৌ (জানুপর্য্যন্তৌ) ভুজৌ যস্য সঃ (বহুব্রীহি)। আজানুলম্বিতবাহু।

৫। আত্মকর্ম্মক্ষমম্—'দেহম্' পদের বিশেষণ। আত্মনঃ কর্ম (ষষ্ঠীতৎ)= আত্মকর্ম ("গজতুরগারোহণযুদ্ধনিযুদ্ধমৃগয়াদি"—নারায়ণঃ) তস্মিন্ ক্ষমম্ (সুপ্সুপা)। স্বকার্য্যসাধনের উপযোগী।

৬। দেহম্—'আশ্রিতঃ' ক্রিয়ার কর্ম। দিহ্+ঘঞ্=দেহঃ।

৭। ক্ষাত্রঃ—'ধর্ম'পদের বিশেষণ। ক্ষত্রসম্বন্ধী। ক্ষণু (হিংসায়াম্)+ ক্বিপ্ ('সম্পদাদিত্বাৎ' গমাদীনামিতি বক্তব্যম্, অনুনাসিকলোপে তুগাগমে চ 'ক্ষৎ' ইতি রূপং সিদ্ধম্'—মল্লিনাথ)=ক্ষৎ। ক্ষতঃ (নাশাৎ) ত্রায়তে ইতি ক্ষৎ—ত্রৈ+ক ("সুপিস্থ"—সুপি ইতি যোগবিভাগাৎ কঃ)=ক্ষত্র। অথবা ক্ষত— ত্রৈ+ক=ক্ষত্রঃ—পৃষোদরাদিত্বাৎ বর্ণলোপঃ। অথবা ক্ষদ (সংবরণে সৌত্রঃ)+ ষ্ট্রন্। ক্ষত্রস্য অয়ম্ ইতি ক্ষত্র+অণ্=ক্ষাত্রঃ।

৮। ধর্ম—'আশ্রিতঃ' ক্রিয়ার কর্ত্তা। ধৃ+মন্। প্রজাপালনাদিরূপ ধর্ম।

৯। আশ্রিতঃ—আ—শ্রি+ক্ত। প্রাপ্ত হইয়াছে—অথবা পরিগ্রহ করিয়াছে।

বাচ্যপরিবর্ত্তন—ব্যূঢ়োরস্কেন বৃষস্কন্ধেন শালপ্রাংশুনা মহাভুজেন ক্ষাত্রেণ ধর্মেণ আশ্রিতেন।

মন্তব্য—উৎপ্রেক্ষা অলঙ্কার। দিলীপ মূর্ত্তিমান্ ক্ষত্রিয়ধর্মরূপে উৎপ্রেক্ষিত হইয়াছেন। এই শ্লোকের দ্বিতীয়ার্দ্ধের অনুরূপ ভাব—

"ক্ষাত্রো ধর্মঃ শ্রিত ইব তনুং ব্রহ্মঘোষস্য গুপ্ত্যৈ"—

—উত্তরচরিত—৬।৯

তিনি স্বীয় বল এবং তেজঃ প্রভাবে সুমেরু পর্বতের ন্যায় বিরাজিত ছিলেন।

সর্বাতিরিক্তসারেণ সর্বতেজোঽভিভাবিনা।
স্থিতঃ সর্বোন্নতেনোর্বীং ক্রান্ত্বা মেরুরিবাত্মনা ॥১৪॥

অন্বয়—সর্বাতিরিক্তসারেণ (সর্বাপেক্ষা বলবান্) সর্বতেজোঽভিভাবিনা (সকল তেজের অভিভবকারী) সর্বোন্নতেন (সর্বাপেক্ষা উন্নত) আত্মনা (শরীর দ্বারা) মেরুঃ ইব (সুমেরু পর্বতের ন্যায়) উর্বীং (পৃথিবীকে) ক্রান্ত্বা (আক্রমণ করিয়া) স্থিতঃ (বিরাজিত ছিলেন)।

বাঙ্গালা—তিনি সর্বাপক্ষা বলবান্, উন্নত এবং সকল তেজের অভিভবকারী শরীর দ্বারা পৃথিবীকে আক্রমণ করিয়া সুমেরু পর্বতের ন্যায় বিরাজিত ছিলেন।

Eng.—He, like the mountain Meru, stood occupying the earth with his body possessed of an all-surpassing strength, an all-transcending lustre and an all-excelling tallness.

মল্লিনাথ। সর্বাতিরিক্তেতি। সর্বাতিরিক্তসারেণ সর্বেভ্যো ভূতেভ্যঃ অতিরিক্তোঽধিকঃ সারো বলং যস্য তেন, "সারো বলে স্থিরাংশে চ" ইত্যমরঃ। সর্বাণি ভূতানি তেজসা অভিভবতীতি সর্বতেজোঽভিভাবী তেন, সর্বেভ্য উন্নতেন, আত্মনা শরীরেণ। "আত্মা দেহে ধৃতৌ জীবে স্বভাবে পরমাত্মনি" ইতি বিশ্বঃ। মেরুরিব উর্বীং ক্রান্ত্বা আক্রম্য স্থিতঃ। মেরাবপি বিশেষণানিতুল্যানি। "অষ্টাভিশ্চ সুরেন্দ্রাণাং মাত্রাভির্নির্মিতো নৃপঃ। তস্মাদভিভবত্যেষ সর্বভূতানি তেজসা।" ইতি মনুবচনাৎ রাজ্ঞঃ সর্বতেজোঽভিভাবিত্বং জ্ঞেয়ম্।

সারাংশ—অসৌ দিলীপঃ সর্বাতিশায়িনা বলেন তেজসা উন্নতত্বেন চ মহীমাক্রম্য সুমেরুরিব ররাজ।

টিপ্পনী—১। সর্বাতিরিক্তসারেণ—'আত্মনা' পদের বিশেষণ। সর্বেভ্যঃ অতিরিক্তঃ (৫মীতৎ), সর্বাতিরিক্তঃ সারঃ (বলম্) যস্য সঃ (বহুব্রীহি) তেন। সর্বাপেক্ষা বলবান্। মেরুপক্ষে—সর্বাতিরিক্ত সারঃ (ধনম্) যস্য সঃ (বহু)।

ধনরত্নাদিতে যে সর্বশ্রেষ্ঠ। সুমেরুপর্বত ধনরত্নাদির আকর বলিয়া কথিত আছে। অতি—রিচ্+ক্ত=অতিরিক্ত।

২। সর্বতেজোঽভিভাবিনা—'আত্মনা' পদের বিশেষণ। সর্বং চ তৎ তেজশ্চ ইতি সর্বতেজঃ (কর্মধা)। সর্বতেজঃ অভিভবিতুং শীলমস্যেতি সর্বতেজঃ+অভি—ভূ+ণিনি (তাচ্ছীল্যে) তেন। যিনি স্বীয় তেজ দ্বারা সকলের তেজকে পরাভূত করিতেন। মেরুপর্বতও সুবর্ণময় বলিয়া সকল দীপ্তিকে পরাজিত করে—"মেরোরপি কনকময়ত্বাৎ সর্বতেজোঽভিভাবিত্বম্ (চারিত্রবর্দ্ধন)। রাজাও অষ্টলোকপালের অংশনির্মিত বলিয়া অপর সকলকে তেজ দ্বারা অভিভূত করেন। মল্লিনাথ দেখ।

৩। স্থিতঃ—স্থা+ক্ত কর্ত্তরি। বিরাজিত ছিলেন। কর্ত্তা 'সঃ' উহ্য।

৪। সর্বোন্নতেন—'আত্মনা' পদের বিশেষণ। সর্বেভ্যঃ উন্নতঃ (৫মীতৎ) তেন। উৎ—নম্+ক্ত=উন্নত। দিলীপ শালপ্রাংশু—তাই সর্বাপেক্ষা উন্নত। সুমেরু পর্বতও সর্বাপেক্ষা উন্নত বলিয়া পুরাণাদিতে বর্ণিত হইয়াছে। এই পর্বতের চতুর্দিকে সূর্য্যচন্দ্রাদি আবর্তন করে।

৫। উর্বীম্—'ক্রান্ত্বা' ক্রিয়ার কর্ম। পৃথিবীকে। উর্ণু—ঞ (আচ্ছাদনে) "মহতি হ্রস্বশ্চ" ইত্যুঃ, নুলোপঃ হ্রস্বশ্চ। 'বোতো গুণবচনাৎ" ইতি ঙীষ্।

৬। ক্রান্ত্বা—ক্রম্+ক্ত্বাচ্। 'ক্রমিত্বা' পদও হয়। কর্ত্তা 'সঃ' উহ্য। আক্রমণ করিয়া।

৭। মেরুঃ—'দিলীপে'র উপমান। মিনোতি ক্ষিপতি উচ্চত্বাৎ জ্যোতীংষি ইতি মেরুঃ। পৌরাণিক ভূগোল-অনুযায়ী সপ্তদ্বীপা পৃথিবীর মধ্যস্থলে অবস্থিত এক পর্বত। এই মেরুপর্বতের চতুর্দিকে চন্দ্রসূর্য্যগ্রহনক্ষত্রাদি আবর্ত্তন করে। ইহা অত্যুন্নত এবং সুবর্ণময়। ইহা দেবতাদিগের বাসস্থান এবং ব্রহ্মার আশ্রয়।

৮। আত্মনা—করণে তৃতীয়া। শরীর দ্বারা। অৎ+মনিন্। "আত্মা দেহে ধৃতৌ জীবে স্বভাবে পরমাত্মনি" ইতি বিশ্বঃ।

বাচ্যপরিবর্ত্তন।……………মেরুণেব স্থিতম্।

মন্তব্য—এই শ্লোকে 'শ্লেষ' অলঙ্কার। অতএব শ্লিষ্টোপমা। মেরুপর্বতের সহিত দিলীপের তুলনা করা হইয়াছে। প্রত্যেক বিশেষণ দিলীপ এবং মেরু—উভয়পক্ষেই প্রযুক্ত হইবে। পৃথিবীর মধ্যস্থলে অবস্থিত এই মেরুপর্বত।

ইহার সব কিছুই লোকোত্তর। ইহাতে অগাধ রত্নরাশি রহিয়াছে—ইহার সর্বোন্নত শৃঙ্গ গগনভেদী—ইহার কনককান্তির নিকট সকল তেজ পরাভূত। এক-কথায় এই বিশাল পৃথিবীকে মেরুই ধারণ করিয়া রহিয়াছে। মহারাজ দিলীপেরও সেইরূপ সব কিছুই লোকোত্তর। তাঁহার সর্বাপেক্ষা বলবান্ ও উন্নত দেহ দেখিয়া এবং সকল তেজের পরাভবকারী দেহদীপ্তি দেখিয়া মনে হয় যেন তিনিও মেরুপর্বতের ন্যায় এই পৃথিবীকে রক্ষা করিতেছেন—যেন এই সপ্তদ্বীপা মেদিনীর রক্ষাকর্তৃত্ব কেবল তাঁহারই।

দিলীপ সুদর্শন, বুদ্ধিমান্, শাস্ত্রজ্ঞ, কর্মী এবং ভাগ্যবান্ ছিলেন।

আকারসদৃশপ্রজ্ঞঃ প্রজ্ঞয়া সদৃশাগমঃ।

আগমৈঃ সদৃশারম্ভ আরম্ভসদৃশোদয়ঃ ॥১৫॥

অন্বয়—আকারসদৃশপ্রজ্ঞঃ (তাঁহার আকৃতির অনুরূপ প্রজ্ঞা ছিল), প্রজ্ঞয়া সদৃশাগমঃ (প্রজ্ঞার অনুরূপ শাস্ত্রজ্ঞান), আগমৈঃ সদৃশারম্ভঃ (শাস্ত্রজ্ঞানের অনুরূপ কর্মানুষ্ঠান) আরম্ভসদৃশোদয়ঃ (অনুষ্ঠানের অনুরূপ ফল প্রাপ্ত হইতেন)।

বাঙ্গালা—তাঁহার আকৃতির অনুরূপ প্রজ্ঞা, প্রজ্ঞার অনুরূপ শাস্ত্রজ্ঞান এবং শাস্ত্রজ্ঞানের অনুরূপ কর্মানুষ্ঠান ছিল এবং তিনি অনুষ্ঠানের অনুরূপ ফল প্রাপ্ত হইতেন।

Eng.—His intellect was equal to his bodily frame, his knowledge of the S'āstras to his intellect, his undertakings to his knowledge of the S'āstras and his success to his undertakings.

ব্যাখ্যা—দিলীপ আকৃতির অনুরূপ বুদ্ধিমান্ ছিলেন। তিনি তাঁহার এই মহতী বুদ্ধিকে শাস্ত্রজ্ঞানার্জনে নিযুক্ত করিয়াছিলেন। সেজন্য শাস্ত্রশ্রদ্ধালু হইয়া তিনি বুদ্ধির অনুরূপ শাস্ত্রজ্ঞ হইয়াছিলেন। তিনি একমাত্র শাস্ত্রবিহিত কর্মেরই অনুষ্ঠান করিতেন এবং তাঁহার কর্মানুষ্ঠানের অনুরূপ ফললাভও করিতেন।

মল্লিনাথ—আকারেতি আকারেণ মূর্ত্ত্যা সদৃশী প্রজ্ঞা যস্য সঃ, প্রজ্ঞয়া সদৃশাগমঃ প্রজ্ঞানুরূপশাস্ত্রপরিশ্রমঃ, আগমৈঃ সদৃশ আরম্ভঃ কর্ম যস্য স তথোক্তঃ, আরভ্যতে ইতি আরম্ভঃ কর্ম তৎসদৃশ উদয়ঃ ফলসিদ্ধির্যস্য স তথোক্তঃ।

সারাংশ—দিলীপস্য আকারানুরূপা বুদ্ধিঃ বুদ্ধ্যনুরূপা শাস্ত্রচর্চা শাস্ত্রানুরূপ কর্মারম্ভঃ কর্মানুরূপা চ ফলসিদ্ধিরাসীৎ।

টীকান্তর—"এবমাকারগুণমুক্ত্বা তদনুরূপা এবাস্য প্রজ্ঞাদয়োঽপীত্যাহ।··· আকারগুণাঃ সামুদ্রিকোক্তাঃ, শ্রবণেচ্ছাদয়ঃ প্রজ্ঞাগুণাঃ। প্রজ্ঞয়া সদৃশা আগম বিদ্যানামুপদেশা যস্য "আগমস্তূপদেশেঽপি শাস্ত্রেঽপ্যাগমনেঽপি চ" ইতি কেশবঃ। নিঃসন্দিগ্ধত্বাদয় আগমগুণাঃ। রাগাদিরাহিত্যাদয় আরম্ভগুণা।·· পরোপজীব্যত্বাদয় উদয়গুণাঃ। অত্র সদৃশশব্দস্য অনুরূপার্থত্বং শব্দশক্ত্যা ব্যজ্যতে সদৃশশব্দস্য অনুরূপার্থবাচকত্বে তু তুল্যার্থযোগে ভবন্তী তৃতীয়া ন স্যাৎ। অত্র যথোত্তরমুপমেয়স্যোপমানত্বাৎ রশনোপমালঙ্কারঃ।"—(নারায়ণঃ)

টিপ্পনী—১। আকারসদৃশপ্রজ্ঞঃ—দিলীপের বিশেষণ। যাঁহার শরীরের অনুরূপ প্রজ্ঞা ছিল। আকারেণ সদৃশী (তৃতীয়াতৎ)। আকারসদৃশী প্রজ্ঞা যস্য সঃ (বহুব্রীহি)। আ—কৃ + ঘঞ্ = আকারঃ—(দেহ)। প্রজ্ঞায়তে অনয় ইতি প্র—জ্ঞা + অঙ্ = প্রজ্ঞা।

২। প্রজ্ঞয়া—"তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়াঽন্যতরস্যাম্" ইতি তৃতীয়া Kālo, Joglekar, প্রভৃতির মতে হেতৌ তৃতীয়া। আমরা টীকাকার নারায়ণের মতই (তুল্যার্থযোগে তৃতীয়া) গ্রহণ করিয়াছি।—প্রজ্ঞয়া সদৃশাগমঃ, আগমৈঃ সদৃশারম্ভঃ—ইত্যত্র "সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ।"

৩। সদৃশাগমঃ—দিলীপের বিশেষণ। সদৃশঃ আগমো যস্য সঃ (বহু) প্রজ্ঞানুরূপ শাস্ত্রজ্ঞান। "আগমং ত্বাগতৌ শাস্ত্রে" ইতি হৈমঃ। আ—গম্ + অপ্ = আগমঃ।

৪। আগমৈঃ—তুল্যার্থযোগে তৃতীয়া।

৫। সদৃশারম্ভঃ—দিলীপের বিশেষণ। শাস্ত্রজ্ঞানের অনুরূপ কর্মানুষ্ঠান। সদৃশঃ আরম্ভঃ যস্য (বহু) সঃ আ—রভ্ + ঘঞ্ = আরম্ভঃ।

৬। আরম্ভসদৃশোদয়ঃ—দিলীপের বিশেষণ। আরম্ভেণ সদৃশঃ (তৃতীয়াতৎ) আরম্ভসদৃশঃ উদয়ঃ যস্য সঃ (বহু)। যাঁহার অনুষ্ঠানের অনুরূপ ফলপ্রাপ্তি হইত।

বাচ্যপরিবর্ত্তন—আকারসদৃশপ্রজ্ঞেন··· সদৃশাগমেন ··· সদৃশারম্ভেণ ······ সদৃশোদয়েন।

মন্তব্য—রসনোপমা অলঙ্কার। এ স্থলে উপমেয় পদার্থ পূর্বাদিক্রমে উপমান হইয়াছে। "কথিত রসনোপমা। যথোর্দ্ধমুপমেয়স্য যদি স্যাদুপমানতা" (সাহিত্যদর্পণ—১০।৩৫)।

দিলীপ সমুদ্রের ন্যায় ভীষণ ও রমণীয় ছিলেন।

भीमकान्तैर्नृपगुणैः स बभूवोपजीविनाम् ।
अधृष्यश्चाभिगम्यश्च यादोरत्नैरिवार्णवः ॥१६॥

অন্বয়—সঃ (তিনি অর্থাৎ দিলীপ) ভীমকান্তৈঃ (ভীষণ ও কমনীয়) নৃপগুণৈঃ (রাজগুণে) যাদোরত্নৈঃ (হিংস্র জলজন্তু এবং রত্নরাজি দ্বারা) অর্ণব ইব (সমুদ্র যেমন) উপজীবিনাম্ (অনুজীবিবৃন্দের) অধৃষ্যঃ (অনভিভবনীয়) অভিগম্যঃ চ (এবং আশ্রয়ণীয়) বভূব (ছিলেন)।

বাঙ্গালা—সমুদ্র যেমন হিংস্র জলজন্তু এবং রত্নরাজি দ্বারা অনভিভবনীয় এবং আশ্রয়ণীয় হয়, মহারাজ দিলীপও সেইরূপ (তেজঃপ্রতাপাদি) ভীষণ ও (দয়াদাক্ষিণ্যাদি) কমনীয় রাজগুণে অনুজীবিবৃন্দের অনভিভবনীয় ও আশ্রয়ণীয় ছিলেন।

Eng.—By the combination of fierce yet agreeable kingly qualities, he was to his dependents both ill-approachable and inviting as the ocean on account of its sea-monsters and jewels.

ব্যাখ্যা—দিলীপকে তাঁহার অনুজীবিবৃন্দেরা ভয় করিত এবং আশ্রয় করিত। ইহার কারণ তিনি তীক্ষ্ণ ও মৃদুগুণভূষিত ছিলেন। তেজঃপ্রতাপাদি ভয়াবহ গুণগ্রামে তিনি ধৃষ্ট ব্যবহারের অবিষয়, আবার দয়াদাক্ষিণ্যাদি কোমলগুণে তিনি সকলের আশ্রয়ণীয় ছিলেন। সমুদ্র যেমন হিংস্র জলজন্তুগণের অবস্থানে ভয়াবহ এবং রত্নগর্ভ বলিয়া আশ্রয়ণীয়, দিলীপও ঠিক্ সেইরূপ ছিলেন। তাঁহার মধ্যে ভীষণ ও কমনীয়—উভয়বিধ রাজগুণই বিদ্যমান ছিল।

মল্লিনাথ—ভীমেতি।—ভীমৈঃ কান্তৈশ্চ নৃপগুণৈঃ রাজগুণৈঃ তেজঃ-প্রতাপাদিভিঃ কুলশীলদাক্ষিণ্যাদিভিশ্চ স দিলীপঃ উপজীবিনাম্ আশ্রিতানাং, যাদোভির্জলজীবৈঃ, "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ। রত্নৈশ্চ অর্ণব ইব অধৃষ্যঃ অনভিভবনীয়শ্চ অভিগম্য আশ্রয়ণীয়শ্চ বভূব।

সারাংশ—বারিধির্যথা হিংস্রৈঃ জলজন্তুভিঃ অনভিভবনীয়ঃ রত্নৈশ্চ আশ্রয়ণীয়ো ভবতি তদ্বৎ দিলীপোঽপি তেজঃপ্রতাপাদিভিঃ গুণৈঃ অনভিভবনীয়ঃ দয়াদাক্ষিণ্যাদিভিগু´ণৈশ্চ আশ্রয়ণীয়ো বভূব।

টিপ্পনী—১। ভীমকান্তৈঃ—'নৃপগুণৈঃ' পদের বিশেষণ। ভীমাশ্চ তে কান্তাশ্চ (বিশেষণ-দ্বয়েন কর্মধারয়) তৈঃ। ভীষণ এবং কমনীয়। ভী+মক্ =ভীমঃ। কম্+ক্ত=কান্তঃ। "তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চ স্যাৎ কার্য্যং বীক্ষ্য মহীপতিঃ। তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চৈব রাজা ভবতি সম্মতঃ॥" (মনুসংহিতা—৭।১৪০)।

২। নৃপগুণৈঃ—হেতৌ তৃতীয়া। নৄন্ পাতীতি নৃপঃ; নৃ-পা+ক। নৃপাণাং গুণাঃ (ষষ্ঠীতৎ) তৈঃ।

৩। বভূব—কর্ত্তা 'সঃ'। ভূ+লিট্ ণল্। ছিলেন।

৪। উপজীবিনাম্—"কৃত্যানাং কর্ত্তরি বা" ইতি কৃত্য-প্রত্যয় যোগে ষষ্ঠী। উপ-জীব্+ণিনি (কর্ত্তরি)। আশ্রিতদিগের।

৫। অধৃষ্যঃ—'সঃ' পদের বিশেষণ। ধর্ষিতুং যোগ্যঃ ইতি ধৃষ্+যৎ= ধৃষ্যঃ। ন ধৃষ্যঃ (নঞ্তৎ)। (তেজঃপ্রতাপাদিগুণহেতু) অনভিভবনীয়। —"তেজো বলং সত্ত্ববত্তা প্রভাবঃ প্রাপ্তকালতা। অধৃষ্যস্য গুণানেতান্ নৃপস্য মুনয়ো বিদুঃ॥"—ইতি বৃহস্পতিঃ (চারিত্রবর্দ্ধন)।

৬। অভিগম্যঃ—'সঃ' পদের বিশেষণ। অভিগন্তুং যোগ্যঃ ইতি অভিগম্যঃ —(দয়াদাক্ষিণ্যাদিগুণহেতু)—আশ্রয়ণীয়। অভি-গম্-যৎ।—"কুলং শীলং দয়া দানং ধর্মঃ সত্যং কৃতজ্ঞতা। সূক্ষ্মদর্শিত্বমুৎসাহ ঔচিত্যং স্থূললক্ষ্যতা। বিনীততা ধার্মিকতা গুণাশ্চৈবাভিগামিকাঃ॥"—ইতি কামন্দকঃ (চারিত্রবর্দ্ধন)।

৭। যাদোরত্নৈঃ—হেতৌ তৃতীয়া। যাদাংসি চ রত্নানি চ (দ্বন্দ্ব) তৈঃ জলজন্তু এবং রত্নরাজি দ্বারা। "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ। যান্তি বেগেন ইতি যা+অসুন্, বাহুলকাদ্দুক্=যাদস্।

৮। অর্ণবঃ—'সঃ' উপমেয়ের উপমান। অর্ণাংসি অত্র সন্তি। 'অর্ণসো লোপশ্চ' ইতি বঃ সলোপশ্চ। সমুদ্র।

বাচ্যপরিবর্ত্তন—···তেন অধৃষ্যেণ অভিগম্যেন অর্ণবেন ইব বভূবে।

মন্তব্য—উপমা অলঙ্কার। দিলীপ—উপমেয়। সমুদ্র—উপমান। এই শ্লোকের অনুরূপ ভাব—

"স হি সর্বস্য লোকস্য যুক্তদণ্ডতয়া মনঃ।
আদদে নাতিশীতোষ্ণো নভস্বানিব দক্ষিণঃ॥"—(রঘুবংশ—৪।৮)

দিলীপ মনুক্ত পদ্ধতিতে প্রজা শাসন করিতেন।

রেখামাত্রমপি ক্ষুণ্ণাদামনোর্বর্ত্মনঃ পরম্।
ন ব্যতীয়ুঃ প্রজাস্তস্য নিয়ন্তুর্নেমিবৃত্তয়ঃ ॥১৭॥

অন্বয়—নিয়ন্তুঃ (শাসক, সারথি) তস্য (তাহার) নেমিবৃত্তয়ঃ (চক্রধারা, চক্রধারাকার্য্যানুকারী) প্রজাঃ (প্রজাগণ) আ মনোঃ (মনু হইতে) ক্ষুণ্ণাৎ (প্রচলিত, আহত) বর্ত্মনঃ (আচারপদ্ধতি, পথ) পরং (অধিক) রেখামাত্রমপি (রেখামাত্র, বিন্দুমাত্র) ন ব্যতীয়ুঃ (অতিক্রম বা উল্লঙ্ঘন করিত না)।

বাঙ্গালা—যেমন চক্রধারা সারথি কর্তৃক আহত পথের অতিরিক্ত রেখামাত্রও অতিক্রম করে না, সেইরূপ শাসক দিলীপের প্রজাগণও মনু হইতে প্রচলিত আচারপদ্ধতির অধিক বিন্দুমাত্রও উল্লঙ্ঘন করিত না।

Eng.—The subjects of that king—their governor—never swerved from the course of conduct followed from the time of Manu even to the extent of a line, as the rim of a wheel does not go out of its beaten path under a skilful charioteer.

ব্যাখ্যা—দিলীপ মনু-প্রবর্তিত পদ্ধতিতেই প্রজা শাসন করিতেন। নিপুণ সারথির চালনায় রথের চক্র যেমন পূর্বক্ষুণ্ণ রেখা অতিক্রম করে না, দিলীপের শাসনকালে প্রজাবৃন্দ সেইরূপ মনু-প্রবর্তিত মার্গের বিন্দুমাত্রও অতিক্রম করিত না।

মল্লিনাথ—রেখামাত্রমিতি। নিয়ন্তুঃ শিক্ষকস্য সারথেশ্চ তস্য দিলীপস্য সম্বন্ধিন্যঃ নেমীনাং চক্রধারাণাং বৃত্তিরিব বৃত্তির্ব্যাপারো যাসাং তাঃ "চক্রধারা প্রধির্নেমিঃ" ইতি যাদবঃ। "চক্রং রথাঙ্গং তস্যান্তে নেমিঃ স্ত্রী স্যাৎ প্রধিঃ পুমান্" ইত্যমরঃ ; প্রজাঃ আ মনোঃ মনুমারভ্য ইত্যভিবিধিঃ, পদদ্বয়ং চৈতৎ, সমাসস্য বিভাষিতত্বাৎ। ক্ষুণ্ণাৎ অভ্যস্তাৎ প্রহতাচ্চ বর্ত্মনঃ আচারপদ্ধতেঃ অধ্বনশ্চ পরম্ অধিকম্ ইতস্তত ইত্যর্থঃ। রেখা প্রমাণমস্যেতি রেখামাত্রং রেখাপ্রমাণম্ ঈষদপীত্যর্থঃ। "প্রমাণে দ্বয়সজ্—"ইত্যাদিনা মাত্রচ্-প্রত্যয়ঃ। পরশব্দ—বিশেষণং চৈতৎ। ন ব্যতীয়ুঃ ন অতিক্রান্তবত্যঃ। কুশলসারথিপ্রেরিতা রথনেময় ইব তস্য প্রজাঃ পূর্ব্বক্ষুণ্ণমার্গং ন জহুরিতি ভাবঃ।

সারাংশ—যথা নেময়ঃ সারথেঃ ক্ষুণ্ণাৎ মার্গাৎ পরং রেখাপরিমাণমপি ন ব্যতিক্রামন্তি তথা প্রজা মনোরারভ্য স্ববংশপরম্পরয়া অনুষ্ঠীয়মানত্বেন রাজভিশ্চ

প্রবর্ত্যমানত্বেন অভ্যস্তাৎ তেন শাসিত্রা প্রণীয়মানাৎ বর্ণাশ্রমধর্মাৎ পরং কিঞ্চিদপি ন ব্যতিক্রমং চক্রুরিত্যর্থঃ (অরুণগিরি)।

টিপ্পনী—১। রেখামাত্রম্—'পরম্' শব্দের বিশেষণ। রেখা প্রমাণমস্য ইতি রেখা+মাত্রচ্; "প্রমাণে দ্বয়সজ্-দঘ্নচ্-মাত্রচঃ"। নেমিপক্ষে—রেখামাত্র। প্রজাপক্ষে—বিন্দুমাত্র অর্থাৎ অল্প।

২। ক্ষুণ্ণাৎ—'বর্ত্মনঃ' পদের বিশেষণ। ক্ষুদ্+ক্ত কর্মণি। তস্মাৎ। নেমিপক্ষে আহত; প্রজাপক্ষে—প্রবর্তিত।—'প্রসিদ্ধাৎ'—(চারিত্রবর্দ্ধন)।

৩। আ মনোঃ—ইহা সমস্ত পদ নহে—পৃথক্ পদ (সমাসস্য বিভাষিতত্বাৎ) মনুমারভ্য ইতি আ মনোঃ। মনু হইতে আরম্ভ করিয়া। 'আঙ্'-এর অর্থ অভিবিধি (তেন সহ)।

৪। বর্ত্মনঃ—অপাদানে ৫মী। বৃৎ+মনিন্। নেমিপক্ষে—পথ। প্রজাপক্ষে—আচারপদ্ধতি।

৫। পরম্—'ব্যতীয়ুঃ' ক্রিয়ার কর্ম। অধিক—ইতস্তত।

৬। ব্যতীয়ুঃ—কর্ত্তা 'প্রজাঃ'। বি—অতি+ইণ্+লিট্ উস্। অতিক্রম করিয়াছিল।

৭। প্রজাঃ—প্র—জন্+ড। প্রজাগণ।

৮। নিয়ন্তুঃ—সম্বন্ধে ষষ্ঠী। নি—যম্+তৃচ্। ষষ্ঠীর ১বচন। নেমিপক্ষে—সারথি। প্রজাপক্ষে—শাসক।

৯। নেমিবৃত্তয়ঃ—'প্রজাঃ' পদের বিশেষণ। নেমীনাং বৃত্তিঃ (ষষ্ঠীতৎ) নেমিবৃত্তিঃ ইব বৃত্তির্যাসাং তাঃ (উপমানগর্ভ উত্তরপদলোপী বহুব্রীহি)—চক্রধারাব্যাপারযুক্ত—অর্থাৎ চক্রধারার ন্যায়। চক্রের প্রান্তদেশকে নেমি (স্ত্রীলিঙ্গ) বলে। মল্লিনাথ দেখ। বৃৎ+ক্তিন্=বৃত্তিঃ।

বাচ্যপরিবর্ত্তন—...প্রজাভিঃ নেমিবৃত্তিভিঃ...ব্যতীয়ে।

মন্তব্য—উপমা অলঙ্কার। দিলীপের সহিত সারথির এবং প্রজাগণের সহিত চক্রধারার তুলনা করা হইয়াছে। সারাংশ দ্রষ্টব্য।

দিলীপ প্রজাগণের উন্নতির জন্যই তাহাদের নিকট হইতে কর গ্রহণ করিতেন।

প্রজানামেব ভূত্যর্থং স তাভ্যো বলিমগ্রহীত্।
সহস্রগুণমুৎস্রষ্টুমাদত্তে হি রসং রবিঃ ॥১৮॥

অন্বয়—সঃ (তিনি) প্রজানাং (প্রজাগণের) ভূত্যর্থম্ এব (উন্নতির জন্যই) তাভ্যঃ (তাহাদের নিকট হইতে) বলিম্ (কর) অগ্রহীৎ (গ্রহণ করিতেন)। রবিঃ হি (সূর্য্যদেব) সহস্রগুণম্ (সহস্রগুণ) উৎস্রষ্টুম্ (জলপ্রদানের নিমিত্তই) রসম্ (জল) আদত্তে (আকর্ষণ করিয়া থাকেন)।

বাঙ্গালা—তিনি প্রজাগণের উন্নতির জন্যই তাহাদের নিকট হইতে কর গ্রহণ করিতেন। সূর্যদেব সহস্রগুণ জলপ্রদানের নিমিত্তই জল আকর্ষণ করিয়া থাকেন।

Eng.—It was for the welfare of his subjects alone, that he collected taxes from them. For the sun sucks up moisture (from the earth) only to pour it thousand-fold.

ব্যাখ্যা—দিলীপ প্রজাগণের উন্নতির জন্যই তাহাদের নিকট হইতে কর গ্রহণ করিতেন। এই সংগৃহীত অর্থ তিনি কখনও নিজের নিমিত্ত ব্যয় করিতেন না। প্রজাদিগের নানাবিধ মঙ্গল পরিকল্পনায় তিনি সেই অর্থের সদ্‌ব্যবহার করিতেন। প্রজাগণের অর্থ প্রজাগণকেই সহস্রগুণ করিয়া দান করিতেন। সূর্যদেব দারুণ গ্রীষ্মে পৃথিবীর বক্ষ হইতে জল শোষণ করিয়া ল'ন—কিন্তু বর্ষায় সেই দগ্ধা শুষ্কা ধরিত্রীকে অবিরাম জলবর্ষণের দ্বারা সুজলা, সুফলা ও শস্যশ্যামলা করিয়া তুলেন। দিলীপও সূর্যদেবের ন্যায় যাহা গ্রহণ করিতেন তাহাই দান করিতেন, কিন্তু সেই দান তাঁহার কল্যাণ-হস্তের স্পর্শে সহস্রগুণ হইত।

মল্লিনাথ—প্রজানামিতি। স রাজা প্রজানাং ভূত্যৈ অর্থায়, ভূত্যর্থং বৃদ্ধ্যর্থমেব। অর্থেন সহ নিত্যসমাসঃ সর্বলিঙ্গতা চ বক্তব্যা ; গ্রহণক্রিয়া বিশেষণঞ্চৈতৎ। তাভ্যঃ প্রজাভ্যো বলিং ষষ্ঠাংশরূপং করম্ অগ্রহীৎ। "ভাগধেয়ঃ করো বলিঃ" ইত্যমরঃ। তথাহি রবিঃ সহস্রং গুণা যস্মিন্ কর্মণি তদ্ যথা তথা সহস্রগুণং সহস্রধা উৎস্রষ্টুং দাতুম্। উৎসর্জনক্রিয়াবিশেষণঞ্চৈতৎ। রসম্ অম্বু আদত্তে গৃহ্লাতি। "রসো গন্ধে রসে স্বাদে তিক্তাদৌ বিষরোগয়োঃ। শৃঙ্গারাদৌ দ্রবে বীর্য্যে দেহধাত্বম্বুপারদে" ইতি বিশ্বঃ।

সারাংশ। রবির্যথা গ্রীষ্মে পৃথিব্যাঃ রসং গৃহীত্বা বর্ষাসু পুনঃ সহস্রগুণমধিকং জলমভিবৃষ্য তাং শস্যশালিনীং করোতি তথা দিলীপোঽপি প্রজাভ্যঃ করং গৃহীত্বা তদুন্নতিবিধায়কৈঃ কার্য্যৈঃ তাসাং সম্পদং ততান।

টীকান্তর—"...অত্র প্রতিবস্তূপমামাহ রবিঃ সহস্রগুণং উৎস্রষ্টুং হি রসম্ আদত্তে ইতি।... 'আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ' ইতি মনুঃ।"—(নারায়ণঃ)।

"সূর্য্যো জলানি গ্রীষ্মে গৃহীত্বা বর্ষাসু বর্ষতীত্যাগমঃ। "অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" ইতি মনুঃ। এতেন কিমুক্তং স প্রজাভ্যো গৃহীতেন করেণ যজ্ঞাদিকং ততান তেন তুষ্টৈরিন্দ্রাদিভির্বৃষ্টিস্তয়ান্নং তেন প্রজাপুষ্টিরিতি পরম্পরয়া বলের্ভূত্যর্থতা।" (চারিত্রবর্দ্ধন)।

টিপ্পনী—১। ভূত্যর্থম্—'অগ্রহীৎ' ক্রিয়ার বিশেষণ। ভূত্যৈ ইদম্ ইতি ভূত্যর্থম্ (অস্বপদবিগ্রহঃ নিত্যসমাসঃ); "অর্থেন নিত্যসমাসো বিশেষ্যলিঙ্গতা চেতি বক্তব্যম্" (বা) যদ্বা ভূতিঃ অর্থঃ প্রয়োজনং যস্মিন্ কর্ম্মণি তদ্ যথা স্যাৎ (বহুব্রীহি)। মঙ্গল বা উন্নতির জন্য। অর্থ হইতে যজ্ঞ, যজ্ঞ হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে অন্ন—এইরূপে প্রজাপোষণ হইত। টীকান্তর দ্রষ্টব্য।

২। তাভ্যঃ—অপাদানে পঞ্চমী। তাহাদের নিকট হইতে।

৩। বলিম্—'অগ্রহীৎ' ক্রিয়ার কর্ম। কর (ষষ্ঠাংশরূপ)। রাজা পৃথিবী রক্ষা করেন বলিয়া পৃথিবীর উৎপন্ন দ্রব্যের ষষ্ঠ অংশ তাঁহার প্রাপ্য। কোন কোন সময়ে ভূমির উর্বরতা-অনুসারে অষ্টম কিংবা দ্বাদশ ভাগও পাইতেন।" কোন্ দ্রব্যের কি পরিমাণ অংশ রাজার প্রাপ্য সে বিষয়েও নিয়ম ছিল—"পঞ্চাশদ্ভাগ আদেয়ো রাজ্ঞা জন্তুহিরণ্যয়োঃ। ধান্যানামষ্টমো ভাগাঃ যষ্ঠো দ্বাদশ এব বা॥" (মনুসংহিতা—৭।১৩০)। ইহা ব্যতীত প্রজারক্ষণ করিয়া প্রজাদিগের ধর্মের ষষ্ঠ ভাগও রাজা পাইতেন। "সর্বতো ধর্মষড়্‌ভাগো রাজ্ঞো ভবতি রক্ষতঃ। অধর্মাদপি ষড়্‌ভাগো ভবত্যস্য হ্যরক্ষতঃ॥ (মনু-সংহিতা—৮।৩০৪)। ঋষিগণের নিকট হইতে তাঁহাদের তপস্যার ষষ্ঠ ভাগ রাজা পাইতেন। "যদুত্তিষ্ঠতি বর্ণেভ্যো নৃপাণাং ক্ষয়ি তদ্ধনম্। তপঃষড়্-ভাগমক্ষয্যং দদত্যারণ্যকা হি নঃ॥" (শাকুন্তল—২।১৩)। এইজন্য রাজাকে 'ষষ্ঠাংশবৃত্তিঃ' বলা হইত। "ষষ্ঠাংশবৃত্তেরপি ধর্ম এবঃ" (শাকুন্তল ৫।৪)।

৪। অগ্রহীৎ—কর্তা 'সঃ'। গ্রহ্+লুঙ্ দ। গ্রহণ করিতেন।

৫। সহস্রগুণম্—'উৎস্রষ্টুম্' ক্রিয়ার বিশেষণ। সহস্রং গুণা যস্মিন্ কর্মণি তদ্ যথা (বহু)—সহস্রগুণ।

৬। উৎস্রষ্টুম্— কর্ত্তা 'রবিঃ'। উৎ—সৃজ্+তুমুন্। (জল) দান করিতে।

৭। আদত্তে—কর্ত্তা 'রবিঃ'। আ—দা+লট্ তে। "আঙো দোঽনাস্য-বিহরণে" ইতি আত্মনেপদম্। গ্রহণ করে।

৮। রসং—'আদত্তে' ক্রিয়ার কর্ম। জল। মল্লিনাথ দ্রষ্টব্য।

৯। রবিঃ—'আদত্তে' ক্রিয়ার কর্তা। সূর্যদেব। সূর্য গ্রীষ্মে জল আকর্ষণ করিয়া বর্ষায় তাহা দান করে।

বাচ্যপরিবর্ত্তন—…তেন বলিরগ্রাহি……রসো রবিণা আদীয়তে।—

মন্তব্য—এই শ্লোকে প্রতিবস্তূপমা অলঙ্কার। দিলীপের সহিত সূর্যের তুলনা করা হইয়াছে। ইহাদের পরস্পরের সাদৃশ্য সাক্ষাৎ প্রতিপাদিত না হইয়া তাৎপর্য্য দ্বারা প্রতীয়মান হইতেছে। এখানে বাক্যদ্বয়ের সাধারণ ধর্ম গ্রহণরূপ এবং আদানরূপ এক ক্রিয়া হইলেও পুনরুক্তিদোষের নিবারণজন্য ভিন্ন শব্দ দ্বারা প্রতিপাদিত হইয়াছে। শ্লোক—১০ দেখ।

সৈন্য তাঁহার ভূষণমাত্র ছিল; শাস্ত্রজ্ঞান এবং ধনু—ইহাদের দ্বারাই তাঁহার প্রয়োজন সিদ্ধ হইত।

সেনা পরিচ্ছদস্তস্য দ্বয়মেবার্থসাধনম্।
শাস্ত্রেষ্বকুণ্ঠিতা বুদ্ধির্মৌর্বী ধনুষি চাততা ॥১৯॥

অন্বয়—সেনা (চতুরঙ্গ সৈন্য) তস্য (তাঁহার) পরিচ্ছদঃ (আসীৎ) (উপকরণ-স্বরূপ ছিল); শাস্ত্রেষু (শাস্ত্রে) অকুণ্ঠিতা (অব্যাহত) বুদ্ধিঃ (বুদ্ধি) ধনুষি (ধনুকে) আততা (আরোপিত) মৌর্বী (জ্যা) দ্বয়ম্ এব (এই উভয়ই) অর্থসাধনম্ (বভূব) (প্রয়োজন সাধন করিত)।

বাঙ্গালা—চতুরঙ্গ সৈন্য তাঁহার উপকরণ-স্বরূপ ছিল। শাস্ত্রে অব্যাহত বুদ্ধি এবং ধনুকে আরোপিত জ্যা—এই উভয় দ্বারাই তাঁহার প্রয়োজন সিদ্ধ হইত।

Eng.—His army was to him like paraphernalia. His means of accomplishing his objects were only two-fold: unobstructed intelligence in the S'āstras and the string fitted to his bow.

'ব্যাপৃতা' ইতি পাঠান্তরম্

ব্যাখ্যা—হস্তী, অশ্ব, রথ এবং পদাতি লইয়া যে বিরাট্ চতুরঙ্গ সৈন্য—তাহা দিলীপের ছিল। কিন্তু এই সৈন্য ছত্রচামরাদির ন্যায় তাঁহার উপকরণ মাত্র ছিল। প্রয়োজনসিদ্ধির জন্য তিনি ইহা কখনও ব্যবহার করিতেন না। তাঁহার অপ্রতিহত শাস্ত্রবুদ্ধি এবং শরাসনে আরোপিত মৌর্বী—এই দুইটি তাঁহার প্রয়োজনসাধনের পক্ষে পর্যাপ্ত ছিল। এমন কি, তাঁহাকে বাণও নিক্ষেপ করিতে হইত না—ধনুকে জ্যা আরোপিত করিলে দুষ্টগণ ভয়ে তাঁহার বশ্যতা স্বীকার করিত। ইদানীন্তন রাজগণের ন্যায় কথায় কথায় সৈন্যের সাহায্যে তাঁহাকে শান্তিস্থাপন করিতে হইত না। শাস্ত্রকে সঙ্গী লইয়া তাঁহার শৌর্যই এই পৃথিবী শাসন করিত।

মল্লিনাথ—সম্প্রতি বুদ্ধিশৌর্য্যসম্পন্নস্য তস্য অর্থসাধনেষু পরানপেক্ষত্বমাহ—সেনেতি। তস্য রাজ্ঞঃ সেনা চতুরঙ্গবলম্, পরিচ্ছাদ্যতে অনেনেতি বভূব, ছাত্রচামরাদিতুল্যমভূদিত্যর্থঃ। "পুংসি সংজ্ঞায়াং ঘঃ প্রায়েণ" ইতি ঘপ্রত্যয়ঃ। "ছাদের্ঘেঽদ্ব্যুপসর্গস্য" ইতি উপধাহ্রস্বঃ। অর্থস্য তু সাধনং দ্বয়ম্ এব, শাস্ত্রেষু অকুণ্ঠিতা অব্যাহতা বুদ্ধিঃ। 'ব্যাপৃতা' ইত্যপি পাঠঃ। ধনুষি আততা আরোপিতা মৌর্বী চ। "মৌর্বী জ্যা শিঞ্জিণীগুণঃ" ইত্যমরঃ। নীতি-পুরঃসরমেব তস্য শৌর্য্যমভূদিত্যর্থঃ।

সারাংশ—অপ্রতিহতয়া শাস্ত্রবুদ্ধ্যা অনন্যসুলভেন স্বশৌর্য্যেণ চ তস্য সর্বং প্রয়োজনমসাধ্যত। সেনাদিকং তু ছত্রচামরাদিবৎ উপকরণমাত্রমভূৎ।

টীকান্তর—"প্রভুশক্তাবপি তস্য নাত্যাদর ইত্যাহ সেনেতি। ...অত্র বাণমপহায় ধনুর্গুণোপাদানেন তন্নিনাদশ্রবণাদেব প্রতিপক্ষিণাং ভয়েন করপ্রদানং ধ্বন্যতে।" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। সেনা—'আসীৎ' এই উহ্য ক্রিয়ার কর্ত্তা। সিনোতি, সহ ইনেন (প্রভুণা) বা বর্ত্ততে ইতি সেনা। চতুরঙ্গ সৈন্য। "হস্ত্যশ্বরথপাদাতং সেনাঙ্গং স্যাচ্চতুষ্টয়ম্।"

২। পরিচ্ছদঃ—'সেনা' পদের বিধেয় বিশেষণ। উপকরণ (ছত্রচামরাদির ন্যায়)। পরিচ্ছাদ্যতে অনেন ইতি পরি—ছাদি+ঘ—"পুংসি সংজ্ঞায়াং ঘঃ প্রায়েণ"। "ছাদের্ঘেঽদ্ব্যুপসর্গস্য" ইতি উপধাহ্রস্বঃ।

৩। দ্বয়ম্—দুইটি অর্থাৎ শাস্ত্রবুদ্ধি এবং ধনুর্জ্যা। দ্বি+তয়। পক্ষে, 'দ্বিতীয়ম্'।

৪। অর্থসাধনম্—'দ্বয়ম্' পদের বিশেষণ। অর্থস্য সাধনম্ (ষষ্ঠীতৎ)। প্রয়োজনের সাধন। সাধ্যতে অনেন ইতি সাধ্+ল্যুট্ করণে সাধনম্।

৫। শাস্ত্রেষু—বিষয়াধিকরণে সপ্তমী। শাস্+ষ্ট্রন্। শাস্ত্রে।

৬। অকুণ্ঠিতা—'বুদ্ধিঃ' পদের বিশেষণ। ন কুণ্ঠিতা (নঞ্ তৎ)। অব্যাহত। অর্থাৎ যে বুদ্ধি অনায়াসে শাস্ত্রের মর্মার্থ গ্রহণ করিত। কুণ্ঠা সঞ্জাতা অস্যা ইতি—কুণ্ঠা+ইতচ্=কুণ্ঠিতা।

৭। মৌর্বী—প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা। মূর্বায়া বিকারঃ ইতি মূর্বা+অণ্—"অবয়বে চ প্রাণ্যোষধি—" "টিড্ঢাণঞ্—" ইত্যাদিনা ঙীপ্=মৌর্বী। ধনুর্গুণ। জ্যা মূর্বানামক ঘাসের দ্বারা নির্মিত বলিয়া ইহাকে 'মৌর্বী' বলা হইত।

৮। ধনুষি—অধিকরণে সপ্তমী।—ধনুকে।

৯। আততা—'মৌর্বী' পদের বিশেষণ। আ—তন্ (বিস্তারে)+ক্ত, স্ত্রিয়ামাপ্। বিস্তৃত অর্থাৎ আরোপিত।

বাচ্যপরিবর্ত্তন—সেনয়া পরিচ্ছদেন (অভূয়ত)। দ্বয়েন অর্থসাধনেন। অকুণ্ঠিতয়া বুদ্ধ্যা। আততয়া মৌর্ব্যা।

দিলীপ সর্বদা মন্ত্রগুপ্তি রক্ষা করিতেন।

তস্য সংবৃতমন্ত্রস্য গূঢ়াকারেঙ্গিতস্য চ।

ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ সংস্কারাঃ প্রাক্তনা ইব ॥২০॥

অন্বয়—সংবৃতমন্ত্রস্য (যিনি অতি গোপনে মন্ত্রণা করিতেন) গূঢ়াকারেঙ্গিতস্য (আকার ইঙ্গিতে যাঁহার হৃদয়ের ভাব প্রকাশ পাইত না) চ তস্য (তাঁহার) প্রারম্ভাঃ (কার্য্যপদ্ধতি) প্রাক্তনাঃ (জন্মান্তরীণ) সংস্কারা ইব (সংস্কারের ন্যায়) ফলানুমেয়াঃ (ফলদর্শনেই অনুমিত হইত)।

বাঙ্গালা—তিনি অতি গোপনে মন্ত্রণা করিতেন এবং আকার ও ইঙ্গিতে তাঁহার হৃদয়ের ভাব প্রকাশ পাইত না; সেইজন্য তাঁহার কার্যপদ্ধতি জন্মান্তরীণ সংস্কারের ন্যায় কেবল ফলদর্শনেই অনুমিত হইত।

Eng.—The political measures of that king whose policy was secret and whose attitudes and gestures were unfathomable, could only be inferred from the results they put forth just like the impressions of the deeds of former life.

ব্যাখ্যা—দিলীপ অতি গোপনে মন্ত্রণা করিতেন। তাঁহার আকার ও ইঙ্গিতের দ্বারা তাঁহার হৃদয়ের ভাব কখনই প্রকাশ পাইত না। তাঁহার মুখের ভ্রূকুটি দেখিয়া শোক কিংবা প্রসন্নতা দেখিয়া হর্ষের অনুমান করিতে পারা যাইত না। তাঁহার হৃদয়ের অন্তর্নিহিত ভাবকে তিনি সর্বদা গোপনে রক্ষা করিতেন এবং কোন উপায়েই তাহা ব্যক্ত করিতেন না। সেইজন্য তাঁহার প্রযুক্ত সামদানাদি উপায়গুলি পূর্বে কেহই জানিতে পারিত না। কেবলমাত্র কার্য ও ফল দেখিয়া কারণের অনুমান করা হইত। দিলীপের কার্যপদ্ধতি যেন জন্মান্তরীণ সংস্কারের ন্যায় ছিল। পূর্বজন্মের কর্মবাসনা লইয়াই আমরা জন্মগ্রহণ করিয়া থাকি। পূর্ব-জন্মে যে সমস্ত কর্ম করা হইয়াছে তাহার সংস্কার বা বাসনা সতীসাধ্বী স্ত্রীর ন্যায় জীবাত্মাকে জন্ম হইতে জন্মান্তরে অনুসরণ করে। তাই এ জন্মে যাহার যে বিষয়ে প্রবণতা দেখা যায় তাহা তাহার পূর্বজন্মের কৃত কার্যেরই ফল বলিয়া আমরা ধরিয়া লই। সুতরাং জন্মান্তরীণ সংস্কার যেমন গূঢ়ভাবে আমাদের মধ্যে অবস্থান করিয়া কেবল ফলের দ্বারাই অনুমেয় হইয়া আছে, দিলীপের গোপন মন্ত্রণাও সেইরূপ অতিযত্নে সংরক্ষিত হইয়া কেবল ফলের দ্বারাই অনুমিত হইত। দিলীপের মন্ত্রণা ছিদ্রপথে কখনও বাহিরে প্রকাশ পাইত না।

মল্লিনাথ—রাজ্যমূলং মন্ত্রসংরক্ষণং তস্যাসীদিত্যাহ—তস্যেতি। সংবৃতমন্ত্রস্য গুপ্তবিচারস্য "বেদভেদে গুপ্তবাদে মন্ত্রঃ" ইত্যমরঃ। শোকহর্ষাদিসূচকো ভ্রূকুটি-মুখরাগাদিরাকারঃ, ইঙ্গিতং চেষ্টিত হৃদয়গতবিকারো বা। "ইঙ্গিতং হৃদগতো ভাবো বহিরাকার আকৃতিঃ" ইতি সজ্জনঃ। গূঢ়ে আকারেঙ্গিতে যস্য স্বভাব-চাপলাদ্ ভ্রমপরম্পরয়া মুখরাগাদিলিঙ্গৈর্বা অতৃতীয়গামিমন্ত্রস্য তস্য, প্রারভ্যন্তে ইতি প্রারম্ভাঃ সামাদ্যুপায় প্রয়োগাঃ; প্রাগিত্যব্যয়েন পূর্বজন্ম উচ্যতে তত্র ভবাঃ প্রাক্তনাঃ। সায়ং চিরম্—ইত্যাদিনা ট্যুল্ প্রত্যয়ঃ। সংস্কারাঃ পূর্বকর্মবাসনা ইব ফলেন কার্য্যেণ অনুমেয়াঃ অনুমাতুং যোগ্যা আসন্। অত্র যাজ্ঞবল্ক্যঃ—মন্ত্রমূলং যতো রাজ্যমতো মন্ত্রং সুরক্ষিতম্। কুর্য্যাদ্ যথা তন্ন বিদুঃ কর্মণামা ফলোদয়াৎ॥ ইতি।

মল্লিটীকা—"অত্র…আফলোদয়াৎ"—যাজ্ঞবল্ক্য বলেন যে রাজ্য মন্ত্রণামূলক; সেইজন্য মন্ত্রণাকে সর্বদা সুরক্ষিত রাখিতে হয়, যাহাতে ফলোদয়ের পূর্বে তাহা কেহ না জানিতে পারে।

সারাংশ—যথা পূর্বজন্মকৃতং সুকৃতং দুষ্কৃতং বা ইহজন্মনি প্রাপ্তসুখদুঃখরূপেণ ফলেনৈব অনুমাতুং শক্যতে তথৈবাস্যাপি প্রারব্ধং কার্য্যং ফলদর্শনেনৈব অন্যৈ অনুমিয়ন্তি স্ম।

টীকান্তর—"……অত্র কামন্দকঃ—'যস্য মন্ত্রঃ সুবিহিতো যস্যাকারঃ সুসংবৃতঃ। তস্য ছিদ্রং ন পশ্যন্তি নিত্যোদ্যুক্তাশ্চ শত্রবঃ॥'" ইতি। (নারায়ণঃ)।

টিপ্পনী—১।—তস্য—শেষে ষষ্ঠী। তাঁহার অর্থাৎ দিলীপের।

২। সংবৃতমন্ত্রস্য—'তস্য' পদের বিশেষণ। সংবৃতঃ (গুপ্তঃ) মন্ত্রঃ যস্য সঃ (বহুব্রীহি) তস্য। যিনি গোপনে মন্ত্রণা করিতেন। দুইজনে মন্ত্রণা করা শাস্ত্রবিহিত ছিল। "ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রস্তথা প্রাপ্তশ্চ বার্ত্তয়া। ইত্যাত্মনা দ্বিতীয়েন মন্ত্রঃ কার্য্যো মহীভৃতা॥". "গিরিপৃষ্ঠং সমারুহ্য প্রাসাদং বা রহোগতঃ। অরণ্যে নিঃশলাকে বা মন্ত্রয়েদবিভাবিতঃ॥ যস্য মন্ত্রং ন জানন্তি সমাগম্য পৃথক্ জনাঃ। স কৃৎস্নাং পৃথিবীং ভুঙ্‌ক্তে কোষহীনোঽপি পার্থিবঃ॥"। (মনুসংহিতা)। —সম্—বৃ+ক্ত=সংবৃত।

৩। গূঢ়াকারেঙ্গিতস্য—'তস্য' পদের বিশেষণ। আকারশ্চ ইঙ্গিতঞ্চ (দ্বন্দ্ব) =আকারেঙ্গিতে, গূঢ়ে আকারেঙ্গিতে যস্য সঃ (বহুব্রীহি) তস্য। যাঁহার আকার ও ইঙ্গিতে হৃদয়ের ভাব প্রকাশ পাইত না। অভিপ্রায়ের অনুরূপ চেষ্টাকে 'ইঙ্গিত' বলে এবং বাহ্য আকৃতিকে 'আকার' বলে। "ইঙ্গিতং হৃদ্‌গতো ভাবো বহিরাকার আকৃতিঃ" (সজ্জনঃ)।

"আকারোঽন্তর্বিকার সূচকেন ভ্রূকুটিললাটাদিঃ। ইঙ্গিতং চিত্তগতাবিষ্কৃতিঃ" (চারিত্রবর্দ্ধন)। টীকাকার চারিত্রবর্দ্ধনের মতে আর একটি বিশ্লেষণও সম্ভব— "যদ্বা। গূঢ়াকারং গুপ্তস্বরূপং ইঙ্গিতং যস্য স তথা।" আ—কৃ+ঘঞ্=আকারঃ। গুহ+ক্ত=গূঢ়ঃ।

৪। ফলানুমেয়াঃ—'প্রারম্ভাঃ' এবং 'সংস্কারাঃ' পদের বিধেয় বিশেষণ। ফলৈঃ অনুমেয়াঃ (তৃতীয়া তৎ) ফলের দ্বারা অনুমিত হইত। অনুমাতুঃ যোগ্যাঃ ইতি অনুমেয়াঃ—অনু—মা+যৎ, কর্মণি।

৫। প্রারম্ভাঃ—'আসন্'—এই উহ্য ক্রিয়ার কর্তা। সাম, দান, ভেদ ও দণ্ড —এই চতুর্বিধ উপায়ের প্রয়োগ। কার্যপদ্ধতি। প্র—আ—রভ্+ঘঞ্= প্রারম্ভাঃ।

৬। সংস্কারাঃ—'প্রারম্ভাঃ'—এই উপমেয়ের উপমান। সম্—কৃ+ঘঞ্= সংস্কারঃ। "সংপরিভ্যাং করোতৌ ভূষণে" "সমবায়ে চ"—ইতি সূত্র। বাসনা (প্রমুষ্টতত্ত্বাকস্মৃতিরূপা)।—প্রত্যেক কর্ম আমাদের মনে রেখাপাত করে। এই মনের দাগকে সংস্কার বলে। মানুষের মনে অনাদি জন্মের সংস্কার রহিয়াছে।

৭। প্রাক্তনাঃ—'সংস্কারাঃ' পদের বিশেষণ। জন্মান্তরীণ। প্রাগ (পূর্বজন্মনি) ভবাঃ ইতি প্রাক্+ট্যুল্, তুট চ। "সায়ংচিরংপ্রাহ্নে প্রগেঽব্যয়েভ্যষ্ট্যুট্যুলৌ তুট্ চ" (সূত্র)।

বাচ্যপরিবর্ত্তন—...ফলানুমেয়ৈঃ প্রারম্ভৈঃ সংস্কারৈঃ প্রাক্তনৈঃ (অভূয়ত)।

মন্তব্য—উপমা অলঙ্কার। উপায়ের সহিত জন্মান্তরীণ সংস্কারের তুলনা করা হইয়াছে।

ব্যাখ্যা দেখ। এই শ্লোকের অনুরূপ ভাব—

"মহীভৃতাং সচ্চরিতৈশ্চরৈঃ ক্রিয়াঃ স বেদ নিঃশেষমশেষিতক্রিয়ঃ।
মহোদয়ৈস্তস্য হিতানুবন্ধিভিঃ প্রতীয়তে ধাতুরিবেহিতং ফলৈঃ॥"

(কিরাতার্জ্জুনীয়—১।২০)

"পরেষু স্বেষু চ ক্ষিপ্তৈরবিজ্ঞাতপরস্পরৈঃ।
সোঽপসর্পৈর্জজাগার যথাকালঃ স্বপন্নপি॥"

(রঘুবংশ—১৭।৫১)।

**জুগোপাত্মানমত্রস্তো ভেজে ধর্মমনাতুরঃ।
অগৃধ্নুরাদদে সোঽর্থমসক্তঃ সুখমন্বভূত্॥২১॥**

অন্বয়—সঃ (তিনি অর্থাৎ দিলীপ) অত্রস্তঃ (সন্) (ভীত না হইয়াও) আত্মানং (স্বদেহকে) জুগোপ (রক্ষা করিতেন) অনাতুরঃ (সন্) (রোগাক্রান্ত না হইয়াও) (ধর্মং) ভেজে (অনুষ্ঠান করিতেন); অগৃধ্নুঃ (সন্) (লোভ পরিত্যাগ করিয়া) অর্থম্ (অর্থ) আদদে (গ্রহণ করিতেন); অসক্তঃ (সন্) (আসক্তিহীন হইয়া) সুখম্ (বিষয়সুখ) অন্বভূৎ (উপভোগ করিতেন)।

বাঙ্গালা—তিনি ভীত না হইয়াও আত্মরক্ষা করিতেন; রোগাক্রান্ত না হইয়াও ধর্মানুষ্ঠান করিতেন; নির্লোভ হইয়া অর্থ গ্রহণ করিতেন এবং আসক্তি-হীন হইয়া বিষয়সুখ উপভোগ করিতেন।

Eng.—He kept a guard about his body though not afraid; he practised religious exercise even when he was not ill. Free from greed he sought wealth and he enjoyed pleasures without being attached to them.

ব্যাখ্যা—লোকে ভীত হইয়াই স্ব-শরীরকে রক্ষা করিয়া থাকে, কিন্তু দিলীপ ভীত না হইয়াও নিজ দেহকে রক্ষা করিতেন, কারণ তিনি জানিতেন যে শরীরই ধর্মানুষ্ঠানের প্রধান সাধন। লোকে রোগাক্রান্ত হইয়াই ঈশ্বর-ভজনা ও ধর্মকর্মাদি করিয়া থাকে। কিন্তু দিলীপ অরুগ্ন হইয়াও ধর্মানুষ্ঠান করিতেন, কারণ ধর্মপরায়ণতাই তাঁহার স্বভাব ছিল। তিনি লোভশূন্য হইয়া অর্থগ্রহণ করিতেন এবং আসক্তিশূন্য হইয়া সুখভোগ করিতেন। এক কথায় তিনি ছিলেন আদর্শ নিষ্কাম কর্মযোগী।

মল্লিনাথ—সম্প্রতি সামান্যোপায়ান্ বিনৈব আত্মরক্ষাদিকং কৃতবান্ ইত্যাহ জুগোপেতি। অত্রস্তঃ অভীতঃ সন্ "ত্রস্নৌ ভীরু-ভীরুক-ভীলুকা" ইত্যমরঃ। ত্রাসোপাধিমন্তরেণৈব ত্রিবর্গসিদ্ধেঃ প্রথমসাধনত্বাদ্ এব আত্মানং শরীরং জুগোপ রক্ষিতবান্ ইত্যর্থঃ। অনাতুরঃ অরুগ্ন এব ধর্মং সুকৃতং ভেজে অর্জিতবানিত্যর্থঃ। অগৃধ্নুঃ অগর্দ্ধনশীল এব অর্থমাদদে স্বীকৃতবান্। "গৃধ্নুস্তু গর্দ্ধনঃ। লুব্ধোঽভিলাষুকস্তৃষ্ণক্ সমৌ লোলুপলোলুভৌ" ইত্যমরঃ। "ত্রসিগৃধি-ধৃষিক্ষিপেঃ ক্নুঃ" ইতি ক্নু প্রত্যয়ঃ। অসক্তঃ আসক্তিরহিত এব সুখমন্বভূৎ।

মল্লিটীকা—"ত্রাসোপাধি······জুগোপ"। ভয়ের কারণ না থাকিলেও ধর্ম-অর্থ-কাম এই ত্রিবর্গের সিদ্ধিবিষয়ে শরীরই প্রধান সহায়—কেবল এই বুদ্ধিতেই তিনি স্ব-শরীরকে রক্ষা করিয়া চলিতেন।

সারাংশ—দিলীপঃ ভয়লোভরোগাদিকারণরহিতঃ সন্ আত্মনঃ কর্ত্তব্যবুদ্ধ্যা এব আত্মরক্ষণ-ধর্মাচরণ-ধনোপার্জন-সুখসেবনানি অকরোৎ।

টিপ্পনী। ১। জুগোপ—কর্ত্তা 'সঃ'। গুপ্ (রক্ষণে) + লিট্ ণল্ (অ)। রক্ষা করিতেন।

আত্মানম্—'জুগোপ' ক্রিয়ার কর্ম। শরীরকে।

অত্রস্তঃ—'সঃ' পদের বিশেষণ। ন ত্রস্তঃ (নঞ্ তৎ)। ভীত ন এস্থলে নঞ্ পর্যুদাসার্থক, প্রসজ্যপ্রতিষেধার্থক নহে। মন্তব্য দেখ। ত্রস্ + ক্ত = ত্রস্ত।

ভেজে—কর্ত্তা 'সঃ'। ভজ্ + লিট্ এ। অনুষ্ঠান করিতেন।

ধর্মম্—'ভেজে' ক্রিয়ার কর্ম। ধৃ + মন্। ধর্ম।

অনাতুরঃ—'সঃ' পদের বিশেষণ। ন আতুরঃ (নঞ্ তৎ)। অরুগ্ন হইয়া। সাধারণতঃ লোকে রুগ্ন হইয়াই ধর্মকার্যাদি করিয়া থাকে। "রোগী চ দেবতাভক্তঃ।"

এস্থলেও নঞ্ পর্য্যুদাসার্থক। মন্তব্য দেখ। আ তুতোর্ত্তি ইতি আ—তুর (ত্বরণে, হ্বাদি) +ক=আতুরঃ।

৭। অগৃধ্নুঃ—'সঃ' পদের বিশেষণ। ন গৃধ্নুঃ (নঞ্‌তৎ)। লোভহীন। গৃধু+ক্নু তাচ্ছিল্যে—"ত্রসিগৃধিধৃষিক্ষিপেঃ ক্নুঃ"=গৃধ্নুঃ। এস্থলেও নঞ পর্য্যুদাসার্থক। মন্তব্য দেখ।

৮। আদদে—কর্ত্তা 'সঃ'। আ—দা+লিট্ এ। "আঙোদোঽনাস্য-বিহরণে" ইত্যাত্মনেপদম্। গ্রহণ করিতেন।

৯। অর্থম্—'আদদে' ক্রিয়ার কর্ম। অর্থ—ধনরত্নাদি।

১০। অসক্তঃ—'সঃ' পদের বিশেষণ। ন সক্তঃ (নঞ্‌তৎ)। আসক্তি-হীন হইয়া। সঞ্জ্+ক্ত=সক্তঃ। এস্থলেও নঞ্ পর্য্যুদাসার্থক। মন্তব্য দেখ।

১১। সুখম্—'অন্বভূৎ' ক্রিয়ার কর্ম। বিষয়সুখ।

১২। অন্বভূৎ—কর্ত্তা 'সঃ'। অনু—ভূ+লুঙ্ দ। উপভোগ করিতেন।

বাচ্যপরিবর্ত্তন—তেন অত্রস্তেন আত্মা জুগুপে, অনাতুরেণ ধর্মঃ, অগৃধ্নুনা অর্থঃ অসক্তেন অন্বভাবি।

মন্তব্য—এই শ্লোকে 'বিভাবনা' অলঙ্কার। যেখানে কারণ ব্যতিরেকে কার্যের উৎপত্তি হয় তাহা বিভাবনা। "বিভাবনা বিনা হেতুং কার্য্যোৎপত্তি-র্যদুচ্যতে" (সাহিত্যদর্পণ—১০।৮৭)। আত্মরক্ষার কারণ না থাকা সত্বেও দিলীপ আত্মরক্ষা করিতেন। এই শ্লোকে দিলীপ সাত্ত্বিক কর্তারূপে বর্ণিত হইয়াছেন।

"মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ। সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে॥" (শ্রীমদ্ভগবদ্গীতা—১৮।২৬)।

কাব্যপ্রকাশ, সাহিত্যদর্পণ, প্রভৃতি অলঙ্কারগ্রন্থের দোষবিচারে কালি-দাসের এই শ্লোকটি উল্লিখিত হইয়াছে। 'অত্রস্তঃ', 'অনাতুরঃ', 'অগৃধ্নুঃ' এবং 'অসক্তঃ'—এই চারিটি নঞ্ পর্য্যুদাস না প্রসজ্য প্রতিষেধ—ইহাই বিচার্য বিষয়। যেখানে বিধি প্রধান ও নিষেধ গৌণ, সেইস্থলে নঞ্ পর্য্যুদাস জানিতে হইবে। ("প্রধানত্বং বিধের্যত্র প্রতিষেধেঽপ্রধানতা। পর্য্যুদাসঃ স বিজ্ঞেয়ো যত্রোত্তরপদেন নঞ্॥")। সুতরাং সমাসস্থলেই নঞ্ পর্য্যুদাস হইয়া থাকে। এই পর্য্যুদাস নঞ্ ছয় প্রকার—"তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং

বিবোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ ॥" । আর যেখানে বিধি অর্থাৎ নঞ্-সমভিব্যাহৃত পদার্থ অপ্রধান এবং নঞর্থ প্রধান হইবে এবং নঞের ক্রিয়ার সহিত অন্বয় হইবে সেইখানে নঞ্ প্রসজ্যপ্রতিষেধ। ("অপ্রাধান্যং বিধের্যত্র প্রতিষেধে প্রধানতা। প্রসজ্যপ্রতিষেধোঽসৌ ক্রিয়যা সহ যত্র নঞ্ ॥") অতএব অসমাসস্থলেই নঞ্ প্রসজ্যপ্রতিষেধ হইয়া থাকে। ('ন চ সমাসে নঞঃ প্রসজ্যপ্রতিষেধোঽর্থঃ কিন্তু পর্যুদাস এব"—প্রদীপ) যেমন—"নবজলধরঃ সন্নদ্ধোঽয়ং ন দৃপ্তনিশাচরঃ" (বিক্রমোর্বশীয়) এই বাক্যের মধ্যে বিধেয় অংশই উপাদেয়, সুতরাং তাহাব প্রধানভাবেই উল্লেখ আবশ্যক। কিন্তু তাহাব প্রধানভাবে উল্লেখ না করিয়া অপ্রধানভাবে উল্লেখ কবিলে 'অবিমৃষ্টবিধেয়াংশত্ব' বা 'বিধেযাবিমর্শ' দোষ হয়। যেমন 'আসমুদ্রক্ষিতীশানাং' (শ্লোক—৫) এস্থলে 'আসমুদ্রং' এইপ্রকার উল্লেখ আবশ্যক, কাবণ ক্ষিতিব সমুদ্র পর্যন্ত বিস্তাবই এখানে বিধেয়।

বর্তমান শ্লোকে 'অত্রস্তঃ' ইত্যাদি স্থলে অত্রস্ততা প্রভৃতিকে উদ্দেশ্য করিয়া আত্মরক্ষা প্রভৃতিকে বিধেয় করা হইযাছে— অতএব এস্থলে নঞ্ পর্যুদাস এবং তাহাকে সমাসে অপ্রধান কবা যুক্তিযুক্ত হইযাছে; ("হত্যত্র অত্রস্তত্বাদ্যনুবাদেন আত্মগোপনাদি বিধেযম"—কাব্যপ্রকাশ) এবং এখানে 'অবিমৃষ্টবিধেযাংশত্ব' দোষ হয় নাই।

অনেকে বলিয়া থাকেন যে প্রসজ্যপ্রতিষেধেও নঞ্-সমাস হয়, যেমন 'অশ্রাদ্ধভোজী ব্রাহ্মণঃ' কিংবা 'অসূর্য্যম্পশ্যা বাজদাবাঃ'। কিন্তু এই মত সম্পূর্ণ ভ্রান্ত। কাবণ সেখানে নঞেব সহিত ভোজনরূপ ক্রিয়াব সম্বন্ধ প্রতীয়মান না হইযা শ্রাদ্ধভোজনশীল কর্ত্তার সম্বন্ধই প্রতীযমান হইয়াছে। অতএব সেখানে নঞ্ পর্য্যুদাস এবং উহার সহিত সমাস দোষাবহ নহে।

টীকাকার চারিত্রবর্দ্ধন অত্রস্তাদি পদের নঞ্‌কে প্রসজ্যপ্রতিষেধ ধরিয়াছেন। কিন্তু ইহা অলঙ্কার-সম্প্রদাযসিদ্ধ নহে বলিযা আমরা তাঁহার সহিত একমত হইতে পারিলাম না। "অত্রস্ত ইত্যাদৌ প্রসজ্যপ্রতিষেধে নঞ্-সমাসশ্চিন্ত্যঃ……তস্য পর্য্যুদাস এবেষ্টত্বাৎ। যদ্বা কচিৎ প্রসজ্যপ্রতিষেধেঽপীষ্টত্বাৎ ন দোষঃ" (চারিত্রবর্দ্ধন)।

অবশ্য, পাণিনি ব্যাকরণে প্রসজ্যপ্রতিষেধেও নঞ্-সমাস অঙ্গীকৃত হইয়াছে; যেমন "অকর্ত্তরি চ কারকে সংজ্ঞায়াম্" (৩।৩।১৯) "আদেচ উপদেশেঽশিতি" (৬।১।৪৯)। কিন্তু কালিদাসের এই শ্লোকে নঞ্‌কে প্রসজ্যপ্রতিষেধ,

করিবার কোন ন্যায়-সঙ্গত কারণ দেখা যায় না। তবে Kāle বলেন—"the author of the K. P. and his commentators seem to take the negation in অত্রস্ত etc. as পর্য্যুদাস or unemphatic, by the general principle, that if a word enters into a compound it is subordinated and cannot, therefore, be emphasised (সমাসে গুণীভূতত্বাদপ্রাধান্যম্)। But, this takes largely from the beauty of the s'loka ; the নঞ্ here must be taken as emphatic since in the negation of these attributes lies the superiority of Dilipa over other princes.) The general principle explained above, does not hold good in every case. Pānini himself is often found compounding an emphatic নঞ্ and Vāmana while commenting on Pān III 3. 19. remarks "প্রসজ্যপ্রতিষেধেঽপি সমাসোঽস্তি"। The নঞ্ here, therefore, ought to be taken as প্রসজ্যপ্রতিষেধ and not as "পর্য্যুদাস"।

দিলীপের মধ্যে পরস্পর-বিরুদ্ধ গুণের সমন্বয় ছিল।

জ্ঞানে মৌনং ক্ষমা শক্তৌ ত্যাগে শ্লাঘাবিপর্য্যয়ঃ।
গুণা গুণানুবন্ধিত্বাত্তস্য সপ্রসবা ইব ॥২২॥

অন্বয়—জ্ঞানে (সতি) (পরবৃত্তান্ত জানিতে পারিলেও) মৌনং (মৌনী হইয়া থাকিতেন) শক্তৌ (শক্তি থাকিলেও) ক্ষমা (ক্ষমা করিতেন) ত্যাগে (দান করিয়া) শ্লাঘাবিপর্য্যয়ঃ (শ্লাঘা করিতেন না), (অতএব) তস্য (তাঁহার) গুণাঃ (গুণসকল) গুণানুবন্ধিত্বাৎ (বিরুদ্ধ গুণের সাহচর্য্যবশতঃ) সপ্রসবা ইব (যেন পরস্পর সহোদরের ন্যায়) বভূবুঃ (থাকিত)।

বাঙ্গালা—তিনি পরবৃত্তান্ত জানিতে পারিলেও মৌনী হইয়া থাকিতেন; (প্রতিকারের) শক্তি থাকিলেও (অপরাধ) ক্ষমা করিতেন; দান করিয়া শ্লাঘা করিতেন না; সুতরাং তাঁহার গুণসকল বিরুদ্ধ গুণের সাহচর্যবশতঃ, যেন পরস্পর সহোদরের ন্যায় থাকিত।

Eng.—In him there was knowledge conjoined to silence, power graced by forgiveness, and charity, free from self-

dulation—in fact, his virtues (mutually antagonistic) from
utual association seemed to have sprung from one and the
me source.

ব্যাখ্যা—দিলীপের মধ্যে পরস্পর বিরুদ্ধগুণের সমন্বয় ছিল। হস্তী, সিংহ
ভৃতি বন্য জন্তুগণ যেমন শান্তরসাস্পদ সিদ্ধাশ্রমে পরস্পর বিরোধ পরিত্যাগ
রিয়া বাস করে, সেইরূপ পরস্পরবিরুদ্ধ জ্ঞান মৌন প্রভৃতি গুণসমূহ দিলীপকে
াশ্রয় করিয়া পরস্পরের স্বাভাবিক বিরোধ পরিহার করিয়াছিল। তাই তিনি
রবৃত্তান্ত জানিতে পারিলেও মৌনী হইয়া থাকিতেন। কেবল যথাকালে তাহা
ক্ত করিতেন। জ্ঞান ও মৌন একাধারে বিরল; জ্ঞান থাকিলেই মানুষ
াহা প্রকাশ করে, সংযত-বাক্ হইয়া থাকে না। কিন্তু দিলীপের মধ্যে তাহা
ল না। শক্তি থাকিলেই তাহার প্রয়োগ-ইচ্ছা প্রবল হইয়া উঠে কিন্তু
লীপ শক্তিমান্ হইয়াও অপরাধ ক্ষমা করিতেন। সাধারণতঃ, লোকে দান
রিয়া নিজে এবং পরের দ্বারা সে দানের কথা প্রকাশ করে, কিন্তু দিলীপ দান
রিয়া কখনও শ্লাঘা করিতেন না। এইরূপে পরস্পরবিরুদ্ধ গুণগুলি বিরোধ
লিয়া তাঁহার মধ্যে পরস্পর সহোদরের ন্যায় অবস্থান করিত।

মল্লিনাথ—পরস্পরবিরুদ্ধানামপি গুণানাং তত্র সাহচর্য্যমাসীদিত্যাহ—জ্ঞান
তি। জ্ঞানে পরবৃত্তান্তজ্ঞানে সত্যপি মৌনং বাঙ্নিয়মনং, যথাহ কামন্দকঃ—
াপোপতাপি বচনং মৌনব্রতচরিষ্ণুতে"তি। শক্তৌ প্রতীকারসামর্থ্যেঽপি
মা অপকারসহনম্। 'অত্র চাণক্যঃ—"শক্তানাং ভূষণং ক্ষমেতি"। ত্যাগে
তরণে সত্যপি শ্লাঘায়া বিকত্থনস্য বিপর্য্যয়ঃ অভাবঃ। অত্রাহ মনুঃ—"ন দত্বা
রিকীর্ত্তয়ে' দিতি। ইত্থং তস্য গুণা জ্ঞানাদয়ঃ গুণৈর্বিরুদ্ধৈর্মৌনাদিভিঃ
নুবন্ধিত্বাৎ সহচারিত্বাৎ সহ প্রসবো জন্ম যেষাং তে সপ্রসবাঃ সোদরা ইব
ভূবন্ বিরুদ্ধা অপি গুণাস্তস্মিন্ অবিরোধেনৈব স্থিতা ইত্যর্থঃ।

সারাংশ—প্রায়েণ হি বিদ্বৎসু বাচালত্বং, সমর্থেষু ক্ষমাভাবঃ, দাতৃষু
াত্মশ্লাঘা দৃশ্যতে; দিলীপে তু পরস্পরবিরুদ্ধা জ্ঞানমৌনাদয়ঃ গুণাঃ
বিরোধেনৈব স্থিতাঃ।

টীকান্তর—"অথ কেষাঞ্চিদ্ গুণানাং মিথোবিরোধে সত্যপি সমাবেশং
স্মিন্ সিদ্ধাশ্রমন্তেব তস্য কশ্চিদেবানুভাব ইতি দর্শয়তি। জ্ঞান ইতি।
ানিমুচিতাবসরে ভাষণম্।"—(অরুণগিরিঃ)।

টিপ্পনী—১। জ্ঞানে—জ্ঞায়তে অনেন ইতি জ্ঞা+ল্যুট্ করণে=জ্ঞানম্ তস্মিন্। Kāle মহাশয়ের মতে অনাদরে সপ্তমী।

২। মৌনম্—প্রাতিপদিকার্থমাত্রে ১মা। মুনেঃ কর্ম ভাবো বা ইতি মুনি+অণ্। এস্থলে 'মৌন' শব্দের অর্থ 'অভাষণ' নহে; কিন্তু 'উচিতাবসরে ভাষণম্'—টীকান্তর দ্রষ্টব্য।

Cf. "হৃদি বিদ্ধ ইবাত্যর্থং যয়া সন্তপ্যতে জনঃ। পীড়িতোঽপি হি মেধাবী ন তাং বাচমুদীরয়েৎ॥" (Quoted by Kāle)।

৩। ক্ষমা—ক্ষম্+অঙ্ (ভাবে) স্ত্রিয়াম্। পরদোষসহিষ্ণুতা। শক্তিমানের ক্ষমা ভূষণ হইয়া থাকে।

৪। শক্তিঃ—শক্+ক্তিন্। প্রতীকারসামর্থ্য।

৫। ত্যাগে—ত্যজ্+ঘঞ্। অর্থাৎ দান।

৬। শ্লাঘাবিপর্য্যযঃ—শ্লাঘায়াঃ বিপর্য্যয়ঃ (ষষ্ঠীতৎ)। শ্লাঘা অর্থাৎ গর্বের অভাব। বি-পরি-ই+অচ্। দান করিয়া কীর্তন করিতে নাই—ইহাই শাস্ত্রের নিয়ম।

৭। গুণাঃ—'বভূবুঃ' এই উহ্য ক্রিয়ার কর্তা। জ্ঞান, শক্তি, ত্যাগ।

৮। গুণানুবন্ধিত্বাৎ—হেতৌ পঞ্চমী। গুণান্ (বিরুদ্ধমৌনাদিগুণান্) অনুবন্ধুং শীলং যেষাং তে ইতি গুণ—অনু—বন্ধ+ণিনি (তাচ্ছীল্যে) ইতি গুণানুবন্ধিনঃ, তেষাং ভাবঃ ইতি গুণানুবন্ধিত্বম্। বিরুদ্ধ গুণের সাহচর্য্যবশতঃ।

৯। প্রসবাঃ—'গুণাঃ' পদের বিশেষণ। সহোদরের ন্যায়। সমানঃ (অথবা সদৃশঃ) প্রসবঃ (জন্ম) যেষাং তে (বহুব্রীহি)। সহপ্রসবাঃ, সপ্রসবাঃ (বিকল্পে) (বোপসর্জনস্য)।

বাচ্যপরিবর্ত্তন—মৌনেন, ক্ষময়া, শ্লাঘাবিপর্য্যয়েণ, গুণৈঃ সপ্রসবৈঃ।

মন্তব্য—উৎপ্রেক্ষা অলঙ্কার।

দিলীপ তরুণ হইলেও বৃদ্ধগুণসম্পন্ন ছিলেন।

অনাকৃষ্টস্য বিষযৈর্বিদ্যানাং পারদৃশ্বনঃ।
তস্য ধর্মরতেরাসীদ্ বৃদ্ধত্বং জরসা বিনা ॥২৩॥

অন্বয়—বিষয়ৈঃ (বিষয়সুখের) অনাকৃষ্টস্য (অবশীভূত) বিদ্যানাং (নিখিল বিদ্যার) পারদৃশ্বনঃ (পারদর্শী) ধর্মরতেঃ (ধর্মানুরক্ত) তস্য (তাঁহার, অর্থা

দিলীপের) জরসা (জরা) বিনা (ব্যতিরেকে) বৃদ্ধত্বম্ (বার্দ্ধক্য) আসীৎ (হইয়াছিল)।

বাঙ্গালা—বিষয়সুখের অবশীভূত, নিখিলবিদ্যায় পারদর্শী এবং ধর্মানুরক্ত তাঁহার (দিলীপের) জরা ব্যতিরেকে বার্দ্ধক্য হইয়াছিল।

Eng.—Unattracted by worldly enjoyments, a master of all the branches of learning this virtuous king had all the wisdom of age without its infirmities.

ব্যাখ্যা—দিলীপ বয়সে যুবা হইলেও বৃদ্ধগুণসম্পন্ন ছিলেন। বৃদ্ধত্ব চারিপ্রকার—বৈরাগ্যবৃদ্ধত্ব, জ্ঞানবৃদ্ধত্ব, শীলবৃদ্ধত্ব এবং বয়োবৃদ্ধত্ব। দিলীপ বিষয়সুখে আকৃষ্ট হইতেন না—তাই তাঁহার বৈরাগ্যবৃদ্ধত্ব ছিল। তিনি সকল বিদ্যায় পারদর্শী ছিলেন, তাই তাঁহার জ্ঞানবৃদ্ধত্ব ছিল। অসীম ধর্মানুরক্তির জন্য তাঁহার শীলবৃদ্ধত্বও ছিল। কেবল ছিল না বয়োবৃদ্ধত্ব, যে বৃদ্ধত্ব দেহকে জরাজীর্ণ করিয়া কেশকে পক্ক করিয়া মানুষকে জীবনের শেষপ্রান্তে উপনীত করে।

মল্লিনাথ—দ্বিবিধং বৃদ্ধত্বং জ্ঞানেন বয়সা চ তত্র তস্য জ্ঞানেন বৃদ্ধত্বমাহ—অনাকৃষ্টস্যেতি। বিষয়ৈঃ শব্দাদিভিঃ "রূপং শব্দো গন্ধরসস্পর্শাশ্চ বিষয়া অমী" ইত্যমরঃ। অনাকৃষ্টস্য অবশীকৃতস্য বিদ্যানাং বেদবেদাঙ্গাদীনাং পারদৃশ্বনঃ পারম্ অন্তম্ দৃষ্টবতঃ। দৃশেঃ ক্বনিপ্। ধর্মে রতির্যস্য তস্য রাজ্ঞঃ জরসা জরয়া বিনা। "বিস্রসা জরা" ইত্যমরঃ। "ষিদ্ভিদাদিভ্যোঽঙ্" ইতি অঙ্-প্রত্যয়ঃ। "জরায়া জরসন্যতরস্যাম্" ইতি জরসাদেশঃ। বৃদ্ধত্বং বার্দ্ধক্যম্ আসীৎ। তস্য যূনোঽপি বিষয়বৈরাগ্যাদিজ্ঞানগুণসম্পত্ত্যা জ্ঞানতো বৃদ্ধত্বমাসীদিত্যর্থঃ। নাথস্তু চতুর্বিধং বৃদ্ধত্বমিতি জ্ঞাত্বা 'অনাকৃষ্টস্য' ইত্যাদিনা বিশেষণত্রয়েণ বৈরাগ্যজ্ঞানশীলবৃদ্ধত্বান্যুক্তানীত্যবোচৎ।

মল্লিটীকা—নাথস্তু....অবোচৎ। টীকাকার নাথ বলেন যে, বৃদ্ধত্ব চারিপ্রকার, (বৈরাগ্য, জ্ঞান, শীল, বয়ঃ); এস্থলে দিলীপের তিনটি বিশেষণের দ্বারা বৈরাগ্য-বৃদ্ধত্ব, জ্ঞান-বৃদ্ধত্ব এবং শীল-বৃদ্ধত্বের কথাই বলা হইয়াছে।

সারাংশ—যুবাপি দিলীপঃ জ্ঞানবৃদ্ধঃ আসীৎ।

টীকান্তর—"...জরা বার্দ্ধক্যম্। বৃদ্ধত্বং প্রমাণভূতম্। যথা বৃদ্ধোপসেবীত্যত্র। বৈরাগ্যবৃদ্ধত্বং জ্ঞানবৃদ্ধত্বং শীলবৃদ্ধত্বং বয়োবৃদ্ধত্বং চেতি চতুর্বিধং হি বৃদ্ধত্বম্। তত্র

বয়োবৃদ্ধত্বপ্রাপ্তে পূর্বমেব তস্যাল্পেনৈব কালেন বৃদ্ধত্বত্রয়মাসীদিত্যর্থঃ অত্র ত্রয়াণামপি বৃদ্ধাত্বানাং প্রাপ্তিং ক্রমেণ বিশেষণত্রয়েণাহ” (নারায়ণঃ)।

টিপ্পনী—১। **অনাকৃষ্টস্য**—'তস্য' পদের বিশেষণ। ন **আকৃষ্টঃ** (নঞ্-তৎ) তস্য। অবশীভূত। আ—কৃষ্+ক্ত।

২। বিষয়ৈঃ—কর্তরি তৃতীয়া। বিষয়সুখের দ্বারা। রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ—এই পাঁচটি বিষয়।

৩। বিদ্যানাং—শেষে ষষ্ঠী। (চতুর্দশ) বিদ্যার। শ্লোক—৮ দেখ।

৪। পারদৃশ্বনঃ—'তস্য' পদের বিশেষণ। পারদর্শী। পারং (অন্তং) দৃষ্টবান্ ইতি পার-দৃশ্+ক্বনিপ্ "দৃশেঃ ক্বনিপ্"=পারদৃশ্বন্ ('আত্মন্' শব্দের ন্যায় রূপ হইবে) তস্য। স্ত্রীলিঙ্গে—পারদৃশ্বরী।

৫। ধর্মরতেঃ—'তস্য' পদের বিশেষণ। ধর্মে রতির্যস্য (বহুব্রীহি) তস্য। ধর্মানুরক্ত।

৬। আসীৎ—কর্তা 'বৃদ্ধত্বম্'। হইয়াছিল। অস্+লঙ্ দ্।

৭। বৃদ্ধত্বম্—'আসীৎ' ক্রিয়ার কর্তা। বৃদ্ধস্য ভাবঃ ইতি বৃদ্ধ+ত্ব। বার্দ্ধক্য—অর্থাৎ প্রমাণভূতত্ব (নারায়ণ)।

৮। জরসা—'বিনা' যোগে তৃতীয়া। "পৃথগ্‌বিনানানাভিস্তৃতীয়াঽন্যতরস্যাম্" (সূ) পক্ষে জরসঃ, জরায়াঃ; জরসম্ জরাম্। "জরায়া জরসন্যতরস্যাম্" (সূ)—স্বরাদি সুপ্‌বিভক্তি পরে থাকিলে জরা-শব্দের বিকল্পে 'জরস্' আদেশ হয়। জরসা, জরয়া। জীর্য্যতে অনয়া ইতি জৄষ্ (বয়োহানৌ)+অঙ্, "ষিদ্ভিদাদিভ্যোঽঙ্"=জরা।

বাচ্যপরিবর্তন—…… বৃদ্ধত্বেন অভূয়ত।

মন্তব্য—এই শ্লোকের সহিত মনুসংহিতার নিম্নলিখিত শ্লোকটি তুলনীয়—

"ন তেন বৃদ্ধো ভবতি যেনাস্য পলিতং শিরঃ।
যো বৈ যুবাপ্যধীয়ানস্তং দেবাঃ স্থবিরং বিদুঃ॥"

(মনুসংহিতা—২।১৫৬)

দিলীপ প্রজাদিগের যথার্থ পিতা ছিলেন।

प्रजानां विनयाधानाद्रक्षणाद् भरणादपि ।
स पिता पितरस्तासां केवलं जन्महेतवः ॥२४॥

অন্বয়—বিনয়াধানাৎ (শিক্ষাবিধানহেতু) রক্ষণাৎ (রক্ষণহেতু) ভরণাদপি (প্রতিপালনহেতু) সঃ (তিনি অর্থাৎ দিলীপ) প্রজানাং (প্রজাদিগের) পিতা আসীৎ (পিতা ছিলেন) ; তাসাং (তাহাদিগের) পিতরঃ (পিতৃগণ) কেবলং (কেবল) জন্মহেতবঃ (জন্মদাতাই ছিলেন) ।

বাঙ্গালা—শিক্ষাবিধান, রক্ষণ এবং প্রতিপালনহেতু তিনিই প্রজাদিগের পিতা ছিলেন ; তাহাদের পিতৃগণ কেবল জন্মদাতাই ছিলেন ।

Eng.—For enforcing discipline on his subjects and also for protecting and supporting them, he was truly their father, whereas, their fathers were merely authors of their birth.

ব্যাখ্যা—মহারাজ দিলীপই প্রজাদিগের যথার্থ পিতা ছিলেন। শিক্ষা-প্রদান, রক্ষণ ও প্রতিপালন প্রভৃতি পিতৃকর্তব্য নির্বাহ করিয়া তিনিই প্রজাবৃন্দের পিতৃস্থান অধিকার করিয়াছিলেন। তাহাদের পিতৃগণ কেবল জন্মদাতাই ছিলেন। আসলে তিনিই পিতা, যিনি রক্ষণপালনাদি করিয়া থাকেন।

মল্লিনাথ—প্রজানামিতি। প্রজায়ন্তে ইতি প্রজাঃ। "উপসর্গে চ সংজ্ঞায়াম্" ইতি ড-প্রত্যয়ঃ। "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ। তাসাং বিনয়স্য শিক্ষায়াঃ আধানাৎ করণাৎ সন্মার্গপ্রবর্ত্তনাৎ ইতি যাবৎ ; রক্ষণাদ্ ভয়হেতুভ্যস্ত্রাণাৎ আপন্নিবারণাৎ ইতি যাবৎ ; ভরণাদ্ অন্নপানাদিভিঃ পোষণাদপি। অপিঃ সমুচ্চয়ে। স রাজা পিতা অভূৎ ; তাসাং পিতরস্তু জন্মহেতবঃ জন্মমাত্রকর্ত্তারঃ কেবলমুৎপাদকা এব অভবন্, জননমাত্র এব পিতৄণাং ব্যাপারঃ ; সদা শিক্ষারক্ষণাদিকন্তু স এব করোতীতি তস্মিন্ পিতৃত্বব্যপদেশঃ। আহুশ্চ—"স পিতা যস্তু পোষকঃ" ইতি।

সারাংশ—শিক্ষাবিধানেন, রক্ষণেন, অন্নবস্ত্রাদিসাহায্যদানেন চ রাজা দিলীপ এব প্রজানাং প্রকৃতঃ পিতা আসীৎ, পিতরস্তু কেবলং জন্মদাতারঃ আসন্।

টিপ্পনী—১। প্রজানাম্—শেষে ষষ্ঠী। প্রজায়ন্তে ইতি প্র—জন্+ড। প্রজাদের।

২। বিনয়াধানাৎ—হেতৌ পঞ্চমী। বিনয়স্য আধানম্ (ষষ্ঠীতৎ) তস্মাৎ। শিক্ষাপ্রদানহেতু। বি—নী+অচ্=বিনয়ঃ। "বিনয়ো লোকমর্য্যাদাশাস্ত্রার্থা-নতিলঙ্ঘনম্" (শারদাতনয়—ভাবপ্রকাশ) আ—ধা+ল্যুট্=আধানম্। শিক্ষা-

দানই রাজার মুখ্য কর্তব্য। "বিনয়াধানং হি মুখ্যং রাজর্ষিবৃত্তম্। শ্রূয়তে হি কশ্চিদবিনীতং পুত্রমাদায় মৈথিলমুপাতিষ্ঠং স চ তং প্রতিগৃহ্যাত্মবিদ্যায়াং ব্যনীনয়ৎ ইত্যাদি" (অরুণগিরি)।

৩। রক্ষণাৎ—হেতৌ পঞ্চমী। রক্ষ্+ল্যুট্। বিপদ্ হইতে পরিত্রাণহেতু।

৪। ভরণাৎ—হেতৌ পঞ্চমী। প্রতিপালনহেতু। ভৃ+ল্যুট্।

৫। পিতা—পাতীতি পিতা—"নপ্তৃনেষ্টৃ—" (উণাদি) ইতি সাধুঃ। জনক।

৬। কেবলম্—অব্যয়। কেবলমাত্র।

৭। জন্মহেতবঃ—'পিতরঃ' পদের বিশেষণ। জন্মনঃ হেতবঃ (ষষ্ঠীতৎ)। জন্মদাতা।

বাচ্যপরিবর্ত্তন—...তেন পিত্রা, পিতৃভিঃ জন্মহেতুভিঃ (অভূয়ত)।

অর্থ এবং কাম দিলীপের নিকট ধর্মস্বরূপ হইয়াছিল।

স্থিত্যৈ দণ্ডয়তো দণ্ড্যান্ পরিণেতুঃ প্রসূতয়ে।
অপ্যর্থকামৌ তস্যাऽস্তাং ধর্ম এব মনীষিণঃ ॥২৫॥

অন্বয়—স্থিত্যৈ (লোকস্থিতির জন্য) দণ্ড্যান্ (দণ্ডার্হদিগকে) দণ্ডয়তঃ (দণ্ড বিধান করিতেন) প্রসূতয়ে (সন্তানের নিমিত্ত) পরিণেতুঃ (বিবাহ করিতেন) মনীষিণঃ (মনীষী) তস্য (তাঁহার) অর্থকামৌ অপি (অর্থ এবং কামও) ধর্ম এব (ধর্মস্বরূপই) আস্তাম্ (হইয়াছিল)।

বাঙ্গালা—তিনি লোকস্থিতির জন্য দণ্ডার্হদিগের দণ্ড বিধান করিতেন এবং সন্তানের নিমিত্ত বিবাহ করিতেন ; অতএব সেই মনীষীর অর্থ এবং কামও ধর্মস্বরূপই হইয়াছিল।

Eng.—Even the (acquisition of) wealth and (the gratification of) desire became the acts of righteousness in case of this wise monarch who punished criminals for the stability of society and led a married life for progeny.

ব্যাখ্যা—দিলীপ লোকশিক্ষার জন্য শাস্ত্রানুসারেই অপরাধিগণের দণ্ডবিধান করিতেন এবং পুত্রোৎপাদনপূর্বক পিতৃঋণ পরিশোধ অভিপ্রায়েই

দার পরিগ্রহ করিয়াছিলেন। দণ্ডবিধানপূর্বক অর্থসংগ্রহ এবং বিবাহপূর্বক ইন্দ্রিয় চরিতার্থ করিবার অভিসন্ধি তাঁহার ছিল না। অতএব, তাঁহার অর্থ এবং কাম ধর্মোদ্দেশ্যে অনুষ্ঠিত হওয়ায় ধর্মস্বরূপ হইয়াছিল। দিলীপ ধর্ম, অর্থ ও কাম—এই ত্রিবর্গসাধনে ব্রতী হইয়াও ধর্মপ্রধানই ছিলেন। এই কারণে অর্থ ও কামও তাঁহার ধর্মানুষ্ঠানের অঙ্গীভূত ছিল।

মল্লিনাথ—স্থিত্যৈ ইতি। দণ্ডম্ অর্হন্তীতি দণ্ড্যাঃ। "দণ্ডাদিভ্যো যঃ" ইতি য-প্রত্যয়ঃ। "অদণ্ড্যান্ দণ্ডয়ন্ রাজা দণ্ড্যাংশ্চৈবাপ্যদণ্ডয়ন্। অযশো মহদাপ্নোতি নরকঞ্চৈব গচ্ছতি॥" ইতি শাস্ত্রবচনাৎ। তান্ দণ্ড্যান্ এব স্থিত্যৈ লোকপ্রতিষ্ঠায়ৈ দণ্ডয়তঃ শিক্ষয়তঃ, প্রসূতয়ে সন্তানায় এব পরিণেতুঃ দারান্ পরিগৃহ্ণতঃ মনীষিণঃ বিদুষঃ দোষজ্ঞস্য ইতি যাবৎ, "বিদ্বান্ বিপশ্চিদ্ দোষজ্ঞঃ সন্ সুধীঃ কোবিদো বুধঃ। ধীরো মনীষী:" ইত্যমরঃ। তস্য দিলীপস্য অর্থকামৌ অপি ধর্ম এব আস্তাং জাতৌ। অস্তের্লঙ্। অর্থকামসাধনয়োর্দণ্ড-বিবাহয়োঃ লোকস্থাপনপ্রজোৎপাদনরূপধর্মার্থত্বেন অনুষ্ঠানাৎ অর্থকামাবপি ধর্মশেষতামাপাদয়ন্ স রাজা ধর্মোত্তরোঽভূদিত্যর্থঃ। আহ চ গৌতমঃ—"ন পূর্বাহ্ণমধ্যন্দিনাপরাহ্ণফলান্ কুর্য্যাৎ যথাশক্তি ধর্মার্থকামেভ্যস্তেষু ধর্মোত্তরঃ স্যাৎ" ইতি।

মল্লিটীকা। (১) অদণ্ড্যান্.........বচনাৎ। শাস্ত্রে এইরূপ কথিত আছে যে, নিরপরাধকে দণ্ডিত করিয়া দোষীর দণ্ডবিধান না করিলে রাজা নিন্দাভাজন এবং নরকগামী হইয়া থাকেন।

(২) অর্থকাম.........অভূদিত্যর্থঃ। অর্থ এবং কামের সাধনীভূত দণ্ড এবং বিবাহ। কিন্তু, তিনি লোকস্থিতি এবং পুত্রোৎপাদনরূপ ধর্মের উদ্দেশ্যেই এই দুইটির অনুষ্ঠান করিতেন; সেই কারণে অর্থ এবং কামকে ধর্মের অঙ্গীভূত করিয়া তিনি ধর্মপ্রধানই হইয়াছিলেন।

সারাংশ—স দিলীপঃ অপরাধানুসারং দণ্ডং বিনা লোকস্থিতিরূপো ধর্মো ন রক্ষিতঃ স্যাৎ তথা পুত্রোৎপাদনং বিনা পিতৃপিণ্ডরক্ষণাদিরূপো ধর্মো ন স্যাদিত্যেব হেতুনা অপরাধিষু দণ্ডং দারপরিগ্রহঞ্চ কৃতবান্।

টীকান্তর—"....নহু দণ্ডেরকথিতং কর্ম কিং ন শ্রূয়তে? বিশেষাবিবক্ষয়া।" তদুক্তং—"ধাতোরর্থান্তরে বৃত্তের্ধাত্বর্থেনোপসংগ্রহাৎ। প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্মণোঽকর্মিকা ক্রিয়া॥" ইতি। তদ্বিবক্ষায়াং তু শ্রূয়ত এব।..... অত্র স্থিত্যৈ

ন তু সঞ্চয়ায়। ইতি পরিসংখ্যা অপীতি বিরোধঃ।....মনীষিণ ইতি কাব্যলিঙ্গম্। এতে চ মিথঃ সঙ্কীর্য্যন্তে। তত্র পরিসংখ্যা কাব্যলিঙ্গেনোপক্রিয়তে; মনীষাফলত্বাৎ পরিসংখ্যানস্য।"—(অরুণগিরি)।

টিপ্পনী—১। স্থিত্যৈ—তাদর্থ্যে চতুর্থী; অথবা "ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি চতুর্থী। স্থা+ক্তিন্ ভাবে=স্থিতিঃ। লোকস্থিতির নিমিত্ত—(অর্থ-সংগ্রহের জন্য নহে)।

২। দণ্ডয়তঃ—'তস্য' পদের বিশেষণ। দণ্ড (চুরাদি)+শতৃ, ষষ্ঠী ১বচন। দণ্ডবিধানকারী। *Cf.* "যথাপরাধদণ্ডানাম্"—(শ্লোক—৬)।

৩। দণ্ড্যান্—'দণ্ডয়তঃ' ক্রিয়ার কর্ম। দণ্ডম্ অর্হন্তীতি দণ্ড+যৎ। দণ্ডার্হ।

৪। পরিণেতুঃ—'তস্য' পদের বিশেষণ। পরি—নী+তৃচ্। দারপরিগ্রহ করিতেন।

৫। প্রসূতয়ে—তাদর্থ্যে অথবা "ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি চতুর্থী। সন্তানের নিমিত্ত (কামোপভোগের নিমিত্ত নহে)। *Cf.* "প্রজায়ৈ গৃহমেধিনাম্" (শ্লোক—৭)।

৬। অর্থকামৌ—'আস্তাং' ক্রিয়ার কর্তা। অর্থ এবং কাম। অর্থশ্চ কামশ্চ (দ্বন্দ্ব) ইতি অর্থকামৌ—বিকল্পে 'কামার্থৌ'—"ধর্মাদিষ্বনিয়মঃ" (সূ)।

৭। ধর্মঃ—'অর্থকামৌ' পদের বিধেয়বিশেষণ। ধৃ+মন্। ব্যাখ্যা দেখ।

৮। মনীষিণঃ—'তস্য' পদের বিশেষণ। বিদ্বান্, দোষজ্ঞ। (শ্লোক ১১ দ্রষ্টব্য।)

বাচ্যপরিবর্ত্তন—......অর্থকামাভ্যাং ধর্মেণ (অভূয়ত)।

মন্তব্য—এই শ্লোকে পরিসংখ্যা, বিরোধ এবং কাব্যলিঙ্গ অলঙ্কারের সঙ্কর হইয়াছে। টীকান্তর দ্রষ্টব্য। পরিসংখ্যা—(শ্লোক—৭) অপিশব্দ বিরোধের দ্যোতক। মনীষিণঃ—ইতি কাব্যলিঙ্গম্। "হেতোর্বাক্য পদার্থত্বে কাব্যলিঙ্গং নিগদ্যতে" (সাঃ দঃ)।

দিলীপ এবং দেবরাজ ইন্দ্র সম্পদ্-বিনিময়ের দ্বারা স্বর্গ ও মর্ত্যকে জয় করিতেন।

দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্।
সম্পদ্বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়ম্ ॥২৬॥

অন্বয়—সঃ (তিনি অর্থাৎ দিলীপ) যজ্ঞায় (যজ্ঞ-সম্পাদনের নিমিত্ত) গাং (পৃথিবীকে), মঘবা (ইন্দ্র) শস্যায় (শস্যবর্ধনের নিমিত্ত) দিবং (স্বর্গকে) দুদোহ (দোহন করিতেন), উভৌ (উভয়ে) সম্পদ্বিনিময়েন (সম্পদ্-বিনিময় দ্বারা) ভুবনদ্বয়ং (লোকদ্বয় অর্থাৎ দ্যুলোক ও ভূলোক) দধতুঃ (পোষণ করিতেন)।

বাঙ্গালা—তিনি (দেবগণের তুষ্টিসাধন) যজ্ঞ সম্পাদন নিমিত্ত পৃথিবীকে দোহন করিতেন এবং ইন্দ্র (পৃথিবীর) শস্যবর্ধনের নিমিত্ত স্বর্গকে দোহন করিতেন। এইরূপ উভয়ে সম্পদ্-বিনিময় দ্বারা লোকদ্বয়কে (অর্থাৎ দ্যুলোক ও ভূলোক) পোষণ করিতেন।

Eng.—He milked the earth (of its resources) for the purpose of performing sacrifices, and Indra drained the heavens (of water) for nourishing his crops; thus, by an exchange of their wealth they maintained both the worlds.

ব্যাখ্যা—দিলীপ ছিলেন সেই সময়ের রাজা যখন স্বর্গ ও মর্ত্যের মধ্যে ভাব ও কর্মের আদান-প্রদান চলিত। দিলীপ পৃথিবী হইতে কর গ্রহণ-পূর্বক যজ্ঞ-সম্পাদনে দেব-বৃন্দের তৃপ্তিসাধন করিতেন, তাহাতে দেবরাজ ইন্দ্র প্রীত হইয়া প্রচুর বৃষ্টি প্রদান করিয়া ধরিত্রীকে সুজলা, সুফলা ও শস্যশ্যামলা করিতেন। এইরূপে উভয়ের সম্পদ্বিনিময়ে লোকদ্বয় প্রতিপালিত হইত। স্বর্গ ছিল মর্ত্যের শ্রদ্ধার পাত্র এবং মর্ত্যে ছিল স্বর্গের আশীর্বাদ।

মল্লিনাথ—দুদোহেতি। স রাজা যজ্ঞায় যজ্ঞং কর্ত্তুং ভুবং দুদোহ, করগ্রহণেন রিক্তাং চকার ইত্যর্থঃ, মঘবা দেবেন্দ্রঃ শস্যং বর্দ্ধয়িতুং দিবং স্বর্গং দুদোহ, দ্যুলোকাৎ মহীলোকে বৃষ্টিমুৎপাদয়ামাস ইত্যর্থঃ। "ক্রিয়ার্থোপপদস্য"—ইত্যাদিনা যজ্ঞশস্যাভ্যাং চতুর্থী। এবমুভৌ সম্পদো বিনিময়েন পরস্পরমাদান-প্রতিদানাভ্যাং ভুবনদ্বয়ং দধতু পুপুষতুঃ। রাজা যজ্ঞৈরিন্দ্রলোকম্ ইন্দ্রশ্চ উদকেন ভূলোকং পুপোষঃ ইত্যর্থঃ। উক্তঞ্চ দণ্ডনীতৌ—"রাজা ত্বর্থান্ সমাহৃত্য কুর্য্যাদিন্দ্রমহোৎসবম্। প্রীণিতো মেঘবাহস্তু মহতীং বৃষ্টিমাবহেৎ॥" ইতি।

মল্লিটীকা—"রাজা……মাবহেৎ॥"—রাজা দিলীপ যজ্ঞ সম্পাদন করিয়া স্বর্গলোককে এবং ইন্দ্র জলদান করিয়া ভূলোককে পোষণ করিতেন। রাজ-নীতিতে এইরূপ উক্ত আছে—রাজা অর্থ সংগ্রহ করিয়া (ইন্দ্র প্রভৃতি

দেবগণের তুষ্টির নিমিত্ত যজ্ঞাদি) মহোৎসব করিবেন ; তাহা হইলে ইন্দ্র প্রীত হইয়া প্রচুর জলবর্ষণ করিবেন।

সারাংশ—দিলীপানুষ্ঠিতযজ্ঞেন ক্রতুভুজো দেবাস্তৃপ্যন্তি ; দেবরাজবিহিত-সুবৃষ্ট্যা চ শস্যসম্পত্তিঃ ভবতি তয়া চ মর্ত্ত্যা জীবন্তি। তাবুভাবপি এবম্ উপকারবিনিময়েন স্বর্গং মর্ত্ত্যঞ্চ ররক্ষতুঃ।

টিপ্পনী—১। দুদোহ—কর্ত্তা 'সঃ' এবং 'মঘবা'। দুহ্+লিট্, ণল্ (অ)। (১) দিলীপ পক্ষে—পৃথিবী হইতে করগ্রহণ করিয়াছিলেন ; (২) ইন্দ্রপক্ষে—ভূতলে জলবর্ষণ করিয়াছিলেন।

"দুহ্ প্রপূরণে ইত্যসৌ-ধাতুঃ প্রবাসপ্রস্থানাদিবৎ পূরণে বিপরীতশ্রাবণে বর্ত্ততে। উক্তঞ্চ ক্ষীরতরঙ্গিণ্যাম্-"প্রপূরণং রিক্তীকরণম্"—(চারিত্রবর্দ্ধন—Nandargikar Notes, p. 12).

২। গাম্—'দুদোহ' ক্রিয়ার কর্ম। পৃথিবীকে। "স্বর্গেষু পশুবাগ্-বজ্রদিঙ্নেত্রঘৃণিভূজলে। লক্ষ্যদৃষ্ট্যা স্ত্রিয়াং পুংসি গৌঃ" ইত্যমরঃ।

৩। যজ্ঞায়—"ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি চতুর্থী। যজ্ঞং কর্ত্তুমিত্যর্থঃ। যজ্ঞ-সম্পাদনের নিমিত্ত। যজ্+ন=যজ্ঞঃ।

৪। শস্যায়—"ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি চতুর্থী। শস্যং বর্দ্ধয়িতুমিত্যর্থঃ। শস্যবর্দ্ধনের নিমিত্ত। শস্+যৎ। 'সস্যম্'—এই বানানও হয় (শস্+যৎ)। "বৃক্ষাদীনাং ফলং সস্যম্" ইত্যমরঃ।

৫। মঘবা—'দুদোহ' ক্রিয়ার কর্তা। ইন্দ্র। মহ্যতে পূজ্যতে ইতি মঘবা ; "শ্বন্নুক্ষন্—" ইত্যাদিনা মঘবন্ ইতি নিপাতিতম্।

৬। দিবম্—'দুদোহ' ক্রিয়ার কর্ম। স্বর্গকে।

৭। সম্পদ্বিনিময়েন—করণে তৃতীয়া। সম্পদো বিনিময়ঃ (ষষ্ঠীতৎ) তেন। সম্পদের বিনিময়ের দ্বারা। সম্-পদ্+ক্বিপ্=সম্পৎ।

৮। উভৌ—'দধতুঃ' ক্রিয়ার কর্তা। সর্বনাম। উভ-শব্দ নিত্য দ্বিবচনান্ত। "তত্র উভশব্দো দ্বিত্ববিশিষ্টস্য বাচকঃ। অতএব নিত্যং দ্বিবচনান্তঃ" (ভট্টোজি)।

৯। দধতুঃ—কর্ত্তা 'উভৌ'। পোষণ বা প্রতিপালন করিতেন। এস্থলে করণের বিনিময়ই বিবক্ষিত, ক্রিয়ার বিনিময় (অর্থাৎ কর্ম-ব্যতিহার) বিবক্ষিত নহে। এই কারণে "কর্ত্তরি কর্মব্যতিহারে" এই সূত্রানুসারে আত্মনেপদ হয় নাই। ধা+লিট্ অতুস্।

১০। ভুবনদ্বয়ম্—'দধতুঃ' ক্রিযার কর্ম। ভুবনয়োঃ দ্বয়ম্ (ষষ্ঠীতৎ)। লোকদ্বয়—অর্থাৎ স্বর্গ ও মর্ত্য। দ্বি+তয়=দ্বয়ম্, দ্বিতয়ম্। "লোকস্তু ভুবনে জনে" ইত্যমরঃ।

বাচ্যপরিবর্ত্তন—তেন গোঃ, মঘবতা দ্যৌঃ দুদুহে···উভাভ্যাং দধে।

মন্তব্য—এই শ্লোকে 'পরিবৃত্তি' অলঙ্কার। এস্থলে সদৃশ বস্তুর (অর্থাৎ যজ্ঞ সম্পাদন ও জলবর্ষণ) বিনিময় হইয়াছে। "পরিবৃত্তিবিনিময়ঃ সমন্যূনাধিকৈর্ভবেৎ" (সাহিত্যদর্পণ—১০।১০৫)

দিলীপের রাজত্বে চৌর্যবৃত্তির নামও শোনা যাইত না।

ন কিলানুযযুস্তস্য রাজানো রক্ষিতুর্যশঃ।
ব্যাবৃত্তা যত্ পরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতা স্থিতা ॥২৭॥

অন্বয়—রাজানঃ (অন্যান্য রাজগণ) রক্ষিতুঃ (পরিত্রাতা) তস্য (তাঁহার) যশঃ (যশ) ন অনুযযুঃ কিল (অনুকরণ করিতে পারেন নাই); যৎ (কেন না) তস্করতা (চৌর্য্যবৃত্তি) পরস্বেভ্যঃ (পরধন হইতে) ব্যাবৃত্তা (সতী) (অপসৃত হইয়া) শ্রুতৌ (শ্রবণে) স্থিতা (অবস্থান করিত)।

বাঙ্গালা—অন্যান্য রাজগণ সেই পরিত্রাতা পৃথিবীপতির যজ্ঞ অনুকরণ করিতে পারেন নাই। কেন না (তাঁহার রাজত্বসময়ে) চৌর্যবৃত্তি পরধন হইতে অপসৃত হইয়া কেবল শ্রবণে অবস্থান করিত।

Eng.—Other kings could not, indeed, rival his fame as a guardian of the people, for, theft, withdrawing itself from other men's riches, resided in the word expressive of itself (*i. e.* remained in the hearing of men).

ব্যাখ্যা—শাসননৈপুণ্যে অন্যান্য রাজগণ দিলীপের ন্যায় যশস্বী হইতে পারেন নাই; কারণ তাঁহার শাসনকালে রাজ্যমধ্যে চৌর্যবৃত্তির নামও শোনা যাইত না। চৌর্য্য পরের ধনরত্নাদিতে অবস্থান না করিয়া কেবল তদ্বাচকশব্দেই (অর্থাৎ 'চৌর্য'—এই শব্দতেই) অবস্থান করিত। তাঁহার রাজত্বকালে লোকে শুনিত যে দণ্ডনীতিশাস্ত্রে 'চৌর্য' বলিয়া একটি শব্দ আছে—ঐ শব্দের অর্থ কি, তাহা তাহারা জানিত না। দিলীপের শাসনকালে ধনরত্নাদির পরিবর্তে 'চৌর্য' 'দস্যুতা' প্রভৃতি শব্দই অপহৃত হইয়াছিল।

মল্লিনাথ—ন কিলেতি।—রাজানঃ অন্যে নৃপা রক্ষিতুর্ভয়েভ্যস্ত্রাতুস্তস্য রাজ্ঞো যশঃ ন অনুযযুঃ কিল ন অনুচক্রুঃ খলু। কুতঃ, যদ্ যস্মাৎ কারণাৎ তস্করতা চৌর্য্যং পরস্বেভ্যঃ পরধনেভ্যঃ ব্যাবৃত্তা সতী, শ্রুতৌ বাচকশব্দে স্থিতা প্রবৃত্তা। অপহার্য্যান্তরাভাবাৎ তস্করশব্দ এবাপহৃত ইত্যর্থঃ। অথবা "অত্যন্তাসত্যপি হ্যর্থে জ্ঞানং শব্দঃ করোতি হি" ইতি ন্যায়েন শব্দে স্থিতা স্ফুরিতা, নতু স্বরূপতোঽস্তীত্যর্থঃ।

মল্লিটীকা— অপহার্য্যান্তরাভাবাৎ……ইত্যর্থঃ।—অপহরণকারীর অভাবে 'তস্কর', 'দস্যু', প্রভৃতি শব্দই অপহৃত হইয়াছিল। কিংবা, শব্দ অত্যন্ত অলীক অর্থে প্রযুক্ত হইলেও (যেমন আকাশকুসুম প্রভৃতি), তাহা হইতে কোন না কোনপ্রকার জ্ঞান জন্মিয়া থাকে ; এই ন্যায় অনুসারে চৌর্যবৃত্তি কেবল শব্দেই অবস্থিত ছিল—আকাশকুসুমাদির ন্যায় ইহার অর্থ ছিল অত্যন্ত অলীক।

সারাংশ—দিলীপস্য প্রতাপাদেব রাজ্যে চৌরাভাবাৎ চৌর্য্যস্বরূপং ন কেনাপি দৃষ্টমাসীৎ, আকাশকুসুমবৎ, চৌরশব্দ এব নামমাত্রেণ কেবলং স্থিতো বর্ত্ততে।

টীকান্তর—"অত্র তস্করতাশব্দতদভাবয়োর্বিষয়বিষয়িসম্বন্ধাভাবেঽপি সম্বন্ধঃ সিদ্ধত্বেনাধ্যবসিত ইত্যতিশয়োক্তিপ্রকারত্বম্"—(অরুণগিরিনাথঃ)। "অন্যেষু রাজসু বসুধাং রক্ষৎসু তস্করতা পরধনেষু স্থিতিং চকার। অস্মিংস্তু পরস্বং বিহায় স্ববাচকং শব্দমেবাশ্রয়ৎ"—(সুমতিবিজয়ঃ)।

টিপ্পনী—১। কিল—অব্যয়। অবধারণে ঐতিহ্যে বা।

২। অনুযযুঃ—কর্তা 'রাজানঃ' অনু-যা+লিট্ উস্। অনুকরণ করিয়াছিল।

৩। রাজানঃ—'অনুযযুঃ' ক্রিয়ার কর্তা। রাজ্+কনিন্। অন্যান্য নৃপতিগণ।

৪। রক্ষিতুঃ—'তস্য' পদের বিশেষণ। শেষে ষষ্ঠী। পরিত্রাতা। রক্ষতীতি রক্ষ্+তৃচ্=রক্ষিতা, তস্য।

৫। যশঃ—'অনুযযুঃ' ক্রিয়ার কর্ম। অশ্+অসুন্। "দানপ্রসূতা চেৎ যশ ইত্যভিধীয়তে। যতো বিশ্বস্য শমিতি তস্মাদ্যশ ইতীরিতম্॥" (ভাব-প্রকাশনম্—৩ অধিকার)।

৬। ব্যাবৃত্তা—'তস্করতা' পদের বিশেষণ। বি-আ-বৃৎ+ক্ত। অপসৃত হইয়া।

৭। যৎ—অব্যয়। যেহেতু।

৮। পরস্বেভ্যঃ—অপাদানে পঞ্চমী। পরেষাং স্বানি (ধনানি) (ষষ্ঠীতৎ) তেভ্যঃ। পরধন হইতে। "স্বো জ্ঞাতাবাত্মনি স্বং ত্রিষাত্মীয়ে স্বো স্ত্রিয়াং ধনে" ইত্যমরঃ। এখানে 'স্ব' শব্দ সর্বনাম নহে। জ্ঞাতি ও ধন-ভিন্ন অর্থে স্ব শব্দ সর্বনাম।

৯। শ্রুতৌ—অধিকরণে সপ্তমী। স্ববাচক শব্দে—অর্থাৎ 'তস্করতা' এই শব্দে। মল্লিটীকা দ্রষ্টব্য। চারিত্রবর্দ্ধন বলেন—"শ্রুতৌ বেদে স্থিতা ন তু লোকে ইত্যর্থঃ।" অথবা দণ্ডনীতিশাস্ত্রে।

১০। তস্করতা—'স্থিতা' ক্রিয়ার কর্তা। চৌর্যবৃত্তি। তৎ করোতি ইতি তৎ+কৃ+অচ্ "কিংযত্তদ্বহুষু"; "তদ্বৃহতোঃ করপত্যোঃ" (গণসূত্র) ইতি সুট্তলোপৌ=তস্করঃ, তস্য ভাবঃ ইতি তস্কর+তল্, স্ত্রিয়ামাপ=তস্করতা।

১১। স্থিতা—'তস্করতা' পদের বিশেষণ। স্থা+ক্ত, স্ত্রিয়াম্। অবস্থান করিত।

বাচ্যপরিবর্ত্তন—রাজভিঃ অনুযযে, তস্করতয়া ব্যাবৃত্তয়া স্থিতম্।

দিলীপ শিষ্টের বন্ধু ও দুষ্টের শত্রু ছিলেন।

২৮ **দ্বেষ্যোঽপি সম্মতঃ শিষ্টস্তস্যার্তস্য যথৌষধম্।**
ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা ॥২৮॥

অন্বয়—শিষ্টঃ (শিষ্ট ব্যক্তি) দেষ্যোঽপি (শত্রু হইলেও) আর্ত্তস্য (রোগীর) ঔষধং যথা (ঔষধের ন্যায়) তস্য (তাঁহার, অর্থাৎ দিলীপের) সম্মতঃ (আদরের পাত্র) আসীৎ (ছিল)। দুষ্টঃ (দুষ্ট ব্যক্তি) প্রিয়োঽপি (প্রিয় হইলেও) উরগক্ষতা (সর্পদষ্ট) অঙ্গুলী ইব (অঙ্গুলির ন্যায়) ত্যাজ্যঃ আসীৎ (পরিত্যাজ্য ছিল)।

বাঙ্গালা—শিষ্ট ব্যক্তি শত্রু হইলেও রোগীর ঔষধের ন্যায় তাঁহার নিকট আদরের পাত্র ছিল; এবং দুষ্ট ব্যক্তি প্রিয় হইলেও তাহাকে সর্পদষ্ট অঙ্গুলীর ন্যায় পরিত্যাগ করিতেন।

Eng.—A good man even though an enemy, was liked by him as a medicine is by a sick person, and a wicked man,

even though dear, was rejected by him like a finger bitten by a cobra.

ব্যাখ্যা—দিলীপ ছিলেন শিষ্টের বন্ধু ও দুষ্টের শত্রু। যেমন পীড়িত ব্যক্তি কটুস্বাদ হইলেও উপকারিতার জন্য ঔষধের আদর করেন, সেইরূপ শিষ্ট ব্যক্তি শত্রু হইলেও মহারাজ দিলীপ তাঁহার আদর করিতেন এবং প্রিয়ব্যক্তিও দুষ্ট হইলে সর্পদষ্ট অঙ্গুলীর ন্যায় তাঁহার নিকট পরিত্যক্ত হইত। তিনি নিরপেক্ষ হইয়াই গুণের সমাদর করিতেন—গুণী ব্যক্তি শত্রু কি মিত্র—তাহা বিচার করিতেন না।

মল্লিনাথ—দ্বেষ্য ইতি।—শিষ্টো জনো দ্বেষ্যঃ শত্রুরপি আর্ত্তস্য রোগিণ ঔষধং যথা ঔষধম্ ইব তস্য সম্মতোঽনুমত আসীৎ, দুষ্টো জনঃ প্রিয়োঽপি প্রেমাস্পদীভূতোঽপি উরগক্ষতা সর্পদষ্টা অঙ্গুলী ইব "ছিন্দ্যাদ্ বাহুমপি দুষ্টমাত্মনঃ" ইতি ন্যায়াৎ, ত্যাজ্য আসীৎ। তস্য শিষ্ট এব বন্ধুর্দুষ্ট এব শত্রুরিত্যর্থঃ।

সারাংশ—যথা কটুপি ভেষজং পরিণামে সুখকরত্বাৎ রোগী সানুরাগং সেবতে তথা অপ্রিয়মপি গুণিনং স দিলীপঃ সেবিতবান্; যথা চ প্রিয়ামপি সর্পদষ্টাম্ অঙ্গুলীং পণ্ডিতস্তৎক্ষণং কৃন্ততি তথা সোঽপি প্রিয়মপি দোষিণং জহৌ।

টিপ্পনী—১। দ্বেষ্যঃ—'শিষ্ট' পদের বিশেষণ। দ্বেষ্টুমর্হঃ ইতি দ্বিষ্ + ণ্যৎ। শত্রু।

২। সম্মতঃ—'শিষ্ট' পদের বিধেয়-বিশেষণ। সম্—মন্ + ক্ত। অভিমত বা আদরের পাত্র।

৩। শিষ্টঃ—'আসীৎ' ক্রিয়ার কর্তা। সজ্জন। ব্যাকরণ শাস্ত্রে আর্যাবর্ত-নিবাসী ব্রাহ্মণশ্রেষ্ঠদের শিষ্ট বলা হইত।—"কঃ পুনরার্য্যাবর্ত্তঃ। প্রাগাদর্শাৎ প্রত্যক্কালকবনাদ্দক্ষিণেন হিমবন্তমুত্তরেণ পারিযাত্রম্। এতস্মিন্নার্য্যনিবাসে যে ব্রাহ্মণাঃ কুম্ভীধান্যা অলোলুপা অগৃহ্যমাণকারণাঃ কিঞ্চিদন্তরেণ কস্যাশ্চিদ্বিদ্যায়া পারগাস্তত্রভবন্তঃ শিষ্টাঃ"—(মহাভাষ্য)। শিষ্ + ক্ত।

৪। তস্য—অর্থাৎ দিলীপের।

৫। আর্ত্তস্য—পীড়িত ব্যক্তির।

৬। যথা—অব্যয়। ইব। যেমন।

৭। ঔষধম্—ঔষধ।

৮। ত্যাজ্যঃ—'দুষ্টঃ' পদের বিধেয়-বিশেষণ। ত্যক্তুং যোগ্য ইতি ত্যজ্ + ণ্যৎ।

৯। দুষ্টঃ—'আসীৎ' ক্রিয়ার কর্ত্তা। দুর্জন। দুষ্+ক্ত।

১০। প্রিয়ঃ—'দুষ্টঃ' পদের বিশেষণ। প্রীণাতীতি প্রী+ক।

১১। অঙ্গুলী ইব—অঙ্গুলীর ন্যায়, অঙ্গতীতি অগ+উলিঃ (ঔণাদিক) =অঙ্গুলী।

১২। উরগক্ষতা—'অঙ্গুলী' পদের বিশেষণ। উরগেণ ক্ষতা (তৃতীয়া-তৎ)। সর্পদষ্ট। উরসা গচ্ছতীতি উরস্-গম্+ড—'উরসো লোপশ্চ" (বা) ইতি সলোপঃ=উরগঃ (সর্প)। ক্ষণ্ (হিংসায়াম্)+ক্ত=ক্ষতা।

বাচ্যপরিবর্ত্তন—দ্বেষ্যেণ শিষ্টেন ঔষধেন সম্মতেন অভূয়ত। প্রিয়েণ দুষ্টঃ ইব ত্যাজ্যেন (অভূয়ত)।

মন্তব্য—উপমা অলঙ্কার। রোগীর ঔষধের সহিত শিষ্টের এবং সর্পদষ্ট অঙ্গুলীর সহিত দুষ্টের তুলনা করা হইয়াছে। এস্থলে উপমান ও উপমেয়ের ভিন্নলিঙ্গত্ব পণ্ডিতগণের উদ্বেগকর নহে। "ন লিঙ্গবচনে ভিন্নে ন হীনাধিকতাপি বা। উপমাদূষণায়ালং যত্রোদ্বেগো ন ধীমতাম্।" (কাব্যাদর্শ—২।৫১)।

তিনি পরোপকারী ছিলেন।

তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা।
তথা হি সর্বে তস্যাসন্ পরার্থৈকফলা গুণাঃ ॥ ২৯ ॥

অন্বয়—বেধা (বিধাতা) মহাভূতসমাধিনা (মহাভূত সৃষ্টির উপাদানে) তং (তাঁহাকে অর্থাৎ দিলীপকে) বিদধে (নির্মাণ করিয়াছিলেন) নূনং (নিশ্চয়ই); তথা হি (কারণ) তস্য (তাঁহার) সর্বে (যাবতীয়) গুণাঃ (গুণ) পরার্থৈকফলাঃ (পরোপকারেই নিয়োজিত) আসন্ (হইত)।

বাঙ্গালা—বিধাতা তাঁহাকে নিশ্চয়ই মহাভূতসৃষ্টির উপাদানে নির্মাণ করিয়াছিলেন; কারণ (ক্ষিত্যাদি ভূতপঞ্চকের ন্যায়) তাঁহারও যাবতীয় গুণ পরোপকারেই নিয়োজিত হইত।

Eng.—Surely, the creator made him with the substance of the great elements; for, he inherited all virtue, the sole effect of which was the good of others.

ব্যাখ্যা—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চমহাভূতের সৃষ্টি

হইয়াছে জগৎ নির্মাণের উপকারের জন্য। সুতরাং এই পঞ্চমহাভূত বা তাহার রূপগুণরাশি পরার্থেই সৃষ্টি হইয়াছে। এই ক্ষিত্যাদি ভূতপঞ্চকের ন্যায় রাজা দিলীপের গুণাবলীর পরোপকার সংসাধনই একমাত্র কার্য্য ছিল। সেইজন্য মনে হইত যেন বিধাতা মহাভূত নিমাণের উপকরণসামগ্রী দ্বারাই তাঁহাকে নির্মাণ করিয়াছিলেন। পরোপকার করিবার জন্যই যেন তিনি সৃষ্ট হইয়াছিলেন।

মল্লিনাথ—তস্য পরোপকারিত্বমাহ—তমিতি। বেধাঃ স্রষ্টা, "স্রষ্টা প্রজাপতির্বেধাঃ" ইত্যমরঃ। তং দিলীপং, সমাধীয়তে অনেনেতি সমাধিঃ কারণ-সামগ্রী, মহাভূতানাং যঃ সমাধিস্তেন মহাভূতসমাধিনা বিদধে সসর্জ নূনং ধ্রুবম্ ইত্যুৎপ্রেক্ষা। তথাহি তস্য রাজ্ঞঃ সবে গুণাঃ রূপরসাদিমহাভূতগুণবদেব পরার্থঃ পরপ্রয়োজনম্ এব একং মুখ্যং ফলং যেষাং তে তথোক্তা আসন্। মহাভূতগুণোপমানেন কারণগুণাঃ কার্য্যে সংক্রামন্তীতি ন্যায়ঃ সূচিতঃ।

মল্লিটীকা—মহাভূত……সূচিতঃ। পঞ্চমহাভূতের গুণরাজির সহিত দিলীপের গুণাবলীর তুলনা করা হইয়াছে—ইহাতে কারণের গুণ কার্য্যে সংক্রামিত হয় এই ন্যায় সূচিত হইতেছে।

সারাংশ—যয়া কারণসামগ্র্যা বিধাতা পঞ্চমহাভূতানি সসর্জ, তয়ৈব কারণ-সামগ্র্যা মহামানুষং দিলীপম্ অপি নির্মমে; অতএব সদা বিশ্বোপকারায় প্রবর্ত্তমানানাং পঞ্চমহাভূতানাং গুণা ইব অস্যাপি গুণা বিশ্বহিতায় এব প্রাবর্ত্তন্ত।

টীকান্তর—"…পঞ্চভূতানাং সমাধিনা ধ্যানেন। "সমাধিস্তু পুমান্ ধ্যান" ইতি কেশবঃ। তৎসৃষ্টিসময়ধ্যানেনেত্যর্থঃ। ……যথা মহাভূতসৃষ্টৌ তদ্গুণাঃ পরার্থৈকফলাঃ ভূয়াসুরিতি সমাধিঃ তথাস্য সৃষ্টাবপীতি ভাবঃ।"—(নারায়ণঃ)।

টিপ্পনী—১। বেধাঃ—'বিদধে' ক্রিয়ার কর্তা। সৃষ্টিকর্তা, অর্থাৎ ব্রহ্মা। বিদধাতীতি বি-ধা ("বিধাঞো বেধ চ" ইতি বেধাদেশঃ) + অসি = বেধস্।

২। বিদধে – কর্তা 'বেধাঃ'। নির্মাণ করিয়াছিল। বি-ধা + লিট্এ।

৩। নূনং—অব্যয়। নিশ্চয়ই।

৪। মহাভূতসমাধিনা—করণে তৃতীয়া। সমাধীয়তে অনেন ইতি সম্ + আ + ধা + কি (ভাবে) = সমাধিঃ কারণসামগ্রী (মল্লিনাথ), ধ্যান (নারায়ণ), সৃষ্টির নিয়মবিশেষ (চারিত্রবর্দ্ধন), স্বাস্থ্য, প্রকৃতিস্থতা (বল্লভ)। মল্লিনাথের

অর্থই যুক্তিযুক্ত বলিয়া মনে হয় ; মহাভূতানাং সমাধিঃ (ষষ্ঠীতৎ) ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চমহাভূত। যে উপাদানে বিধাতা মহাভূত সৃষ্টি করিয়াছিলেন সেই উপাদানেই দিলীপকেও সৃষ্টি করিয়াছিলেন।

৫। আসন্—কর্তা 'গুণাঃ'। অস্+লঙ্ অন্। ছিল।

৬। পরার্থৈকফলাঃ—'গুণাঃ' পদের বিধেয়বিশেষণ। পরপ্রয়োজনেই নিয়োজিত। পরস্য অর্থঃ (প্রয়োজনম্) (ষষ্ঠীতৎ) = পরার্থঃ ; স এব একং (মুখ্যং) ফলং যেষাং তে (বহুব্রীহি)।

৭। গুণাঃ—'আসন্' ক্রিয়ার কর্তা। দিলীপপক্ষে, দয়াদাক্ষিণ্যাদি গুণরাজি। মহাভূতপক্ষে—গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ (ইহারা যথাক্রমে ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চমহাভূতের গুণ)। গন্ধাদি গুণবর্গ যেরূপ পরার্থে সৃষ্ট, দিলীপের দয়াদাক্ষিণ্যাদি গুণরাজিও সেইরূপ পরোপকারেই প্রযুক্ত হইত। ইহা হইতে বুঝা যায় যে পঞ্চমহাভূত এবং দিলীপ একই উপাদানে নির্মিত।

বাচ্যপরিবর্তন—স বেধসা…সর্বৈঃ গুণৈঃ পরার্থৈকফলৈঃ অভূয়ত।

মন্তব্য—উৎপ্রেক্ষা অলঙ্কার। "ভবেৎ সম্ভাবনোৎপ্রেক্ষা প্রকৃতস্য পরাত্মনা" (সা দঃ)। এই শ্লোকের অনুরূপ ভাবঃ—"গুণবত্তাপি পরপ্রয়োজনা" (রঘুবংশ—৮।৩১)।

দিলীপ এই সমগ্রা বসুন্ধরাকে একটি নগরীর ন্যায় শাসন করিতেন।

স বেলাবপ্রবলয়াং পরিখীকৃতসাগরাম্।

অনন্যশাসনামুর্বীং শশাসৈকপুরীমিব ॥ ৩০ ॥

অন্বয়—সঃ (তিনি অর্থাৎ দিলীপ) বেলাবপ্রবলয়াং (সমুদ্রতীর যাহার প্রাচীর) পরিখীকৃতসাগরাম্ (সমুদ্র যাহার পরিখা) অনন্যশাসনাম্ (অন্যের শাসন-রহিত) উর্বীম্ (ধরিত্রীকে) একপুরীম্ ইব (একটি নগরীর ন্যায়) শশাস (শাসন করিতেন)।

বাঙ্গালা—সমুদ্রতীর যাহার প্রাচীর এবং সমুদ্র যাহার পরিখা, অন্যের শাসন-রহিত সেই ধরিত্রীকে তিনি একটি নগরীর ন্যায় শাসন করিতেন।

Eng.—He governed the earth which was subject to no

other rule and the encircling ramparts of which were the sea-beaches and the seas were its moats, as if, it was a single city.

মল্লিনাথ—সঃ দিলীপঃ, বেলাঃ সমুদ্রকূলানি। "বেলা কূলেঽপি বারিধেঃ' ইতি বিশ্বঃ। তা এব বপ্রবলয়াঃ প্রাকারবেষ্টনানি যস্যাস্তাম্। "স্যাচ্চয়ে বপ্রমস্ত্রিয়াম্। প্রাকারো বরণঃ শালঃ প্রাচীরম্" ইত্যমরঃ। পরিতঃ খাত পরিখা দুর্গবেষ্টনং খাতম্। "খাতং খেয়ন্তু পরিখা" ইত্যমরঃ। "অন্যেষ্বপি দৃশ্যতে" ইত্যত্র অপিশব্দাৎ খনের্ডপ্রত্যয়ঃ। অপরিখাঃ পরিখাঃ সম্পদ্যমানা কৃতাঃ পরিখীকৃতাঃ সাগরাঃ যস্যাস্তাম্। অভূততদ্ভাবে চ্বিঃ।. অবিদ্যমানম্ অন্যস্য রাজ্ঞঃ শাসনং যস্যাস্তাম্, অনন্যশাসনাম্, উর্বীং পৃথ্বীম্ একপুরীমিব শশাস অনায়াসেন শাসিতবান্ ইত্যর্থঃ।

সারাংশ—যথা কশ্চিৎ প্রাচীরবেষ্টিতাং পরিখাযুতাং তদেকাধীনাম্ একা নগরীম্ অনায়াসেন শাস্তি, তথৈব দিলীপোঽপি সমগ্রাম্ অর্ণবাবধিং বসুন্ধরা লীলয়া শাসিতবান্।

টীকান্তর—" ..অবিদ্যমানম্ অন্যশাসনং যস্যাম্। নঞোঽস্ত্যর্থানাং বহুব্রীহির্বা চোত্তরপদলোপশ্চেতি সমাসঃ। ইদমর্থাৎ ক্রিয়াবিশেষণম্। অন্যশাসনরহিত যথা ভবতি তথা কৃত্বেত্যর্থঃ।" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। সঃ—'শশাস' ক্রিয়ার কর্তা। দিলীপ।

২। বেলাবপ্রবলয়াম্—'উর্বীম্' পদের বিশেষণ। সমুদ্রতীর যাহার প্রাচীর বপ্রাণ্যেব বলয়াঃ (রূপক-কর্মধা); বেলা এব বপ্রবলয়া যস্যাঃ তাম্ (বহুব্রীহি) বেলা—সমুদ্রতীর। "অব্ধ্যম্বুবিকৃতৌ বেলা কালমর্য্যাদয়োরপি" ইত্যমরঃ। বপ্র—প্রাচীর। বপ্+রন্ (উণাদি)=বপ্রম্ (পরিখোদ্ধৃতমৃত্তিকাকূটস্য—ভানুজি) বলয়—বেষ্টন—অর্থাৎ প্রাচীর-বেষ্টিত। বল্+কয়ন্ (উণাদি)।

৩। পরিখীকৃতসাগরাম্—'উর্বীম্' পদের বিশেষণ। সমুদ্র যাহার পরিখা পরিতঃ খন্যতে ইতি পরি—খন্+ড—"অন্যেভ্যোঽপি" (বা) পরিখ (দুর্গাদিপরিতঃ খাতঃ)। ন পরিখাঃ (নঞ্ তৎ) অপরিখাঃ। অপরিখা পরিখাঃ সম্পদ্যমানাঃ কৃতা ইতি গতিসমাসে পরিখা+চ্বি অভূততদ্ভাবে+কৃ+ক্ত কর্তরি=পরিখীকৃতাঃ সাগরাঃ যস্যাঃ (বহুব্রীহি) তাম্। সাগরঃ—শ্লোক ২ দেখ।

৪। **অনন্যশাসনাম্**—'উর্বীম্' পদের বিশেষণ। অন্যের শাসন-রহিত। দিলীপ পৃথিবীর একচ্ছত্র সম্রাট্ ছিলেন। অন্যস্য শাসনম্ (ষষ্ঠীতৎ) অন্যশাসনম্; অবিদ্যমানম্ অন্যশাসনং যস্যাঃ (বহুব্রীহি) তাম্ "নঞোঽস্ত্যর্থানাং বহুব্রীহির্বা চোত্তরপদলোপো বক্তব্যঃ" (বা)। বিকল্পে 'অবিদ্যমানান্যশাসনাম্'। শাস্+ ল্যুট্ করণে=শাসনম্। নারায়ণের মতে এই পদ কর্মবিশেষণ হইলেও অর্থের দিক্ দিয়া ইহা ক্রিয়াবিশেষণ। টীকান্তর দ্রষ্টব্য।

৫। উর্বীম্—'শশাস' ক্রিয়ার কর্ম উর্ণুঞ (আচ্ছাদনে) "মহতি হ্রস্বশ্চ" ইত্যুঃ, নুলোপঃ হ্রস্বশ্চ। "বোতো গুণবাচনাৎ" ইতি ঙীষ্। পৃথিবীকে।

৬। শশাস—কর্তা 'সঃ'। শাস+লিট্ ণল্। শাসন করিতেন।

৭। একপুরীম্ ইব।—একটি নগরীর ন্যায়। একা চাসৌ পুরী চ (কর্মধারয়) =একপুরী, তাম্। 'উর্বীম্'—এই উপমেয়ের উপমান। "একে মুখ্যান্যকেবলাঃ" ইত্যমরঃ।

বাচ্যপরিবর্ত্তন—তেন বেলাবপ্রবলয়া পরিখীকৃতসাগরা অনন্যশাসনা উর্বী একপুরী ইব শশাসে।

মন্তব্য—উপমা অলঙ্কার। সমগ্র পৃথিবীকে একটি নগরীর সহিত তুলনা করা হইয়াছে। রাজার স্বীয় রাজধানীও প্রাচীর-শোভিত এবং পরিখাবেষ্টিত থাকে।

সুদক্ষিণা নামে দিলীপের এক পত্নী ছিলেন।

তস্য দাক্ষিণ্যরূঢ়েন নাম্না মগধবংশজা।
পত্নী সুদক্ষিণেত্যাসীদধ্বরস্যেব দক্ষিণা ॥ ৩১ ॥

অন্বয়—তস্য (তাঁহার, অর্থাৎ দিলীপের) মগধবংশজা (মগধবংশপ্রসূতা) দাক্ষিণ্যরূঢ়েন নাম্না (উপলক্ষিতা) (দাক্ষিণ্যাদিগুণে লব্ধপ্রতিষ্ঠা) সুদক্ষিণা ইতি (সুদক্ষিণা নামে) পত্নী (পত্নী) অধ্বরস্য (যজ্ঞের) দক্ষিণা ইব (পত্নী দক্ষিণার ন্যায়) আসীৎ (ছিলেন)।

বাঙ্গালা—যজ্ঞের পত্নী যেরূপ দক্ষিণা, তাঁহারাও সেইরূপ দাক্ষিণ্যাদিগুণে লব্ধপ্রতিষ্ঠা মগধবংশপ্রসূতা সুদক্ষিণা নামে এক পত্নী ছিলেন।

Eng. He had a wife born in the family of Magadha kings, by name Sudakṣiṇā, a name celebrated for its

nobility, like Dakṣinā, the sacrificial fee, the wife of Sacrifice.

মল্লিনাথ—তস্যেতি। তস্য রাজ্ঞঃ মগধবংশে জাতা মগধবংশজা "সপ্তম্যাং জনের্ড" ইতি ডপ্রত্যয়ঃ। এতেনাভিজাত্যমুক্তম্। দাক্ষিণ্যং পরছন্দানুবর্ত্তনম্। "দক্ষিণঃ সরলোদারপরছন্দানুবর্ত্তিষু" ইতি শাশ্বতঃ। তেন রূঢ়ং প্রসিদ্ধং তেন নাম্না অধ্বরস্য যজ্ঞস্য দক্ষিণা দক্ষিণাখ্যা পত্নী ইব সুদক্ষিণা ইতি প্রসিদ্ধা পত্নী আসীৎ। অত্র শ্রুতিঃ—"যজ্ঞো বৈ গন্ধর্বস্তস্য দক্ষিণা অপ্সরস" ইতি। "দক্ষিণায়া দাক্ষিণ্যং নাম ঋত্বিজো দক্ষিণত্বপ্রাপকত্বং তে দক্ষন্তে দক্ষিণাং প্রতিগৃহ্য" ইতি চ। '

সারাংশ—যজ্ঞস্য ভার্য্যা দক্ষিণা ইব দিলীপস্য দাক্ষিণ্যাদিগুণসম্পন্না সুদক্ষিণেতি অন্বর্থনাম্নী পত্নী আসীৎ।

টিপ্পনী—১। দাক্ষিণ্যরূঢ়েন—'নাম্না' পদের বিশেষণ। দাক্ষিণ্যগুণেলব্ধপ্রতিষ্ঠ, অর্থাৎ দাক্ষিণ্যাদিগুণসম্পন্না। দক্ষিণস্য ভাবঃ ইতি দক্ষিণ+ষ্যঞ্=দাক্ষিণ্যম্ (পরচ্ছন্দানুবর্ত্তনম্)। দাক্ষিণ্যেন রূঢ়ং (তৃতীয়াতৎ)। রুহ্+ক্ত=রূঢ়ম্—প্রসিদ্ধ। শব্দ তিন প্রকার—(১) রূঢ় (যাহাদের ব্যুৎপত্তি হয় না) গো, আখণ্ডল, অশ্বকর্ণ (শালবৃক্ষ), ইত্যাদি। (২) যৌগিক (যাহারা ব্যুৎপত্তিলভ্য অর্থে ব্যবহৃত হয়) যেমন 'পাচকঃ' [পচ্ (পাক ক্রিয়া)+ণ্বুল্ (কর্ত্তা)=যে পাক করে]। (৩) যোগরূঢ় (যাহাদের ব্যুৎপত্তিগত অর্থ থাকিলেও বিশেষ অর্থে ব্যবহৃত হয়) যেমন—পঙ্কজ (পঙ্কে অনেক কিছুই জন্মিয়া থাকে, যেমন শৈবাল প্রভৃতি; কিন্তু পঙ্কজ বলিতে পদ্মকেই বুঝায়)। এস্থলে যোগরূঢ় শব্দকেই বুঝাইতেছে। দাক্ষিণ্যগুণসম্পন্না ছিলেন বলিয়াই তাঁহাকে 'সুদক্ষিণা' বলা হইত। (রঘু—২।৩৩)

২। নাম্না—উপলক্ষণে তৃতীয়া। নামে।

৩। মগধবংশজা—'পত্নী' পদের বিশেষণ। মগধবংশপ্রসূতা। মগধানাং বংশঃ (রাজবংশ ইত্যর্থঃ) (ষষ্ঠীতৎ) তস্মিন্ জাতা ইতি মগধবংশ—জন্+ড+টাপ্ স্ত্রিয়াম্=মগধবংশজা। বর্ত্তমানের দক্ষিণ-বিহার প্রদেশের প্রাচীন নাম ছিল মগধ (কীকট)। মগধদেশ ছিল বৌদ্ধধর্মের জন্মভূমি। গঙ্গা এবং শোণ নদীর সঙ্গমস্থলে অবস্থিত পাটলিপুত্র বা পুষ্পপুর ইহার রাজধানী ছিল। ইহার প্রাচীন রাজধানী ছিল গিরিব্রজ বা রাজগৃহ।

৪। পত্নী—'আসীৎ' ক্রিয়ার কর্ত্তা। ভার্য্যা। "পত্যুর্নো যজ্ঞসংযোগে" ইতি পতিশব্দাৎ নঃ স্ত্রিয়াম্।

৫। সুদক্ষিণা ইতি—'সুদক্ষিণা' এই নামে প্রসিদ্ধা। (১) টিপ্পনী—দ্রষ্টব্য।

৬। অধ্বরস্য—'তস্য' পদের উপমান। সম্বন্ধে ষষ্ঠী। যজ্ঞের। অধ্বর-শব্দটিকে নিম্নলিখিত উপায়ে বিশ্লেষণ করা যাইতে পারে—(১) অবিদ্যমানা (নাস্তি) ধ্বরা (হিংসা) যস্মিন্ সঃ (নঞ্ গর্ভোত্তরপদলোপী বহুব্রীহি)—যজ্ঞে যে পশুবধাদি হয়, তাহা বৈধ হিংসা বলিয়া দুষ্ট নহে। (২) ন ধ্বরতীতি অধ্বরঃ; ধ্বৃ+অচ্=ধ্বরঃ—হিংসারহিত (সায়নাচার্য্য)। (৩) অধ্বানং (পন্থানং) রাতি, দদাতি, ইতি অধ্বরঃ। যাহা স্বর্গের পথ প্রদর্শন করে। যজ্ঞাদির অনুষ্ঠানে স্বর্গলাভ হয়। (৪) ন ধ্বরতি কুটিলো ভবতীতি অধ্বরঃ; ধ্বৃ (কৌটিল্যে)+অচ্=ধ্বরঃ (ভানুজি)। ন ধ্বরঃ (নঞ্ তৎ)=অধ্বরঃ। যাহা কখনও কুটিল (অর্থাৎ দুষ্ট) হয় না।

৭। দক্ষিণা—সুদক্ষিণার উপমান। (যেরূপ) দক্ষিণা। যজ্ঞান্তে ব্রাহ্মণদিগকে যে অর্থ প্রদান করা হয় তাহাকে দক্ষিণা বলে। বেদে ইহা যজ্ঞের পত্নীরূপে উল্লিখিত হইয়াছে। "যাগস্য দক্ষিণা ভার্য্যা ইতি শ্রুতিপ্রসিদ্ধিঃ" (নারায়ণঃ)। দক্ষিণা প্রজাপতির কন্যারূপেও উল্লিখিত হইয়াছে।

বাচ্যপরিবর্ত্তন—...মগধবংশজয়া দক্ষিণয়া ইব সুদক্ষিণেতি নাম্না পত্ন্যা অভূয়ত।

মন্তব্য—উপমা অলঙ্কার। দিলীপের সহিত যজ্ঞের এবং সুদক্ষিণার সহিত দক্ষিণার তুলনা করা হইয়াছে। দক্ষিণা যজ্ঞের ভার্য্যা। যজ্ঞ দক্ষিণান্ত হইলেই পূর্ণাঙ্গ হয়। সুদক্ষিণাও সেইরূপ দিলীপের অর্ধাঙ্গিনী ছিলেন। সুদক্ষিণা ব্যতীত দিলীপ যেন অসম্পূর্ণ।

দিলীপের বহু পত্নী থাকিলেও সুদক্ষিণা এবং রাজলক্ষ্মীর দ্বারাই নিজেকে ভার্য্যাবান্ মনে করিতেন।

কলত্রবন্তমাত্মানমবরোধে মহত্যপি।
তয়া মেনে মনস্বিন্যা লক্ষ্ম্যা চ বসুধাধিপঃ ॥ ৩২ ॥

অন্বয়—বসুধাধিপঃ (মহীপাল দিলীপ) মহতি (অনেক) অবরোধে অপি (সহধর্মিণী থাকিলেও) মনস্বিন্যা (মনস্বিনী) তয়া (সুদক্ষিণা দ্বারা) লক্ষ্ম্যা

চ (এবং রাজলক্ষ্মীর দ্বারাই) আত্মানং (নিজেকে) কলত্রবন্তং (ভার্য্যাবান্) মেনে (মনে করিতেন)।

বাঙ্গালা—অনেক সহধর্ম্মিণী থাকিলেও, মহীপাল দিলীপ মনস্বিনী সুদক্ষিণা এবং রাজলক্ষ্মীর দ্বারাই নিজেকে ভার্য্যাবান্ মনে করিতেন।

Eng.—The lord of the earth inspite of his having a large number of queens, regarded himself as truly married by (his being united with) this noble lady and with the goddess of royal fortune.

মল্লিনাথ—কলত্রবন্তমিতি। বসুধাধিপঃ অবরোধে অন্তঃপুরবর্গে মহতি সত্যপি মনস্বিন্যা দৃঢ়চিত্তয়া পতিচিত্তানুবৃত্ত্যাদিনির্ব্বন্ধক্ষময়া ইত্যর্থঃ, তয়া সুদক্ষিণয়া লক্ষ্ম্যা চ আত্মানং কলত্রবন্তং ভার্য্যাবন্তং মেনে। "কলত্রং শ্রোণিভার্য্যয়োঃ।" ইত্যমরঃ। বসুধাধিপ ইত্যনেন বসুধয়া চেতি গম্যতে।

মল্লিটীকা—বসুধাধিপ····গম্যতে।—'বসুধাধিপঃ' (অর্থাৎ পৃথিবীর পতি) —শব্দের প্রয়োগ থাকায় দিলীপ পৃথিবীর দ্বারাও নিজেকে ভার্যাবান্ মনে করিতেন—ইহা ধ্বনিত হইতেছে। অতএব দিলীপের তিনটি ভার্য্যা—সুদক্ষিণা, রাজলক্ষ্মী এবং পৃথিবী। "বসুধামপি হস্তগামিনীমকরোদিন্দুমতীমিবাপরাম্" (রঘু—৮।১)।

সারাংশ—যদ্যপি দিলীপস্য অনেকা ভার্য্যা আসন্ তথাপি সঃ সুদক্ষিণয়া রাজলক্ষ্ম্যা চ আত্মানং ভার্য্যাবন্তং মেনে।

টিপ্পনী—১। কলত্রবন্তম্—'আত্মানম্' পদের বিশেষণ। কলত্রমস্যাস্তীতি কলত্র+মতুপ্ (প্রাশস্ত্যে) "মাদুপধায়াশ্চ মতোর্বোঽযবাদিভ্যঃ" ইতি মতুপো মকারস্য বকারঃ। ভার্য্যাবান্। গডতি গড্যতে বা "গড সেচনে"—"গডেরাদেশ্চ কঃ" ইত্যত্রন্। ডলয়োরেকত্বম্ = কলত্রম্—ভার্য্যা।

২। আত্মানম্—'মেনে' ক্রিয়ার কর্ম্ম। অৎ+মনিন্। নিজেকে।

৩। অবরোধে—ভাবে অথবা অনাদরে সপ্তমী। অব-রুধ্+ঘঞ =অবরোধঃ—রাজপত্নী। "অবরোধস্তিরোধানে রাজদারেষু তদ্গৃহে"—মেদিনী। টীকাকার নারায়ণ বলেন—'অবরোধশব্দঃ স্ত্রীণাং নিবাসগৃহবাচক এব; তেন তদ্গতাঃ স্ত্রিয়ো লক্ষ্যন্তে।"

৪। মহতি—'অবরোধে' পদের বিশেষণ। অনেক। 'প্রশস্তে' ইতি নারায়ণঃ।

৫। তয়া—করণে অথবা হেতৌ তৃতীয়া। সুদক্ষিণার দ্বারা।

৬। মেনে—কর্ত্তা 'বসুধাধিপঃ'। মনে করিতেন। মন্+লিট্ এ।

৭। মনস্বিন্যা—'তয়া' পদের বিশেষণ। মনস্বিনী। প্রশস্তং মনঃ অস্যা অস্তীতি মনস্+বিন্ (প্রাশস্ত্যে)—"অস্-মায়া-মেধা স্রজো বিনিঃ" (সূ)—ততঃ স্ত্রিয়াম্ ঙীপ্=মনস্বিনী। মতুপ্, ইন্, বিন্, প্রভৃতি মত্বর্থীয় প্রত্যয় নিম্নলিখিত অর্থে ব্যবহৃত হয়—"ভূম-নিন্দা-প্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে। সংসর্গেঽস্তি-বিবক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ॥"

৮। লক্ষ্ম্যা—করণে অথবা হেতৌ তৃতীয়া। রাজলক্ষ্মী দ্বারা। কবিগণ রাজলক্ষ্মীকে রাজার পত্নীরূপে কল্পনা করিয়া থাকেন। "বক্ষস্যসঙ্ঘট্টসুখং বসন্তী রেজে সপত্নীরহিতেব লক্ষ্মীঃ" (রঘু—১৪।৮৬)। পৃথিবীও রাজপত্নীরূপে কল্পিত হন। মল্লিটীকা দ্রষ্টব্য।

৯। বসুধাধিপঃ—'মেনে'-ক্রিয়ার কর্তা। বসুধায়া অধিপঃ (ষষ্ঠীতৎ)। মহীপাল। অধিপাতীতি অধি-পা+ক=অধিপঃ। বসু দধাতি ইতি বসু-ধা+ক ="আতোঽনুপসর্গে"। পৃথিবীও দিলীপের তৃতীয় পত্নী ছিলেন -ইহা ধ্বনিত হইতেছে। মল্লিটীকা দ্রষ্টব্য।

বাচ্যপরিবর্ত্তন—······বসুধাধিপেন আত্মা কলত্রবান্।

মন্তব্য—'সমুচ্চয়' অলঙ্কার। সুদক্ষিণার সহিত রাজলক্ষ্মীর তুলনা হইয়াছে বটে, কিন্তু এই উপমা ব্যঙ্গ্য এবং গুণীভূত।

দিলীপ সুদক্ষিণায় পুত্রোৎপত্তির আশায় অধীর আগ্রহে দিন কাটাইতে লাগিলেন।

तस्यामात्मानुरूपायामात्मजन्मसमुत्सुकः।
विलम्बितफलैः कालं स निनाय मनोरथैः॥ ३३॥

অন্বয়—সঃ (তিনি অর্থাৎ দিলীপ) আত্মানুরূপায়াম্ (নিজের অনুরূপ)

তস্যাম্ (তাঁহাতে, অর্থাৎ পত্নী সুদক্ষিণার গর্ভে) আত্মজন্মসমুৎসুকঃ (পুত্রোৎপত্তির আশায় নিতান্ত উৎসুক হইয়া) বিলম্বিতফলৈঃ (যাহার ফলপ্রাপ্তিতে বিলম্ব হইতেছিল) মনোরথৈঃ (মনোরথ অবলম্বনপূর্বক) কালং (কাল) নিনায় (যাপন করিতে লাগিলেন)।

বাঙ্গালা—তিনি নিজের অনুরূপ পত্নী সুদক্ষিণার গর্ভে পুত্রোৎপত্তির আশায় নিতান্ত উৎসুক হইয়া বিলম্বিত-ফল মনোরথ অবলম্বনপূর্বক কাল যাপন করিতে লাগিলেন।

Eng.—Anxious to see the birth of a son to her who was (in every respect) worthy of himself, he passed his time in (fond) hopes, the fulfilment whereof was long delayed.

মল্লিনাথ—তস্যামিতি।—সঃ রাজা আত্মানুরূপায়াং তস্যাম্ আত্মনঃ জন্ম যস্য অসৌ আত্মজন্মা পুত্রঃ তস্মিন্ সমুৎসুকঃ, যদ্বা আত্মনে জন্মনি পুত্ররূপেণ উৎপত্তৌ সমুৎসুকঃ সন্, "আত্মা বৈ পুত্রনামাসি" ইতি শ্রুতেঃ। বিলম্বিতং ফলং পুত্রপ্রাপ্তিরূপং যেষাং তৈঃ মনোরথৈঃ, কদা মে পুত্রো ভবেৎ ইত্যাশাভিঃ কালং নিনায় যাপয়মাস।

সারাংশ—সুদক্ষিণায়াং পুত্রোৎপত্তৌ ভৃশম্ অভিলাষুকঃ স রাজা দিলীপঃ কদা মে পুত্রো ভবিষ্যতীত্যাশয়া কালং নিনায়।

টিপ্পনী—১। তস্যাম্—অধিকরণে সপ্তমী। সুদক্ষিণাতে, অর্থাৎ সুদক্ষিণার গর্ভে।

২। আত্মানুরূপায়াম্—'তস্যাম্' পদের বিশেষণ। আত্মনঃ অনুরূপা (ষষ্ঠীতৎ), তস্যাম্। অনুগতং রূপং অস্যাঃ (বহু)=অনুরূপা। নিজের অনুরূপ—অর্থাৎ কুলশীলসৌন্দর্যাদিতে সমান।

৩। আত্মজন্মসমুৎসুকঃ—'সঃ' পদের বিশেষণ। পুত্রোৎপত্তির আশায় নিতান্ত উৎসুক হইয়া। আত্মনঃ (স্বশরীরাৎ) জন্ম যস্য (বহু) সঃ আত্মজন্মা (পুত্র) "অবর্জ্যো বহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ" ইতি বামনবচনাৎ। তস্মিন্ সমুৎসুকঃ (৭মীতৎ)। সম্যক্ উদ্ উদ্যোগং সবতি সুনোতি বা ইতি সম্-উৎ-সু+ক্বিপ্+সংজ্ঞায়াং কন্। যদ্বা, সম্-উৎ-সু+ডু (ক্বিপ্ বা) ততঃ কন্।

অথবা, আত্মনো জন্ম (পুত্ররূপেণ উৎপত্তিঃ) তস্মিন্ সমুৎসুকঃ। শাস্ত্রে আছে পতি সন্তানরূপে জায়াতে জন্মলাভ করে। এইজন্য পত্নীর নাম 'জায়া' (জায়তে অস্যাম্)। "অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি শরীরাদভিজায়সে। আত্মা বৈ পুত্রনামাসি জীব ত্বং শরদাং শতম্॥" "জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ" (মনু—৯।৮)। তস্যাম্ আত্মজন্মসমুৎসুকঃ ইতি সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ ইতি অরুণগিরিনাথঃ॥

৪। বিলম্বিতফলৈঃ—'মনোরথৈঃ' পদের বিশেষণ। বিলম্বিতং ফলং (পুত্রপ্রাপ্তিরূপং) যেষাং তৈঃ (বহু)। যাহার পুত্ররূপফলপ্রাপ্তিতে বিলম্ব হইতেছিল। বিলম্বঃ সঞ্জাতঃ যস্য ইতি বিলম্ব+ইতচ্ (তারকাদিভ্যঃ)। অথবা, বি-লম্ব্+ক্ত "ক্তোঽধিকরণে চ" (সূ)।

৫। কালম্—'নিনায়' ক্রিয়ার কর্ম। সময়।

৬। নিনায়—কর্তা 'সঃ'। নী+লিট্ ণল্। অতিবাহিত করিতে লাগিলেন।

৭। মনোরথৈঃ—সহযোগে তৃতীয়া। বিনাপি তদ্যোগং তৃতীয়া "বৃদ্ধো যূনা—" ইতি নির্দেশাৎ। ইচ্ছার সহিত বা আশায়। মন এব রথোঽত্র ; মনো রথ ইব বা (ভানুজি)।

বাচ্যপরিবর্ত্তন—… …সমুৎসুকেন তেন…কালঃ নিন্যে।

দিলীপ পুত্রকামনায় বৈধ কর্মানুষ্ঠানের নিমিত্ত মন্ত্রিগণের উপর রাজ্যভার অর্পণ করিলেন।

সন্তানার্থায় বিধয়ে স্বভুজাদবতারিতা।
তেন ধূর্জগতো গুর্বী সচিবেষু নিচিক্ষিপে॥ ৩৪॥

অন্বয়—তেন (দিলীপ কর্তৃক) সন্তানার্থায় (পুত্রোদ্দেশ্যে) বিধয়ে (বৈধ কর্মানুষ্ঠানের নিমিত্ত) স্বভুজাৎ (স্বীয় ভুজযুগল হইতে) অবতারিতা (অবতারিত করিয়া) জগতঃ (জগতের বা রাজ্যের) গুর্বী (গুরু) ধূঃ (ভার) সচিবেষু (মন্ত্রিগণের উপর) নিচিক্ষিপে (অর্পণ করিলেন)।

বাঙ্গালা—তিনি পুত্রোদ্দেশ্যে বৈধ কর্মানুষ্ঠানের নিমিত্ত জগতের গুরুভার স্বীয় ভুজযুগল হইতে অবতারিত করিয়া মন্ত্রিগণের উপর সমর্পণ করিলেন।

Eng.—In order to perform some ceremony with a view to get issue, the heavy yoke of the world was taken down by him from his arms and laid on his ministers.

মল্লিনাথ—সন্তানেতি। তেন দিলীপেন সন্তানঃ অর্থঃ প্রয়োজনং যস্য তস্মৈ সন্তানার্থায় বিধয়ে অনুষ্ঠানায় স্বভুজাৎ অবতারিতা অবরোপিতা জগতঃ লোকস্য গুর্বী ধূঃ ভারঃ সচিবেষু নিচিক্ষিপে নিহিতা।

সারাংশ—দিলীপঃ পুত্রপ্রয়োজনকং ব্রতম্ অনুষ্ঠাতুং রাজ্যভারম্ অমাত্যেষু পুনরাদানায় ন্যস্তবান্।

টিপ্পনী—১। সন্তানার্থায়—'বিধয়ে' পদের বিশেষণ।—সন্তানঃ অর্থঃ (প্রয়োজনম্) যস্য (বহুব্রীহি) তস্মৈ। সন্তনোতি (বংশম্) ইতি সম্-তন+ণ কর্তরি; "তনোতেঃ" (বা)। পুত্র। "সন্তানং সন্ততৌ গোত্রে স্যাদপত্যে সুরদ্রুমে" ইতি মেদিনী। পুত্রোদ্দেশ্যে।

২। বিধয়ে—তাদর্থ্যে চতুর্থী। বি-ধা+কি। (বৈধ) কর্মানুষ্ঠানের নিমিত্ত।

৩। স্বভুজাৎ—অপাদানে পঞ্চমী। স্বস্য ভুজঃ (ষষ্ঠীতৎ) তস্মাৎ। "ধ্রুবমপায়েঽপাদানম্"। নিজ হস্ত হইতে।

৪। অবতারিতা—'ধূঃ' পদের বিশেষণ। অব-তৃ+ণিচ্+ক্ত, কর্মণি। অবতারিত করিয়া।

৫। ধূঃ—উক্তে কর্মণি প্রথমা। ধুর্-শব্দ স্ত্রীলিঙ্গ (ধূঃ, ধুরৌ, ধুরঃ) শকটের অগ্রভাগস্থিত কাষ্ঠকে ধুর্ বলে। এখানে ভার অর্থে প্রযুক্ত হইয়াছে। "ধূঃ স্যাদ্ যানমুখে ভারে" যাদবঃ। "ইতি কবিসময়েনোক্তং" (চারিত্রবর্দ্ধন)।

৬। জগতঃ—শেষে ষষ্ঠী। গম্+ক্বিপ্=জগৎ (ক্লীং); অথবা গম্+অতি (উণাদি), শতৃবদাদেশঃ। জগতের।

৭। গুর্বী—'ধূঃ' পদের বিশেষণ। গুরু+ঙীপ্ স্ত্রিয়াং "বোতো গুণবচনাৎ"। বিকল্পে 'গুরুঃ'। "গুর্বীতি প্রস্তুতকার্য্যস্য গুরুতরত্বং দ্যোতয়তি" (অরুণগিরি)। গুরুতর।

৮। সচিবেষু—বিষয়াধিকরণে সপ্তমী। অমাত্যগণের উপর। সচনম্—"ষচ সমবায়ে" "সর্বধাতুভ্য ইন্"। সচিং বাতি ইতি সচি-বা+ক ("আতোঽনুপসর্গে") সচিবঃ।

৯। নিচিক্ষিপে—কর্ত্তা 'তেন'। নি-ক্ষিপ্+লিট্ এ কর্মণি। নিক্ষিপ্ত হইয়াছিল। সমর্পণ করিয়াছিলেন।

বাচ্যপরিবর্ত্তন—......সঃ অবতারিতাং গুর্বীং ধুরং·· নিচিক্ষেপ।

দিলীপ ও সুদক্ষিণা কুলগুরু বশিষ্ঠদেবের আশ্রমাভিমুখে যাত্রা করিলেন।

অথাভ্যর্চ্য বিধাতারং প্রযতৌ পুত্রকাম্যয়া।
তৌ দম্পতী বশিষ্ঠস্য গুরোর্জগ্মতুরাশ্রমম্॥ ৩৫॥

অন্বয়—অথ (অনন্তর) প্রযতৌ (শুদ্ধ হইয়া) তৌ (সেই) দম্পতী (রাজদম্পতী, অর্থাৎ দিলীপ ও সুদক্ষিণা) পুত্রকাম্যয়া (পুত্রকামনায়) বিধাতারম্ (সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে) অভ্যর্চ্য (অর্চনা করিয়া) গুরোঃ (কুলগুরু) বশিষ্ঠস্য (বশিষ্ঠের) আশ্রমং (আশ্রমে) জগ্মতুঃ (যাত্রা করিলেন)।

বাঙ্গালা—অনন্তর সেই রাজদম্পতী (দিলীপ ও সুদক্ষিণা) শুদ্ধ হইয়া পুত্রকামনায় সৃষ্টিকর্ত্তা ব্রহ্মার অর্চনা করিয়া কুলগুরু বশিষ্ঠের আশ্রমে যাত্রা করিলেন।

Eng.—After having worshipped the god Brahmā with the desire of getting a son, the self-controlled and purified (royal) couple started for the hermitage of Vas'istha—their spiritual preceptor.

মল্লিনাথ—অথেতি। ধুরোঽবতারানন্তরং আত্মনঃ পুত্রেচ্ছয়া। "কাম্যচ্চ" ইতি পুত্রশব্দাৎ কাম্যচ্-প্রত্যয়ঃ, "অ প্রত্যয়াৎ" ইতি পুত্রকাম্যধাতোরকার-প্রত্যয়ঃ, ততষ্টাপ্, তয়া। তৌ দম্পতী জায়াপতী। "রাজদন্তাদিষু" জায়া-শব্দস্য দমিতি নিপাতনাৎ সাধু। প্রযতৌ পূতৌ বিধাতারং ব্রহ্মাণম্ অভ্যর্চ্য। "স খলু পুত্রার্থিভিরুপাস্যতে" ইতি মান্ত্রিকাঃ। গুরোঃ কুলগুরোর্বশিষ্ঠস্য আশ্রমং জগ্মতুঃ পুত্রপ্রাপ্ত্যুপায়াপেক্ষয়েতি শেষঃ।

সারাংশ—তৌ সুদক্ষিণাদিলীপৌ পুত্রপ্রাপ্তয়ে প্রথমং প্রজাপতিং সমুপাস্য ততঃ গুরোর্বশিষ্ঠস্য আশ্রমং যযতুঃ।

টিপ্পনী—১। অথ অনন্তর। অব্যয়। রাজ্যভার অর্পণের পর।

২। অভ্যর্চ্য—অর্চনা করিয়া। কর্ত্তা 'দম্পতী'। অভি—অর্চ্চ+ল্যপ্। কর্ম, 'বিধাতারম্'।

৩। বিধাতারম্—'অভ্যর্চ্য' ক্রিয়ার কর্ম। বিশেষেণ দধাতীতি বিধাতা। ব্রহ্মাকে। ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা বলিয়া পুত্রার্থিগণের সেব্য। বি—ধা+তৃচ্ অথবা তৃন্।

৪। প্রযতৌ—'দম্পতী' পদের বিশেষণ। প্রকর্ষেণ যতৌ (প্রাদিতৎ); যম্+ক্ত কর্ত্তরি। উপবাসাদিদ্বারা শুদ্ধ হইয়া।

৫। পুত্রকাম্যয়া—হেতৌ তৃতীয়া। পুত্রকামনায়। আত্মনঃ পুত্রেচ্ছা পুত্র+কাম্যচ্ "কাম্যচ্চ"। পুত্রকাম্য+অ—"অ প্রত্যয়াৎ"; ততঃ স্ত্রিয়াং টাপ্=পুত্রকাম্যা, তয়া।

৬। দম্পতী—'জগ্মতুঃ ক্রিয়ার কর্ত্তা। জায়া চ পতিশ্চ (দ্বন্দ্ব)=(১) দম্পতী (২) জম্পতী (৩) জায়াপতী। রাজদন্তাদিগণে পাঠাৎ জায়াশব্দস্য 'দম্' ভাবঃ 'জম্' ভাবো বা নিপাত্যতে। দিলীপ ও সুদক্ষিণা।

৭। বশিষ্ঠস্য—শেষে ষষ্ঠী। ইক্ষ্বাকুবংশের কুলগুরু। বশ্+কর্ত্তরি অচ্, ভাবে অপ্ বা=বশঃ (আত্মসংযম)। বশঃ অস্তি অস্য ইতি বশ+ইনি=বশী; অতিশয়েন বশী ইতি বশী+ইষ্ঠন্—"অতিশায়নে তমবিষ্ঠনৌ"=বশিষ্ঠঃ। বসিষ্ঠঃ এই বানানও হয়। বসু বিত্ততে অস্য ইতি বসু+অস্ত্যর্থে মতুপ্। অতিশয়েন বসুমান্ ইতি বসুমৎ+ইষ্ঠন্—"বিন্মতোর্লুক্" ইতি মতুপো লুক্, বসিষ্ঠঃ। সেইরূপ বশবৎ+ইষ্ঠন্=বশিষ্ঠঃ।

৮। গুরোঃ—শেষে ষষ্ঠী। গুরুর। "নিষেকাদীনি কর্মাণি যঃ করোতি যথাবিধি। সম্ভাবয়তি চান্নেন স বিপ্রো গুরুরুচ্যতে॥" (মনুসংহিতা—২।১৪২)।

৯। জগ্মতুঃ—কর্ত্তা 'দম্পতী'। গম্+লিট্ অতুস্। যাত্রা করিলেন।

১০। আশ্রমম্—'জগ্মতুঃ' ক্রিয়ার কর্ম। আ-শ্রম্+ঘঞ্ অধিকরণে, করণে

বা—"নোদাত্তোপদেশস্য মান্তস্যানাচমেঃ" ইতি ন বৃদ্ধিঃ। যদ্বা, আ (সমন্তাৎ) শ্রমঃ অত্র (বহু)—স্বধর্মসাধনক্লেশাৎ। আশ্রমে।

বাচ্যপরিবর্ত্তন—...প্রযতাভ্যাং তাভ্যাং দম্পতীভ্যাম্ আশ্রমঃ জগ্মে।

তাঁহারা একই রথে আরোহণ করিয়া গমন করিতে লাগিলেন।

স্নিগ্ধগম্ভীরনির্ঘোষমেকং স্যন্দনমাস্থিতৌ।
প্রাবৃষেণ্যং পয়োবাহং বিদ্যুদৈরাবতাবিব॥ ৩৬॥

অন্বয়—স্নিগ্ধগম্ভীরনির্ঘোষম্ (মধুর এবং গম্ভীর শব্দযুক্ত) একং (একই) স্যন্দনম্ (রথে). আস্থিতৌ (আরোহণ করিয়া) (অতএব) (স্নিগ্ধগম্ভীর-নির্ঘোষম্) প্রাবৃষেণ্যং (বর্ষাকালীন) পয়োবাহম্ (জলধরে) (আস্থিতৌ) বিদ্যুদৈরাবতৌ ইব (বিদ্যুৎ ও ঐরাবতের ন্যায়) (স্থিতৌ)।

বাঙ্গালা—তাঁহারা মধুর এবং গম্ভীর শব্দযুক্ত একই রথে আরোহণ করিয়া বর্ষাকালীন জলধরে সমারূঢ় বিদ্যুৎ এবং ঐরাবতের ন্যায় গমন করিতে লাগিলেন।

Eng.—They drove in a single chariot which made a deep but agreeable rumbling, and (therefore) looked like lightning and Airāvata riding (together) on a cloud of the rainy season.

মল্লিনাথ—স্নিগ্ধেতি। স্নিগ্ধঃ মধুরো গম্ভীরো নির্ঘোষো যস্য তম্, একং স্যন্দনং রথম্। প্রাবৃষি ভবঃ প্রাবৃষেণ্যঃ। "প্রাবৃষ এণ্য" ইতি এণ্য-প্রত্যয়ঃ। তং প্রাবৃষেণ্যং পয়োবাহং মেঘং বিদ্যুদৈরাবতৌ ইব আস্থিতৌ আরূঢ়ৌ জগ্মতুঃ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ইরা আপঃ। "ইরা ভূবাক্সুরাম্বু স্যাৎ" ইত্যমরঃ। ইরাবান্ সমুদ্রস্তত্র ভব ঐরাবতঃ অভ্রমাতঙ্গঃ। "ঐরাবতাভ্রমাতঙ্গৈরাবণাভ্রমু-বল্লভাঃ" ইত্যমরঃ। অভ্রমাতঙ্গত্বঞ্চাভ্রস্থত্বাদভ্ররূপত্বাদ্বা ইতি ক্ষীরস্বামী। অতএব মেঘারোহণং বিদ্যুৎসাহচর্য্যঞ্চ ঘটতে। কিঞ্চ বিদ্যুত ঐরাবতসাহচর্য্যাদেব ঐরাবতী সংজ্ঞা ঐরাবতস্য স্ত্রী, ঐরাবতীতি ক্ষীরস্বামী। তস্মাৎ সুষ্ঠূক্তং বিদ্যুদৈরাবতাবিবেতি। একরথারোহণোক্ত্যা কার্য্যসিদ্ধিবীজং দম্পত্যোরত্যন্ত-সৌমনস্যং সূচয়তি।

সারাংশ—ঐরাবতস্তৎপ্রিয়া বিদ্যুচ্চ বর্ষাসু স্নিগ্ধগম্ভীরধ্বনিশালিনি মেঘে

যথা শোভেতে, তথৈব রাজা দিলীপস্তৎপত্নী সুদক্ষিণাপি স্নিগ্ধগম্ভীরধ্বনিশালিনি রথে শোভেতে স্ম।

টীকান্তর—"…একং সাধারণং রথমধিষ্ঠিতৌ। অনেন মার্গেঽপি পরস্পরাঙ্গসঙ্গমুক্তম্। …বিদ্যুদৈরাবতৌ তড়িন্মেঘৌ। ঐরাবতসম্বন্ধাদেব বিদ্যুদৈরাবতীত্যুচ্যতে—"চম্পাশতহ্রদাহ্রাদিন্যৈরাবত্যঃ ক্ষণপ্রভা" ইত্যমরঃ। …পয়োবাহং মেঘমিবেত্যুপমা। মেঘস্যোপরি মেঘস্থিতিঃ সম্ভবতীত্যুক্তং রামায়ণে। —মেঘেষু মেঘাঃ প্রতিভ্রান্তি সক্তাঃ ইতি। অতএব নোৎপ্রেক্ষা। সাধারণং ধর্মমাত্র স্নিগ্ধগম্ভীরনির্ঘোষমিতি।" (নারায়ণঃ)।

"…অথবা ঐরাবতগজস্যাপি মেঘরূপত্বং তদুপরি সঞ্চারশ্চ ভবতি। "ঐরাবতোঽভ্রমাতঙ্গ" ইতি হলায়ুধঃ। "ঐরাবতং বিজানীয়ান্নাগমম্বুদগোচরম্" ইতি কাত্যায়নঃ। ইন্দ্রধনুর্বাচিত্বে নপুংসকতা স্যাৎ।" (অরুণগিরিঃ)।

"মেঘস্যোপরি সঞ্চরিষ্ণুর্মেঘশ্চৈরাবত…'মেঘস্যোপরি যো মেঘঃ স ঐরাবত উচ্যতে' ইতি দক্ষিণাবর্ত্তঃ"। (চারিত্রবর্দ্ধনঃ)।

টিপ্পনী—১। স্নিগ্ধগম্ভীরনির্ঘোষম্—'স্যন্দনম্' এবং 'পয়োবাহম্' পদের বিশেষণ। স্নিগ্ধশ্চাসৌ গম্ভীরশ্চ (বিশেষণদ্বয়েন কর্মধারয়ঃ)=স্নিগ্ধগম্ভীরঃ। স্নিগ্ধগম্ভীরঃ নির্ঘোষঃ যস্য সঃ (বহুব্রীহি) তম্। স্নিগ্ধ ও গম্ভীর শব্দযুক্ত। রথ এবং বর্ষাকালীন মেঘ—উভয়েরই স্নিগ্ধ এবং গম্ভীর ধ্বনি। মেঘদূতে কালিদাস বলিয়াছেন—"সঙ্গীতায় প্রহতমুরজাঃ স্নিগ্ধগম্ভীরঘোষম্" (মেঘদূত—২।১), "মন্দ্রস্নিগ্ধৈর্ধ্বনিভিরবলাবেণিমোক্ষোৎসুকানি" (মেঘদূত—২।৩৯)। স্নিহ্ (প্রীতৌ) +ক্ত, অকর্মকত্বাৎ; "বা দ্রুহ—" ইতি বা ঘঃ=স্নিগ্ধঃ—মধুর।—গম্ভীর= 'গম্ভীরাদয়শ্চ' ইতি "গভীরগম্ভীরৌ" (উণাদি) ইতি বা নিপাতিতৌ। নির্+ ঘুষ্+ঘঞ্=নির্ঘোষঃ—শব্দ। "স্বাননির্ঘোষনির্হ্রাদনাদনিস্বাননিস্বনাঃ" ইত্যমরঃ।

২। একম্—'স্যন্দনম্' পদের বিশেষণ। একই। ইহা হইতে বুঝা যায় যে, প্রাচীনকালে রাজা ও রাণী এক রথে আরোহণ করিতেন না— 'According to the ancient custom of India kings and queens do not drive in one and the same carriage." (Kale.)

৩। স্যন্দনম্—'আস্থিতৌ' ক্রিয়ার কর্ম। রথে। স্যন্দতে ইতি স্যন্দ্+ যুচ্—"চলনশব্দার্থাদকর্মকাদ্যুচ্।"

৪। আস্থিতৌ—কর্তা 'তৌ দম্পতী' (শ্লোক ৩৬)। আরূঢ় হইয়া। ।-স্থা+ক্ত, কর্তরি।

৫। প্রাবৃষেণ্যম্—'পয়োবাহম্' পদের বিশেষণ। বর্ষাকালীন। প্র-বৃষ্ ক্বিপ্=প্রাবৃট্; "নহিবৃতিবৃষিব্যধিরুচিসহিতনিষু কৌ" ইতি দীর্ঘত্বম্! প্রাবৃষি বঃ ইতি প্রাবৃষ্+এণ্যঃ, "প্রাবৃষি এণ্যঃ"=প্রাবৃষেণ্য। বর্ষাকালীন মেঘেরই ুর এবং গম্ভীর ধ্বনি হয়।

৬। পয়োবাহম্—'আস্থিতৌ' ক্রিয়ার কর্ম। মেঘ। পয়াংসি বহতীতি য়স্+বহ্+অন্=পয়োবাহঃ। 'স্যন্দনম্' পদের উপমান।

৭। বিদ্যুদৈরাবতৌ—দম্পতীর উপমান। বিদ্যুৎ এবং ঐরাবত। দ্যুচ্চ ঐরাবতশ্চ (দ্বন্দ্ব)=বিদ্যুদৈরাবতৌ। বিশেষেণ দ্যোততে ইতি বি-দ্যুৎ -ক্বিপ্=বিদ্যুৎ। ইরা উদকানি সন্ত্যস্মিন্ ইতি ইরা+মতুপ্=ইরাবান্ (সমুদ্রঃ) স্মিন্ ভবঃ ইতি ইরাবৎ+অণ্ "তত্র ভবঃ"=ঐরাবতঃ। মেঘের উপরে যে মেঘ াকে তাহাকে 'ঐরাবত' বলে (দক্ষিণাবর্ত—টীকান্তর দ্রষ্টব্য)। ইন্দ্রহস্তী বলিয়া রাবতের যে প্রসিদ্ধি আছে—উহা মেঘ ভিন্ন আর কিছুই নহে। ঋগ্বেদাদিতে ন্দ্র জলদাতারূপে বর্ণিত হইয়াছেন। তিনি মেঘ চালনা করিয়া পৃথিবীতে জল র্ণ করেন। অতএব তাঁহার বাহন ঐরাবত, অর্থাৎ মেঘ। বর্ষার আকাশে খন মেঘ ঘটা করিয়া আসে, তখন মেঘের স্তরপরম্পরা স্পষ্টভাবে উপলব্ধি রিতে পারা যায়। ঐ মেঘ কোন কোন সময়ে হস্তীর আকার ধারণ করে। ালিদাস মেঘদূতে মেঘের সহিত হস্তীর রূপসাদৃশ্যের কথা বলিয়াছেন ("পরিণত- জপ্রেক্ষণীয়ম্")। ক্ষীরস্বামী 'অভ্রমাতঙ্গ' শব্দের ব্যাখ্যায় 'অভ্ররূপত্বাৎ' এই কথা লিয়াছেন। বিদ্যুৎ মেঘের কান্তা। তাই বিদ্যুতের পর্যায়-শব্দ হইয়াছে ঐরাবতী" (ঐরাবতস্য স্ত্রী)। কালিদাসও মেঘদূতে বলিয়াছেন, "বিদ্যুত্বন্তং লিতবনিতা" (২।১) "চিরবিলসনাৎ খিন্নবিদ্যুৎকলত্রঃ" (১।৪১)) অতএব ঐরাবত' শব্দে মেঘের উপরে যে মেঘ তাহাকেই বুঝাইতেছে। "ঐরাবতোঽভ্র- াতঙ্গে নারঙ্গে লকুচদ্রুমে। নাগভেদে চ পুংসি স্যাৎ বিদ্যুতভেদয়োঃ স্ত্রিয়াম্। পুংসকং মহেন্দ্রস্য ঋজুদীর্ঘশরাসনে॥"—এস্থলে মেঘের সহিত রথের, মেঘের পরে যে মেঘ তাহার সহিত দিলীপের এবং বিদ্যুতের সহিত সুদক্ষিণার তুলনা রা হইয়াছে। টীকাকার অরুণগিরি বলেন যে ঐরাবত-শব্দ রামধনুকেও ইন্দ্রধনু) বুঝায়—কিন্তু, উহা উক্ত অর্থে ক্লীবলিঙ্গ। অতএব উপমান ও

উপমেয়ের ভিন্নলিঙ্গতা দোষ হইবে বলিয়া উক্ত অর্থ গ্রহণ করা যায় ন
টীকান্তর দ্রষ্টব্য।

বাচ্যপরিবর্ত্তন—……আস্থিতাভ্যাম্……বিদ্যুদৈরাবতাভ্যাম্।

মন্তব্য—উপমা অলঙ্কার। টিপ্পনী—(৭) দ্রষ্টব্য।

তাঁহারা অল্প পরিজনযুক্ত হইলেও তেজঃপ্রভাবে তাঁহাদিগকে সেনাপরিবৃত বলিয়া বে
হইতে লাগিল।

মাভূদাশ্রমপীড়েতি পরিমেয়পুরঃসরৌ।
অনুভাববিশেষাত্তু সেনাপরিবৃতাবিব[1] ॥ ৩৭ ॥

অন্বয়—আশ্রমপীড়া (আশ্রমের উপদ্রব) মা ভূৎ (না হউক) ইতি (এ
বিবেচনা করিয়া) পরিমেয়পুরঃসরৌ (অল্পসংখ্যক পরিচারক সঙ্গে লইলেন
তু (কিন্তু) অনুভাববিশেষাৎ (তেজঃপ্রভাবে) সেনাপরিবৃতৌ ইব (যেন সৈ
পরিবৃত হইয়া) (স্থিতৌ)।

বাঙ্গালা—পাছে আশ্রমের কোন উপদ্রব হয় এই বিবেচনা করি
তাঁহারা (দিলীপ ও সুদক্ষিণা) অল্পসংখ্যক পরিচারক সঙ্গে লইলেন; কি
তেজঃপ্রভাবে তাঁহাদিগকে যেন সৈন্য-পরিবৃত বলিয়া বোধ হইতে লাগিল।

Eng.—With the view that there should be no disturbanc
to (the peace of) the hermitage, they had only a limite
number of attendants; but, they appeared, as if, surrounde
by an army on account on their peculiarly dignified lustre.

মল্লিনাথ—মাভূদিতি—পুনঃ কিম্ভূতৌ দম্পতী? আশ্রমপীড়া মা ভূৎ
অস্ত্বিতি হেতোঃ। "মাঙি লুঙ্" ইত্যাশীরর্থে লুঙ্; "ন মাঙ্‌যোগে
ইত্যড়াগমনিষেধঃ। পরিমেয়পুরঃসরৌ পরিমিতপরিচারকৌ, অনুভাববিশেষা
তেজোবিশেষাৎ, সেনাপরিবৃতৌ ইব স্থিতৌ।

সারাংশ—আশ্রমপীড়াপরিহারায় অল্পসংখ্যকৈরেব পরিচারকৈঃ সাব
প্রস্থিতাবপি তৌ দম্পতী লোকোত্তরেণ তেজসা অসংখ্যসৈন্যসমন্বিতাবিব বভূবতুঃ

1. "পরিগতাবিব"—ইতি নারায়ণধৃতপাঠান্তরম্।

টিপ্পনী—১। মা ভূৎ—মা+অভূৎ। 'মাঙ্' এই অব্যয়যোগে 'অভূৎ' ক্রিয়ার অকারের লোপ হইয়াছে। "ন,মাঙ্যোগে"। ভূ+লুঙ্ দ=অভূৎ। কর্তা '**আশ্রমপীড়া**'।

২। আশ্রমপীড়া—'অভূৎ' ক্রিয়ার কর্তা। আশ্রমস্য পীড়া (ষষ্ঠীতৎ)। আশ্রম—শ্লোক ৩৫ দেখ। "তপোবননিবাসিনামুপরোধো মাভূৎ" (শাকুন্তল—১)। আশ্রমের বিঘ্ন।

৩। ইতি—অব্যয়। এই হেতু।

৪। পরিমেয়পুরঃসরৌ—'দম্পতী'র বিশেষণ। পরিমেয়াঃ পুরঃসরাঃ যয়োঃ, তৌ (বহুব্রীহি)। অল্পসংখ্যক পরিজন সঙ্গে লইয়া। পরিমাতুং শক্যাঃ ইতি পরি-মা+যৎ কর্মণি=পরিমেয়াঃ। পুরঃ সরন্তি যে (উপপদতৎ)—পুরঃ-সৃ+ট। পূর্ব+অস্=পুরঃ ('অস্তাতি' প্রত্যয় হইলে পুরস্তাৎ। "পূর্বাধবাবরাণামসি পুরধ বশ্চৈষাম্" ইতি পূর্বস্য পুরাদেশঃ)।

৫। অনুভাববিশেষাৎ—হেতৌ পঞ্চমী। অনুভাবস্য বিশেষঃ (ষষ্ঠীতৎ) তস্মাৎ। তেজঃপ্রভাবে। ভূ+ঘঞ্=ভাবঃ; অনুগতঃ ভাবঃ=অনুভাবঃ (প্রাদিসমাস)। অনু-ভূ+ঘঞ্—এইরূপ বিশ্লেষণ হইতে পারে না, কারণ ভূ-ধাতুর পূর্বে উপসর্গ থাকিলে ঘঞ্—প্রত্যয় হয় না—"শ্রিণীভুবোহনুপসর্গে"। "অনুভাবঃ প্রভাবে চ সতাং চ মতিনিশ্চয়ে" ইত্যমরঃ। "অনভিভবনীয়তাহেতুভূতাৎ প্রভাবাতিশয়াৎ" (নারায়ণঃ)—বি-শিষ্+ঘঞ্=বিশেষঃ।

৬। সেনাপরিবৃতৌ—'দম্পতীর' বিশেষণ। সেনয়া পরিবৃতৌ (তৃতীয়া-তৎ) সৈন্যপরিবৃত। সেনা—শ্লোক ১০ দ্রষ্টব্য। পরি-বৃ+ক্ত=পরিবৃত।

বাচ্যপরিবর্ত্তন:—আশ্রমপীড়য়া মা ভূয়ত……পরিমেয়পুরঃসরাভ্যাম্… সেনাপরিবৃতাভ্যাম্।

মন্তব্য—উৎপ্রেক্ষা অলঙ্কার। নারায়ণ এই শ্লোকে 'ভাবিক' অলঙ্কার ও ধরিয়াছেন। এস্থলে অতীত নায়কবৃত্তান্তকে প্রত্যক্ষরূপে বর্ণনা করা হইয়াছে। —"অত্র শ্লোকদ্বয়ে চিরাতীতস্য নায়কবৃত্তান্তস্য প্রত্যক্ষায়মাণতয়া দর্শিতত্বাৎ ভাবিকমলঙ্কারঃ।" (নারায়ণঃ)। "অদ্ভুতস্য পদার্থস্য ভূতস্যাথ ভবিষ্যতঃ। যৎপ্রত্যক্ষায়মাণত্বং তদ্ভাবিকমুদাহৃতম্॥" (সাহিত্যদর্পণে—১০।১২২)।

পথিমধ্যে সুখস্পর্শ সমীরণ তাঁহাদের সেবা করিতে লাগিল।

সেব্যমানৌ সুখস্পর্শৈঃ শালনির্য্যাসগন্ধিভিঃ।
পুষ্পরেণূৎকিরৈর্বাতৈরাধূতবনরাজিভিঃ॥ ৩৮॥

অন্বয়—সুখস্পর্শৈঃ (সুখস্পর্শ) শালনির্য্যাসগন্ধিভিঃ (শালনির্য্যাসগন্ধবাহী) পুষ্পরেণূৎকিরৈঃ (পুষ্পপরাগসংযুক্ত) আধূতবনরাজিভিঃ (বনরাজি ঈষৎ কম্পিত করিয়া) বাতৈঃ (সমীরণ কর্তৃক) সেব্যমানৌ (সেব্যমান হইয়া, অর্থাৎ তাঁহাদের সেবা করিতে লাগিল)।

বাঙ্গালা—সুখস্পর্শ, শালনির্যাসগন্ধবাহী এবং পুষ্পপরাগসংযুক্ত সমীরণ বনরাজি ঈষৎ কম্পিত করিয়া তাঁহাদের সেবা করিতে লাগিল।

Eng.—(On their way) they were fanned by the breeze agreeable to the touch, fragrant with odorous exudation of S'āla trees, scattering the pollens of flowers, and by which the groves of forests were gently shaken.

মল্লিনাথ—সেব্যমানাবিতি। পুনঃ কথম্ভূতৌ? সুখঃ শীতলত্বাৎ প্রিয়ঃ স্পর্শো যেষাং তৈঃ, শালনির্য্যাসগন্ধিভিঃ সর্জতরুনিস্যন্দগন্ধবদ্ভিঃ, "শালঃ সর্জতরুঃ স্মৃতঃ" ইতি শাশ্বতঃ। উৎকিরন্তি বিক্ষিপন্তীতি উৎকিরাঃ, "ইগুপধ" ইত্যাদিনা কিরতেঃ কপ্রত্যয়ঃ। পুষ্পরেণূনামুৎকিরাস্তৈঃ, আধূতা মান্দ্যাদীষৎকম্পিতা বনরাজয়ো যৈস্তৈর্বাতৈঃ সেব্যমানৌ।

সারাংশ—শালনির্য্যাসসুরভিঃ, কুসুমপরাগান্ বিকিরন্, বৃক্ষান্ চাকম্পয়ন্ সুরভিঃ মন্দগতিঃ শীতশ্চ সমীরণঃ মার্গে তৌ সিষেবে।

টিপ্পনী—১। সেব্যমানৌ—'দম্পতী'র বিশেষণ। সেব্যমান হইয়া। সেব্+শানচ্ কর্মণি।

২। সুখস্পর্শৈঃ—'বাতৈঃ' পদের বিশেষণ। সুখয়তীতি সুখঃ (সুখকর) সুখ+অচ্ পচাদিত্বাৎ। সুখঃ স্পর্শঃ যেষাং তৈঃ (বহুব্রীহি)। সুখস্পর্শ।

৩। শালনির্য্যাসগন্ধিভিঃ—'বাতৈঃ' পদের বিশেষণ। শালানাং (সর্জতরূণাম্) নির্য্যাসঃ (ষষ্ঠীতৎ) তস্য গন্ধঃ (ষষ্ঠীতৎ), স বিদ্যতে যেষাম্ ইতি শালনির্য্যাসগন্ধ +ইনি=শালনির্য্যাসগন্ধি, তৈঃ। শালবৃক্ষের রসের গন্ধবহনকারী। নির্য্যাস—

রস, নিস্যন্দ। "সালে তু সর্জকার্য্যাশ্বকর্ণকাঃ সস্যসংবরঃ" ইত্যমরঃ। এখানে 'শালনির্য্যাসগন্ধী' শব্দটি "ন কর্মধারয়াৎ মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ"— এই নিয়মের বিষয়বহির্ভূত। অতএব 'ইন্' প্রত্যযের প্রয়োগ সাধু।

৪। পুষ্পরেণূৎকিরৈঃ—'বাতৈঃ' পদের বিশেষণ। পুষ্পপরাগবিক্ষেপকারী। উৎকিরন্তীতি উৎকিরাঃ – উৎ-কৄ + ক—"ইগুপধজ্ঞাপ্রীকিরঃ কঃ"(সূ)। পুষ্পাণাং রেণবঃ (ষষ্ঠীতৎ), তেষাম্ উৎকিরাঃ (ষষ্ঠীতৎ), তৈঃ।

৫। বাতৈঃ—অনুক্তে কর্তরি তৃতীয়া। বায়ুকর্তৃক।

৬। আধূতবনরাজিভিঃ—'বাতৈঃ' পদের বিশেষণ। বনরাজিকে মন্দ মন্দ কম্পিত করিয়া। আ ঈষৎ ধূতাঃ কম্পিতাঃ (সুপ্‌সুপা); বনানাং রাজয়ঃ (ষষ্ঠীতৎ); আধূতাঃ বনরাজয়ঃ যৈঃ (বহুব্রীহি) তৈঃ। ধূ + ক্ত = ধূত।

বাচ্যপরিবর্ত্তন—·········সেব্যমানাভ্যাম্।

মন্তব্য—সংস্কৃত সাহিত্যের কবিগণ বায়ুর বর্ণনা করিলে সেই বায়ুর তিনটি বৈশিষ্ট্য বর্ণনা করিয়া থাকেন—শৈত্য, মান্দ্য এবং সৌরভ। কোনও স্থলে ইহা বাচ্য এবং কোনও স্থলে ইহা গম্য। উভয়ের মধ্যে গম্যেরই (ধ্বনির) চমৎকারিত্ব অধিক। এই শ্লোকের 'সুখস্পর্শৈঃ' শব্দের দ্বারা শৈত্য, 'আধূত' পদের দ্বারা মান্দ্য এবং 'শালনির্য্যাসগন্ধিভিঃ' পদের দ্বারা সৌরভ ধ্বনিত হইয়াছে। ইহার অনুরূপ শ্লোক—

> "পৃক্তস্তুষারৈর্গিরিনির্ঝরাণামনোকহাকম্পিতপুষ্পগন্ধী।
> তমাতপক্লান্তমনাতপত্রমাচারপূতং পবনঃ সিষেবে॥"—(রঘু—২।১৩)।
> "ভাগীরথীনির্ঝরশীকরাণাং বোঢ়া মুহুঃ কম্পিতদেবদারুঃ।
> যদ্বায়ুরন্বিষ্টমৃগৈঃ কিরাতৈরাসেব্যতে ভিন্নশিখণ্ডিবর্হঃ॥
>
> (কুমারসম্ভব—১।১৫)।

•এস্থলে বায়ুর প্রত্যেক বিশেষণগুলি উদ্দেশ্যমূলক বলিয়া "পরিকর" অলঙ্কার হইয়াছে। "উক্তির্বিশেষণৈঃ সাভিপ্রায়ৈঃ পরিকরঃ স্মৃতঃ" (সাহিত্যদর্পণ)। এস্থলে স্বভাবোক্তি অলঙ্কারও আছে। অতএব উভয়ের সঙ্কর। "অত্র বিশেষণৈঃ বাতানাং শৈত্যাদিগুণযোগাৎ স্পৃহণীয়ত্বমুক্তম্। অতএব বিশেষণানাং

স্পৃহণীয়তাভিপ্রায়ত্বাৎ পরিকরোঽলঙ্কারঃ………অত্র চ স্বভাবোক্ত্যা সহৈক বাচকানুপ্রবেশলক্ষণঃ সঙ্করঃ। স্বভাবোক্তিস্তু ডিম্ভাদেঃ স্বক্রিয়ারূপবর্ণনমিতি”—(নারায়ণঃ)।

তাঁহারা পথিমধ্যে ময়ূরের কেকারব শ্রবণ করিতে লাগিলেন।

মনোঽভিরামাঃ শৃণ্বন্তৌ রথনেমিস্বনোন্মুখৈঃ।
ষড়্‌জসংবাদিনীঃ কেকা দ্বিধা ভিন্না শিখণ্ডিভিঃ॥ ৩৯॥

অন্বয়—রথনেমিস্বনোন্মুখৈঃ (রথচক্রের গম্ভীর রব শ্রবণে উন্মুখ) শিখণ্ডিভিঃ (শিখিকুল কর্তৃক) দ্বিধা (দুই প্রকার—শুদ্ধ ও বিকৃত ভেদে) ভিন্নাঃ (বিভিন্ন) ষড়্‌জসংবাদিনীঃ (ষড়্‌জ স্বরের অনুরূপ) (অতএব) মনোঽভিরামাঃ (মনোহর) কেকাঃ (কেকারব) শৃণ্বন্তৌ (শ্রবণ করিতে লাগিলেন)।

বাঙ্গালা—তাঁহারা (পথিমধ্যে) রথচক্রের গম্ভীর রব শ্রবণে উন্মুখ শিখি-কুল কর্তৃক (স্ত্রীপুরুষভেদে) দ্বিধা উচ্চারিত ষড়্‌জস্বরের অনুরূপ মনোহর কেকারব শ্রবণ করিতে লাগিলেন।

Eng.—They listened to the cries of (wild) peacocks who looked up at the rattle of the car-wheels, which, being divided into two folds, were very charming to the mind and in conformity with the ṣaḍja note.

মল্লিনাথ—মনোঽভিরামা ইতি। রথনেমিস্বনোন্মুখৈঃ মেঘধ্বনিশঙ্কয়া উন্নমিতমুখৈরিত্যর্থঃ। শিখণ্ডিভির্ময়ূরৈর্দ্বিধা ভিন্নাঃ। শুদ্ধবিকৃতভেদেন, আবিষ্কৃতাবস্থায়াং চ্যুতাচ্যুতভেদেন বা ষড়্‌জো দ্বিবিধঃ, তৎসাদৃশ্যাৎ কেকা অপি দ্বিধা ভিন্না ইত্যুচ্যতে। অতএবাহ—ষড়্‌জসংবাদিনীরিতি। ষড়্‌ভ্যঃ স্থানেভ্যো জাতঃ ষড়্‌জঃ। তদুক্তম্—“নাসাকণ্ঠমুরস্তালুজিহ্বাদন্তাংশ্চ সংস্পৃশন্। ষড়্‌ভ্যঃ সংজায়তে যস্মাত্তস্মাৎ ষড়্‌জ ইতি স্মৃতঃ॥” স চ তন্ত্রীকণ্ঠজন্মা স্বরবিশেষঃ। “নিষাদর্ষভগান্ধারষড়্‌জমধ্যমধৈবতাঃ। পঞ্চমশ্চেত্যমী সপ্ত তন্ত্রীকণ্ঠোত্থিতাঃ স্বরাঃ॥” ইত্যমরঃ। ষড়্‌জেন সংবাদিনীঃ সদৃশীঃ। তদুক্তং মাতঙ্গেন—“ষড়্‌জং ময়ূরো বদতি” ইতি। মনোঽভিরামা মনসঃ প্রিয়াঃ। কে মূর্ধ্নি কায়ন্তি

নন্তীতি কেকা ময়ূরবাণ্যঃ। "কেকা বাণী ময়ূরস্য" ইত্যমরঃ। তাঃ কেকাঃ
ন্তৌ। ইতি শ্লোকার্থঃ।

সারাংশ—রথস্য মন্দ্রস্নিগ্ধং ধ্বনিমাকর্ণ্য মেঘধ্বনিশঙ্কয়া তদ্বনবাসিনো
রাঃ মুদা ষড়্জস্বরানুরূপং কেকাশব্দং চক্রুঃ। তৌ চ দম্পতী তং কেকাশব্দং
ন্তৌ জগ্মতুঃ।

টীকান্তর—"......ষড়্জং সংবদিতুং সদৃশীকৃত্য বদিতুং শীলমাসামিতি
ষড়্জসদৃশীরিত্যর্থঃ। "সদৃক্সদৃশসংবাদসজাতীয়ানুজীবিনঃ" ইতি দণ্ডী।
ড়্জং ময়ূরো বদতি ঋষভং চাতকো বদেৎ। অজা বদন্তি গান্ধারং ক্রৌঞ্চো
তি মধ্যমম্। পুষ্পসাধারণে কালে কোকিলো বক্তি পঞ্চমম্। প্রাবৃট্‌কালে
সম্প্রাপ্তে ধৈবতং দর্দুরো বদেৎ। সর্বদা তু তথা দেবি নিষাদং ব্রুবতে গজাঃ।"
মাতঙ্গে।......দ্বিধা ভিন্না ভেদেনোচ্চারিতাঃ।......"নৃণামুরসি মন্দ্রস্তু
বিংশতিবিধো ধ্বনিঃ। স এব কণ্ঠে মধ্যঃ স্যাৎ তারঃ শিরসি গীয়তে"—
সঙ্গীতমণৌ। তারোঽত্যুচ্চধ্বনিঃ। 'উচ্চৈস্বরো ধ্বনিস্তারঃ।' ইতি
যুধঃ। স চ দ্বিবিধঃ। স্নিগ্ধো বিস্ময়াদিষু, দীপ্তো ভয়াদিষু। অত্র
ষ্টপূর্বমহারাজাদিদর্শনেন জনিতেন, বিস্ময়েন ভয়েন চ দ্বৈবিধ্যসম্ভবঃ।
..অনেন শ্লোকেন বন্দিভিঃ ক্রিয়মাণস্য গীতরাগস্যানুভাবো দর্শিতঃ। অত্র
াবোক্তিঃ।"—(নারায়ণঃ)।

টিপ্পনী—১। মনোঽভিরামাঃ—'কেকাঃ' পদের বিশেষণ। মনসি
ভিরামাঃ (৭মীতৎ); অভি—রম্+ঘঞ্, অধিকরণে=অভিরামঃ।
ারম।

২। শৃণ্বন্তৌ—'দম্পতী'র বিশেষণ। শ্রু+শতৃ, প্রথমা দ্বিবচন। শ্রবণ
রিতে করিতে।

৩। রথনেমিস্বনোন্মুখৈঃ—'শিখণ্ডিভিঃ' পদের বিশেষণ। রথস্য নেমী
তৎ); তয়োঃ স্বনঃ (ষষ্ঠীতৎ); রথনেমিস্বনেন উন্মুখাঃ (তৃতীয়াতৎ); উৎ
মিতং মুখং যেষাং তে (বহু)=উন্মুখাঃ। রথচক্রের গম্ভীর রবশ্রবণে উন্মুখ।
র প্রান্তদেশকে নেমি বলে। শ্লোক—১৭ দ্রষ্টব্য। রথচক্রের গম্ভীর রব
ণে ময়ূর ও ময়ূরীগণ মেঘগর্জনভ্রমে উন্মুখ হইয়া শব্দ করিতে লাগিল। স্বন্
অপ্=স্বনঃ।

৪। ষড়্জসংবাদিনীঃ—'কেকাঃ' পদের বিশেষণ। ষড়্ভ্যঃ স্থানেভ্
জাতঃ ইতি ষট্—জন্+ড=ষড়্জঃ। (সেতার, এসরাজ, প্রভৃতি বাদ্যযন্ত্রের
তন্ত্রী (তার) হইতে এবং কণ্ঠ হইতে উত্থিত স্বরবিশেষকে 'ষড়্জ' বলে
নাসা, কণ্ঠ, বক্ষঃ, তালু, জিহ্বা এবং দন্ত—এই ছয়টি স্থানকে স্পর্শ করি
নির্গত হয় বলিয়া ইহার নাম 'ষড়্জ'। মল্লিনাথ দ্রষ্টব্য। এই ষড়্
স্বর সপ্ত স্বরগ্রামের প্রথম। স্বর সাতটি (স্বরগ্রামের বিন্যাস অনুসারে)
ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত এবং নিষাদ। ইহাকেই সংক্ষে
সা, রে, গা, মা, পা, ধা, নি—বলা হয়। ভারতীয় সঙ্গীতশাস্ত্রকারগণ বলে
যে, এই সপ্তস্বরের প্রতিনিধি প্রকৃতিরাজ্যে রহিয়াছে। যেমন, ময়ূরের ষড়্
স্বর—চাতকের ঋষভ—অজার গান্ধার—ক্রৌঞ্চের মধ্যম—কোকিলের পঞ্চম
ভেকের ধৈবত—হস্তীর নিষাদ। সেইজন্য কালিদাস এই শ্লোকে ময়ূরে
কেকাকে 'ষড়্জসংবাদিনীঃ'—অর্থাৎ ষড়্জস্বরের অনুরূপ বলিয়াছেন
ষড়্জং সংবদিতুং সদৃশীকৃত্য বদিতুং শীলমাসামিতি ষড়্জ—সম্—বদ্
ণিনি+ঙীপ্, স্ত্রিয়াম্=ষড়্জসংবাদিনীঃ।

৫। কেকাঃ—'শৃণ্বন্তৌ' ক্রিয়ার কর্ম। ময়ূর-রব। কে মূর্দ্ধনি কায়তি-
'কৈ শব্দে' "অন্যেভ্যোঽপি" ইতি ডঃ। "হলদন্তাৎ—" ইত্যলুক্। "কেকা বা
ময়ূরস্য" ইত্যমরঃ।

৬। দ্বিধা—ক্রিয়া-বিশেষণ। দ্বি+ধাচ্ প্রকারার্থে। দুই প্রকার। টীকাক
নারায়ণের মতে স্নিগ্ধ এবং দীপ্তভেদে দুই প্রকার। উচ্চস্বর স্নিগ্ধ এবং দী
হইয়া থাকে। বিস্ময়ে স্নিগ্ধ এবং ভয়ে দীপ্ত। এস্থলে অদৃষ্টপূর্ব মহার
দিলীপকে দেখিয়া বিস্ময় এবং ভয় হইয়াছিল—টীকান্তর দ্রষ্টব্য। মল্লি
নাথের মতে শুদ্ধ এবং বিকৃত অথবা চ্যুত এবং অচ্যুতভেদে ষড়্
স্বর দুই প্রকার—"ষড়্জ is of two sorts, one form comes und
শুদ্ধ (distinct), the other under বিকৃত (indistinct). T
ষড়্জ is called শুদ্ধ, when it has four śrutis (tones
vibrations—, তন্ত্রীজাতো নাদঃ শ্রুতিরুচ্যতে) These are "তী
কুমুদ্বতী মন্দা ছন্দোবত্যস্তু ষড়্জগাঃ," namely তীব্রা, কুমুদ্বতী, মন্দা a
ছন্দোবতী। When ষড়্জ exclusively consists of these fo

S'rutis, it comes to be called শুদ্ধ, otherwise বিকৃত। It is also further sub-divided into two parts, the one is called চ্যুত (broken), the other is অচ্যুত (unbroken).—Cf. "চ্যুতোঽচ্যুতো দ্বিধা ষড্‌জো দ্বিশ্রুতির্বিকৃতো ভবেৎ"। The sound which appears in its last component part (ছন্দোবতী) is said to be অচ্যুত, when otherwise it is called চ্যুত। "চ্যুতো যস্যাং চতুর্থ্যাং শ্রুতৌ স্থাপিতস্তস্যাঃ সকাশাৎ প্রচ্যুতঃ। মন্দাসংস্থিতঃ=দ্বিশ্রুতিকঃ অচ্যুতস্তস্যামেব শ্রুতৌ অবস্থিতঃ। ছন্দোবতীস্থঃ দ্বিশ্রুতিকঃ"—(Notes p. 15, Nandárgikar). অনেক টীকাকারের মতে স্ত্রীপুরুষভেদে দ্বিধা উচ্চারিত।

৭। ভিন্নাঃ—'কেকাঃ' পদের বিশেষণ। ভিদ্+ক্ত। বিভিন্ন।

৮। শিখণ্ডিভিঃ—অনুক্তে কর্তরি তৃতীয়া। ময়ূরগণ কর্তৃক। শিখণ্ডঃ (প্রশস্তং পুচ্ছম্) অস্তি এষামিতি শিখণ্ড+ইন্=শিখণ্ডিনঃ।

বাচ্যপরিবর্তন—...... শৃণ্বদ্‌ভ্যাম্।

দিলীপ মৃগীলোচনে সুদক্ষিণার অক্ষিসাদৃশ্য ও সুদক্ষিণা মৃগলোচনে দিলীপের নয়নসাদৃশ্য দেখিতে পাইলেন।

পরস্পরাক্ষিসাদৃশ্যমদূরোজ্ঝিতবর্ত্মসু।
মৃগদ্বন্দ্বেষু পশ্যন্তৌ স্যন্দনাবদ্ধদৃষ্টিষু ॥ ৪০ ॥

অন্বয়—অদূরোজ্ঝিতবর্ত্মসু (পথের অনতিদূরে অবস্থিত) স্যন্দনাবদ্ধদৃষ্টিষু (রথের প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়া) মৃগদ্বন্দ্বেষু (মৃগমিথুনে) পরস্পরাক্ষিসাদৃশ্যম্ (পরস্পরের নেত্রসাদৃশ্য—অর্থাৎ মৃগীলোচনে সুদক্ষিণার অক্ষিসাদৃশ্য ও মৃগলোচনে দিলীপের নয়নসাদৃশ্য) পশ্যন্তৌ (দেখিতে লাগিলেন)।

বাঙ্গালা—যে সমস্ত মৃগমিথুন পথের অনতিদূরে রথের প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়া দণ্ডায়মান ছিল, রাজদম্পতী তাহাদের নেত্রে পরস্পরের নেত্রসাদৃশ্য (অর্থাৎ দিলীপ মৃগীলোচনে সুদক্ষিণার অক্ষিসাদৃশ্য ও সুদক্ষিণা মৃগলোচনে দিলীপের নয়নসাদৃশ্য) দেখিতে লাগিলেন।

Eng.—They beheld a (marked) similarity of each other's

eyes in the pair of antelopes which had withdrawn to a little distance from the road and had fixed their gaze on the chariot.

মল্লিনাথ—পরস্পরেতি। অদূরং সমীপং যথা ভবতি তথা উজ্ঝিতং বর্ত্ম যৈস্তেষু। স্যন্দনাবদ্ধদৃষ্টিষু স্যন্দনে রথে আবদ্ধা আসঞ্জিতা দৃষ্টির্নেত্রং যৈস্তেষু—"দৃগ্ দৃষ্টিনেত্রলোচনচক্ষুর্নয়নাম্বকেক্ষণাক্ষী" ইতি হলায়ুধঃ। কৌতুকবশাদ্রথাসক্তদৃষ্টিষিত্যর্থঃ মৃগ্যশ্চ মৃগাশ্চ মৃগাঃ। "পুমান্ স্ত্রিয়া" ইত্যেকশেষঃ, তেষাং দ্বন্দ্বেষু মিথুনেষু "স্ত্রীপুংসৌ মিথুনং দ্বন্দ্বম্" ইত্যমরঃ। পরস্পরাক্ষ্ণাং সাদৃশ্যং পশ্যন্তৌ। দ্বন্দ্বশব্দসামর্থ্যাৎ মৃগীষু সুদক্ষিণাক্ষিসাদৃশ্যং দিলীপঃ, দিলীপাক্ষিসাদৃশ্যং চ মৃগেষু সুদক্ষিণা ইত্যেবং বিবেক্তব্যম্।

সারাংশ—গচ্ছন্তৌ চ তৌ পথি হরিণান্ হরিণীশ্চ দদৃশতুঃ। দিলীপস্তদা হরিণীষু সুদক্ষিণাক্ষিসাদৃশ্যং, সুদক্ষিণা চ হরিণেষু দিলীপাক্ষিসাদৃশ্যং দদৃশতুঃ।

টীকান্তর— ...অদূরে সমীপে উজ্ঝিতং ত্যক্তং বর্ত্ম মার্গো যৈঃ, রাজ্ঞো বিশ্বসনীযত্ববুদ্ধ্যা দূরাপসর্পণাভাবঃ। বক্ষ্যতি চ—ধনুর্ভৃতোঽপ্যস্য দয়ার্দ্রভাবমিতি। স্যন্দনে রথে আবদ্ধা নিতরাং বদ্ধা দৃষ্টয়ো যৈঃ। অনেন বিশেষণদ্বয়েন সাদৃশ্যদর্শনসৌকর্য্যমুক্তম্"—(নারায়ণঃ)।

টিপ্পনী—১। পরস্পরাক্ষিসাদৃশ্যম্—'পশ্যন্তৌ' ক্রিয়ার কর্ম। অক্ষ্ণোঃ সাদৃশ্যম্ (৬ষ্ঠীতৎ)=অক্ষিসাদৃশ্যম্; পরস্পরম্ অক্ষিসাদৃশ্যম্ (কর্মধা)। সদৃশস্য ভাবঃ ইতি সদৃশ+ষ্যঞ্=সাদৃশ্যম্। পরস্পরের নেত্রসাদৃশ্য।

২। অদূরোজ্ঝিতবর্ত্মসু—'মৃগদ্বন্দ্বেষু' পদের বিশেষণ। ন দূরম্ (নঞ্তৎ) অদূরং যথা তথা উজ্ঝিতং বর্ত্ম যৈস্তানি (বহু) তেষু। যাহারা রথমার্গের অনতিদূরে দণ্ডায়মান ছিল। দিলীপ ও সুদক্ষিণা তাহাদের বিশ্বাস উৎপাদন করিয়াছিল—সেইজন্য তাহারা রথের অনতিদূরে অবস্থান করিতেছিল। "বিশ্বাসোপগমাদভিন্নগতয়ঃ শব্দং সহন্তে মৃগাঃ" (শাকুন্তলে)।

৩। মৃগদ্বন্দ্বেষু—অধিকরণে ৭মী। মৃগমিথুনে। মৃগ্যশ্চ মৃগাশ্চ (একশেষ দ্বন্দ্ব—"পুমান্ স্ত্রিয়া")=মৃগাঃ; তেষাং দ্বন্দ্বানি (ষষ্ঠীতৎ) তেষু। মল্লিনাথ বলেন যে, 'দ্বন্দ্ব' শব্দের প্রয়োগে ইহা বুঝা যাইতেছে যে, দিলীপ

হরিণীতে সুদক্ষিণার নয়নসাদৃশ্য এবং সুদক্ষিণা হরিণে দিলীপের নয়নসাদৃশ্য দেখিয়াছিলেন।

৪। পশ্যন্তৌ—'দম্পতী'র বিশেষণ। দৃশ্ +শতৃ, ১মার দ্বিবচন। দেখিতে দেখিতে।

৫। স্যন্দনাবদ্ধদৃষ্টিষু—'মৃগদ্বন্দ্বেষু' পদের বিশেষণ। স্যন্দনে আবদ্ধা দৃষ্টিঃ যৈঃ (বহু) তেষু। যাহারা রথের প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়াছিল। স্যন্দনম্—শ্লোক ৩৬ দ্রষ্টব্য। আ—বন্ধ্ +ক্ত=৭

বাচ্যপরিবর্ত্তন—···পশ্যদ্ভ্যাম্।

কোন স্থানে তাঁহারা দেখিলেন যে, সারসগণ শ্রেণীবদ্ধ হইয়া গমন করিতেছে।

শ্রেণী[1]বন্ধাদ্ বিতন্বদ্ভিরস্তম্ভাং তোরণস্রজম্।
সারসৈঃ কলনির্হ্রাদৈঃ ক্বচিদুন্নমিতাননৌ ॥ ৪১ ॥

অন্বয়—শ্রেণীবন্ধাৎ (শ্রেণীবদ্ধ হইয়া) অস্তম্ভাং (স্তম্ভহীন) তোরণস্রজম্ (তোরণমালা) বিতন্বদ্ভিঃ (রচনা করিতেছিল) কলনির্হ্রাদৈঃ (কলধ্বনিযুক্ত) সারসৈঃ (সারসগণ দ্বারা বা হেতু) ক্বচিৎ (কোন স্থানে) উন্নমিতাননৌ (আনন উন্নমিত করিয়া দেখিতে লাগিলেন)।

বাঙ্গালাঃ—কোন স্থানে তাঁহারা আনন উন্নমিত করিয়া দেখিলেন, সারসগণ শ্রেণীবদ্ধ হইয়া (আকাশে) স্তম্ভহীন তোরণমালা রচনাপূর্বক কলধ্বনি করিয়া গমন করিতেছে।

Eng.—In some place they were made to raise their heads by the cranes cackling melodiously, who from their arranging themselves in rows (appeared to have) stretched a front-door-garland unsupported by pillars.

মল্লিনাথ—শ্রেণীতি। শ্রেণীবন্ধাৎ পঙ্‌ক্তিবন্ধাৎ হেতোরস্তম্ভামাধার-স্তম্ভরহিতাম্, তোরণং বহির্দ্বারং "তোরণোঽস্ত্রী বহির্দ্বারম্" ইত্যমরঃ। তত্র যা স্রগ্ বিরচ্যতে তাং তোরণস্রজং বিতন্বদ্ভিঃ কুর্বদ্ভিরিবেত্যর্থঃ।

1. 'শ্রেণীবন্ধাম্' ইতি নারায়ণধৃতপাঠান্তরম্।

উৎপ্রেক্ষাব্যঞ্জকেবশব্দপ্রয়োগাভাবেন গম্যোৎপ্রেক্ষেয়ম্। কলনির্হ্রাদৈঃ অব্যক্ত—মধুরধ্বনিভিঃ সারসৈঃ পক্ষিবিশেষৈঃ করণৈঃ ক্বচিদুন্নমিতাননৌ। "সারসো মৈথুনী কামী গোনর্দঃ পুষ্করাহ্বয়ঃ" ইতি যাদবঃ।

সারাংশ—তৌ দম্পতী নভসি সজ্জীভূয় মালাকারেণ উড্ডীয়মানাম্ অতএব আধারস্তম্ভরহিতাম্ তোরণস্রজমিব উপলক্ষ্যমাণাং মধুরং কূজন্তীং সারসপঙ্‌ক্তিং অবলোকয়ন্তৌ জগ্মতুঃ।

টিপ্পনী—১। শ্রেণীবন্ধাৎ—হেতৌ পঞ্চমী। শ্রেণ্যাঃ বন্ধঃ (ষষ্ঠীতৎ) তস্মাৎ; শ্রেণীবদ্ধ হইয়া। সারসগণ মালার আকারে শ্রেণীবদ্ধ হইয়া আকাশে গমন করে—ইহা তাহাদের একটি বিশেষ গমনপদ্ধতি।

২। বিতন্বদ্ভিঃ—'সারসৈঃ' পদের বিশেষণ। রচনা করিয়া। বি-তন্ (বিস্তারে)+শতৃ, তৃতীয়া বহুবচন।

৩। অস্তম্ভাম্—'তোরণস্রজম্' পদের বিশেষণ। ন বিদ্যতে স্তম্ভঃ যস্যাঃ সা (বহু) তাম্। বিকল্পে অবিদ্যমানস্তম্ভাম্। আধারস্তম্ভরহিত।

৪। তোরণস্রজম্—'বিতন্বদ্ভিঃ' ক্রিয়ার কর্ম। তোরণস্য স্রক্ (ষষ্ঠীতৎ)। তাম্। তোরণের (বহির্দ্বারের) মালা। তুরন্ত্যত্র ইতি তোরণম্, অধিকরণে ল্যুট্। "বহির্দ্বারে মঙ্গলার্থং মালা বধ্যতে" (নারায়ণঃ)। বিশিষ্ট অতিথির আগমনে নগরে মাল্যযুক্ত কৃত্রিম তোরণ নির্মাণ করা হয়।

৫। সারসৈঃ—করণে তৃতীয়া (মল্লিনাথ); হেতৌ তৃতীয়া (নারায়ণ)। সারস পক্ষিগণের দ্বারা। "পুষ্করাহ্বস্তু সারসঃ" ইত্যমরঃ। সরসি ভব ইতি সারসঃ।

৬। কলনির্হ্রাদৈঃ—'সারসৈঃ' পদের বিশেষণ। অস্পষ্ট ও মধুর ধ্বনিযুক্ত। কলঃ (মধুরাস্ফুটঃ) নির্হ্রাদঃ যেষাং (বহুব্রীহি) তৈঃ। "ধ্বনৌ তু মধুরাস্ফুটে কলঃ" ইত্যমরঃ। নি-হ্রাদ্+ঘঞ্=নির্হ্রাদঃ (শব্দ)।

৭। ক্বচিৎ—অব্যয়। কোন স্থানে। ক্ব+চিৎ (অব্যয়)। "অসাকল্যে তু চিচ্চনৌ" ইত্যমরঃ।

৮। উন্নমিতাননৌ—দম্পতীর বিশেষণ। উন্নমিতে আননে যয়োঃ (বহুব্রীহি) তৌ। মুখ তুলিয়া। উৎ-নম্+ক্ত=উন্নমিত।

বাচ্যপরিবর্তন—……উন্নমিতাননাভ্যাম্।

মন্তব্য—উৎপ্রেক্ষা অলঙ্কার। সারসশ্রেণী মালারূপে উৎপ্রেক্ষিত হইয়াছে। উৎপ্রেক্ষাদ্যোতক ইবাদিশব্দের প্রয়োগ না থাকায় ইহা গম্যমান হইয়াছে। 'অস্তম্ভাম্'—এইস্থলে ব্যতিরেক অলঙ্কার। "ইহ তু কাব্যপ্রকাশকৃতো দর্শনোদ্যতশূন্যেয়ং তোরণস্রঙ্‌নির্মাণোৎপ্রেক্ষা। সা ত্বস্তম্ভামিতি সব্যতিরেকা" (অরুণগিরিঃ)।

অনুকূল পবন তাঁহাদের অভীষ্টসিদ্ধি সূচনা করিতে লাগিল।

পবনস্যানুকূলত্বাত্‌ প্রার্থনাসিদ্ধিশংসিনঃ।
রজোভিস্তুরগোৎকীর্ণৈরস্পৃষ্টালকবেষ্টনৌ॥ ৪২॥

অন্বয়—প্রার্থনাসিদ্ধিশংসিনঃ (মনোরথসিদ্ধিসূচক)। পবনস্য (পবনের) অনুকূলত্বাৎ (অনুকূলতাবশতঃ) তুরগোৎকীর্ণৈঃ (অশ্বখুরোত্থিত) রজোভিঃ (ধূলি) অস্পৃষ্টালকবেষ্টনৌ মহিষীর কুন্তল এবং মহারাজের উষ্ণীষ স্পর্শ করিতে পারে নাই)।

বাঙ্গালা—মনোরথসিদ্ধিসূচক অনুকূল পবন প্রবাহিত হওয়ায় অশ্বখুরোত্থিত ধূলি মহিষীর কুন্তল এবং মহারাজের উষ্ণীষ স্পর্শ করিতে পারে নাই।

Eng.—On account of the favourable-blowing of the wind betokening the fulfilment of their wish, they (two) were untouched in the hair and the turban by the dust raised up by (the hoofs of) their horses.

মল্লিনাথ—পবনস্যেতি। প্রার্থনাসিদ্ধিশংসিনোঽনুকূলত্বাদেব মনোরথ-সিদ্ধিসূচকস্য পবনস্যানুকূলত্বাদ্ গন্তব্যদিগভিমুখত্বাৎ তুরগোৎকীর্ণৈঃ রজোভিঃ অস্পৃষ্টা অলকা দেব্যাঃ বেষ্টনমুষ্ণীষং চ রাজ্ঞো যয়োস্তৌ তথোক্তৌ। "শিরসা বেষ্টনশোভিনা সুতঃ" ইতি বক্ষ্যতি।

সারাংশ—তয়োঃ গমনসময়ে অনুকূলঃ পবনঃ ববৌ; অতএব অশ্বখুরোত্থা ধূলিঃ সুদক্ষিণায়া অলকান্ রাজ্ঞো দিলীপস্য উষ্ণীষঞ্চ স্প্রষ্টুং ন শশাক।

টীকান্তর—"... বেষ্টনমুষ্ণীষম্; ন মুকুটং তস্য তপোবনপ্রাপ্তাবনুচিতত্বাৎ।

····প্রার্থনাসিদ্ধিশংসিনঃ, পবনবিশেষণমিদম্ ; অনুকূলত্ববিশেষণমিতি কেচিৎ পবনস্যানুকূলত্বং সুশকুনং প্রতিকূলত্বং দুঃশকুনং ইতি শকুননির্ণয়ে।····অনে ছত্রকার্য্যং দর্শিতম্। ছত্রস্য রজোবারণেঽপ্যুপযোগাৎ। বক্ষ্যতি চ "রজো বিশ্রাময়ন্ রাজ্ঞাং ছত্রশূন্যেষু মৌলিষু।"—নারায়ণঃ।

"শুভগন্ধে চ শব্দে চ সানুকূলে চ মারুতে। প্রস্থিতে সর্বকার্য্যাণা সর্বসিদ্ধির্ধ্রুবং ভবেৎ' ইতি পালকাপ্যঃ।"—চারিত্রবর্দ্ধনঃ।

টিপ্পনী—১। পবনস্য—শেষে ষষ্ঠী। পুনাতীতি পূ+যুচ্ ("বহুলমন্যত্রাপি উণাদি)=পবনঃ। বায়ুর।

২। অনুকূলত্বাৎ—হেতৌ পঞ্চমী। অনুকূলতাহেতু। বায়ু গন্তব দিকের অভিমুখে বহিতেছিল বলিয়া ধূলি তাঁহাদের স্পর্শ করিতে পারে নাই অনুকূলস্য ভাবঃ ইতি অনুকূল+ত্ব, তস্মাৎ।

৩। প্রার্থনাসিদ্ধিশংসিনঃ—'পবনস্য' অথবা 'অনুকূলত্বাৎ' পদের বিশেষণ মনোরথসিদ্ধিসূচক। প্রার্থনায়াঃ সিদ্ধিঃ (ষষ্ঠীতৎ) তাং শংসিতুং শীলমস্য ইতি উপপদসমাসে প্রার্থনাসিদ্ধি+শংস+ণিনি কর্তরি তাচ্ছীল্যে—"সুপ্যজাতৌ ণিনিস্তাচ্ছীল্যে"। কিংবা, সাধুকারিণি ণিনিঃ, তাং শংসতি ইতি উপপদ তাং পুনঃপুনঃ শংসতি ইতি উপপদে ণিনি—"বহুলমাভীক্ষ্ণ্যে"—টীকান্তর দ্রষ্টব্য

৪। রজোভিঃ—অনুক্তে কর্তরি তৃতীয়া। রজোভিঃ অস্পৃষ্টালকবেষ্টনৌ "সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ"। ধূলিকর্তৃক।

৫। তুরগোৎকীর্ণৈঃ—'রজোভিঃ' পদের বিশেষণ। অশ্বখুরোত্থিত। তুরগৈঃ উৎকীর্ণানি (তৃতীয়াতৎ)। তুরং শীঘ্রং গচ্ছতীতি তুর—গম্+ড কর্তরি (খচ্-প্রত্যয় হইলে তুরঙ্গম, তুরঙ্গ)=তুরগঃ। উৎ+কৄ+ক্ত=উৎকীর্ণ (উৎক্ষিপ্ত)।

৬। অস্পৃষ্টালকবেষ্টনৌ—'দম্পতী'র বিশেষণ। অলকাঃ চ বেষ্টনঞ্চ (দ্বন্দ্ব) =অলকবেষ্টনানি। অস্পৃষ্টানি অলকবেষ্টনানি যয়োঃ তৌ (বহুব্রীহি)। সুদক্ষিণার কুন্তল এবং দিলীপের উষ্ণীষ স্পর্শ করিতে পারে নাই। "শিরসা বেষ্টনশোভিনা সুতঃ" (রঘু ৮।১২)। ন স্পৃষ্টঃ (নঞ্‌তৎ)। এস্থলে প্রসজ্যপ্রতিষেধে নঞ্‌সমাস হইয়াছে। শ্লোক ২১ মন্তব্য দেখ।

বাচ্যপরিবর্ত্তন—···অস্পৃষ্টালকবেষ্টনাভ্যাম্।

তাঁহারা সরোবরের শীতল পদ্মগন্ধ আঘ্রাণ করিতে লাগিলেন।

सरसीष्वरविन्दानां वीचिविक्षोभशी[1]तलम्।
आमोदमुपजिघ्रन्तौ स्वनिश्वासानुकारिणम्[2] ॥ ४३ ॥

অন্বয়—সরসীষু (সরোবরগুলিতে) বীচিবিক্ষোভশীতলম্ (তরঙ্গসম্পর্কে সুশীতল) স্বনিশ্বাসানুকারিণম্ (নিজ নিজ নিশ্বাসের অনুরূপ) অরবিন্দানাম্ (পদ্মপুষ্পের) আমোদম্ (গন্ধ) উপজিঘ্রন্তৌ (আঘ্রাণ করিতে লাগিলেন)।

বাঙ্গালা—তাঁহারা সরোবরগুলিতে তরঙ্গসম্পর্কে সুশীতল নিজ নিজ নিশ্বাসের অনুরূপ পদ্মগন্ধ আঘ্রাণ করিতে লাগিলেন।

Eng.—They smelt the fragrance of the lotus flowers in large lakes, cool by contact with ripples and imitating their own breath.

মল্লিনাথ—সরসীষ্বিতি। সরসীষু বীচিবিক্ষোভশীতলম্ ঊর্মিসজ্ঘট্টনেন শীতলম্, স্বনিশ্বাসমনুকর্ত্তুং শীলমস্যেতি স্বনিশ্বাসানুকারিণম্, এতেন তয়োরুৎকৃষ্টস্ত্রীপুংসজাতীয়ত্বমুক্তম্। অরবিন্দানামামোদমুপজিঘ্রন্তৌ ঘ্রাণেন গৃহ্নন্তৌ।

সারাংশ—তৌ দম্পতী তরঙ্গসঙ্গশীতলম্ স্বমুখবায়োরনুরূপম্ সরোবরেষু কমলগন্ধমাঘ্রায় জগ্মতুঃ।

টীকান্তর—"সরসীষু তৎপরিসরাধ্বসু ইত্যর্থঃ গঙ্গায়াং ঘোষ ইতিবৎ। ...অত্র পদ্মরজঃপরমাণুভিঃ সহ জলপরমাণূনামপি পবনেনোপনীতত্বাৎ গন্ধস্যাপি শীতলত্বপ্রতীতিরুপপন্নেত্যবসেয়ম্।......অত্র নায়কস্য নায়িকা-নিশ্বাসগন্ধসাম্যপ্রতীতিরিত্যবগন্তব্যম্। তেন চ প্রতীত্যতিশয় আমোদে। "নিশ্বাস ইব সীতায়া বাতি বায়ুর্মনোরমঃ"—ইতি রামায়ণে। অত্র শীতোপচারসুখম্।

টিপ্পনী—১। সরসীষু—অধিকরণে সপ্তমী। সরোবরে অর্থাৎ সরোবর-সমীপস্থ পথে (নারায়ণ)। সৃ+অসুন্, মহত্ত্বে গৌরবাদিত্বাৎ ঙীষ্=সরসী।

---

1. ...বিক্ষেপশীতলম্ 2. ...সুবাদিনম্ ইত্যারুণগিরিনারায়ণধৃতপাঠান্তরম্।

২। অরবিন্দানাম্—শেষে ষষ্ঠী। পদ্মের। "বা পুংসি পদ্মং নলিন-মরবিন্দং মহোৎপলম্" ইত্যমরঃ।

৩। বীচিবিক্ষোভশীতলম্—'আমোদম্' পদের বিশেষণ। বীচীনাং বিক্ষোভঃ (ষষ্ঠীতৎ), তেন শীতলম্ (তৃতীয়াতৎ)। তরঙ্গসম্পর্কে সুশীতল। বি-ক্ষুভ্+ঘঞ্=বিক্ষোভঃ। শৈত্য পবনেই থাকে, কিন্তু পবন গন্ধের আশ্রয় বলিয়া গন্ধেও শৈত্য অনুমিত হয়। টীকান্তর দ্রষ্টব্য।

৪। আমোদম্—'উপজিঘ্রন্তৌ' ক্রিযার কর্ম। সুগন্ধ। আ সমন্তাৎ মোদয়তীতি আমোদঃ—আ—মুদ্+ণিচ্+অচ্। "আমোদঃ সোঽতিনির্হারী" ইত্যমরঃ।

৫। উপজিঘ্রন্তৌ—'দম্পতী'র বিশেষণ। আঘ্রাণ করিয়া। উপ—ঘ্রা+শতৃ, ১মা দ্বিবচন।

৬। স্বনিশ্বাসানুকারিণম্—'আমোদম্' পদের বিশেষণ। নিজ নিজ নিশ্বাসের অনুরূপ। স্বস্য নিশ্বাসঃ (ষষ্ঠীতৎ) তম্ অনুকর্ত্তুং শীলমস্য ইতি স্বনিশ্বাস—অনু—কৃ+ণিনি তাচ্ছীল্যে। এই পদের দ্বারা দিলীপের উৎকৃষ্ট পুরুষজাতিত্ব এবং সুদক্ষিণার উৎকৃষ্ট স্ত্রীজাতিত্ব ধ্বনিত হইয়াছে। টীকাকার নারায়ণ বলেন, দিলীপের নিকট পদ্মগন্ধ সুদক্ষিণার নিশ্বাসের অনুরূপ হইয়াছিল। "পদ্মকেসরসংসৃষ্টো বৃক্ষান্তরবিনিঃসৃতঃ। নিশ্বাস ইব সীতায়া বাতি বায়ুর্মনোরমঃ॥" রামায়ণে। টীকান্তর দ্রষ্টব্য। সুগন্ধি নিশ্বাস সৌভাগ্য-সূচক—"কদাচিৎ দন্তুরো মূর্খঃ কদাচিৎ তুন্দিলোঽসুখী। কদাচিদ্ দূরদৃষ্টোঽসৌ নিশ্বাসো যস্য পদ্মবৎ॥"

বাচ্যপরিবর্ত্তন — ...... উপজিঘ্রদ্ভ্যাম্।

কোন স্থানে তাহারা স্বদত্ত গ্রামসমূহে যাজ্ঞিকের আশীর্বাদ গ্রহণ করিতে লাগিলেন।

গ্রামেষ্বাত্মবিসৃষ্টেষু যূপচিহ্নেষু যজ্বনাম্।
অমোঘাঃ প্রতিগৃহ্নন্তাবর্ঘ্যানুপদমাশিষঃ॥ ৪৪॥

অন্বয়—আত্মবিসৃষ্টেষু (নিজদত্ত) যূপচিহ্নেষু (যূপচিহ্নিত) গ্রামেষু (গ্রামসমূহে) যজ্বনাম্ (যাজকগণের) অমোঘঃ (অব্যর্থ) আশিষঃ (আশীর্বাদ)

অর্ঘ্যানুপদম্ ([যাজকগণ কর্তৃক] অর্ঘ্য গ্রহণের পর) প্রতিগৃহ্ণন্তৌ (গ্রহণ করিতে লাগিলেন)।

বাঙ্গালা—তাঁহারা নিজদত্ত যূপচিহ্নিত গ্রামসমূহে (যাজকগণ কর্তৃক) অর্ঘ্য গ্রহণের পর যাজকগণের অব্যর্থ আশীর্বাদ গ্রহণ করিতে লাগিলেন।

Eng.—They (the royal couple) accepted the infallible blessings of the sacrificers , after they (i.e. the sacrificers) had received the offerings of *argha* in the villages which were (previously) granted to them by themselves and which were conspicuous with their sacrificial posts.

মল্লিনাথ—গ্রামেম্বিতি। আত্মবিসৃষ্টেষু স্বদত্তেষু, যূপো নাম সংস্কৃতঃ পশুবন্ধায় দারুবিশেষঃ, যূপা এব চিহ্নানি যেষাং তেষু গ্রামেষু। অমোঘাঃ সফলাঃ, যজ্বনাং বিধিনেষ্টবতাম্। "যজ্বা তু বিধিনেষ্টবান্" ইত্যমরঃ। "সুযজোঙ্বনিপ্" ইতি ঙ্বনিপ্ প্রত্যয়ঃ। আশিষঃ আশীর্বাদান্। অর্ঘঃ পূজাবিধিঃ, তদর্থং দ্রব্যমর্ঘ্যম্। "পাদার্ঘাভ্যাং চ" ইতি যৎ-প্রত্যয়ঃ। "ষট্তু ত্রিষ্বর্ঘ্যমর্ঘার্থে পাদ্যং পাদায় বারিণি" ইত্যমরঃ। অর্ঘ্যস্যানুপদমন্বক্, অর্ঘ্যস্বীকারানন্তরম্ ইত্যর্থঃ। প্রতিগৃহ্ণন্তৌ স্বীকুর্বন্তৌ। পদস্য পশ্চাদনুপদম্, পশ্চাদর্থেঽব্যয়ীভাবঃ। "অন্বগন্বক্ষমনুগেঽনুপদং ক্লীবমব্যয়ম্" ইত্যমরঃ।

সারাংশ—তৌ দম্পতী গ্রামান্ পূর্বং যাজ্ঞিকেভ্যো দত্তবন্তৌ। ইদানীং তয়োর্গমনবেলায়াম্ তে যাজ্ঞিকা অভ্যেত্য তয়োঃ পূজাং প্রতিগৃহ্য সত্যা আশিষঃ দত্তবন্তঃ। তৌ চ তান্ আশীর্বাদান্ স্বীচক্রতুঃ।

টিপ্পনী—১। গ্রামেষু—অধিকরণে সপ্তমী। গ্রামসমূহে।

২। আত্মবিসৃষ্টেষু—'গ্রামেষু' পদের বিশেষণ। আত্মনা বিসৃষ্টাঃ (তৃতীয়া-তৎ) তেষু। নিজ-দত্ত। বি—সৃজ্+ক্ত=বিসৃষ্ট। প্রাচীন ভারতীয় রাজগণ বেদবিহিত যজ্ঞানুষ্ঠানের নিমিত্ত যাজ্ঞিকদিগকে গ্রামদান করিতেন।

৩। যূপচিহ্নেষু—'গ্রামেষু' পদের বিশেষণ। যূপা এব চিহ্নানি যেষাং (বহুব্রীহি) তেষু। যূপচিহ্নিত। যজ্ঞের পশুবন্ধনের নিমিত্ত মন্ত্রপূত কাষ্ঠখণ্ডকে 'যূপ' বলে। "নূদস্তু যূপঃ ক্রমুকো ব্রহ্মণ্যো ব্রহ্মদারু চ" ইত্যমরঃ।

যাজ্ঞিকগণ যে অনবরতই যজ্ঞানুষ্ঠান করিতেন—এই যূপকাষ্ঠই তাহার নিদর্শন।

৪। যজ্বনাম্—কর্ত্তরি ষষ্ঠী। যজ্ +ঙ্বনিপ্ =যজ্বা। যিনি বেদবিহিত উপায়ে যজ্ঞ করেন তাঁহাকে 'যজ্বা' বলে। মল্লিনাথ দ্রষ্টব্য। "এতচ্চ আশিষামমোঘত্বে হেতুঃ" (নারায়ণঃ)।

৫। অমোঘাঃ—'আশিষঃ' পদের বিশেষণ। ন মোঘাঃ (নঞ্-তৎ)। সফল, সত্য, অব্যর্থ।

৬। প্রতিগৃহ্নন্তৌ—'দম্পতী'র বিশেষণ। প্রতি—গ্রহ্ +শতৃ, ১মা দ্বিবচন। গ্রহণ করিতে লাগিলেন।

৭। অর্ঘ্যানুপদম্—'প্রতিগৃহ্নন্তৌ' ক্রিয়ার বিশেষণ। যাজকগণ অর্ঘ্য গ্রহণ করিলে পর। আগে রাজদম্পতী যাজ্ঞিকগণের পূজা করিলেন—তাহার পর তাঁহারা আশীর্বাদ করিলেন। পদস্য পশ্চাৎ ইত্যনুপদম্ (অব্যয়ীভাব, পশ্চাদর্থে)। অর্ঘ্যস্য অনুপদম্ যথা স্যাৎ তথা (বহু)। অর্ঘায় ইদম্ ইতি অর্ঘ (পূজাবিধি)+যৎ "পাদার্ঘাভ্যাঞ্চ"=অর্ঘ্যম্। Cf. "আপঃ ক্ষীরং কুশাগ্রঞ্চ দধি সর্পিঃ সতণ্ডুলম্। যবঃ সিদ্ধার্থকশ্চৈব অষ্টাঙ্গোঽর্ঘঃ প্রকীর্ত্তিতঃ ॥"। "অর্ঘঃ পূজা তদর্থং জলমর্ঘ্যং তস্যানুপদম্, তৎ প্রতিগৃহ্যেত্যর্থঃ" (অরুণগিরিঃ)।

৮। আশিষঃ—'প্রতিগৃহ্নন্তৌ' ক্রিয়ার কর্ম। আশীর্বাদ। আ—শাস্ (ইচ্ছায়াম্)+ক্বিপ্। "আশাসঃ ক্বৌ" ইতীত্বম্। আশীঃ, আশিষৌ, আশিষঃ।

বাচ্য-পরিবর্ত্তন—······প্রতিগৃহ্নদ্ভ্যাম্।

তাঁহারা গোপবৃদ্ধদিগকে বন্য বৃক্ষসমূহের নাম জিজ্ঞাসা করিতে লাগিলেন।

হৈয়ঙ্গবীনমাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্।
নামধেয়ানি পৃচ্ছন্তৌ বন্যানাং মার্গশাখিনাম্ ॥ ৪৫ ॥

অন্বয়—হৈয়ঙ্গবীনম্ (সদ্যোজাত ঘৃত) আদায় (লইয়া) উপস্থিতান্ (উপস্থিত) ঘোষবৃদ্ধান্ (গোপবৃদ্ধদিগকে) বন্যানাং (বন্য) মার্গশাখিনাম্ (পথস্থিত বৃক্ষসমূহের) নামধেয়ানি (নাম) পৃচ্ছন্তৌ (জিজ্ঞাসা করিতে লাগিলেন)।

বাঙ্গালা—সদ্যোজাত ঘৃত (উপহার) লইয়া যে সমস্ত গোপবৃদ্ধ উপস্থিত হইতে লাগিল তাহাদিগকে পথপার্শ্ববর্ত্তী বন্য বৃক্ষসমূহের নাম জিজ্ঞাসা করিতে লাগিলেন।

Eng.—They inquired about the names of the wild trees on the road from the old cow-herds who had come to them with fresh clarified butter.

মল্লিনাথ—হৈয়ঙ্গবীনমিতি। হ্যস্তনগোদোহোদ্ভবং ঘৃতং হৈয়ঙ্গবীনম্। হ্যঃ পূর্বেদ্যুর্ভবম্। "তত্তু হৈয়ঙ্গবীনং যদ্ হ্যো গোদোহোদ্ভবং ঘৃতম্" ইত্যমরঃ। "হৈয়ঙ্গবীনং সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ। তৎ সদ্যোঘৃতমাদায় উপস্থিতান্ ঘোষবৃদ্ধান্, "ঘোষ আভীরপল্লী স্যাৎ" ইত্যমরঃ। বন্যানাং মার্গশাখিনাম্ নামধেয়ানি পৃচ্ছন্তৌ। "দুহ্যাচ্—" ইত্যাদিনা পৃচ্ছতের্দ্বিকর্মকত্বম্। কুলকম্।

সারাংশ—পথি বয়োবৃদ্ধা আভীরাঃ হ্যো গোদোহোদ্ভবং ঘৃতং তাভ্যাম্ উপহারীকৃতবন্তঃ। তৌ চ তেষাং সকাশাৎ বিবিধবন্যতরূণাং নামানি পৃচ্ছন্তৌ জগ্মতুঃ।

টীকান্তর—……"রাজ্ঞী কুতূহলাতিশয়াদ্রাজানং পৃচ্ছতি সোঽপি তানিতি ভাবঃ।" (নারায়ণঃ) "অত্র কুলকে স্বভাবোক্তিভাবিকয়োর্যথাযোগং সমাবেশঃ। ……'স্নিগ্ধগম্ভীর' ইত্যাদিষু ভাবিকম্।……অত্র চ নিয়মার্থং গচ্ছতোরপি তয়ো রাজোপচারাণাং নিষ্পত্তিঃ দর্শিতা। অত্র 'স্নিগ্ধে'ত্যাদৌ চোদ্যান-গমনাদিসময়সমুচিতস্য ব্যবহারস্য। সেব্যমানাবিত্যাদৌ ব্যজনস্য। মনোভিরামা ইত্যাদৌ গীতস্য। পবনস্যেতি ছত্রকার্য্যস্য, ছত্রস্য রজোনিবারণেঽপ্যুপযোগাৎ। …শ্রেণীবদ্ধামিতি তোরণস্রজঃ। গ্রামেম্বিতি ত্রৈবিদ্যোপস্থানস্য। সরসীম্বিতি শিশিরোপচারস্য। হৈয়ঙ্গবীনমিতি জানপদোপস্থানস্য।" (অরুণগিরিঃ)।

টিপ্পনী—১। হৈয়ঙ্গবীনম্—'আদায়' ক্রিয়ার কর্ম। "হৈয়ঙ্গবীনং সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ। "হ্যোগোদোহস্য হিয়ঙ্গুরাদেশঃ বিকারার্থে খঞ্ চ নিপাত্যতে" (ভট্টোজি)। অমরসিংহ প্রভৃতির মতে—সদ্যোজাত ঘৃত (মল্লিনাথ দ্রষ্টব্য)—"একরাত্রপর্য্যুষিতাদ্দধ্ন উৎপন্নস্য ঘৃতস্য" (ভানুজি)। হরদত্ত প্রভৃতির মতে নবনীত (অর্থাৎ ছানা)। "দুহ্যতে ইতি দোহঃ

ক্ষীরম্। হ্যোগোদোহস্য বিকারো হৈয়ঙ্গবীনং নবনীতম্” (ভট্টোজি)। “যদ্যপি বৃত্তৌ ঘৃতমিত্যুক্তং তথৈব চামরেণাপি—‘তত্তু হৈয়ঙ্গবীনং যদ্ হ্যোগোদোহোদ্ভবং ঘৃতম্’ ইত্যুক্তম্ তথাপি ঘৃতশব্দেন নবনীতমেব বিবক্ষিতম্ ইতি হরদত্তগ্রন্থানুরোধেনেদমুক্তম্” (তত্ত্ববোধিনী)। গ্রামের গোপবৃদ্ধগণ রাজদম্পতীর নিকট হৈয়ঙ্গবীন উপহার আনিয়াছিল।

২। আদায়—আ—দা—ল্যপ্। কর্ত্তা ‘ঘোষবৃদ্ধান্’। লইয়া।

৩। ঘোষবৃদ্ধান্—‘পৃচ্ছন্তৌ’ ক্রিয়ার গৌণ কর্ম। গোপবৃদ্ধদিগকে। ঘোষেষু বৃদ্ধাঃ (৭মীতৎ) তান্। “ঘোষ আভীরপল্লী স্যাৎ” ইত্যমরঃ।

৪। উপস্থিতান্—‘ঘোষবৃদ্ধান্’ পদের বিশেষণ। উপ—স্থা+ক্ত কর্ত্তরি। উপস্থিত।

৫। নামধেয়ানি—‘পৃচ্ছন্তৌ’ ক্রিয়ার মুখ্য কর্ম। নামসমূহ। নামন্+ধেয়—“ভাগরূপনামভ্যো ধেয়ঃ” (বা)।

৬। পৃচ্ছন্তৌ—কর্ত্তা ‘দম্পতী’র বিশেষণ। প্রচ্ছ্+শতৃ, ১মা দ্বিবচন। জিজ্ঞাসা করিতে লাগিলেন। প্রচ্ছ-ধাতু দ্বিকর্মক। ‘দুহ্যাচ্-পচ্-দণ্ড্-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মন্থ্-মুষাম্। কর্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্নী-হৃ-কৃষ্-বহাম্॥”—(ভট্টোজি)।

৭। বন্যানাম্—‘মার্গশাখিনাম্’ পদের বিশেষণ। বনে ভবঃ ইতি বন+যৎ=বন্যঃ, তেষাম্। বন্য।

৮। মার্গশাখিনাম্—শেষে ষষ্ঠী। পথস্থিত বৃক্ষসমূহের। শাখাঃ সন্ত্যেষামিতি শাখিনঃ বৃক্ষাঃ। মার্গস্থিতাঃ শাখিনঃ (মধ্যপদলোপী কর্মধা)। তেষাম্।

বাচ্য-পরিবর্ত্তন—……পৃচ্ছদ্ভ্যাম্।

মন্তব্য—এস্থলে ‘কুলক’ হইয়াছে। শ্লোক ৫—মল্লিটীকা দ্রষ্টব্য। “This S'loka bears testimony to the magnanimity of the royal pair. They condescend to enter into parley with the herdsmen on topics quite familiar with them.”—(Kāle)।

চিত্রানক্ষত্রযুক্ত চন্দ্রের ন্যায় তাঁহাদের এক অনির্বচনীয় শোভা হইয়াছিল।

কাঽপ্যভিখ্যা তয়োরাসীদ্ ব্রজতোঃ শুদ্ধবেষয়োঃ।
হিমনির্মুক্তয়োর্যোগে চিত্রাচন্দ্রমসোরিব ॥ ৪৬ ॥

অন্বয়—ব্রজতোঃ (যাইতেছিলেন) শুদ্ধবেষয়োঃ (পবিত্রবেশে) তয়োঃ (তাঁহাদের) হিমনির্মুক্তয়োঃ (হিমবিনির্মুক্ত) চিত্রাচন্দ্রমসোঃ ইব যোগে (চিত্রানক্ষত্রযুক্ত চন্দ্রমার ন্যায়) কাঽপি (অনির্বচনীয়) অভিখ্যা (শোভা) আসীৎ (হইয়াছিল)।

বাঙ্গালা—তাঁহারা পবিত্র বেশে যাইতেছিলেন; হিমবিনির্মুক্ত (চৈত্রী পূর্ণিমায়) চিত্রানক্ষত্র-যুক্ত চন্দ্রমার ন্যায় তাঁহাদের এক অনির্বচনীয় শোভা হইয়াছিল।

Eng.—As they were travelling with a bright dress, indescribable was their lustre like the splendour of the Moon and the star 'Citrā' in their conjunction when freed from the frost.

মল্লিনাথ—কাঽপীতি। ব্রজতোর্গচ্ছতোঃ শুদ্ধবেষয়োরুজ্জ্বলনেপথ্যয়োস্তয়োঃ সুদক্ষিণাদিলীপয়োঃ হিমনির্মুক্তয়োশ্চিত্রাচন্দ্রমসোরিব যোগে সতি কাঽপি অনির্বাচ্যা অভিখ্যা শোভা আসীৎ। "অভিখ্যা নামশোভয়োঃ" ইত্যমরঃ। "আতশ্চোপসর্গে" ইত্যঙ্ প্রত্যয়ঃ। চিত্রা নক্ষত্রবিশেষঃ। শিশিরাপগমে চৈত্র্যাং পৌর্ণমাস্যাং চিত্রাপূর্ণচন্দ্রমসোরিবেত্যর্থঃ।

সারাংশ—চৈত্র্যাং পৌর্ণমাস্যাং চিত্রানক্ষত্রেণ সহ যুক্তস্য হিমনির্গমনাৎ নির্মলতরস্য চন্দ্রস্য যাদৃশী শোভা জায়তে তাদৃশী এব শোভা তয়োঃ সুদক্ষিণা-দিলীপয়োঃ গচ্ছতোরাসীৎ।

টিপ্পনী—১। কা অপি—'অভিখ্যা' পদের বিশেষণ। অনির্ব্বচনীয়। "কিংশব্দস্তুপিসাহায্যেঽর্থমাত্রেঽবাগ্‌গোচরেঽপি চ" ইতি কেশবঃ।

২। অভিখ্যা—'আসীৎ' ক্রিয়ার কর্ত্তা। শোভা। "অভিখ্যা নামশোভয়োঃ" ইত্যমরঃ। অভি—খ্যা+অঙ্।

৩। ব্রজতোঃ—'তয়োঃ' পদের বিশেষণ। ব্রজ্+শতৃ, ষষ্ঠী দ্বিবচন। গমনকারী।

৪। শুদ্ধবেষয়োঃ—'তয়োঃ' পদের বিশেষণ। পবিত্র বেশে। শুদ্ধঃ বেষঃ যয়োঃ (বহুব্রীহি) তয়োঃ। "শুদ্ধো নিয়মোচিতো বেষঃ পরিধানাদির্যয়োঃ" (নারায়ণঃ)। বেশঃ, বেষঃ—দুই বানান-ই হয়।

৫। হিমনির্মুক্তয়োঃ—'চিত্রাচন্দ্রমসোঃ' পদের বিশেষণ। হিমবিনির্মুক্ত। হিমেন (শিশিরেণ) নির্মুক্তৌ (তৃতীয়াতৎ) তয়োঃ। অতএব চৈত্রী পূর্ণিমায়। নির্—মুচ্+ক্ত=নির্মুক্ত। এস্থলে হিমশব্দ শীত-ঋতুকে বুঝাইতেছে।

৬। যোগে—ভাবে সপ্তমী। যুজ্+ঘঞ্। মিলনে।

৭। চিত্রাচন্দ্রমসোঃ—দম্পতীর উপমান। শেষে ষষ্ঠী। চিত্রা চ চন্দ্রমাশ্চ (দ্বন্দ্ব)=চিত্রাচন্দ্রমসৌ, তয়োঃ। চিত্রানক্ষত্র এবং পূর্ণচন্দ্রের (মিলনে)।

বাচ্য-পরিবর্ত্তন—কয়া·· অভিখ্যয়া অভূয়ত।

মন্তব্য—উপমা অলঙ্কার। সুদক্ষিণার সহিত চিত্রানক্ষত্রের এবং দিলীপের সহিত (পূর্ণ) চন্দ্রের তুলনা করা হইয়াছে। চৈত্রী পূর্ণিমাতেই চিত্রা ও চন্দ্রের মিলন হইয়া থাকে। আলঙ্কারিক বিশ্বনাথের মতে এই শ্লোকে কালভেদ-জনিত ভগ্নপ্রক্রমত্ব দোষ হইয়াছে। "অত্র তথাভূতচিত্রাচন্দ্রমসোঃ শোভা ন খলু আসীৎ অপি তু সর্বদাপি ভবতি।"—(সাহিত্যদর্পণ—৭)

দিলীপ অজ্ঞাতসারে বহু পথ অতিক্রম করিলেন।

তত্তদ্ভূমিপতিঃ পত্ন্যৈ দর্শয়ন্ প্রিয়দর্শনঃ।
অপি লঙ্ঘিতমধ্বানং বুবুধে ন বুধোপমঃ॥ ৪৭॥

অন্বয়—বুধোপমঃ ([চন্দ্রপুত্র] বুধসদৃশ) প্রিয়দর্শনঃ (প্রিয়দর্শন) ভূমিপতিঃ (মহীপতি) তত্তৎ (সেই সমস্ত অদ্ভুত বস্তু) পত্ন্যৈ (পত্নী সুদক্ষিণাকে) দর্শয়ন্ (দর্শন করাইতে করাইতে) লঙ্ঘিতম্ অপি (অতিক্রান্ত) অধ্বানং (পথ) ন বুবুধে (জানিতে পারিলেন না)।

বাঙ্গালা—বুধসদৃশ প্রিয়দর্শন মহীপতি সেই সমস্ত অদ্ভুত বস্তু পত্নী সুদক্ষিণাকে দর্শন করাইতে করাইতে কত পথ অতিক্রম করিলেন তাহা জানিতে পারিলেন না।

Eng.—The lord of the earth of agreeable appearance, who looked like Budha (the son of Moon-God) and who

was showing to his wife this and that, was not even conscious (of the length) of the road he had passed.

মল্লিনাথ—তত্তদিতি। প্রিয়ং দর্শনং স্বকর্মকং যস্যাসৌ প্রিয়দর্শনঃ দর্শনীয় ইত্যর্থঃ, ভূমিপতিঃ পত্ন্যৈ তত্তদস্তুতং বস্তু দর্শয়ন্ লঙ্ঘিতমপি বাহিতমপি অধ্বানং ন বুবুধে ন জ্ঞাতবান্। বুধঃ সৌম্য উপমা উপমানং যস্যেতি বিগ্রহঃ। ইদং বিশেষণং তত্তদ্দর্শয়ন্নিত্যুপযোগিতয়া এতস্য জ্ঞাতৃত্বসূচনার্থম্।

সারাংশ—পথি পত্ন্যৈ রম্যাণি প্রদর্শয়ন্ দিলীপঃ তদেকায়ত্তচিত্ততয়া অতিক্রান্তমপি মার্গং ন অনুভূতবান্।

টীকান্তর—"...সা তু ন পদার্থসার্থদর্শনোৎসুকা রাজদর্শনমাত্রাপেক্ষিণীত্যাহ প্রিয়দর্শন ইতি। প্রিয়মিষ্টং দর্শনং যস্য অতএব দর্শয়ন্নিত্যুক্তম্; তন্নিয়োগাদেবান্যদর্শনমিতি ভাবঃ। বুধেন সোমসুতেনোপমা সাদৃশ্যং যস্য। অনেনাস্য মহতো রাজবংশস্য প্রবর্ত্তকত্বং ধ্বনিতম্।" (নারায়ণঃ)। "প্রিয়দর্শনঃ অপূর্ববস্তুদ্রষ্টা বুধশ্চন্দ্রপুত্রো গ্রহস্তেন তুল্যোঽপি ন বুবুধে ইতি বিরোধাভাসোঽলঙ্কারঃ"। (চারিত্রবর্দ্ধনঃ)।

টিপ্পনী—১। তত্তৎ—'দর্শয়ন্' ক্রিয়ার কর্ম সেইসকল রম্য বস্তু।

২। ভূমিপতিঃ—'বুবুধে' ক্রিয়ার কর্ত্তা। ভূম্যাঃ পতিঃ (ষষ্ঠীতৎ)। দিলীপ। 'মুনি' শব্দের ন্যায় রূপ হইবে।

৩। পত্ন্যৈ—ক্রিয়ামাত্রযোগেঽপি চতুর্থী; অথবা 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ' ইতি চতুর্থী—পত্নীং প্রীণয়িতুমিত্যর্থঃ। শ্লোক ৩১।৪ দ্রষ্টব্য।

৪। দর্শয়ন্—কর্ত্তা 'ভূমিপতিঃ'। দৃশ্+ণিচ্+শতৃ ১মা ১বচন। দেখাইতে দেখাইতে।

৫। প্রিয়দর্শনঃ—'ভূমিপতিঃ' পদের বিশেষণ। মধুরদর্শন। প্রিয়ং দর্শনং (স্বকর্মকং স্বকর্তৃকং বা) যস্য সঃ (বহুব্রীহি)। প্রী+ক=প্রিয়।

৬। লঙ্ঘিতম্—'অধ্বানম্' পদের বিশেষণ। অতিক্রান্ত, অতিবাহিত। লঙ্ঘ্ (চুরাদি)+ক্ত।

৭। অধ্বানম্—'বুবুধে' ক্রিয়ার কর্ম। পথ।

৮। বুবুধে—কর্ত্তা 'ভূমিপতিঃ'। বুধ্+লিট্ এ। জানিয়াছিলেন।

৯। বুধোপমঃ—'ভূমিপতিঃ' পদের বিশেষণ। বুধঃ (সোমসুতঃ) উপমা

উপমানং যস্য সঃ (বহু)। বুধসদৃশ। মল্লিনাথ—মতে এই বিশেষণের তাৎপর্য্য—দিলীপ সুদক্ষিণাকে যাহা যাহা দেখাইয়াছিলেন তৎসম্বন্ধে তিনি নিজে অভিজ্ঞ ছিলেন। টীকাকার নারায়ণের মতে এই বিশেষণ দিলীপকে বিরাট রাজবংশের প্রবর্ত্তকরূপে সূচিত করিতেছে। টীকান্তর দ্রষ্টব্য। চন্দ্রবংশ—চন্দ্র—বুধ—পুরুরবা—এইরূপে আরম্ভ হয়।

বাচ্য-পরিবর্ত্তন—বুধোপমেন প্রিয়দর্শনেন ভূমিপতিনা দর্শয়তা লঙ্ঘিতঃ অধ্বা……।

দিলীপ সন্ধ্যাকালে বশিষ্ঠের আশ্রমে উপস্থিত হইলেন।

स दुष्प्रापयशाः प्रापदाश्रमं श्रान्तवाहनः।
सायं संयमिनस्तस्य महर्षेर्महिषीसखः॥ ४৮॥

অন্বয়—দুষ্প্রাপযশাঃ (অসাধারণ যশস্বী) শ্রান্তবাহনঃ (যাঁহার বাহনসমূহ পরিশ্রান্ত হইয়াছিল) মহিষীসখঃ (মহিষীর সহিত) সঃ (তিনি অর্থাৎ দিলীপ) সায়ং (সন্ধ্যাকালে) সংযমিনঃ (সংযমী) তস্য (সেই) মহর্ষেঃ (মহর্ষি বশিষ্ঠের) আশ্রমং (আশ্রমে) প্রাপৎ (উপস্থিত হইলেন)।

বাঙ্গালা—অসাধারণ যশস্বী মহারাজ দিলীপ মহিষীর সহিত সন্ধ্যাকালে সংযমী মহর্ষি বশিষ্ঠের আশ্রমে উপস্থিত হইলেন; তাঁহার বাহনসমূহ (দীর্ঘ পথ অতিক্রম করিয়া) পরিশ্রান্ত হইয়া পড়িয়াছিল।

Eng.—And in the evening that king of unattainable glory, arrived with his queen and with the horses fatigued, at the hermitage of the great sage who always practised self-control.

মল্লিনাথ—স ইতি। দুষ্প্রাপযশাঃ দুষ্প্রাপম্ অন্যদুর্লভং যশো যস্য স তথোক্তঃ, শ্রান্তবাহনো দূরোপগমনাৎ ক্লান্তযুগ্যঃ। মহিষ্যাঃ সখা মহিষীসখঃ। "রাজাহঃসখিভ্যষ্টচ্" ইতি টচ্-প্রত্যয়ঃ, সহায়ান্তরনিরপেক্ষ ইতি ভাবঃ; স রাজা সায়ং সায়ংকালে সংযমিনো নিয়মবতস্তস্য মহর্ষের্বশিষ্ঠস্য আশ্রমং প্রাপৎ প্রাপ। পুষাদিত্বাদঙ্।

সারাংশ—দিলীপঃ সায়ং সুদক্ষিণাসহিতঃ শ্রান্তবাহনঃ গুরোঃ বশিষ্ঠস্য আশ্রমং প্রাপ।

টীকান্তর—...শ্রান্তবাহন ।ইতি ত্বরা সূচিতা। এতচ্চ বক্ষ্যমাণধুর্য্যবিশ্রমণাদেশাভিপ্রায়ম্। সায়মিত্যবিলম্বং ত্বরাফলং দ্যোতয়তি।...মহর্ষেরাশিষৈবাভিলষিতসংপাদনশক্তস্যেত্যর্থঃ; যথাহ—"লৌকিকানাং হি সাধুনামর্থং বাগনুবর্ত্ততে। ঋষীণাং পুনরাদ্যানাং বাচমর্থোঽনুবর্ত্ততে॥" ইতি। মহিষীসখঃ—এতচ্চ বিশেষণমাশ্রমপ্রাপ্তৌ তস্যাঃ প্রাধান্যং প্রতিপাদয়ন্ যুগ্‌ভাবনিবৃত্তিপরম্।" (অরুণগিরিঃ)।

টিপ্পনী—১। দুষ্প্রাপযশাঃ—দিলীপের বিশেষণ। দুষ্প্রাপং যশো যস্য সঃ (বহুব্রীহি)। দুঃখেন প্রাপ্যতে ইতি দুস্—প্র—আপ্+খল্=দুষ্প্রাপ। অসাধারণ যশস্বী।

২। প্রাপৎ—কর্ত্তা 'সঃ'। প্র—আপ্+লুঙ্ দ্। উপস্থিত (প্রাপ্ত) হইলেন।

৩। আশ্রমম্—'প্রাপৎ' ক্রিয়ার কর্ম। শ্লোক ৩৬ দ্রষ্টব্য।

৪। শ্রান্তবাহনঃ='সঃ' পদের বিশেষণ। শ্রান্তানি বাহনানি (অশ্বাঃ) যস্য সঃ (বহুব্রীহি)। (দীর্ঘ পথ অতিক্রম করিয়া) যাহার অশ্বগুলি ক্লান্ত হইয়াছিল; ইহা দ্বারা ত্বরা সূচিত হইতেছে; শ্রম্+ক্ত=শ্রান্ত।

৫। সায়ম্—সন্ধ্যাবাচকমব্যয়ম্; সন্ধ্যাকালে।

৬। সংযমিনঃ—'মহর্ষেঃ' পদের বিশেষণ, সংযমী, জিতেন্দ্রিয়। সংযমাঃ বিদ্যন্তে অস্য ইতি সংযম+ইনি, তস্য; সম্—যম্+অপ্ ভাবে, কর্ত্তরি অচ্ বা=সংযমঃ। "অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহাঃ যমাঃ" (পাতঞ্জলদর্শন—সমাধিপাদ—৩০) "জ্ঞানশক্তিমত ইতি যাবৎ" (নারায়ণঃ)।

৭। মহর্ষেঃ—শেষে ষষ্ঠী। মহর্ষি বশিষ্ঠের। মহাংশ্চাসৌ ঋষিশ্চ (কর্মধা); মহর্ষি অর্থাৎ যিনি আশীর্বাদের দ্বারাই মনোবাঞ্ছা পূর্ণ করিতে পারেন; টীকান্তর দ্রষ্টব্য।

৮। মহিষীসখঃ—'সঃ' পদের বিশেষণ। মহিষীর সহিত। মহিষ্যাঃ (কৃতাভিষেকায়াঃ) সখা (ষষ্ঠীতৎ)। "রাজাহঃসখিভ্যষ্টচ্" ইতি সমাসান্ত টচ্। এস্থলে দিলীপের সহিত সুদক্ষিণার সাহচর্য্য বিবক্ষিত বলিয়া বহুব্রীহি সমাসই অভিপ্রেত। মহিষী সখা যস্য সঃ। কিন্তু সমাসান্ত 'টচ্' কেবল তৎপুরুষ সমাসেই হইয়া থাকে। সেইজন্য টীকাকার নারায়ণ বলেন যে 'সখ'

Eng.—Scarcely had the sage finished his speech in this way when the blessed cow named Nandinī, the source of oblations to the regular sacrificer, returned home from the forest.

মল্লিনাথ—ইতীতি।—ইতি বাদিনো বদত এব হোতুর্হবনশীলস্য, "তৃন্" ইতি তৃন্-প্রত্যয়ঃ। অস্য মুনেরাহুতীনাং সাধনং কারণম্। নন্দয়তীতি ব্যুৎপত্ত্যা নন্দিনী নাম, অনিন্দ্যা অগর্হ্যা প্রশস্তা ধেনুর্বনাদাববৃতে প্রত্যাগতা। "অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধের্হি লক্ষণম্" ইতি ভাবঃ।

সারাংশ—ইত্যেবং কথয়তি তস্মিন্ বশিষ্ঠে হোমার্থং ঘৃতদুগ্ধাদিপ্রসবিত্রী নন্দিনী নাম সুরভিকন্যা তৎক্ষণাৎ বনান্তরাৎ প্রত্যাযযৌ।

টিপ্পনী—১। ইতি—অব্যয়।· এইরূপে।

২। বাদিনঃ—'অস্য' পদের বিশেষণ। বদ্+ণিচ্+ইন্—বদত ইত্যর্থঃ। কথা বলিতেছেন। নারায়ণের মতে ইতি বদিতুং শীলমস্য ইতিবাদী। তস্য।

৩। এব—অব্যয়। "এবশব্দেন কালবিলম্বাভাব উক্তঃ। তেন চ কার্য্যসিদ্ধি ধ্বর্ন্যতে" (নারায়ণঃ)। কারণ, অবিলম্ব ভবিষ্যৎ কার্য্যসিদ্ধির লক্ষণ। মল্লিনাথ দ্রষ্টব্য।

৪। হোতুঃ—'অস্য' পদের বিশেষণ। হবনশীল। হু+তৃন্ শীলার্থে। তস্য। শ্লোক ৬২ দ্রষ্টব্য।

৫। আহুতিসাধনম্—'ধেনু'র বিশেষণ। বিধেয়প্রাধান্যাৎ ক্লীবলিঙ্গনির্দেশঃ। আহুতীনাং সাধনম্ (ষষ্ঠীতৎ)। যজ্ঞীয়ঘৃতাদিদাত্রী। আ—হু+ক্তিন্ =আহুতিঃ।

৬। অনিন্দ্যা—'ধেনুঃ' পদের বিশেষণ। ন নিন্দ্যা (নঞ্তৎ)। নিন্দ্+যৎ। প্রশস্তা, অর্থাৎ সুলক্ষণা।

৭। নন্দিনী—ধেনুর বিশেষণ। সংজ্ঞা—Proper name.

৮। নাম—অব্যয়। প্রসিদ্ধৌ। নামে।

৯। ধেনুঃ—'আববৃতে' ক্রিয়ার কর্ত্তা। "ধেনুঃ সকৃৎপ্রসূতা গৌঃ" নিঃ কোঃ)। "ধেনুঃ স্যান্নবসূতিকা" ইত্যমরঃ।

১০। আববৃতে—কর্ত্তা 'ধেনুঃ'। আ—বৃৎ+লিট্ এ। প্রত্যাবর্ত্তন করিল।

১১। বনাৎ—অপাদানে পঞ্চমী। "ধ্রুবমপায়েঽপাদানম্।" বনান্তর হইতে।

বাচ্য-পরিবর্ত্তন—...আহুতিসাধনেন নন্দিন্যা অনিন্দ্যয়া ধেন্বা।

রক্তবর্ণা নন্দিনীর ললাটে ঈষৎবক্র শ্বেতবর্ণ রোমরাজি ছিল। যেন সন্ধ্যা চন্দ্রকলা ধার করিয়াছে।

ललाटोदयमाभुग्नं पल्लवस्निग्धपाटला।
बिभ्रती श्वेतरोमाङ्कं सन्ध्येव शशिनं नवम् ॥८३॥

অন্বয়—পল্লবস্নিগ্ধপাটলা (নব পল্লবের ন্যায় স্নিগ্ধ এবং পাটলবর্ণা) ললাটোদয়ম্ (ললাটদেশে জাত) আভুগ্নম্ (ঈষদ্বক্র) শ্বেতরোমাঙ্কম্ (শ্বেতবর্ণরোমরাজিরূপ চিহ্ন) বিভ্রতী (থাকায) নবং (নবোদিত) শশিনং [বিভ্রতী] (চন্দ্রকলাভূষিত) সন্ধ্যা ইব (সন্ধ্যার ন্যায়) [স্থিতা]।

বাঙ্গালা—নন্দিনী নব পল্লবের ন্যায় স্নিগ্ধ এবং পাটলবর্ণা; তাঁহার ললাটদেশে ঈষদ্বক্র শ্বেতবর্ণ রোমরাজি থাকায়, নবোদিত চন্দ্রকলাভূষিত সন্ধ্যার ন্যায় শোভা হইয়াছিল।

Eng.—Of a light red colour bright like that of a ne leaf and bearing on her forehead a slightly curved mark white hair she appeared like the evening with the ne (digit of the) moon.

মল্লিনাথ—সম্প্রতি ধেনুং বিশিনষ্টি—ললাটোদয়মিতি। পল্লবব স্নিগ্ধা চাসৌ পাটলা চ। সন্ধ্যায়ামপ্যেতদ্বিশেষণং যোজ্যম্। ললাটে উদয় যস্য স ললাটোদয়স্তম্ আভুগ্নম্ ঈষদ্বক্রম্। "আবিদ্ধং কুটিলং ভুগ্নং বেল্লি বক্রমিত্যপি" ইত্যমরঃ। "ওদিতশ্চ" ইতি নিষ্ঠাতস্য নত্বম্। শ্বেতরোমাণো অঙ্কস্তং বিভ্রতী, নবং শশিনং বিভ্রতী সন্ধ্যেব স্থিতা।

সারাংশ—যথা পল্লবারুণবর্ণায়াঃ সন্ধ্যায়াঃ আকাশরূপে ললাটে তন্বী প্রতিপচ্চন্দ্রকলা শোভতে তথৈব পল্লবারুণবর্ণায়াঃ নন্দিন্যাঃ প্রশস্তে ললাটে শুভ্রা ঈষদ্বক্রা রোমরাজিবিরাজতে।

টীকান্তর—"...যথা সন্ধ্যা প্রতিপচ্চন্দ্রকলাং বিভর্তি তথেত্যর্থঃ। উপময় শোভাধিক্যং প্রতীয়তে"—(নারায়ণঃ)।

টিপ্পনী—১। ললাটোদয়ম্—'শ্বেতরোমাঙ্কম্' পদের বিশেষণ। ললাটে

উদয়ঃ যস্য সঃ (ব্যধিকরণ বহুব্রীহি) তম্। "অবর্জ্যোবহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ" (বামন)। ললাটদেশে জাত। উৎ—ই+অচ্=উদয়ঃ। "ললাটমলিকং গোধিঃ" ইত্যমরঃ।

২। আভুগ্নম্—'শ্বেতরোমাঙ্কম্' এবং 'শশিনম্' পদের বিশেষণ। আ ঈষৎ ভুগ্নম্ (সুপ্সুপা)। ভুজ (কৌটিল্যে)+ক্ত "ওদিতশ্চ" ইতি নত্বম্। =ভুগ্ন (বক্র)। মল্লিনাথ দ্রষ্টব্য। ঈষদ্ বক্র। অতএব প্রতিপদ্ কিংবা দ্বিতীয়ার চন্দ্রকলাই বিবক্ষিত,—পূর্ণচন্দ্র নহে। টীকান্তর দ্রষ্টব্য। Cf. "প্রাচীমূলে তনুমিব কলামাত্রশেষাং হিমাংশোঃ" (মেঘদূত)।

৩। পল্লবস্নিগ্ধপাটলা—নন্দিনী এবং সন্ধ্যার বিশেষণ। স্নিগ্ধা চাসৌ পাটলা চ (বিশেষণদ্বয়েন কর্মধারয়ঃ) পল্লব ইব স্নিগ্ধপাটলা (উপমান কর্মধারয়ঃ)। "উপমানানি সামান্যবচনৈঃ"। নবীন কিশলয়ের ন্যায় স্নিগ্ধ এবং রক্তবর্ণ। পাটল শ্বেতরক্তবর্ণ। কিন্তু পল্লবের সহিত উপমিত হওয়ায় এস্থলে অরুণবর্ণই বুঝিতে হইবে। রঘুবংশের দ্বিতীয় সর্গে নন্দিনীকে "পল্লবরাগতাম্রা" (২।১৫) বলা হইয়াছে। "শ্বেতরক্তস্তু পাটলঃ" ইত্যমরঃ। পট্+ণিচ্+কলচ্=পাটল। স্নিহ্+ক্ত=স্নিগ্ধ (মসৃণ)।

৪। বিভ্রতী—নন্দিনী এবং সন্ধ্যার বিশেষণ। ভৃ+শতৃ, স্ত্রিয়াম্ ঙীপ্। ধারণ করিয়া।

৫। শ্বেতরোমাঙ্কম্—'বিভ্রতী' ক্রিয়ার কর্ম; কর্ত্তা নন্দিনী। শ্বেতানি রোমাণি (কর্মধা); তান্যেব অঙ্কঃ (চিহ্নম্) (কর্মধা) তম্। শ্বিত+ঘঞ্=শ্বেতম্। অঙ্ক্যতে অনেন ইতি অঙ্ক+ঘঞ্ "হলশ্চ"। Cf. "কলঙ্কাঙ্কৌ লাঞ্ছনং চ চিহ্নং লক্ষ্ম চ লক্ষণম্" ইত্যমরঃ। শ্বেতবর্ণ রোমরাজিরূপ চিহ্ন।

৬। সন্ধ্যা—নন্দিনীর উপমান। সম্যগ্ ধ্যায়ন্ত্যস্যাম্ ইতি সম্—ধ্যৈ+অঙ্। নির্থকার 'সন্ধা' শব্দও হয়। সন্ধ্যা ও নন্দিনী উভয়েই রক্তবর্ণ।

৭। শশিনম্—'শ্বেতরোমাঙ্কম্' পদের উপমান। শশ অস্ত্যস্য ইতি শশ+ইন্। চন্দ্র—এস্থলে চন্দ্রকলা। টীকান্তর দ্রষ্টব্য।

৮। নবম্—'শশিনম্' পদের বিশেষণ। নবোদিত—সুতরাং প্রতিপৎ-চন্দ্রকলা।

বাচ্য-পরিবর্ত্তন—পল্লবস্নিগ্ধপাটলয়া বিভ্রত্যা সন্ধ্যয়া ইব (স্থিতয়া)।

মন্তব্য—উপমাটি চমৎকার—স্থানকালের দিক্ দিয়া সুষ্ঠুভাবে প্রযুক্ত হইয়াছে। নন্দিনী এবং সন্ধ্যা উভয়েই আশ্রমের সম্মুখে উপস্থিত। উভয়েই অরুণবর্ণা। নন্দিনীর ললাটে ঈষৎবক্র শ্বেত রোমরাজি এবং সন্ধ্যার আকাশরূপ ললাটে শুভ্রবর্ণ চন্দ্রকলা। কালিদাস ইচ্ছা করিলে শ্বেত রোমাবলীকে ঈষৎবক্র না করিয়া বৃত্তাকার করিতে পারিতেন এবং পূর্ণচন্দ্রের সহিত তাহার তুলনাও দিতে পারিতেন। তাহা হইলে কিন্তু দিলীপের ভবিষ্যৎ অভ্যুদয়ের সূচনাটি ধ্বনিত হইত না।

নন্দিনী বৎসদর্শনে ক্ষরিত ঈষদুষ্ণ দুগ্ধধারায় ধরাতল অভিষিক্ত করিতে লাগিলেন।

ভুবং কোষ্ণেন কুণ্ডোধ্নী মেধ্যেনাবভৃথাদপি।
প্রস্রবেনাভিবর্ষন্তী বৎসালোকপ্রবর্ত্তিনা ॥৮৪॥

অন্বয়—কুণ্ডোধ্নী (কুণ্ডতুল্যস্তনধারিণী) বৎসালোকপ্রবর্ত্তিনা (বৎসদর্শনে ক্ষরিত) কোষ্ণেন (ঈষদুষ্ণ) অবভৃথাদপি (যজ্ঞান্ত স্নানবারি অপেক্ষাও) মেধ্যেন (পবিত্র) প্রস্রবেন (দুগ্ধধারায়) ভুবম্ (ধরাতল) অভিবর্ষন্তী (অভিষিক্ত করিতেছিলেন)।

বাঙ্গালা—কুণ্ডতুল্যস্তনধারিণী সেই নন্দিনী বৎসদর্শনে ক্ষরিত যজ্ঞান্ত স্নানবারি অপেক্ষাও পবিত্র, ঈষদুষ্ণ দুগ্ধধারায় ধরাতল অভিষিক্ত করিতে লাগিলেন।

Eng.—That cow of jar-like udders sprinkled the earth by the flow of her lukewarm milk which streamed forth at the sight of her young and which was even more sanctifying than the Avabhṛtha ablutions (after a sacrificial ceremony).

মল্লিনাথ—ভুবমিতি। কোষ্ণেন কিঞ্চিদুষ্ণেন। "কবং চোষ্ণে" ইতি চকারাৎ কাদেশঃ। অবভৃথাদপি অবভৃথস্নানাদপি মেধ্যেন পবিত্রেণ। "পূতং পবিত্রং মেধ্যং চ" ইত্যমরঃ। বৎসস্যালোকেন প্রদর্শনেন প্রবর্ত্তিনা প্রবহতা প্রস্রবেন ক্ষীরাভিস্যন্দনেন ভুবমভিবর্ষন্তী সিঞ্চন্তী। কুণ্ডমিব উধ আপীনং

স্যাঃ সা কুণ্ডোধ্নী। "উধস্তু ক্লীবমাপীনম্" ইত্যমরঃ। "উধসোঽনঙ্" ত্যনঙাদেশঃ। "বহুব্রীহেরূধসোঙীষ্" ইতি ঙীষ্।

সারাংশ—মহাকুম্ভবদাপীনেন সমন্বিতা সা সুরভিসুতা বৎসাবলোকনাদেব বেয়া নির্গচ্ছৎ প্রবৃত্তেন কিঞ্চিদুষ্ণেণ অবভৃথস্নানাদপি পবিত্রেণ দুগ্ধেন ধরাতলং বলয়ন্তী তত্রাজগাম।

টিপ্পনী—১। ভুবম্—'অভিবর্ষন্তী' ক্রিয়ার কর্ম। ধরাতলকে।

২। কোষ্ণেণ—'প্রস্রবেন' পদের বিশেষণ। ঈষদুষ্ণ। ঈষদুষ্ণঃ কোষ্ণঃ— ঈষদর্থে" ইতি কাদেশঃ। "কবং চোষ্ণে" ইতি কোঃ কবাদেশঃ=কবোষ্ণম্। শ্লোক ৬৭ দ্রষ্টব্য।

৩। কুণ্ডোধ্নী—নন্দিনীর বিশেষণ। কুণ্ডয়তীতি কুণ্ড (কুডি রক্ষায়াম্) -অচ্=কুণ্ডম্ (প্রশস্ত জলাধার)। কুণ্ডমিব উধঃ যস্যাঃ সা (বহুব্রীহি)। উধস্তু ক্লীবমাপীনম্" ইত্যমরঃ। কুম্ভের ন্যায় স্তনশালিনী। মল্লিনাথ দ্রষ্টব্য।

৪। মেধ্যেন—'প্রস্রবেন' পদের বিশেষণ। পবিত্র। মেধনার্হম্ ইতি মেধ—ণ্যৎ। "পূতং পবিত্রং মেধ্যং চ" ইত্যমরঃ।

৫। অবভৃথাৎ—"পঞ্চমী বিভক্তে" ইতি পঞ্চমী। যজ্ঞান্তস্নানবারি পেক্ষাও। অবভ্রিয়তে অনেন ইতি অব—ভৃ+কৃথন্=অবভৃথঃ (যজ্ঞাবসান-নম্)। মুখ্য যজ্ঞের পর ক্রিয়মাণ যজ্ঞকেও অবভৃথ বলে। এস্থলে যজ্ঞান্তস্নানবারি অর্থেই প্রযুক্ত হইয়াছে।

৬। প্রস্রবেন—করণে তৃতীয়া। দুগ্ধদ্বারা। "প্রস্রবঃ পয় উধস্যং দুগ্ধং ক্ষীরম্" ইতি বররুচিঃ।

৭। অভিবর্ষন্তী—'নন্দিনী'র বিশেষণ। অভি-বৃষ্+শতৃ, স্ত্রিয়াং ঙীপ্। প্রথমা ১বচন। অভিষিক্ত করিয়া।

৮। বৎসালোকপ্রবর্ত্তিনা—'প্রস্রবেন' পদের বিশেষণ। বৎসস্য আলোকঃ দর্শনম্) (ষষ্ঠীতৎ)। বৎসালোকে প্রবর্ত্তিতুং শীলমস্য ইতি বৎসালোক—প্র বৃৎ+ণিনি তাচ্ছীল্যে। বৎসাবলোকনে প্রবাহিত। "প্রবাহস্তু প্রবৃত্তিঃ স্যাৎ" ইত্যমরঃ। বৎসকে দেখিলে ধেনুর স্বতঃই দুগ্ধ ক্ষরিত হয়। বৎস— বাছুর।

বাচ্য-পরিবর্ত্তন—......কুণ্ডোধ্ন্যা অভিবর্ষন্ত্যা।

নন্দিনীর খুরোত্থিত ধূলি দিলীপকে পবিত্র করিতে লাগিল।

রজঃকণৈঃ খুরোদ্ধূতৈঃ স্পৃশদ্ভির্গাত্রমন্তিকাৎ।
তীর্থাভিষেকজাং[1] শুদ্ধিমাদধানা মহীক্ষিতঃ॥৮৫॥

অন্বয়--খুরোদ্ধূতৈঃ (খুরাঘাতে উত্থিত) অন্তিকাৎ (নিকট হইতে) গাত্রং (গাত্র) স্পৃশদ্ভিঃ (লগ্ন হইয়া) রজঃকণৈঃ (ধূলিকণা) মহীক্ষিতঃ (মহারাজের) তীর্থাভিষেকজাং (তীর্থাভিষেকজন্য) শুদ্ধিম্ (পবিত্রতা) আদধানা (সম্পাদন করিল)।

বাঙ্গালা—তাঁহার খুরাঘাতে উত্থিত ধূলিকণা নিকট হইতে গাত্রলগ্ন হইয়া মহারাজের তীর্থাভিষেকতুল্য পবিত্রতা সম্পাদন করিল।

Eng.—The cow imparted to the king the sanctity sprung from bathings in sacred places of pilgrimage, by touching his body from near with particles of dust raised up by her hoofs.

মল্লিনাথ—রজ ইতি। খুরোদ্ধূতৈরন্তিকাৎ সমীপে গাত্রং স্পৃশদ্ভিঃ "দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ" ইতি চকারাৎ পঞ্চমী। রজসাং কণৈঃ। মহীং ক্ষয়তি ঈষ্টে ইতি মহীক্ষিৎ তস্য। তীর্থাভিষেকেণ জাতাং তীর্থাভিষেকজাং শুদ্ধিম্ আদধানা কুর্বাণা। এতেন বায়ব্যং স্নানমুক্তম্। উক্তং চ মনুনা—"আগ্নেয়ং ভস্মনা স্নানমবগাহ্যং তু বারুণম্। আপো হি ষ্ঠেতি চ ব্রাহ্মং বায়ব্যং গোরজঃ স্মৃতম্॥" ইতি।

মল্লিটীকা—এতেন · স্মৃতম্। ইহার দ্বারা বায়ব্য স্নানের কথা বলা হইল। মনু বলিয়াছেন—"ভস্ম মাখিয়া স্নানকে আগ্নেয় স্নান বলে, অবগাহন (জলমগ্ন হইয়া) স্নানকে বারুণস্নান বলে; (মন্ত্রপূত) জলপ্রোক্ষণজনিত স্নানকে ব্রাহ্ম স্নান বলে এবং গোখুরোত্থিত ধূলিদ্বারা স্নানকে বায়ব্য স্নান বলে।" টীকাকার নারায়ণ "ব্রাহ্মং প্রোক্ষণমাত্রেণ" এইরূপ পাঠ ধরিয়াছেন।

সারাংশ—আগমন-কালে নন্দিন্যাঃ খুরোত্থিতাঃ রজঃকণাঃ সমীপস্থিতস্য রাজ্ঞঃ গাত্রে নিপত্য তীর্থজলাভিষেকসদৃশীং কামপি পবিত্রতাং বিদধে।

---

1. 'তীর্থাভিষেকসংশুদ্ধিম্' ইতি নারায়ণধৃতপাঠান্তরম্।

টিপ্পনী—১। রজঃকণৈঃ—করণে তৃতীয়া। রজসাং কণাঃ (ষষ্ঠীতৎ) তৈঃ। ধূলিকণাদ্বারা। "সম্ভ এব দিগন্তরব্যাপ্ত্যর্থং কণশব্দঃ" (নারায়ণঃ) "লবকেশকণাণবঃ" ইত্যমরঃ।

২। খুরোদ্ধৃতৈঃ—'রজঃকণৈঃ' পদের বিশেষণ। খুরৈঃ উদ্ধৃতাঃ (তৃতীয়া—তৎ) তৈঃ। খুরাঘাতে উত্থিত। উৎ—ধৃ+ক্ত=উদ্ধৃত।

৩। স্পৃশদ্ভিঃ—'রজঃকণৈঃ' পদের বিশেষণ। স্পৃশ্+শতৃ, তৃতীয়া বহুবচন। স্পর্শ করিতেছিল।

৪। গাত্রম্—'স্পৃশদ্ভিঃ' ক্রিয়ার কর্ম। (মহারাজের) দেহ।

৫। অন্তিকাৎ—অব্যয়। সমীপে। "দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ" ইতি পঞ্চমী।

৬। তীর্থাভিষেকজাম্—'শুদ্ধিম্' পদের বিশেষণ। তীর্থস্য (তীর্থজলস্য) অভিষেকঃ (ষষ্ঠীতৎ); তীর্থাভিষেকাৎ জায়তে যা ইতি তীর্থাভিষেক—জন্+ ড, স্ত্রিয়ামাপ্। তীর্থস্নানসম্ভূত। "নিপানাগময়োস্তীর্থমৃষিজুষ্টজলে গুরৌ" ইত্যমরঃ। অভি—সিচ্+ঘঞ্=অভিষেকঃ (স্নান)। "উপসর্গাৎ সুনোতী" ত্যাদিনা ষত্বম্। নন্দিনীর খুরোত্থিত ধূলি তীর্থস্নানের ন্যায় বিশুদ্ধিসম্পাদক। মল্লিটীকা দ্রষ্টব্য।

৭। শুদ্ধিম্—'আদধানা' ক্রিয়ার কর্ম; শুধ্+ক্তিন্। পবিত্রতা।

৮। আদধানা—'নন্দিনী'র কৃদন্ত বিশেষণ। সম্পাদন করিয়া। আ—ধা +শানচ্, স্ত্রিয়াম্ টাপ্।

৯। মহীক্ষিতঃ—শেষে ষষ্ঠী। মহারাজের। অর্থাৎ দিলীপের। মহী— ক্ষি+ক্বিপ্, তুক্ চ=মহীক্ষিৎ, তস্য। শ্লোক—১১ দ্রষ্টব্য।

বাচ্য-পরিবর্ত্তন—……আদধানয়া।

মহর্ষি নন্দিনীকে দেখিয়া রাজাকে পুনরায় বলিলেন।

তাং পুণ্যদর্শনাং দৃষ্ট্বা নিমিত্তজ্ঞস্তপোনিধিঃ।
যাজ্যমাশংসিতাবন্ধ্য[1] প্রার্থনং পুনরব্রবীৎ॥৮৬॥

অন্বয়—নিমিত্তজ্ঞঃ (শুভাশুভলক্ষণজ্ঞ) তপোনিধিঃ (তপোনিধি)

---

1. "অবন্ধ্যং পার্থিবম্" ইতি পাঠান্তরম্।

পুণ্যদর্শনাং (পুণ্যদর্শনা) তাং (সেই নন্দিনীকে) দৃষ্ট্বা (দেখিয়া) আশংসিতাবন্ধ্যপ্রার্থনং (সফল মনোরথ) যাজ্যং (যজমানকে অর্থাৎ রাজাকে) পুনঃ (পুনরায়) অব্রবীৎ (বলিলেন)।

বাঙ্গালা—শুভাশুভলক্ষণজ্ঞ তপোনিধি পুণ্যদর্শনা সেই নন্দিনীকে দেখিয় সফলমনোরথ যজমানকে পুনরায় বলিলেন।

Eng.—That treasure of asceticism, who had the knowledge of omens, on beholding the cow whose sight itself was sanctifying, again addressed him who was worthy of sacrifices being done for him and whose hope for the desired object was not destined to be fruitless.

মল্লিনাথ—তামিতি। নিমিত্তজ্ঞঃ শকুনজ্ঞস্তপোনিধির্বশিষ্ঠঃ পুণ্যং দর্শনং যস্যাস্তাং তাং ধেনুং দৃষ্ট্বা, আশংসিতং মনোরথঃ। নপুংসকে ভাবে ক্তঃ। তত্রাবন্ধ্যং সফলং প্রার্থনং যস্য স তম্, অবন্ধ্যমনোরথমিত্যর্থঃ, যাজয়িতুং যোগ্যং যাজ্যং পার্থিবং পুনরব্রবীৎ।

সারাংশ—শকুনশাস্ত্রবিৎ মহর্ষিরপি তদানীং তাম্ অতর্কিতোপনতাম্ অবলোক্য রাজ্ঞঃ পুত্রপ্রার্থনাং সফলাং ভবিত্রীং বিনিশ্চিন্বন্ রাজানং পুনরবাদীৎ।

টিপ্পনী—১। পুণ্যদর্শনাম্—'তাং' পদের বিশেষণ। পুণ্যং (পুণ্যজনকং) দর্শনং যস্যাঃ সা (বহুব্রীহি) তাম্। যাহার দর্শন পুণ্যজনক।

২। দৃষ্ট্বা—কর্তা 'তপোনিধিঃ'। দৃশ্+ক্ত্বাচ্। দেখিয়া।

৩। নিমিত্তজ্ঞঃ—'তপোনিধিঃ' পদের বিশেষণ। নিমিত্তং (শুভাশুভ-লক্ষণম্) জানাতীতি উপপদসমাসে নিমিত্ত—জ্ঞা+ক "আতোঽনুপসর্গে কঃ"। অথবা জানাতীতি জ্ঞঃ—জ্ঞা+ক। নিমিত্তস্য জ্ঞঃ (ষষ্ঠীতৎ)। শুভাশুভলক্ষণজ্ঞ। সেইজন্ত নন্দিনীর আগমনকে শুভলক্ষণ বলিয়া জানিতে পারিলেন।

৪। তপোনিধিঃ—'অব্রবীৎ' ক্রিয়ার কর্তা। তপসঃ নিধিঃ (ষষ্ঠীতৎ)। নিধীয়তে অস্মিন্ ইতি নি—ধা+কি। তপোধন।

৫। যাজ্যম্—'অব্রবীৎ' ক্রিয়ার কর্ম। যাজয়িতুং যোগ্যঃ ইতি যজ্+ণ্যৎ। যজমান অর্থাৎ দিলীপকে।

৬। আশংসিতাবন্ধ্যপ্রার্থনং—'যাজ্যম্' পদের বিশেষণ। ন বন্ধ্যা (নঞ্-তৎ)=অবন্ধ্যা। আশংসিতে অবন্ধ্যা প্রার্থনা যস্য সঃ (বহুব্রীহি) তম্। অভিলষিত বিষয়ে প্রার্থনা সফল হইবে জানিয়া। (বশিষ্ঠ যোগবলে তাহা জানিতে পারিয়াছিলেন)। আ—শংস্+ক্ত নপুংসকে ভাবে= আশংসিতম্—মনোরথ। টীকাকার অরুণগিরি 'আশংসিতা' এইরূপ পৃথক্ পদ ধরিয়াছেন। "আশংসিতা তৃন্-প্রত্যয়ঃ। তস্যা দর্শনাৎ অবন্ধ্যপ্রার্থনং তমাশংসানো মুনিঃ" (অরুণগিরি)। অর্থাৎ নন্দিনীর দর্শনে রাজার প্রার্থনা সফল হইবে—ইহা তাঁহাকে জানাইয়া।

৭। অব্রবীৎ—কর্ত্তা 'তপোনিধিঃ'। ব্রু+লঙ্ দ। বলিলেন।

বাচ্য-পরিবর্ত্তন—তপোনিধিনা নিমিত্তজ্ঞেন আশংসিতাবন্ধ্যপ্রার্থনঃ যাজ্যঃ ঔচ্যত।

রাজন্! এই ধেনু নাম করিতেই উপস্থিত হইয়াছে ; অতএব সিদ্ধি আসন্ন জানিবে।

অদূরবর্ত্তিনীং সিদ্ধিং রাজন্ বিগণয়াত্মনঃ।
উপস্থিতেয়ং কল্যাণী নাম্নি কীর্ত্তিত এব যৎ ॥৮৩॥

অন্বয়—রাজন্ (হে রাজন্!) আত্মনঃ (নিজের) সিদ্ধিং (অভীষ্ট-সিদ্ধি) অদূরবর্ত্তিনী (নিকটবর্ত্তিনী) বিগণয় (জানিবে) যৎ (যেহেতু) নাম্নি (নাম) কীর্ত্তিতে এব (কীর্ত্তনমাত্রেই) ইয়ং (এই) কল্যাণী (মঙ্গলমূর্ত্তি) উপস্থিতা (উপস্থিত হইয়াছে)।

বাঙ্গালা—হে রাজন্! নিজের অভীষ্টসিদ্ধি নিকটবর্ত্তিনী জানিবেন, যেহেতু এই মঙ্গলমূর্ত্তি নন্দিনী নামকীর্ত্তনমাত্রেই উপস্থিত হইয়াছে।

Eng.—Depend upon it, O king, the fruition of your desire is near at hand ; for at the very mention of her name as it were, this auspicious cow has made her appearance.

মল্লিনাথ—অদূরেতি। হে রাজন্, আত্মনঃ কার্য্যস্য সিদ্ধিম্ অদূরবর্ত্তিনীং শীঘ্রভাবিনীং বিগণয় বিদ্ধি, যদ্ যস্মাৎ কারণাৎ কল্যাণী মঙ্গলমূর্ত্তিঃ "বহ্বাদিভ্যশ্চ" ইতি ঙীষ্। ইয়ং ধেনুঃ নাম্নি কীর্ত্তিতে কথিতে সতি এব উপস্থিতা।

সারাংশ—হে রাজন্! তব মনোরথঃ অচিরেণৈব সফলো ভবিষ্যতীতি নিশ্চিতম্ অবগচ্ছ। যতস্তব অন্বেষ্টব্যা ইয়ং ধেনুঃ নাম্নি কীর্ত্তিত এব স্বয়মেবোপস্থিতা।

টিপ্পনী—১। অদূরবর্ত্তিনীম্—'সিদ্ধিম্' পদের বিশেষণ। ন দূরম্ (নঞ্-তৎ)=অদূরম্। অদূরে সমীপে বর্ত্তিতুং শীলমস্যাঃ (নারায়ণঃ) ইতি অদূর-বৃৎ+ণিনি তাচ্ছীল্যে, স্ত্রিয়াম্ ঙীপ্। তাম্। নিকটবর্ত্তিনী—অর্থাৎ আশুভাবিনী।

২। সিদ্ধিম্—'বিগণয়' ক্রিয়ার কর্ম। অভীষ্টসিদ্ধি।

৩। বিগণয়—কর্ত্তা 'ত্বম্' উহ্য। বি-গণ্+লোট্ হি। জানিবে।

৪। উপস্থিতা—'ইয়ং' পদের কৃদন্ত বিশেষণ। উপ-স্থা+ক্ত, স্ত্রিয়ামাপ্. উপস্থিত হইয়াছে।

৫। কল্যাণী—'ইয়ম্' পদের বিশেষণ। কল্যাণম্ অস্যাঃ অস্তীতি কল্যাণ+ইনি, স্ত্রিয়াম্ ঙীষ্—"বহ্বাদিভ্যশ্চ"। "কল্যাণং হেম্নি মঙ্গলে"—মেদিনী। কল্যাণমূর্ত্তি।

৬। নাম্নি—ভাবে সপ্তমী। নাম।

৭। কীর্ত্তিতে—'নাম্নি' পদের কৃদন্ত বিশেষণ। কৄৎ+ক্ত। কীর্ত্তন-মাত্রেই অর্থাৎ নাম করিতে করিতেই।

৮। যৎ—অব্যয়। যেহেতু।

বাচ্য-পরিবর্ত্তন—সিদ্ধিঃ অদূরবর্ত্তিনী বিগণ্যতাম্। অনয়া কল্যাণ্যা উপস্থিতম্।

সর্বদা এই ধেনুর অনুগমন করিয়া ইহাকে প্রসন্ন কর।

বন্যবৃত্তিরিমাং শশ্বদাত্মানুগমনেন গাম্ ।
বিদ্যামভ্যসনেনেব প্রসাদয়িতুমর্হসি ॥৮৮॥

অন্বয়—বন্যবৃত্তিঃ (বনজাত ফলমূলাদি আহার করিয়া) (সন্) শশ্বৎ (সর্বদা) আত্মানুগমনেন (স্বীয় অনুগমন দ্বারা) ইমাং (এই) গাং (ধেনুকে) অভ্যসনেন (অভ্যাস দ্বারা) বিদ্যাম্ ইব (বিদ্যাকে যেরূপ প্রসন্ন করিতে হয়) প্রসাদয়িতুম্ (প্রসন্ন করা) অর্হসি (উচিত)।

বাঙ্গালা—অভ্যাস দ্বারা যেরূপ বিদ্যাকে প্রসন্ন করিতে হয়, বনজাত ফলমূলাদি আহার করিয়া সর্বদা স্বীয় অনুগমন দ্বারা, আপনার সেইরূপ এই ধেনুকে প্রসন্ন করা উচিত।

Eng.—Adopting the life of a forester you should try to propitiate this cow by your constant attendance upon her, as one acquires learning by constant application.

মল্লিনাথ—বন্যবৃত্তিরিতি। বনে ভবং বন্যং কন্দমূলাদিকং বৃত্তিরাহারো যস্য তথাভূতঃ সন্ ইমাং গাং শশ্বৎ সদা, আ প্রসাদাদবিচ্ছেদেনেত্যর্থঃ। আত্মনস্তব কর্তুঃ অনুগমনেন অনুসরণেন অভ্যসনেন অনুষ্ঠাতুরভ্যাসেন বিদ্যামিব, প্রসাদয়িতুং প্রসন্নাং কর্তুমর্হসি।

সারাংশ—বিদ্যার্থী যথা বিষয়সুখানি পরিত্যজ্য সর্বদা অনুশীলনেন সর্বকামদুঘাং বিদ্যাম্ অনুকূলয়তি তথা ত্বমপি রাজৈশ্বর্য্যভোগান্ পরিত্যজ্য মুনিবৃত্তিমঙ্গীকৃত্য ছায়েব ইমাং ধেনুমনুগচ্ছন্ অনুকূলয়।

টিপ্পনী—১। বন্যবৃত্তিঃ—'ত্বম্' এই উহ্য পদের বিশেষণ। মল্লিনাথমতে—বনে ভবং বন্যম্—বন+যৎ। বন্যং (কন্দমূলাদিকং) বৃত্তিঃ (আহারঃ) যস্য সঃ (বহুব্রীহি)। বনজাত ফলমূলাদি আহার করিয়া। অথবা, বনে ভবা বন্যাঃ মুনয়ঃ। বন্যানাং বৃত্তিঃ (আজীবঃ) (ষষ্ঠীতৎ)=বন্যবৃত্তিঃ। বন্যবৃত্তিরিব বৃত্তির্যস্য সঃ (উপমানগর্ভ—উত্তরপদলোপী বহুব্রীহি)। অর্থাৎ মুনিবৃত্তি অবলম্বন করিয়া। বৃৎ+ক্তিন্=বৃত্তিঃ। "আজীবো জীবিকা বার্তা বৃত্তির্বর্তনজীবনে" ইত্যমরঃ।

২। শশ্বৎ—অব্যয়। সর্বদা। "মুহুঃ পুনঃ পুনঃ শশ্বদভীক্ষ্ণমসকৃৎ সমাঃ" ইত্যমরঃ।

৩। আত্মানুগমনেন—করণে তৃতীয়া। আত্মনঃ (কর্তরি ষষ্ঠী) অনুগমনম্ (ষষ্ঠীতৎ) তেন। স্বীয় অনুগমন দ্বারা। অনু—গম্+ল্যুট্।

৪। গাম্—'প্রসাদয়িতুম্' ক্রিয়ার কর্ম। ধেনুকে। "স্বর্গেষুপশুবাগ্‌-বজ্রদিঙ্‌নেত্রঘৃণিভূজলে। লক্ষ্যদৃষ্ট্যা স্ত্রিয়াং পুংসি গৌঃ" ইত্যমরঃ।

৫। বিদ্যাম্—'গাম্' পদের উপমান। বিদ্+ক্যপ্+টাপ্ স্ত্রিয়াম্। বিদ্যাকে।

৬। অভ্যসনেন—'আত্মানুগমনেন' পদের উপমান। করণে তৃতীয়া। অভি—অস্+ল্যুট্ করণে=অভ্যসনেন। লোকে সর্বদা অনুশীলন দ্বারা যেরূপ বিদ্যাকে প্রসন্ন করে।

৭। প্রসাদয়িতুম্—কর্তা 'ত্বম্' উহ্য। প্র—সদ্+ণিচ্+তুমুন্ অর্হ-ধাতু-যোগে। প্রসন্ন করিতে।

৮। অর্হসি—কর্তা 'ত্বম্' উহ্য। অর্হ্+লট্ সি। যোগ্যো ভবসি।

বাচ্য-পরিবর্ত্তন—বন্যবৃত্তিনা বিদ্যা ইব ইয়ং গৌঃ……অর্হ্যতে।

মন্তব্য—উপমা অলঙ্কার। ধেনুর সহিত বিদ্যার এবং অনুগমনের সহিত অভ্যাসের তুলনা হইয়াছে। সারাংশ দ্রষ্টব্য।

ইঁহাকে ছায়ার ন্যায় অনুগমন করিবে।

প্রস্থিতায়াং প্রতিষ্ঠেথাঃ স্থিতায়াং স্থিতিমাচরেঃ।
নিষণ্ণায়াং নিষীদাস্যাং পীতাম্ভসি পিবেরপঃ ॥৮৯॥

অন্বয়—অস্যাং (ইনি) প্রস্থিতায়াং (প্রস্থান করিলে) প্রতিষ্ঠেথাঃ (তুমিও প্রস্থান করিবে), স্থিতায়াং (অবস্থান করিলে) স্থিতিম্ আচরেঃ (অবস্থান করিবে), নিষণ্ণায়াং (উপবিষ্ট হইলে) নিষীদ (উপবেশন করিবে), পীতাম্ভসি (জলপান করিলে) অপঃ (জল) পিবেঃ (পান করিবে)।

বাঙ্গালা—ইনি প্রস্থান করিলে তুমিও প্রস্থান করিবে, অবস্থান করিলে তুমি অবস্থান করিবে, উপবেশন করিলে তুমিও উপবেশন করিবে এবং ইনি জলপান করিলে (পশ্চাৎ) জলপান করিবে।

Eng.—You are to start when she starts, to halt when she halts, to sit down when she sits, and to drink water, only after she has drunk it.

মল্লিনাথ—গবানুসরণপ্রকারমাহ—প্রস্থিতেতি। অস্যাং নন্দিন্যাং প্রস্থিতায়াং প্রতিষ্ঠেথাঃ প্রযাহি। 'সমবপ্রবিভ্যঃ স্থঃ' ইত্যাত্মনেপদম্। স্থিতায়াং নিবৃত্তগতিকায়াং স্থিতিমাচরেঃ স্থিতিং কুরু তিষ্ঠেত্যর্থঃ। নিষণ্ণায়াং উপবিষ্টায়াং নিষীদ উপবিশ। বিধ্যর্থে লোট্। পীতমম্ভো যয়া তস্যাং পীতাম্ভসি সত্যাং অপঃ পিবেঃ পিব।

সারাংশ—অনুগমনপ্রকারং বর্ণয়তি—যদা ইয়ং নন্দিনী গচ্ছেৎ তদা বিশ্রামাভিলাষ্যপি ত্বম্ ইমাম্ অনুগচ্ছ, যদা ইয়ং তিষ্ঠেৎ তদা জিগমিষুরপি ত্বং তিষ্ঠ, যদা চেয়ম্ উপবিশেৎ তদা ত্বমপি উপবিশ, অস্যাং চাপীতায়াং প্রথমং জলং ন পিব।

টিপ্পনী—১। প্রস্থিতায়াম্—'অস্যাম্' পদের বিশেষণ। প্র—স্থা+ক্ত কর্ত্তরি—'গত্যর্থাকর্ম্মক-শ্লিষশীঙ্‌স্থাসবসজনরুহজীর্য্যতিভ্যশ্চ'। স্ত্রিয়াং টাপ্। প্রস্থান করিলে। 'প্রশব্দস্য বিপরীতার্থবাচিত্বাৎ গমনার্থত্বম্' (অরুণগিরিঃ)।

২। **প্রতিষ্ঠেথাঃ**—কর্ত্তা 'ত্বম্' উহ্য। প্র—স্থা+বিধিলিঙ্ ঈথাঃ। "সমব-প্রবিভ্যঃ স্থঃ" ইত্যাত্মনেপদম্। প্রস্থান করিবে।

৩। স্থিতায়াম্—'অস্যাম্' পদের বিশেষণ। স্থা+ক্ত, কর্ত্তরি, স্ত্রিয়াং টাপ্ সপ্তমী ১ বচন। অবস্থান করিলে।

৪। স্থিতিম্—'আচরেঃ' ক্রিয়ার কর্ম। স্থা+ক্তিন্। কর্মণি দ্বিতীয়া স্থিতি।

৫। আচরেঃ—কর্ত্তা 'ত্বম্' উহ্য। আ—চর্+বিধিলিঙ্ যাঃ। আচরণ করিবে।

৬। নিষণ্ণায়াম্—'অস্যাম্' পদের বিশেষণ। নি—সদ্+ক্ত, স্ত্রিয়াং টাপ্—সপ্তমী ১বচন। উপবেশন করিলে।

৭। নিষীদ—কর্ত্তা 'ত্বম্' উহ্য। নি—সদ্+লোট্ হি, বিধ্যর্থে। উপ-বেশন করিবে।

৮। অস্যাম্—ভাবে সপ্তমী। এই ধেনু।

৯। পীতাম্ভসি—'অস্যাম্' পদের বিশেষণ। পীতম্ অম্ভঃ যয়া (বহুব্রীহি) তস্যাম্। পা+ক্ত=পীত। জলপান করিলে।

১০। পিবেঃ—কর্ত্তা 'ত্বম্' উহ্য। পা+বিধিলিঙ্ যাঃ। পান করিবে।

১১। অপঃ—'পিবেঃ' ক্রিয়ার কর্ম। কর্মণি দ্বিতীয়া। জল। 'অপ্' শব্দ নিত্যবহুবচনান্ত এবং স্ত্রীলিঙ্গ।

বাচ্য-পরিবর্ত্তন—প্রস্থীয়েত, স্থিতিঃ আচর্য্যেত, নিষদ্যতাম্, আপঃ পীয়েরন্ (ত্বয়া)।

মন্তব্য—দিলীপ বশিষ্ঠোক্ত এই নিয়ম কিরূপে পালন করিয়াছিলেন তাহা রঘুবংশের দ্বিতীয় সর্গে ৬ শ্লোকে বর্ণিত হইয়াছে।

সুদক্ষিণাও এই ধেনুকে প্রত্যহ প্রভাতে অনুগমন এবং সন্ধ্যায় প্রত্যুদ্গমন করিবে।

বধূর্ভক্তিমতী চৈনামর্চিতামা তপোবনাত্।
প্রযতা প্রাতরন্বেতু সায়ং প্রত্যুদ্ব্রজেদপি ॥৯০॥

অন্বয়—বধূঃ (বধূ সুদক্ষিণা) ভক্তিমতী (ভক্তিমতী) প্রযতা চ (এবং পবিত্রা হইয়া) অর্চিতাম্ এনাম্ (ইঁহার অর্চনা করিয়া) আ তপোবনাৎ (তপোবনের সীমা পর্য্যন্ত) প্রাতঃ (প্রাতঃকালে) অন্বেতু (অনুগমন করুক) সায়ং (সন্ধ্যায়) প্রত্যুদ্ব্রজেৎ অপি (প্রত্যুদ্গমন করুক)।

বাঙ্গালা—বধূ সুদক্ষিণাও ভক্তিমতী এবং পবিত্রা হইয়া ইঁহার অর্চনা করত প্রাতঃকালে তপোবনের সীমা পর্য্যন্ত অনুগমন এবং সন্ধ্যায় প্রত্যুদ্গমন করুক।

Eng.—And let your wife being fully devoted and purified by religious observances, follow her worshipped in the morning up to the precincts of the penance-grove and let her also go forth to meet her (half way) in the evening.

মল্লিনাথ—বধূরিতি। বধূর্জায়া চ ভক্তিমতী প্রযতা সতী, গন্ধাদিভি-রর্চিতামেনাং গাম্ প্রাতঃ আ তপোবনাৎ। আঙ্ মর্য্যাদায়াম্, পদদ্বয়ং চৈতৎ। অন্বেতু অনুগচ্ছতু। সায়মপি প্রত্যুদ্ব্রজেৎ। বিধ্যর্থে লিঙ্।

সারাংশ—তব পত্নী সুদক্ষিণা অপি প্রত্যহং প্রভাতে গন্ধমাল্যাদিভিঃ ইমাং পূজয়িত্বা আশ্রমসীমাপর্য্যন্তম্ অনুগচ্ছেৎ সায়ঞ্চ আগমনসময়ে তত্রৈব পুনর্গত্বা অভিবন্দ্য তাং প্রত্যানয়েৎ।

টীকান্তর—"...অর্চনায়ামনুগমনে চ ভক্ত্যা ভবিতব্যম্। অর্চিতা-মিত্যনেন গমনারম্ভে বধ্বা পূজা কর্ত্তব্যেত্যুক্তম্। পুনশ্চ তপোবনাবসান-পর্য্যন্তম্ অনুগমনং চ কর্ত্তব্যম্। অভিবিধাবাঙ্।...সায়ং প্রত্যুদ্ব্রজেদপি... তপোবনপর্য্যন্তত্বমত্রাপি দ্রষ্টব্যম্।" (নারায়ণঃ)।

টিপ্পনী—বধূঃ—'অন্বেতু' এবং 'প্রত্যুদ্‌ব্রজেৎ" ক্রিয়ার কর্ত্তা। এস্থলে পত্নী এবং পুত্রবধূ উভয় অর্থেই ব্যবহৃত হইতে পারে। "বধূর্জায়া স্নুষা স্ত্রী চ" ইত্যমরঃ।

২। ভক্তিমতী—'বধূঃ' পদের বিশেষণ। ভক্তিরস্ত্যস্যা ইতি ভক্তি+ মতুপ্, স্ত্রিয়াম্ ঙীপ্=ভক্তিমতী। ভক্তিপরায়ণা হইয়া। ভজ+ক্তিন্।

৩। এনাম্—'অন্বেতু' এবং 'প্রত্যুদ্‌ব্রজেৎ' ক্রিয়ার কর্ম। এই ধেনুকে। অন্বাদেশে এনাদেশঃ। শ্লোক ৭৪ দ্রষ্টব্য।

৪। অর্চিতাম্—'এনাম্' পদের বিশেষণ। অর্চ্চ+ক্ত, স্ত্রিয়াং টাপ্। তাম্। অর্থাৎ (গমনের পূর্বে গন্ধমাল্যাদির দ্বারা) পূজা করিয়া। দ্বিতীয় সর্গের প্রথম শ্লোক দ্রষ্টব্য।

৫। আ—অব্যয়। কর্মপ্রবচনীয়—"আঙ্ মর্য্যাদাবচনে" ('বচনগ্রহণাৎ অভিবিধাবপি'—ভট্টোজি) মল্লিনাথমতে 'আঙ্' এস্থলে মর্য্যাদা (তেন বিনা) অর্থে ব্যবহৃত হইয়াছে—অর্থাৎ তপোবনকে বাদ দিয়া আশ্রমের দ্বার পর্য্যন্ত। কিন্তু নারায়ণের মতে অভিবিধি (তেন সহ) অর্থে ব্যবহৃত হইয়াছে—অর্থাৎ যেখানে তপোবন শেষ হইয়াছে সেই পর্য্যন্ত। টীকান্তর দ্রষ্টব্য। দুই অর্থই গ্রহণীয়।

৬। তপোবনাৎ—'আ' এই কর্মপ্রবচনীয়যোগে পঞ্চমী—"পঞ্চম্যপাঙ্-পরিভিঃ" (সূ)। তপসঃ বনম্ (অশ্বঘাসাদিবৎ তাদর্থ্যে ষষ্ঠীসমাসঃ) তস্মাৎ। তপোবন পর্য্যন্ত। টিপ্পনী (৫) দ্রষ্টব্য।

৭। প্রযতা—'বধূঃ' পদের বিশেষণ। প্রকর্ষেণ যতা (প্রাদি-তৎ); যম্+ক্ত কর্ত্তরি, স্ত্রিয়াং টাপ্। ব্রতনিয়মপালনদ্বারা পবিত্র হইয়া।

৮। প্রাতঃ—অব্যয়। প্রাতঃকালে।

৯। অন্বেতু—কর্ত্তা 'বধূ'। অনু—ই+লোট্ তু, বিধ্যর্থে। অনুগমন করুক।

১০। সায়ম্—অব্যয়। সন্ধ্যাকালে।

১১। প্রত্যুদ্‌ব্রজেৎ—কর্ত্তা 'বধূঃ'। প্রতি—উৎ—ব্রজ্+লিঙ্ যাৎ, বিধ্যর্থে। "বিধিনিমন্ত্রণামন্ত্রণাধীষ্টসংপ্রশ্নপ্রার্থনেষু লিঙ্" (সূ)। অর্থাৎ (তপোবন পর্য্যন্ত) প্রত্যুদ্‌গমন করুক। টীকান্তর দ্রষ্টব্য।

বাচ্য-পরিবর্ত্তন—ভক্তিমত্যা বধ্বা প্রযতয়া এষা অন্বীয়তাম্, প্রত্যুদ্‌ব্রজ্যেত।

ইনি যতদিন প্রসন্ন না হন ততদিন এইভাবে পরিচর্য্যা কর।

ইত্যাপ্রসাদাদস্যাস্ত্বং পরিচর্য্যাপরো ভব।
অবিঘ্নমস্তু তে স্থেয়াঃ পিতেব ধুরি পুত্রিণাম্ ॥৬১॥

অন্বয়—ইতি (এইভাবে) ত্বম্ (তুমি) অস্যা আ প্রসাদাৎ (ইনি যতদিন প্রসন্ন না হন) পরিচর্য্যাপরঃ (সেবাপরায়ণ) ভব (হও), তে (তোমার) অবিঘ্নম্ (বিঘ্নাভাব) অস্তু (হউক), পিতেব (তোমার পিতার ন্যায়) পুত্রিণাং (সৎপুত্রশালীদিগের) ধুরি (অগ্রে) স্থেয়াঃ (অবস্থান কর)।

বাঙ্গালা—ইনি যতদিন প্রসন্ন না হন, ততদিন এইভাবে তুমি (ইঁহার) সেবা করিতে থাক। তোমার বিঘ্ন প্রশমিত হউক। তুমি তোমার পিতার ন্যায় সৎপুত্রশালীদিগের অগ্রণী হও।

Eng.—Go on attending upon her in this way, till she is propitiated. May there be no obstacles to you and may you like your father, stand at the head of those mortals who are favoured with worthy sons.

মল্লিনাথ—ইতীতি। ইতি অনেন প্রকারেণ ত্বম্ আ প্রসাদাৎ প্রসাদ-পর্য্যন্তম্। "আঙ্‌মর্য্যাদাভিবিধ্যোঃ" ইত্যস্য বৈভাষিকত্বাদসমাসত্বম্। অস্যাঃ ধেনোঃ পরিচর্য্যাপরঃ শুশ্রূষাপরো ভব। তে তব অবিঘ্নম্ বিঘ্নস্যাভাবঃ অস্তু। "অব্যয়ং বিভক্তি—" ইত্যাদিনাঽর্থাভাবেঽব্যয়ীভাবঃ। পিতেব পুত্রিণাং সৎপুত্রবতাম্। প্রশংসায়ামিন্‌প্রত্যয়ঃ। ধুরি অগ্রে স্থেয়াস্তিষ্ঠেঃ। আশীরর্থে লিঙ্। "এর্লিঙি" ইত্যাকারস্যৈকারাদেশঃ। তৎসদৃশো ভবৎপুত্রোঽস্ত্বিতি ভাবঃ।

মল্লিটীকা—তৎ...ভাবঃ। অর্থাৎ তোমার পুত্র যেন তোমার মত হয় (তুমি যেরূপ তোমার পিতার হইয়াছ)।

সারাংশ—ইত্থং নন্দিন্যাঃ প্রসাদপর্য্যন্তং ত্বম্ এনাম্ সেবস্ব; তে বিঘ্নাভাবোঽস্তু; ভবন্তং ভবতঃ পিতা ইব আত্মগুণানুরূপং পুত্রং ত্বং লভস্ব।

টিপ্পনী—১। ইতি—অব্যয়। এইরূপে।

২। আ—অব্যয়। অভিবিধি অর্থে কর্মপ্রবচনীয় "আঙ্ মর্য্যাদাবচনে"। শ্লোক ৯০ দ্রষ্টব্য।

৩। প্রসাদাৎ—'আ' এই কর্মপ্রবচনীয়যোগে পঞ্চমী। "পঞ্চম্যপাঙ্-পরিভিঃ"। প্র—সদ্+ঘঞ্=প্রসাদঃ (অনুগ্রহ); গৃহ অর্থে প্রাসাদ। অনুগ্রহলাভ পর্য্যন্ত। এস্থলে আ প্রসাদাৎ সমাসবদ্ধ পদ নহে; (মল্লিনাথ দ্রষ্টব্য)।

৪। পরিচর্য্যাপরঃ—'ত্বম্' পদের বিশেষণ। পরিচর্য্যা পরম্ (প্রধানম্) যস্য সঃ (বহুব্রীহি)। সেবাপর। "...পরিচর্য্যা—পরিসর্য্যা" (বা) ইতি পরিচর্য্যা নিপাত্যতে। "বরিবস্যা তু শুশ্রূষা পরিচর্য্যাপ্যুপাসনা" ইত্যমরঃ।

৫। ভব—কর্ত্তা 'ত্বম্'। ভূ+লোট্ হি। হও।

৬। অবিঘ্নম্—'অস্তু' ক্রিয়ার কর্ত্তা। বিঘ্নস্য অভাবঃ (অভাবার্থে অব্যয়ীভাবঃ)=অবিঘ্নম্। মল্লিনাথ দ্রষ্টব্য। বিঘ্নাভাব।

৭। অস্তু—কর্ত্তা 'অবিঘ্নম্'। অস্+লোট্ তু আশিষি। হউক।

৮। স্থেয়াঃ—কর্ত্তা 'ত্বম্'। স্থা+আশীলিঙ্ যাস্। "এর্লিঙি" ইতি আকারস্য একারঃ। অবস্থান করিবে।

৯। পিতা ইব—পিতার ন্যায়। 'ত্বম্' পদের উপমান। "যথা তে পিতা ত্বয়া সৎপুত্রবানাসীৎ তথা ত্বমপি ভূয়া ইত্যর্থঃ" (নারায়ণঃ)।

১০। ধুরি—অগ্রে। অধিকরণে সপ্তমী। 'ধুর্' শব্দের মুখ্যার্থ 'শকটের অগ্রভাগ'। এখানে গৌণার্থে প্রযুক্ত হইয়াছে। "যথান্যঃ পুত্রবান্ ভারং বহতি তথা ত্বমপি ভূয়া ইত্যর্থঃ"—(চারিত্রবর্দ্ধন)।

১১। পুত্রিণাম্—শেষে ষষ্ঠী। পুত্রাঃ সন্তি এষাম্ ইতি পুত্র+ইন্ (প্রশংসায়াম্) তেষাম্। সৎপুত্রশালীদিগের। "ভূম-নিন্দা-প্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে। সংসর্গেঽস্তিবিবক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ॥"

বাচ্য-পরিবর্ত্তন—ত্বয়া পরিচর্য্যাপরেণ ভূয়তাম্...অবিঘ্নেন ভূয়তাম্ পিত্রা ইব স্থায়িষীষ্ট।

দিলীপ 'তাহাই হউক' বলিয়া গুরুদেবের আদেশ গ্রহণ করিলেন।

তথেতি প্রতিজগ্রাহ প্রীতিমান্ সপরিগ্রহঃ।
আদেশং দেশকালজ্ঞঃ শিষ্যঃ শাসিতুরানতঃ ॥৯২॥

অন্বয়—সপরিগ্রহঃ (পত্নীর সহিত) দেশকালজ্ঞঃ (দেশকালজ্ঞ) শিষ্যঃ (শিষ্য) প্রীতিমান্ (হৃষ্টচিত্তে) আনতঃ (বিনয়নম্র হইয়া) (চ সন্) শাসিতুঃ (গুরুদেবের) আদেশং (আদেশ) তথা ইতি (তথাস্তু বলিয়া) প্রতিজগ্রাহ (গ্রহণ করিলেন)।

বাঙ্গালা—দেশকালজ্ঞ শিষ্য 'তথাস্তু' বলিয়া পত্নীর সহিত হৃষ্টচিত্তে বিনয়নম্র হইয়া গুরুদেবের আদেশ গ্রহণ করিলেন।

Eng.—"So be it"—with these words that disciple with his wife, who knew the time and the place, received in a spirit of delight and humility, the instructions of his preceptor.

মল্লিনাথ—তথেতি। দেশকালজ্ঞঃ দেশঃ অগ্নিসন্নিধিঃ, কালঃ অগ্নিহোত্রাবসানসময়ঃ, বিশিষ্টদেশকালোৎপন্নমার্ষং জ্ঞানমব্যাহতম্ ইতি জানন্, অতএব প্রীতিমান্ শিষ্যঃ অন্তেবাসী রাজা সপরিগ্রহঃ সপত্নীকঃ। "পত্নীপরিজনাদানমূলশাপাঃ পরিগ্রহাঃ" ইত্যমরঃ। আনতো বিনয়নম্রঃ সন্, শাসিতুর্গুরোঃ আদেশম্ আজ্ঞাং তথেতি প্রতিজগ্রাহ স্বীচকার।

সারাংশ—মহর্ষিব্যাহৃতং ন ব্যর্থং ভবিষ্যতীতি জানন্ সপত্নীকোঽয়ং রাজা সহর্ষং প্রণম্য গুরোরাজ্ঞাং স্বীচকার।

টীকান্তর—"...শিষ্যঃ শাসিতুরিত্যনেন তয়োরেব পরস্পরানুরূপতা দ্যোত্যতে। প্রীতিমান্...স নিয়োগো দম্পত্যোঃ প্রীতয়ে বভূবেতি ভাবঃ। —আদেশস্য দেশকালোপপন্নতামববুধ্য অঙ্গীচকারেত্যর্থঃ।" (নারায়ণঃ)।

টিপ্পনী— ১। তথেতি। অব্যয়। তথাস্তু বলিয়া।
২। প্রতিজগ্রাহ—কর্তা 'শিষ্য'। প্রতি—গ্রহ্ + লিট্ ণল্। গ্রহণ করিলেন।

৩। প্রীতিমান্—'শিষ্যঃ' পদের বিশেষণ। প্রীতিরস্ত্যস্য ইতি প্রীতি+মতুপ্, ১মা ১বচন। হৃষ্টচিত্তে। প্রী+ক্তিন্ ভাবে=প্রীতিঃ (হর্ষ)।

৪। সপরিগ্রহঃ—'শিষ্যঃ' পদের বিশেষণ। পরিগ্রহেণ (পত্ন্যা) সহ বর্ত্তমানঃ যঃ সঃ (বহুব্রীহি)। বিকল্পে 'সহপরিগ্রহঃ'—"বোপসর্জনস্য"। পত্নীর সহিত। পরিতো গৃহ্যাতীতি পরি—গ্রহ্+অপ্=পরিগ্রহঃ। মল্লিনাথ দ্রষ্টব্য।

৫। আদেশম্—'প্রতিজগ্রাহ' ক্রিয়ার কর্ম। আ—দিশ্+ঘঞ্। আদেশ।

৬। দেশকালজ্ঞঃ—'শিষ্যঃ' পদের বিশেষণ। দেশশ্চ কালশ্চ (দ্বন্দ্ব) ইতি দেশকালৌ। তৌ জানাতীত্যুপপদসমাসে দেশকাল—জ্ঞা+ক, "আতোঽনুপসর্গে কঃ"। দেশকালবিৎ—অর্থাৎ মহর্ষি বশিষ্ঠ পবিত্র যজ্ঞাগ্নির সম্মুখে হোমাবসানের পর যে ভবিষ্যদ্বাণী করিলেন তাহা ব্যর্থ হইবে না জানিয়া। মল্লিনাথ দ্রষ্টব্য। "দেশকালজ্ঞত্বেন গোরক্ষণপ্রবৃত্তিকারণত্বং সূচ্যতে"—(চারিত্রবর্দ্ধন)।

৭। শিষ্যঃ—'প্রতিজগ্রাহ' ক্রিয়ার কর্ত্তা। শিষ্যতে ইতি শাস্+ক্যপ্, "শাসিবসী"তি ষত্বম্।=শিষ্যঃ। ছাত্রান্তেবাসিনৌ শিষ্যে" ইত্যমরঃ।

৮। শাসিতুঃ—শেষে ষষ্ঠী। শাস্+তৃচ্। গুরুর। ধাতুরূপ—শাস্তি, লোট্ হি—শাধি, ইত্যাদি।

৯। আনতঃ—'শিষ্যঃ' পদের বিশেষণ। আ—নম্+ক্ত। বিনয়নম্র হইয়া।

বাচ্য-পরিবর্ত্তন—প্রীতিমতা সপরিগ্রহেণ দেশকালজ্ঞেন শিষ্যেণ··· আদেশঃ প্রতিজগৃহে।

মন্তব্য—ছেকানুপ্রাস অলঙ্কার। "ছেকো ব্যঞ্জনসঙ্ঘস্য সকৃৎ সাম্যমনেকধা" (সা. দ.)। প্রথমার্দ্ধে 'প' বর্ণের এবং দ্বিতীয়ার্দ্ধে 'দ' এবং 'শ' বর্ণের আবৃত্তি হইয়াছে।

অনন্তর রজনী উপস্থিত হইলে বশিষ্ঠ দিলীপকে শয়নের অনুমতি প্রদান করিলেন।

अथ प्रदोषे दोषज्ञः संवेशाय विशाम्पतिम् ।
सूनुः सूनृतवाक् स्रष्टुर्विससर्जोर्जितश्रियम्[1] ॥९३॥

1. 'উদিতশ্রিয়ম্' ইতি পাঠান্তরম্।

অন্বয়—অথ (অনন্তর) প্রদোষে (রাত্রিকালে) দোষজ্ঞঃ (বিদ্বান্) সূনৃতবাক্ (সত্য এবং প্রিয়বাদী) স্রষ্টুঃ (ব্রহ্মার) সূনুঃ (পুত্র) উর্জিতশ্রিয়ম্ (সমুজ্জ্বলশ্রীসম্পন্ন) বিশাম্পতিম্ (নরপতি দিলীপকে) সংবেশায় (শয়নের জন্য) বিসসর্জ (অনুমতি প্রদান করিলেন)।

বাঙ্গালা—অনন্তর রাত্রিকালে বিদ্বান্, সত্য এবং প্রিয়বাদী, ব্রহ্মপুত্র (মহর্ষি বশিষ্ঠ) সমুজ্জ্বল-শ্রীসম্পন্ন নরপতি দিলীপকে শয়নের অনুমতি প্রদান করিলেন।

Eng.—After this the learned son of Creator, true and agreeable in his speech, bade the lord of men of distinguished fortune (or blazing radiance) to retire for the night.

মল্লিনাথ—অথেতি। অথ প্রদোষে রাত্রৌ, দোষজ্ঞো বিদ্বান্। "বিদ্বান্ বিপশ্চিদ্ দোষজ্ঞঃ" ইত্যমরঃ। সূনৃতবাক্ সত্যপ্রিয়বাক্। "প্রিয়ং সত্যঞ্চ সূনৃতম্" ইতি হলায়ুধঃ। স্রষ্টুঃ সূনুঃ ব্রহ্মপুত্রো মুনিঃ। অনেন প্রকৃতকার্য্য-নির্বাহকত্বং সূচয়তি। উর্জিতশ্রিয়ম্ বিশাম্পতিং মনুজেশ্বরম্। "দ্বৌ বিশৌ বৈশ্যমনুজৌ" ইত্যমরঃ। সংবেশায় নিদ্রায়ৈ, "স্যান্নিদ্রা শয়নং স্বাপঃ স্বপ্নঃ সংবেশ ইত্যপি" ইত্যমরঃ। বিসসর্জ আজ্ঞাপয়ামাস।

সারাংশ—ততঃ মধুরবাক্ স মহর্ষিঃ রাত্রৌ রাজানং দিলীপং নিদ্রায়ৈ আজ্ঞাপয়ামাস।

টীকান্তর—"......'প্রদোষো রজনীমুখম্' ইত্যমরঃ।......সূনৃতয়া বাচা বিসসর্জেত্যর্থঃ। উর্জিতশ্রিয়ং উর্জিতা দীপ্তমতী শ্রীর্যস্য। "উর্জো দীপ্তৌ তথোৎসাহে বলে মাসান্তরেঽপি চ" ইতি কেশবঃ। মহাভাগ্যনিধিমিত্যর্থঃ। অধ্বশ্রমযুক্তস্যাস্য প্রজাগরদোষো মা ভূদিতি বিদুষা মুনিনা প্রদোষসময় এব নিদ্রার্থং নিযুক্ত ইত্যর্থঃ।" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। প্রদোষে—কালাধিকরণে সপ্তমী। "প্রদোষো রজনীমুখম্" ইত্যমরঃ। প্রারম্ভঃ দোষায়াঃ (রাত্র্যাঃ) ইতি প্রদোষঃ (প্রাদি); অথবা প্রারব্ধা দোষা (রাত্রিঃ) যস্মিন্ সঃ (বহুব্রীহি)। "গোস্ত্রিয়ো"রিতি হ্রস্বঃ।

দোষা=দুষ্+অচ্+টাপ্। "দোষা ইত্যব্যয়মপ্যস্তি"—ভানুজিঃ। সন্ধ্যায়। মল্লিনাথ 'রাত্রিকালে' এইরূপ অর্থ করিয়াছেন। টীকাকার নারায়ণ বলেন দিলীপ দীর্ঘ পথ অতিক্রম করিয়া ক্লান্ত হইয়াছিলেন, তাই বিদ্বান্ মুনি তাঁহাকে প্রদোষেই নিদ্রার আদেশ দিলেন। টীকান্তর দ্রষ্টব্য।

২। দোষজ্ঞঃ—'সূনুঃ' পদের বিশেষণ। দোষং (স্বদোষং পরদোষং চ) জানাতীত্যুপপদসমাসে দোষ—জ্ঞা+ক, "আতোঽনুপসর্গে কঃ"। বিদ্বান্। মল্লিনাথ দ্রষ্টব্য। এই পদের তাৎপর্য্য ব্যাখ্যা করিতে গিয়া M. R. Kāle মহাশয় বলেন—"This epithet is very significant here. Vasistha knew that it would be a দোষ on his part not to ask the king to take rest after the fatigues of a day's journey, as it would be injurious to his health, etc. and so told him to go to bed. This attribute also supports the use of the epithet সূনৃতবাক্"—(Notes, p. 29).

৩। সংবেশায়—তাদর্থ্যে চতুর্থী। সম্—বিশ্+ঘঞ্। নিদ্রার জন্য। মল্লিনাথ দ্রষ্টব্য।

৪। বিশাম্পতিম্—'বিসসর্জ' ক্রিয়ার কর্ম। নরাণাং পতিম্ ইত্যর্থঃ। বিশাম্ পতিম্—এই দুইটি পৃথক্ শব্দ—অলুক্‌সমাস নহে। কালিদাস অন্যত্র এই পদদ্বয়কে অসমস্তরূপেই ব্যবহার করিয়াছেন; Cf. "অথ তস্য বিশাম্পত্যুরন্তে কামস্য কর্মণঃ" (রঘুবংশ—১০।৪০) 'বিশ্'-শব্দের অর্থ নর। মল্লিনাথ দ্রষ্টব্য। শব্দরূপ—বিট্, বিশৌ, বিশঃ. ইত্যাদি।

৫। সূনুঃ—বিসসর্জ' ক্রিয়ার কর্ত্তা। (ব্রহ্মার) পুত্র। সূয়তে ইতি সূ+নু—"সুবঃ কিৎ" (উণাদি)।

৬। সূনৃতবাক্—'সূনুঃ' পদের বিশেষণ। সত্য এবং প্রিয়বাদী। সূনৃতা বাক্ যস্য সঃ (বহুব্রীহি)। সুষ্ঠু নৃত্যতি অনয়া ইতি সু—নৃত্+ঘঞর্থে ক, বা 'হলশ্চ' ইতি ঘঞ্। "সংজ্ঞাপূর্বকত্বাভাবাদ্ গুণাভাবঃ"—ভানুজিঃ। "অন্যেষামপি দৃশ্যতে" ইতি দীর্ঘত্বম্। "সূনৃতং মঙ্গলেঽপি স্যাৎ প্রিয়সত্যে বচস্যপি"। পুত্রলাভবিষয়ে বশিষ্ঠের আশীর্বচন সত্য এবং প্রিয় হইয়াছিল।

৭। স্রষ্টুঃ—সম্বন্ধে ষষ্ঠী। সৃজ্+তৃন্। ব্রহ্মার। "স্রষ্টা প্রজাপতির্বেধা" ইত্যমরঃ।

৮। বিসসর্জ—কর্তা 'সূনুঃ'। বি—সৃজ্+লিট্ ণল্। অনুমতি প্রদা করিলেন।

৯। ঊর্জিতশ্রিয়ম্—'বিশাম্পতিম্' পদের বিশেষণ। ঊর্জিতা দীপ্তিমতী শ্রীর্যস্য (বহু) তম্। মহাভাগ্যবান্। অথবা সমুজ্জ্বলশ্রীসম্পন্ন। টীকান্তঃ দ্রষ্টব্য। 'উদিতশ্রিয়ম্'—এইরূপ পাঠও পাওয়া যায়। ঊর্জ্+ক্ত=ঊর্জি (দীপ্ত)।

বাচ্য-পরিবর্ত্তন—দোষজ্ঞেন সূনৃতবাচা সূনুনা ঊর্জিতশ্রীঃ বিশাম্ পতি বিসসৃজে।

মন্তব্য—পূর্বশ্লোকের ন্যায় ছেকানুপ্রাস অলঙ্কার।

বশিষ্ঠ ব্রতপালনের অনুরোধে দিলীপের জন্য অরণ্যোচিত উপকরণই নির্দেশ করিলেন।

সত্যামপি তপঃসিদ্ধৌ নিয়মাপেক্ষয়া মুনিঃ।
কল্পবিৎ কল্পয়ামাস বন্যামেবাস্য সংবিধাম্ ॥৯৪॥

অন্বয়—কল্পবিৎ (ব্রতনিয়মাদিবেত্তা) মুনিঃ (মুনি অর্থাৎ বশিষ্ঠ) তপঃসিদ্ধৌ (তপঃপ্রভাবে রাজযোগ্য আহারাদি সম্পাদনের সামর্থ্য) সত্যা অপি (থাকিলেও) নিয়মাপেক্ষয়া (নিয়ম পরিপালনের অনুরোধে) অ (মহারাজের জন্য) বন্যাম্ (অরণ্যোচিত) সংবিধাম্ ([ফলমূল এ কুশশয্যাদি]—উপকরণ) কল্পয়ামাস (নির্দেশ করিলেন)।

বাঙ্গালা—তপঃপ্রভাবে রাজযোগ্য আহারাদি সম্পাদনের সাম থাকিলেও ব্রতনিয়মাদিবেত্তা মুনি নিয়ম-পরিপালনের অনুরোধে অরণ্যোচি (ফলমূল এবং কুশশয্যাদি) উপকরণই মহারাজের জন্য নির্দেশ করিলেন।

Eng.—Inspite of his power of asceticism, the sage, w knew the rules for ceremonial acts, provided him only w a rural accommodation out of regard for his vow.

মল্লিনাথ—সত্যামিতি। কল্পবিদ্ ব্রতপ্রয়োগাভিজ্ঞো মুনিঃ, তপঃসি সত্যামপি তপসৈব রাজযোগ্যাহারসম্পাদনসামর্থ্যে সত্যপীত্যর্থঃ, নিয়মাপে

তদাপ্রভৃত্যেব ব্রতচর্য্যাপেক্ষয়া অস্য রাজ্ঞঃ বন্যামেব সংবিধীয়তে অনয়েতি সংবিধাং কুশাদিশয়নসামগ্রীম্ "আতশ্চোপসর্গে" ইতি ক-প্রত্যয়ঃ। "অকর্ত্তরি চ কারকে সংজ্ঞায়াম্" ইতি কর্মাদ্যর্থত্বম্। কল্পয়ামাস সম্পাদয়ামাস।

সারাংশ—যদ্যপি মুনিঃ তপঃপ্রভাবাৎ বনেঽপি রাজযোগ্যাশনশয়নাদি-বস্তুজাতং সম্পাদয়িতুং সমর্থ আসীৎ তথাপি রাজ্ঞঃ ব্রতপালননিয়মানুরোধাদেব তথা ন কুর্বন্ তদর্থং কন্দমূলফলাহারং কুশনির্মিতাঞ্চ শয্যামাদিদেশ।

টিপ্পনী—১। সত্যাম্—'তপঃসিদ্ধৌ' পদের কৃদন্ত বিশেষণ। অস্+শতৃ, স্ত্রিয়াং ঙীপ্=সতী। সপ্তমী ১বচন। থাকিলেও।

২। তপঃসিদ্ধৌ—ভাবে সপ্তমী। অনাদরে সপ্তমী (Kāle)। তপসা (রাজহর্ম্যাহারাদেঃ) সিদ্ধিঃ (তৃতীয়া-তৎ) তস্যাম্। তপোবলে (রাজযোগ্য আহারাদি সম্পাদনের) সামর্থ্য (থাকিলেও)। সিধ্+ক্তিন্=সিদ্ধিঃ।

৩। নিয়মাপেক্ষয়া—হেতৌ তৃতীয়া। নিয়মস্য নিয়মে বা অপেক্ষা (ষষ্ঠী অথবা ৭মী-তৎ) তয়া। (সেই দিন হইতেই) নিয়মপরিপালনের অনুরোধে। নি—যম্+অপ্=নিয়মঃ। "শৌচমিজ্যা তপো দানং স্বাধ্যায়ো-পস্থনিগ্রহঃ। ব্রতং মৌনোপবাসে চ স্নানং চ নিয়মো দশ॥" (অত্রি)। "তপঃশৌচসন্তোষস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ" (পাতঞ্জলযোগসূত্র ২।৩২)।

৪। মুনিঃ—'কল্পয়ামাস' ক্রিয়ার কর্ত্তা। মুনি (বশিষ্ঠ)—শ্লোক-৮ দ্রষ্টব্য।

৫। কল্পবিৎ—'মুনিঃ' পদের বিশেষণ। কল্পং (শাস্ত্রোক্তব্রতাদিনিয়মং) বেত্তি ইতি কল্প—বিদ্+কিপ্=কল্পবিৎ। ব্রতনিয়মাদিবেত্তা। "কল্পে বিধিক্রমৌ" ইত্যমরঃ। "কল্পো নাম সকলবৈদিককর্মণামিতিকর্ত্তব্যতাপ্রতি-পাদনপরং শাস্ত্রম্। তজ্জানাতীতি কল্পবিৎ প্রয়োগজ্ঞ ইত্যর্থঃ। ব্রতারম্ভস্য পূর্বেদ্যুরপি নিয়মিনা ভবিতব্যমিতি নিয়মং জানন্নিতি ভাবঃ"। (নারায়ণঃ)

৬। কল্পয়ামাস—কর্ত্তা 'মুনিঃ'। কৃপ্ (চুরাদি)+লিট্ ণল্। নির্দেশ করিলেন।

৭। বন্যাম্—'সংবিধাম্' পদের বিশেষণ। বনে ভবা ইতি বন+যৎ=বন্য, স্ত্রিয়াং টাপ্। তাম্। অরণ্যোচিত।

৮। সংবিধাম্—'কল্পয়ামাস' ক্রিয়ার কর্ম। (ফলমূল এবং কুশশয্যাদি

উপকরণ। সং—বি—ধা+ক=সংবিধা (উপকরণ)। মল্লিনাথ দ্রষ্টব্য। ফলমূলাহার এবং কুশশয্যা।

বাচ্য-পরিবর্ত্তন—কল্পবিদা মুনিনা বন্যা সংবিধা কল্পয়ামাসে।

দিলীপ পত্নীর সহিত পর্ণকুটীরে কুশ-শয্যায় শয়ন করিয়া রাত্রি কাটাইলেন।

निर्दिष्टां कुलपतिना स पर्णशाला[1]-
मध्यास्य प्रयतपरिग्रहद्वितीयः।
तच्छिष्याध्ययननिवेदितावसानां
संविष्टः कुशशयने निशां निनाय ॥৯৫॥

ইতি রঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ বশিষ্ঠাশ্রমাভিগমনো নাম প্রথমঃ সর্গঃ ॥

অন্বয়—প্রযতপরিগ্রহদ্বিতীয়ঃ (পবিত্রচারিণী সহধর্মিণীর সহিত) সঃ (মহারাজ দিলীপ) কুলপতিনা (মুনিকুলশ্রেষ্ঠ বশিষ্ঠ কর্ত্তৃক) নির্দিষ্টাং (নির্দিষ্ট) পর্ণশালাম্ (পর্ণশালায়) অধ্যাস্য (বাস করিয়া) কুশশয়নে (কুশ-শয্যায়) সংবিষ্টঃ (শয়ন করিয়া) তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতাবসানাম্ (তাঁহার শিষ্যগণের অধ্যয়ন-শব্দে রাত্রির অবসান বিজ্ঞাপিত হইয়াছিল) নিশাং (রাত্রি) নিনায় (যাপন করিলেন)।

বাঙ্গালা—অনন্তর মহারাজ দিলীপ মুনিকুলশ্রেষ্ঠ বশিষ্ঠের নির্দিষ্ট পর্ণশালায় পবিত্রচারিণী সহধর্মিণীর সহিত কুশ-শয্যায় শয়ন করিয়া রাত্রিযাপন করিলেন। তাঁহার শিষ্যগণের অধ্যয়নশব্দে রাত্রির অবসান বিজ্ঞাপিত হইয়াছিল।

Eng.—He, with his pious wife as his companion having occupied a hut made of leaves and grass, pointed out to him by the chief of the hermits, and lying on a bed of kus'a grass, passed the night the close of which was indicated to him by his (Vas'istha's) disciples reading the Vedas.

মল্লিনাথ—নির্দিষ্টামিতি। স রাজা কুলপতিনা মুনিকুলেশ্বরেণ বশিষ্ঠেন নির্দিষ্টাং পর্ণশালাম্ অধ্যাস্য অধিষ্ঠানং কৃত্বা ইত্যর্থঃ। "অধিশীঙ্—" ইত্যাদিনা

1. 'ধর্মশালাম্' ইতি অরুণগিরিনারায়ণধৃতপাঠান্তরম্।

আধারস্য কর্মত্বম্, কর্মণি দ্বিতীয়া। প্রযতো নিয়তঃ পরিগ্রহঃ পত্নী দ্বিতীয়ো যস্যেতি স তথোক্তঃ, কুশানাং শয়নে সংবিষ্টঃ সুপ্তঃ সন্ তস্য বশিষ্ঠস্য শিষ্যাণাম্ অধ্যয়নেন অপররাত্রে বেদপাঠেন নিবেদিতম্ অবসানং যস্যাস্তাং নিশাং নিনায় গময়ামাস। অপররাত্রে অধ্যয়নে মনুঃ—"নিশান্তে ন পরিশ্রান্তো ব্রহ্মাধীত্য পুনঃ স্বপেৎ"। "ন চাপররাত্রমধীত্য পুনঃ স্বপেৎ" ইতি গৌতমশ্চ। প্রহর্ষিণী বৃত্তমেতৎ। তদুক্তম্—"ম্নৌ জ্রৌ গস্ত্রিদশযতিঃ প্রহর্ষিণীয়ম্"।

॥ইতি শ্রীমহামহোপাধ্যায়-কোলাচল-মল্লিনাথ-সূরি-বিরচিতায়াং সঞ্জীবনী-সমাখ্যায়াম্ রঘুবংশব্যাখ্যায়াং বশিষ্ঠাশ্রমাভিগমনো নাম প্রথমঃ সর্গঃ॥

সারাংশ—ততো দিলীপঃ সুদক্ষিণয়া সহ কুলগুরুণা নির্দিষ্টে পর্ণকুটীরে কুশ-শয্যায়াং সুষ্বাপ। ব্রাহ্মে মুহূর্ত্তে চ তচ্ছিষ্যাণাং বেদপাঠধ্বনিনা নিশাবসানং জ্ঞাত্বা শয়নাদ্ উত্তস্থৌ।

টীকান্তর—"……ধর্মশালামিতি পাঠে অতিথিজনোপস্থানার্থাং শালা-মিত্যর্থঃ। …কুশনির্মিতে শয়নে…ইদমপি ব্রতারম্ভাঙ্গম্।" (নারায়ণঃ)।

টিপ্পনী—১। নির্দিষ্টাম্—'পর্ণশালাম্' শব্দের কৃদন্ত বিশেষণ। নির্—দিশ্+ক্ত, স্ত্রিয়াং টাপ্। তাম্। নির্দিষ্ট।

২। কুলপতিনা—কর্ত্তরি তৃতীয়া। কুলস্য (মুনিসঙ্ঘস্য) পতিঃ (ষষ্ঠীতৎ) তেন। "পতিঃ সমাস এব" ইতি ঘিসংজ্ঞা। মুনিকুলশ্রেষ্ঠ বশিষ্ঠ কর্ত্তৃক। "মুনীনাং দশসাহস্রং যোঽন্নপানাদিপোষণাৎ। অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুল-পতিঃ স্মৃতঃ॥"

৩। পর্ণশালাম্—কর্মণি দ্বিতীয়া। "অধিশীঙ্স্থাসাং কর্ম" ইত্যাধারস্য কর্মত্বম্। পর্ণ-নির্মিতা শালা (শাকপার্থিবাদিবৎ সমাসঃ) তাম্। পর্ণকুটীরে। "মুনীনাং তু পর্ণশালোটজোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ।

৪। অধ্যাস্য—কর্ত্তা 'সঃ'। অধি-আস্+ল্যপ্। অধিষ্ঠান করিয়া।

৫। প্রযতপরিগ্রহদ্বিতীয়ঃ—'সঃ' পদের বিশেষণ। প্রযতশ্চাসৌ পরি-গ্রহশ্চ (কর্মধা) প্রযতপরিগ্রহঃ দ্বিতীয়ঃ যস্য সঃ (বহুব্রীহি)। পবিত্রচারিণী সহধর্মিণীর সহিত। প্রযত—ব্রতানুরোধে সংযতেন্দ্রিয়। শ্লোক ৯০ দ্রষ্টব্য। পরিগ্রহ—পত্নী—শ্লোক ৯২ দ্রষ্টব্য।

৬। তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতাবসানাম্—'নিশাম্' পদের বিশেষণ। তস্য শিষ্যাঃ (ষষ্ঠীতৎ)=তচ্ছিষ্যাঃ। তেষাম্ অধ্যয়নম্ (ষষ্ঠীতৎ), তেন নিবেদিতম্ (তৃতীযাতৎ); তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতম্ অবসানং যস্যাঃ সা (বহুব্রীহি) তাম্। যাহার অবসান-কাল শিষ্যগণের অধ্যয়নশব্দে বিজ্ঞাপিত হইয়াছিল। ব্রাহ্ম-মুহূর্ত্তে বেদাধ্যয়ন শাস্ত্রবিহিত ছিল। মনু বলিয়াছেন—'রাত্রির পশ্চিম যামে নিদ্রাত্যাগপূর্বক বেদাধ্যয়ন করিয়া পরিশ্রান্ত হইলেও পুনরায় নিদ্রা যাইবে না।' (মনু-সংহিতা—৪।৯৯) মল্লিনাথ দ্রষ্টব্য। ("রাত্রেশ্চ পশ্চিমে যামে মুহূর্ত্তো ব্রাহ্ম-উচ্যতে।" "রাত্রেরুত্তরঘটিকাচতুষ্টয়ং ব্রাহ্মমুহূর্ত্তঃ"—)। শিষ্য—শ্লোক ৯২ দ্রষ্টব্য। অধি+ই+ল্যুট্=অধ্যয়নম্ (বেদপাঠ)। নি—বিদ্+ণিচ্ +ক্ত কর্মণি=নিবেদিতম্। অব—সো+ল্যুট্=অবসানম্। বন্দীগণ প্রভাতে স্তুতিপাঠের দ্বারা রাজাকে নিদ্রা হইতে জাগাইয়া থাকে। তপোবনে বশিষ্ঠের শিষ্যগণ রাজাকে নিদ্রা হইতে জাগাইয়াছিল।

৭। সংবিষ্টঃ—'সঃ' পদের বিশেষণ। সং—বিশ্+ক্ত। সুপ্ত হইয়া। সংবেশ—নিদ্রা—শ্লোক ৯৩ দ্রষ্টব্য।

৮। কুশশয়নে—অধিকরণে সপ্তমী। কুশনির্মিতং শয়নম্ (শাকপার্থিবাদিবৎ সমাসঃ) তস্মিন্। কুশশয্যায়। শী+ল্যুট্=শয়নম্। টীকান্তর দ্রষ্টব্য।

৯। নিশাং—'নিনায়' ক্রিয়ার কর্ম। কর্মণি দ্বিতীয়া। রাত্রি।

১০। নিনায়—কর্ত্তা 'সঃ'। নী+লিট্ ণল্। যাপন করিলেন।

বাচ্য-পরিবর্ত্তন—……প্রযতপরিগ্রহদ্বিতীয়েন তেন সংবিষ্টেন তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতাবসানা নিশা নিন্যে।

প্রথম সর্গের গ্রন্থসমাপ্তি—লেখ-বিষয়ে টিপ্পনী

১। ইতি—অব্যয়। রঘুবংশের সমগ্র প্রথম সর্গকে বুঝাইতেছে।

২। শ্রীরঘুবংশে—'রঘু' শব্দ লাক্ষণিক অর্থে প্রযুক্ত হইয়াছে। 'রঘু' শব্দের অর্থ 'রঘুবংশীয় রাজগণ' (শ্লোক ৯ দ্রষ্টব্য)। রঘূণাং বংশঃ (ষষ্ঠীতৎ); শ্রীযুক্তঃ রঘুবংশঃ (মধ্যপদলোপী কর্মধা) তস্মিন্। এস্থলে রঘুবংশ-শব্দের মহাকাব্যার্থে লাক্ষণিক প্রয়োগ হইয়াছে। অর্থাৎ রঘুবংশীয় রাজগণের বৃত্তান্ত-সমন্বিত মহাকাব্য। (মহাকাব্যমিত্যনেন অভেদোপচারাৎ সমানাধিকরণ্যেন নপুংসকত্বম্)। অনেকের মতে—রঘূণাং বংশঃ (ষষ্ঠীতৎ); রঘুবংশমধিকৃত্য

কৃতং মহাকাব্যম্ ইতি রঘুবংশ+অণ্—"অধিকৃত্য কৃতে গ্রন্থে।" "লুবাখ্যায়িকাভ্যো বহুলম্".(বা) ইত্যণো লোপঃ। যদিও রঘুবংশ মহাকাব্য, আখ্যায়িকা নহে, কিন্তু উক্ত বার্ত্তিকে 'আখ্যায়িকা' বহুবচনান্ত হওয়ায় 'আখ্যায়িকা প্রভৃতি' এইরূপ অর্থ বুঝাইতেছে। যাহা হউক, এরূপ কষ্টকল্পনা স্বীকার না করিয়া অভেদোপচার মানিয়া লওয়া ভাল। ("শারীরকং ভাষ্যম্" ইতি ত্বভেদোপচারাৎ—ভট্টোজি)।

৩। মহাকাব্যে—অধিকরণে সপ্তমী। কবেঃ ইদম্ ইতি কবি+ষ্যঞ্। আলঙ্কারিক বিশ্বনাথ কাব্যের লক্ষণে বলিয়াছেন—"বাক্যং রসাত্মকং কাব্যম্" (সাঃ দঃ ১।৩)। মহৎ কাব্যম্ (কর্মধা)=মহাকাব্যম্। কিন্তু এস্থলে অবিগ্রহ নিত্যসমাস। কারণ 'মহাকাব্য' কাব্যবিশেষের সংজ্ঞা। অতএব ইহা পারিভাষিক অর্থে ব্যবহৃত হইয়াছে। (সাঃ দঃ ৬।৩১৫—২৫)।

৪। কালিদাসকৃতৌ—'শ্রীরঘুবংশে মহাকাব্যে' শব্দের বিশেষণ। অধিকরণে সপ্তমী। কালিদাসস্য কৃতিঃ (ষষ্ঠীতৎ) তস্যাম্। কাল্যাঃ দাসঃ (ষষ্ঠীতৎ)=কালিদাসঃ। কিন্তু এস্থলে অবিগ্রহ নিত্যসমাস। সংজ্ঞা বলিয়া 'কালী' শব্দের দীর্ঘ ঈকারের হ্রস্ব হইয়াছে। "ঙ্যাপোঃ সংজ্ঞাছন্দসোর্বহুলম্"। কৃ+ক্তিন কর্মণি=কৃতিঃ।

৫। বশিষ্ঠাশ্রমাভিগমনঃ—বশিষ্ঠস্য আশ্রমঃ (ষষ্ঠীতৎ) তস্মিন্ অভিগমনম্ ৭মী-তৎ)। সর্গ ইত্যনেন সাকং সামানাধিকরণ্যাৎ অভেদোপচারেণ পুংস্ত্বম্। বশিষ্ঠ, আশ্রম—শ্লোক ৩৫ দ্রষ্টব্য। অভি—গম্+ল্যুট্।

৬। নাম—অব্যয়। নামে। প্রকাশ্যে। "নামপ্রাকাশ্যসম্ভাব্যক্রোধোপগমকুৎসনে" ইত্যমরঃ।

৭। প্রথমঃ—'সর্গঃ' শব্দের বিশেষণ। প্রথ+অমচ্ "প্রথেরমচ্" (উণাদি)। "প্রথমস্তু ভবেদাদৌ প্রধানেঽপি চ বাচ্যবৎ"—ইতি মেদিনী।

৮। সর্গঃ—পরিচ্ছেদ। সৃজ্+ঘঞ=সর্গঃ (বশিষ্ঠাশ্রমাভিগমনঃ)। "সর্গঃ স্বভাবনির্মোক্ষনিশ্চয়াধ্যায়সৃষ্টিষু" ইত্যমরঃ। 'সর্গ' শব্দের অর্থ সৃষ্টি। ঈশ্বর ব্যতীত জগতে কবিই একমাত্র স্রষ্টা। তাই কবির সৃষ্টিকেও 'সর্গ' বলা হয়। "অপারে কাব্যসংসারে কবিরেকঃ প্রজাপতিঃ। যথাস্মৈ রোচতে বিশ্বং তত্তস্য পরিবর্ত্ততে॥"

॥ রঘুবংশাবতংসায় ॥

পরিশিষ্ট—ক

প্রশ্নোত্তরাবলী

১। **প্রশ্ন**—আদর্শ রাজা হিসাবে দিলীপের একটি সংক্ষিপ্ত বর্ণনা লিখ। অথবা কালিদাসের মতে আদর্শ রাজা কিরূপ? তাঁহার গুণাবলীর সংক্ষিপ্ত পরিচয় দাও।

উত্তর—শ্লোক ১৩—৩০ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

২। **প্রশ্ন**—মহাকবি কলিদাস রঘুবংশীয় রাজগণের কি কি গুণাবলীর বর্ণনা করিয়াছেন? মহারাজ দিলীপ তাঁহার পূর্বপুরুষদিগের কি কি গুণ পাইয়াছিলেন?

উত্তর—শ্লোক ৫—৮, ১৩—৩০ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৩। **প্রশ্ন**—দিলীপ ও সুদক্ষিণার আশ্রম-যাত্রার বর্ণনা লিখ।

উত্তর—শ্লোক ৩৬—৪৭ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৪। **প্রশ্ন**—মহর্ষি বশিষ্ঠের আশ্রমের একটি বর্ণনা লিখ।

উত্তর—শ্লোক ৪৯—৫৩ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৫। **প্রশ্ন**—কুলগুরু বশিষ্ঠের নিকট মহারাজ দিলীপ যাহা বলিয়াছিলেন তাহার সারাংশ লিখ।

উত্তর—শ্লোক ৬০—৭২ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৬। **প্রশ্ন**—মহর্ষি বশিষ্ঠ এবং দিলীপের কথোপকথনের সারাংশ লিখ।

উত্তর—শ্লোক ৫৮—৮১, ৮৭—৯১ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৭। **প্রশ্ন**—কামধেনু নন্দিনীর একটি সংক্ষিপ্ত বর্ণনা লিখ।

উত্তর—শ্লোক ৮৩—৮৫ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৮। **প্রশ্ন**—মহর্ষি বশিষ্ঠ দিলীপকে কিভাবে নন্দিনীর সেবা করিতে বলিয়াছিলেন?

উত্তর—শ্লোক ৮৮—৯১ বঙ্গানুবাদ দ্রষ্টব্য।

৯। **প্রশ্ন**—বাংলা অথবা ইংরাজীতে অনুবাদ কর :—

শ্লোক—২, ৩, ৪, ১০, ১২, ১৪, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৬, ২৮, ৩০, ৩৬, ৩৯, ৪১, ৪৫, ৪৬, ৪৭, ৫৬, ৫৮, ৬০, ৬১, ৬৩, ৬৭, ৬৮, ৭১, ৭৮, ৭৯, ৮৩, ৮৭, ৮৯, ৯৪, ৯৫।

উত্তর—বাংলা ও ইংরাজী দ্রষ্টব্য।

১০। **প্রশ্ন**—প্রসঙ্গ উল্লেখ করিয়া ব্যাখ্যা কর:—

শ্লোক—২, ৩, ৪, ১০, ১৪, ১৫, ২০, ২২, ৩৯, ৬০, ৬২, ৬৩, ৬৬, ৬৭, ৭১, ৭৯।

উত্তর—ব্যাখ্যা, বঙ্গানুবাদ, টিপ্পনী ও মন্তব্য দ্রষ্টব্য।

১১। **প্রশ্ন**—সংস্কৃত ভাষায় নিম্নলিখিত শ্লোকের সারাংশ লিখ:—

শ্লোক—২, ৩, ৪, ১০, ১২, ১৪, ১৫, ২০, ২১, ২২, ৩৮, ৩৯, ৬০, ৬২, ৬৩, ৬৪, ৬৬, ৭০, ৭১, ৭৪, ৭৫, ৭৬, ৭৯, ৮১।

উত্তর—সারাংশ দ্রষ্টব্য।

১২। **প্রশ্ন**—নিম্নলিখিত শব্দগুলির প্রকৃতি-প্রত্যয় বিভাগ কর:—

তিতীর্ষুঃ, দুস্তরম্, বিজিগীষূঃ, রঘূণাম্, ক্ষুণ্ণাৎ, প্রাক্তনাঃ, পারদৃশ্বনঃ, মনস্বিন্যা, পুত্রকাম্যয়া, প্রাবৃষেণ্যঃ, হৈয়ঙ্গবীনম্, সভ্যাঃ, প্রতিহর্ত্তা, রত্নসূঃ, শ্রাদ্ধে, বংশ্যাঃ, কবোষ্ণম্, কোষ্ণম্, সন্ততিঃ, সিক্তম্, অরুন্তুদম্, দুরাপে, ত্বদধীনা, ঈপ্সিতম্, কামদুঘা, নিষণ্ণায়াং, দোষজ্ঞঃ।

উত্তর—টিপ্পনী দ্রষ্টব্য।

১৩। **প্রশ্ন**—নিম্নলিখিত শব্দগুলির নামোল্লেখপূর্বক সমাস বিশ্লেষণ কর:—

পিতরৌ, সূর্য্যপ্রভবঃ, মুনিবৃত্তীনাম্, সদসদ্ব্যক্তিহেতবঃ, ব্যূঢ়োরস্কঃ, বৃষস্কন্ধঃ, মহাভুজঃ, গূঢ়াকারেঙ্গিতস্য, পরিখীকৃতসাগরাম্, বেলাবপ্রবলয়াম্, দম্পতী, শালনির্য্যাসগন্ধিভিঃ, আধূতবনরাজিভিঃ দুষ্প্রাপযশাঃ, মহিষীসখঃ, তপোনিধিম্, আতিথ্যক্রিয়াশান্তরথক্ষোভপরিশ্রমম্, পুরুষায়ুষজীবিন্যঃ, নিরীতয়ঃ, ত্বদ্ব্রহ্মবর্চসম্, ধ্যানস্তিমিতলোচনঃ, কল্পতরুচ্ছায়াম্, প্রদক্ষিণক্রিয়ার্হায়াম্, উদ্দামদিগ্‌গজে, ভুজঙ্গপিহিতদ্বারম্, সপত্নীকঃ, পল্লবস্নিগ্ধপাটলা, কুণ্ডোধ্নী, আশংসিতাবন্ধ্যপ্রার্থনম্, বন্যবৃত্তিঃ, অবিঘ্নম্, প্রযত-পরিগ্রহদ্বিতীয়ঃ, তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতাবসানাং, কুশশয়নে।

উত্তর—টিপ্পনী দ্রষ্টব্য।

১৪। **প্রশ্ন**—নিম্নলিখিত শব্দগুলির উপর ব্যাকরণ-সংক্রান্ত টীকা লিখ :—

অত্রস্তঃ, অনাতুরঃ, অগৃধ্নুঃ, অসক্তঃ, প্রদক্ষিণক্রিয়ার্হায়াম্।

উত্তর—টিপ্পনী দ্রষ্টব্য।

১৫। **প্রশ্ন**—নিম্নলিখিত শ্লোকগুলির বাচ্য-পরিবর্ত্তন কর :—

শ্লোক—৩, ১০, ১২, ১৭, ১৮, ২১, ২৬, ৩০, ৩৩, ৩৪, ৪৭, ৪৮, ৫৪, ৫৬, ৫৭, ৫৮, ৬১, ৬৫, ৭০, ৭২, ৭৪, ৮০, ৮৭, ৮৯, ৯০, ৯১।

উত্তর—বাচ্য-পরিবর্ত্তন দ্রষ্টব্য।

১৬। **প্রশ্ন**—"উপমা কালিদাসস্য"—রঘুবংশের প্রথম সর্গের যে কোন দুইটি শ্লোক উদ্ধৃত করিয়া এই উক্তির সার্থকতা প্রমাণ কর।

উত্তর—শ্লোক ১৬, ৮৩ দ্রষ্টব্য।

———

পরিশিষ্ট—খ

ছন্দঃ

চারিটি পাদ (বা চরণ) লইয়া একটি শ্লোক। প্রতি চরণে নির্দ্দিষ্ট সংখ্যার অক্ষর কিংবা মাত্রা থাকে। ছন্দ অক্ষর-ঘটিত হইলে তাহাকে 'বৃত্ত' কহে, আর মাত্রা-ঘটিত হইলে 'জাতি' বলে। ঐ বৃত্ত আবার ত্রিবিধ—সম, অর্দ্ধসম ও বিষম। যাহার চারিটি চরণে সমসংখ্যক অক্ষর আছে, তাহাকে সমবৃত্ত কহে। যেমন, 'অনুষ্টুভ্' প্রভৃতি। অনুষ্টুভের প্রত্যেক পাদেই ৮ অক্ষর থাকে। যাহার অর্দ্ধেক অপর অর্দ্ধেকের তুল্য তাহাকে অর্দ্ধসম কহে—যথা, 'বিয়োগিনী' প্রভৃতি। যাহার চারিটি চরণই চারি প্রকার, তাহাকে বিষমবৃত্ত কহে। অক্ষরের স্বরবর্ণের লঘুত্ব ও গুরুত্ব অনুসারে অক্ষরের লঘুত্ব এবং গুরুত্ব নির্দ্ধারিত হয়। সংযুক্তবর্ণের আদ্য অক্ষর, দীর্ঘস্বর, অনুস্বারবিশিষ্ট, বিসর্গমিশ্রিত—এই সকল অক্ষর গুরু হয়। সেইরূপ শ্লোকের প্রত্যেক চরণের অন্তস্থিত অক্ষরও বিকল্পে গুরু হইয়া থাকে। ("সানুস্বারশ্চ দীর্ঘশ্চ বিসর্গী চ গুরুর্ভবেৎ বর্ণসংযোগ-পূর্বশ্চ তথা পাদান্তগোঽপি বা ॥")

তিনটি অক্ষর লইয়া একটি গণ হয়। সর্বশুদ্ধ ১০টি গণ আছে। এই দশ 'গণ'ই ছন্দোবোধের মূল কারণ।

> মস্ত্রিগুরুস্ত্রিলঘুশ্চ নকারো ভাদিগুরুঃ পুনরাদিলঘুর্যঃ।
> জো গুরু-মধ্যগতো র-লমধ্যঃ সোঽন্তগুরুঃ কথিতোঽন্তলঘুস্তঃ ॥
> গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ।

চিহ্নের নাম লঘু। —চিহ্নের নাম গুরু। তাহা হইলে এইরূপ দাঁড়াইতেছে—

ম= — — —		ইহাই দশ 'গণ'।
ন= ⌣ ⌣ ⌣		
ভ= — ⌣ ⌣		
য= ⌣ — —	গ= —	
জ= ⌣ — ⌣	ল= ⌣	
র= — ⌣ —		
স= ⌣ ⌣ —		
ত= — — ⌣		

রঘুবংশের প্রথম সর্গে অনুষ্টুভ্ বা শ্লোক-ছন্দই প্রধান। অনুষ্টুভের অনেক প্রকার ভেদ আছে—ইহার সাধারণ লক্ষণ হইতেছে —"শ্লোকে ষষ্ঠং গুরু জ্ঞেয়ং সর্বত্র লঘু পঞ্চমম্। দ্বিচতুঃপাদযোর্হ্রস্বং সপ্তমং দীর্ঘমন্যয়োঃ॥" অর্থাৎ অনুষ্টুভের প্রতি পাদে পঞ্চম অক্ষর লঘু এবং ষষ্ঠ অক্ষর গুরু হইবে। দ্বিতীয় এবং চতুর্থ পাদে সপ্তম অক্ষর লঘু হইবে। অন্যান্য অক্ষর বিষয়ে কোন নিয়ম নাই। যেমন:—

বা গ র্থা বি ব স ম্পৃ ক্তৌ বা গ র্থ প্র তি প ত্ত য়ে।

জ গ তঃ পি ত রৌ ব ন্দে পা র্ব তী প র মে শ্ব রৌ ॥১॥

প্রথম সর্গের শ্লোক—১২, ১৬, ২০, ২৩, ২৫, ২৯, ৩০, ৩৯, ৫৩, ৬০, ৬১ ৭১, ৮১, ৮৭, ৯১, ৯৩ 'পথ্যাবক্ত্র' ছন্দে লিখিত। দ্বিতীয় এবং চতুর্থ পাদে চতুর্থ অক্ষরের পর 'জ'গণ থাকিলে তাহাকে 'পথ্যাবক্ত্র' বলে। "যুজোশ্চতুর্থতো জেন পথ্যাবক্ত্রং প্রকীর্ত্তিতম্"। যেমন—

তদন্বয়ে শুদ্ধিমতি প্র সূ তঃ শু দ্ধি ম ত্ত রঃ।

দিলীপ ইতি রাজেন্দু বি ন্দুঃ ক্ষী র নি ধা বি ব ॥১২॥

অন্তিম শ্লোকটি 'প্রহর্ষিণী' ছন্দে রচিত। "ত্র্যাশাভির্মনজরগাঃ প্রহর্ষিণীয়ম্"। অর্থাৎ প্রতি চরণে যথাক্রমে 'ম' গণ, 'ন' গণ, 'জ' গণ, 'র' গণ, এবং একটি 'গ' গণ যদি থাকে এবং তৃতীয ও দশম অক্ষরের পর যতি (বিশ্রাম) পড়ে, তাহা হইলে 'প্রহর্ষিণী' হয়। যেমন—

পরিশিষ্ট—গ

আলোচিত গ্রন্থের তালিকা

১। অমরকোষঃ (ভানুজী দীক্ষিতের টীকা সহিত) বম্বে ১৯১৯ (খৃঃ)।

২। ভগবদ্গীতা (একাদশ অধ্যায়)—অশোকনাথ শাস্ত্রী

৩। ভট্টিকাব্য (প্রথম, দ্বিতীয় সর্গ)— ঐ

৪। ছন্দোমঞ্জরী।

৫। History of Sanskrit Literature—A. B. Keith.

৬। An Introduction to Classical Sanskrit—G. Sastri.

৭। কাব্যপ্রকাশ (Jhalakikar Ed.)

৮। কুমারসম্ভব (কলিকাতা সংস্কৃত সিরিজ)

৯। মেঘদূত (কাশী সংস্করণ)।

১০। Oxford Concise Dictionary.

১১। Apte's Sanskrit-English Dictionary.

১২। পদ্মপুরাণ (ভক্তিবিনোদ সংস্করণ)

১৩। রঘুবংশ—(কলিকাতা সংস্কৃত সিরিজ—১৯৩৬)

১৪। ঐ (Joglekar—1925)

১৫। ঐ (গৌরীনাথ পাঠক—কাশী সংস্করণ ১৯৯৩ বিক্রমাব্দ)

১৬। ঐ (M. R. Kāle—1915)

১৭। ঐ (S. P. Pandit, Part I – 1897)

১৮। ঐ (by G. R. Nandargikar, Bombay 1897, Third Edition—এই পুস্তকের ইংরাজী অনুবাদ আদর্শরূপে গৃহীত হইয়াছে)।

১৯। ঐ (শঙ্করনারায়ণ শাস্ত্রী)

২০। ঐ (২য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ সর্গ)—অশোকনাথ শাস্ত্রী।

২১। ঐ (Rev. K. M. Banerjee—1874).

২২। শব্দকল্পদ্রুম।

২৩। শকুন্তলা—(A. B. Gâjendragadkar—1934).

২৪। সাহিত্যদর্পণ (গুরুনাথ বিদ্যানিধি)।

২৫। সিদ্ধান্তকৌমুদী—(বালমনোরমা এবং তত্ত্ববোধিনী)।

২৬। বিষ্ণুপুরাণ—(বঙ্গবাসী সংস্করণ)।

২৭। Higher Sanskrit Grammar (U. N. Vidyābhuṣan 1919).

২৮। গণদর্পণ (রামতারণ শিরোমণি—১২৮৩ বঙ্গাব্দ)

২৯। প্রৌঢ়মনোরমা—(চৌখাম্বা সংস্কৃত সিরিজ, কাশী—১৯৩৬)।

৩০। রঘুবংশ (বঙ্গানুবাদসহ, R. M. Bose & Co. Cal. 1715 S'aka).

৩১। মনুসংহিতা (জীবানন্দ বিদ্যাসাগর—1874).

৩২। ঐ (অশোকনাথ শাস্ত্রী)

৩৩। কিরাতার্জুনীয় (১ম, ২য়, ১১শ, ১২শ, ১৪শ সর্গ) অশোকনাথ শাস্ত্রী।

৩৪। কাব্যালঙ্কারসূত্র—(নির্ণয়সাগর সংস্করণ—১৯২৬ বর্ষে)।

৩৫। কাব্যমীমাংসা

৩৬। মহাভাষ্য—(নির্ণয়সাগর সংস্করণ)।

৩৭। শব্দেন্দুশেখর।